ত্বেন স্থিতিকারণং মায়াবীব মায়ায়াঃ প্রসারিতস্য জ
পুনঃ স্বাত্মন্যেবোপসংহারকারণমবনিরিব চতুর্ব্বিধস্য
গ্রামস্য, স এব চ সর্ব্বেষাং ন আত্মেত্যেতদ্বেদান্তবাক্য
ন্বয়প্রতিপাদনেন প্রতিপাদিতম্, প্রাধানাদিবাদাশ্চাশব্দ
নিরাকৃতাঃ, ইদানীং স্বপক্ষে স্মৃতিন্যায়বিরোধপ...
প্রধানাদিবাদানাঞ্চ ন্যায়াভাসোপবৃংহিতত্বং প্রতিবেদা
সৃষ্ট্যাদিপ্রক্রিয়ায়া অবিগীতত্বমিত্যস্যার্থজাতস্য প্রতি
নায় দ্বিতীয়োঽধ্যায় আরভ্যতে। তত্র প্রথমং তাবৎ স্মৃ
বিরোধমুপন্যস্য পরিহরতি। যদুক্তং ব্রহ্মৈব সর্ব্বজ্ঞং জ
কারণমিতি তদযুক্তম্। কুতঃ, স্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গ

অনপেক্ষবেদান্তবাক্যস্বরসসিদ্ধসমন্বয়লক্ষণস্য বিরোধতৎপরিহারাভ্যাম
সমাধানকরণাদনেন লক্ষণেনাঽস্তি বিষয়বিষয়িভাবঃ সম্বন্ধঃ। পূ
ণার্থো হি বিষয়স্তদ্গোচরত্বাদাক্ষেপসমাধানয়োরেব চ বিষয়ীতি।
মধ্যায়মবতার্য্য তদবয়বমধিকরণমবতারয়তি—"তত্র প্রথমং তাব
তন্ত্র্যতে ব্যুৎপাদ্যতে মোক্ষসাধনমনেনেতি তন্ত্রং তদেবাখ্যা যস্যাঃ সা
তন্ত্রাখ্যা পরমর্ষিণা কপিলেনাদিবিদুষা প্রণীতা। অন্যাশ্চাসুরিপঞ্চশি
প্রণীতাঃ স্মৃতয়স্তদনুসারিণ্যঃ। ন খল্বমূষাং স্মৃতীনাং মন্বাদিস্মৃতিব
ঽবকাশঃ শক্যো বদিতুমৃতে মোক্ষসাধনপ্রকাশনাৎ। তদপি চেন্নাভি

পত্তির সেইরূপ কারণ। অপিচ, তিনি চতুর্ব্বিধ জীবের নিয়ন্তৃরূপে
কারণ এবং তাঁহাতেই এ সকল লয় হয় বলিয়া তিনি লয়েরও ক
(আধার বা আশ্রয়)। অর্থাৎ তিনি সৃষ্টিস্থিতিপ্রলয়ের কারণ। ব্রহ্মই
দের আত্মা এবং সাংখ্যোক্ত প্রধান অবৈদিক, ইহাও ঐ অধ্যায়ে
হইয়াছে। সম্প্রতি এই দ্বিতীয়াধ্যায়ে 'ব্রহ্ম-কারণবাদ স্মৃতি-যুক্তি বিরুদ্ধ
'প্রধানবাদীর যুক্তি প্রকৃত যুক্তি নহে—যুক্ত্যাভাস' 'বেদান্তোক্ত
প্রক্রিয়া পরস্পর অবিরোধী অর্থাৎ একরূপ' এই সকল কথা বলা
[তত্র···প্রসঙ্গাৎ] তন্মধ্যে প্রথমে স্মৃতিবিরোধ উল্লেখ পূর্ব্বক
পরিহার বলা যাইতেছে। সর্ব্বজ্ঞ ব্রহ্ম জগৎকারণ, এ কথা অযুক্ত।
ব্রহ্মকারণবাদ স্বীকার করিতে গেলে স্মৃত্যনবকাশ (স্মৃতির অপ্রামাণ

স্মৃতিশ্চ তন্ত্রাখ্যা পরমর্ষিপ্রণীতা শিষ্টপরিগৃহীতা, অন্যাশ্চ তদনুসারিণ্যঃ স্মৃতয়ঃ, এবং সত্যনবকাশাঃ প্রসজ্যেরন্। তাসু হ্যচেতনং প্রধানং স্বতন্ত্রং জগতঃ কারণমুপনিবধ্যতে, মন্বাদিস্মৃতয়স্তাবচ্চোদনালক্ষণেনাগ্নিহোত্রাদিনা ধর্ম্মজাতে-নাপেক্ষিতমর্থং সমর্পয়ন্ত্যঃ সাবকাশা ভবন্তি। অস্য বর্ণস্যা-স্মিন্ কালেঽনেন বিধানেনোপনয়নমীদৃশশ্চাচার ইত্থং বেদাধ্যয়নমিত্থং সমাবর্ত্তনমিত্থং সহধর্ম্মচারিণীসংযোগ ইতি। তথা পুরুষার্থাংশ্চতুর্ব্বর্ণাশ্রমধর্ম্মান্ নানাবিধান্ বিদধতি। নৈবং কাপিলাদিস্মৃতীনামনুষ্ঠেয়ে বিষয়েঽবকাশোঽস্তি।

উপস্থিত হয়। [স্মৃতিশ্চ···ব্যাখ্যাতব্যা] কপিলের তন্ত্রনাম্নী * স্মৃতি শিষ্ট-গণের মান্য সুতরাং তাহা প্রমাণ। পঞ্চশিখ প্রভৃতি কতিপয় ঋষির স্মৃতিও কপিলস্মৃতির অনুমতি। ব্রহ্মকারণবাদ স্বীকার করিলে ঐ সকল স্মৃতির স্থল থাকে না, সুতরাং সে সকলের অনবকাশ বা আনর্থক্য হয়। মনু প্রভৃতির স্মৃতির প্রতিপাদ্য ভিন্ন; সুতরাং সে সকল স্মৃতির অনবকাশ নাই। অর্থাৎ সে সকলের আনর্থক্য হয় না। সাংখ্যস্মৃতি স্বতন্ত্র অচেতন প্রধানকে জগৎকারণ বলেন, অচেতন প্রধানই সাংখ্যস্মৃতির প্রতিপাদ্য, কিন্তু মন্বাদিস্মৃতির প্রতিপাদ্য ধর্ম্ম। মনু প্রভৃতি ঋষি প্রবর্ত্তকবাক্যানুমেয় (বিধিবাক্যবোধিত বা বেদবাক্যানুমেয়) ধর্ম্মসমূহের, অর্থাৎ অগ্নিহোত্রাদি যাগের এবং তদপেক্ষিত অন্যান্য অনুষ্ঠেয়ের উপদেশ করিয়াছেন। অমুক বর্ণ অমুক সময়ে অমুক প্রকারে উপনীত হইবেন, অমুক বর্ণের অমুক আচার, অমুক প্রকারে বেদাধ্যয়ন ও অমুক প্রকারে সমাবর্ত্তন (অধ্যয়ন কালের ব্রহ্মচর্য্যব্রতের উদ্‌যাপন পদ্ধতি) করিবেন ও অমুক বিধানে দারা গ্রহণ করিবেন, এইরূপ এইরূপ বিষয়ের উপদেশ করিয়াছেন। চতুর্ব্বিধ আশ্রম, সে সকল আশ্রমের বিবিধ ধর্ম্ম ও পুরুষার্থ, সমস্তই উপদেশ করিয়াছেন। কপিলাদির স্মৃতিতে ঐ সকল কথা নাই। কপিলাদি ঋষি মোক্ষসাধন তত্ত্বজ্ঞান উদ্দেশে স্মৃতিগ্রন্থ প্রণয়ন করিয়াছেন। এতাদৃশী

---

* তন্ত্র—ষষ্টিতন্ত্র। সাংখ্যশাস্ত্রের অপর নাম ষষ্টিতন্ত্র। শিষ্ট—ঋষি। অনেক ঋষি কপিলমতাবলম্বী ছিলেন বা কপিলের মত গ্রহণ করিয়াছিলেন।

মোক্ষসাধনমেব হি সম্যগ্দর্শনমধিকৃত্য তাঃ প্রণীতাঃ। যদি তত্রাপ্যনবকাশাঃ স্যুরানর্থক্যমেবাসাং প্রসজ্যেত। তস্মাৎ তদবিরোধেন বেদান্তা ব্যাখ্যাতব্যাঃ। কথং পুনঃ ঈক্ষত্যাদিভ্যো হেতুভ্যো ব্রহ্মৈব সর্ব্বজ্ঞং জগতঃ কারণমিত্যবধারিতঃ শ্রুত্যর্থঃ স্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গেন পুনরাক্ষিপ্যতে। ভবেদয়মনাক্ষেপঃ স্বতন্ত্রপ্রজ্ঞানাং পরতন্ত্রপ্রজ্ঞাস্তু প্রায়েণ জনাঃ স্বাতন্ত্র্যেণ শ্রুত্যর্থমবধারয়িতুমশক্নুবন্তঃ প্রখ্যাতপ্রণেতৃকাসু স্মৃতিষ্ববলম্বেরন্, তদ্বলেন চ শ্রুত্যর্থং প্রতি-

---

নবকাশাঃ সত্যোঽপ্রমাণং প্রসজ্যেরন্। তস্মাত্তদবিরোধেন কথঞ্চিদ্বেদান্তা ব্যাখ্যাতব্যাঃ। পূর্ব্বপক্ষমাক্ষিপতি "কথং পুনরীক্ষত্যাদিভ্য" ইতি। প্রসাধিতং খলু ধর্ম্মমীমাংসায়াং, 'বিরোধে ত্বনপেক্ষং স্যাদসতি হ্যনুমান'মিত্যত্র। যথা শ্রুতিবিরুদ্ধানাং স্মৃতীনাং দুর্ব্বলতয়াঽনপেক্ষণীয়ত্বং তস্মান্ন দুর্ব্বলাস্থরোধেন বলীয়সীনাং শ্রুতীনাং যুক্তমুপবর্ণনমপি তু স্বতঃসিদ্ধপ্রমাণভাবাঃ শ্রুতয়ো দুর্ব্বলাঃ স্মৃতীর্ব্বাধন্ত এবেতি যুক্তম্। পূর্ব্বপক্ষী সমাধত্তে "ভবেদয়"মিতি। প্রসাধিতোপ্যর্থঃ শ্রদ্ধাজড়ান্ প্রতি পুনঃ প্রসাধ্যত ইত্যর্থঃ।

স্মৃতি যদি বিষয়শূন্য বা স্থলশূন্য হয়—তাহা হইলে অবশ্যই সে সকল স্মৃতি নিরর্থক ও অপ্রমাণ বলিয়া গণ্য হইবে। (অভ্রান্ত কপিল ঋষির স্মৃতি অর্থশূন্য, অপ্রমাণ, এ কথা কাহার স্বীকার্য্য নহে)। অতএব, স্মৃতিপ্রামাণ্য রক্ষার্থ স্মৃতি-অনুসারে বেদান্ত বাক্যের ব্যাখ্যা করা উচিত। [কথং…প্রণেতৃষু] স্মৃতির স্থল থাকে না, এতৎপ্রসঙ্গে অন্য পূর্ব্বপক্ষও করিতে পারি। "তিনি ঈক্ষণ করিলেন—আলোচনা করিলেন" ইত্যাদি কথায় তুমি কি প্রকারে জানিলে যে সর্ব্বজ্ঞ ঈশ্বর জগৎকারণ? ঐ কথার ঐ অর্থ, ইহা তুমি কিসে নিশ্চয় করিবে? যাঁহারা স্বতন্ত্রপ্রজ্ঞ অর্থাৎ যাঁহাদের জ্ঞান অনাবৃত বা অব্যাহত—যাঁহারা স্বয়ং শ্রুত্যর্থ জানেন,—তাঁহাদের নিকট কোনও পূর্ব্বপক্ষ স্থান প্রাপ্ত হয় না। কিন্তু যাঁহারা পরতন্ত্র—যাহারা নিজজ্ঞানে শ্রুত্যর্থ জানিতে অক্ষম—যাঁহাদের জ্ঞান গুরু-শাস্ত্র-সাপেক্ষ—তাঁহারা বিখ্যাত বিখ্যাত ঋষির গ্রন্থ অবলম্বন করেন, করিয়া শ্রুত্যর্থ নির্ণয় করেন। স্মৃতিকার কপিল প্রভৃতির সম্মান অধিক,

পিৎসেরন্। অস্মৎকৃতে চ ব্যাখ্যানে ন বিশ্বস্যুর্ব্বহুমানাৎ স্মৃতীনাং প্রণেতৃষু। কপিলপ্রভৃতীনাঞ্চার্ষং জ্ঞানমপ্রতিহতং স্মর্য্যতে, শ্রুতিশ্চ ভবতি, ঋষিং প্রসূতং কপিলং যস্তমগ্রে জ্ঞানৈর্ব্বিভর্ত্তি জায়মানঞ্চ পশ্যেৎ ইতি। তস্মান্নৈষাং মতমযথার্থং শক্যং সম্ভাবয়িতুং, তর্কাবষ্টম্ভেন চ তেঽর্থং প্রতিষ্ঠাপয়ন্তি, তস্মাদপি স্মৃতিবলেন বেদান্তা ব্যাখ্যেয়া ইতি পুনরাক্ষেপঃ। তস্য সমাধির্নান্যস্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গাদিতি। যদি স্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গেনেশ্বরকারণবাদ

আপাততঃ সমাধানমুক্ত্বা পরমসমাধানমাহ পূর্ব্বপক্ষী "কপিলপ্রভৃতীনাঞ্চার্ষ"মিতি। অয়মস্যাভিসন্ধিঃ।—ব্রহ্ম হি শাস্ত্রস্য কারণমুক্তং 'শাস্ত্রযোনিত্বা'দিতি তেনৈষ বেদরাশির্ব্রহ্মপ্রভবঃ সম্যগ্জ্ঞানসিদ্ধানাবরণভূতার্থমাত্রগোচরতদ্বুদ্ধিপূর্ব্বকো যথা তথা কপিলাদীনামপি শ্রুতিস্মৃতিপ্রথিতাজ্ঞানসিদ্ধভাবানাং স্মৃতয়োঽনাবরণসর্ব্ববিষয়তদ্বুদ্ধিপ্রভবা ইতি ন শ্রুতিভ্যোঽমূষামস্তি কশ্চিদ্বিশেষঃ। ন চৈতাঃ স্ফুটতরং প্রধানাদিপ্রতিপাদনপরাঃ শক্যন্তেঽন্যথয়িতুম্। তস্মাত্তদনুরোধেন কথঞ্চিচ্ছ্রুতয় এব নেতব্যাঃ। অপি চ তর্কোঽপি কপিলাদিস্মৃতীরনুমন্যতে। তস্মাদপ্যেতদেব প্রাপ্তম্। এবং প্রাপ্তআহ।—"তস্য সমাধি"রিতি। যথা হি শ্রুতীনামবিগানং ব্রহ্মণি গতিসামান্যাৎ, নৈবং স্মৃতীনামবিগানমস্তি, প্রধানে তাসাং ভূয়সীনাং ব্রহ্মোপা-

---

সুতরাং স্মৃতিকারগণের কথা বিশ্বাসযোগ্য। আমাদের কথায় বিশ্বাস কি? কে আমাদের ব্যাখ্যায় বিশ্বাস স্থাপন করিবে? [কপিল···দিতি] কপিলাদি ঋষি অপ্রতিহত জ্ঞানী ছিলেন, এ কথা স্মৃতিকারগণ বলিয়াছেন, শ্রুতিও বলিয়াছেন। যথা—"যে দেব প্রথম প্রসূত কপিল'কে জন্মিবামাত্র ঋষি (মন্ত্রার্থ দ্রষ্টা) ও জ্ঞানী করিয়াছেন সেই পরমদেব ঈশ্বরকে জ্ঞানগোচর করিবে।" অতএব, তাদৃশ ঋষির মত যে অযথার্থ, ইহা সম্ভাব্যই নহে। অপিচ, তাঁহাদের বাক্য আজ্ঞা বাক্য নহে। তাহাদের সমস্ত মত তর্কপরিষ্কৃত। এই সকল হেতুতে, স্মৃতি-অনুসারে বেদান্ত ব্যাখ্যা করা উচিত, পুনর্ব্বার এতদ্রূপ পূর্ব্বপক্ষ উপস্থিত দেখিয়া তৎসমাধানার্থ বলিতেছেন—স্মৃত্যনবকাশদোষপ্রসঙ্গঃ। [যদি···ইতি] অর্থাৎ এক স্মৃতির

আক্ষিপেত্তৈবমপ্যন্যা ঈশ্বরকারণবাদিন্যঃ স্মৃতয়োঽনবকাশাঃ প্রসজ্যেরন্। তা উদাহরিষ্যামঃ। যৎ তৎ সূক্ষ্মমবিজ্ঞেয়ম্ ইতি পরং ব্রহ্ম প্রকৃত্য স হ্যন্তরাত্মা ভূতানাং ক্ষেত্রজ্ঞশ্চেতি কথ্যত ইতি চোক্ত্বা তস্মাদব্যক্তমুৎপন্নং ত্রিগুণং দ্বিজসত্তম ইত্যাহ। তথান্যত্রাপি অব্যক্তং পুরুষে ব্রহ্মন্ নির্গুণে সম্প্রলীয়ত ইত্যাহ।—

অতশ্চ সঙ্ক্ষেপমিমং শৃণুধ্বং
নারায়ণঃ সর্ব্বমিদং পুরাণঃ।
স সর্গকালে চ করোতি সর্গং
সংহারকালে চ তদত্তি ভূয়ঃ॥ ইতি

পুরাণে। ভগবদ্গীতাসু চ, অহং কৃৎস্নস্য জগতঃ প্রভবঃ প্রলয়স্তথা ইতি। পরমাত্মানমেব চ প্রকৃত্যাপস্তম্বঃ পঠতি,

---

দানত্বপ্রতিপাদনপরাণাং তত্র তত্র দর্শনাৎ। তস্মাদবিগানাচ্ছ্রৌত এবার্থ আস্থেয়ো ন তু স্মার্ত্তো বিগানাদিতি। তৎ কিমিদানীং পরস্পরবিগানাৎ

অনবকাশ (স্থলাভাব বা বিষয়াভাব) দেখিয়া ঈশ্বরকারণবাদ অনঙ্গীকার করিতে গেলে ঈশ্বরকারণবাদিনী অন্য স্মৃতির অনবকাশ (বিষয়াভাবপ্রযুক্ত অপ্রামাণ্য) হইবেক। যে সকল স্মৃতি ঈশ্বরকারণবাদিনী—সে সকল স্মৃতি প্রদর্শিত হইতেছে। "সেই যে দুর্ব্বিজ্ঞেয় সূক্ষ্ম বস্তু" স্মৃতি এইরূপে পরব্রহ্মের প্রস্তাব করিয়া পশ্চাৎ "তিনি প্রাণিনিচয়ের অন্তরাত্মা সুতরাং তিনিই ক্ষেত্রজ্ঞ অর্থাৎ জীব," এইরূপ উক্তি বা উপদেশ করতঃ বলিয়াছেন "দ্বিজশ্রেষ্ঠ! তাঁহা হইতে ত্রিগুণ অব্যক্ত (প্রধান) উৎপন্ন হইয়াছে।" অন্যত্রও ঐরূপ কথা আছে। যথা—"হে ব্রহ্মন্! সেই অব্যক্ত গুণাতীত পুরুষে (পরমেশ্বরে) লয় প্রাপ্ত হয়।" "ঋষিগণ! এই সংক্ষিপ্ত উপদেশটী শুন—পুরাতন নারায়ণই এ সমুদয় এবং তিনিই সৃষ্টিকালে সৃষ্টি করেন, সংহারকালে এ সকল আত্মসাৎ করেন।" পুরাণ এইরূপে ঈশ্বরকেই জগৎকারণ বলিয়াছেন। এ কথা ভগবদ্গীতাতেও আছে। যথা—"আমিই সমস্ত জগতের উৎপত্তির ও

তস্মাৎ কায়াঃ প্রভবন্তি সর্ব্বে স মূলং শাশ্বতিকঃ স নিত্য ইতি। এবমনেকশঃ স্মৃতিষ্বপীশ্বরঃ কারণত্বেনোপাদানত্বেন চ প্রকাশ্যতে। স্মৃতিবলেন প্রত্যবতিষ্ঠমানস্য স্মৃতিবলেনৈবোত্তরং প্রবক্ষ্যামি, ইত্যতোঽয়মন্যস্মৃত্যনবকাশদোষোপন্যাসঃ। দর্শিতন্তু শ্রুতীনামীশ্বরকারণবাদং প্রতি তাৎপর্য্যম্। বিপ্রতিপত্তৌ চ স্মৃতীনামবশ্যকর্ত্তব্যেঽন্যতরপরিগ্রহেঽন্যতরস্যাপরিত্যাগে চ শ্রুত্যনুসারিণ্যঃ স্মৃতয়ঃ প্রমাণমনপেক্ষ্যা ইতরাঃ। তদুক্তং প্রমাণলক্ষণে, বিরোধে ত্বনপেক্ষং স্যাদসতি হ্যনুমানম্ ইতি। ন চাতীন্দ্রিয়ানর্থান্ শ্রুতিমন্তরেণ কশ্চিদুপলভত ইতি শক্যং সম্ভাবয়িতুং

সর্ব্বা এব স্মৃতয়োঽবহেয়া ইত্যত আহ—"বিপ্রতিপত্তৌ চ স্মৃতীনা"মিতি। "ন চাতীন্দ্রিয়ার্থা"নিতি। অর্ব্বাগ্দৃগভিপ্রায়ম্। শঙ্কতে—"শক্যং কপিলা-

---

প্রলয়ের কারণ।" আপস্তম্ব মুনি পরমাত্মার প্রস্তাব করিয়া বলিয়াছেন, "তাঁহা হইতে চতুর্ব্বিধ জীবদেহ জন্মে, তিনি এ সমস্তের মূল, তিনিই শাশ্বত ও নিত্য।" [এবং···ভাবাৎ] ঈশ্বরই যে জগতের নিমিত্ত ও উপাদান—তাহা ঐরূপ ঐরূপ বহু স্মৃতিতে প্রকাশিত আছে। যাহারা কেবল স্মৃতিবল অবলম্বন করিয়া প্রত্যবস্থান করেন—পূর্ব্বপক্ষ করেন—তাঁহাদিগকে স্মৃতিবল দেখাইয়া প্রত্যুত্তর দেওয়াই উচিত,—এই অভিপ্রায়েই সূত্রকার স্মৃত্যন্তরের অনবকাশ দোষ দেখাইয়াছেন। ফল, ঈশ্বরকারণতা পক্ষেই-যে শ্রুতির তাৎপর্য্য—তাহা পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে। যে স্থলে স্মৃতির মধ্যে বিরোধ—সে স্থলে অবশ্যই একতর ত্যাজ্য ও অন্যতর গ্রাহ্য। কোনটী ত্যাজ্য, কোনটী গ্রাহ্য, ইহার মীমাংসা এই যে, যাহা শ্রুতির অনুগামিনী তাহাই গ্রাহ্য, অন্য সকল অগ্রাহ্য। এ কথা জৈমিনি মুনিও মীমাংসাদর্শনের প্রমাণবিচারে বলিয়াছেন। যথা—"যে স্থলে শ্রুতির সহিত স্মৃতির বিরোধ—সে স্থলে স্মৃতিপ্রামাণ্য অনপেক্ষ অর্থাৎ অগ্রাহ্য। হেতু এই যে, বিরোধের অভাব স্থলেই অর্থাৎ শ্রুতিবিরুদ্ধ না হইলেই অনুমান অর্থাৎ স্মৃতি পরিগৃহীত হইতে পারে।" শ্রুতি পরিত্যাগ করিয়া কস্মিন্ কালেও কেহ অতীন্দ্রিয়ার্থ (যাহা চক্ষুরাদির

নিমিত্তাভাবাৎ। শক্যং কপিলাদীনাং সিদ্ধানামপ্রতিহতজ্ঞানত্বাদিতি চেৎ, ন, সিদ্ধেরপি সাপেক্ষত্বাৎ। ধর্ম্মানুষ্ঠানাপেক্ষা হি সিদ্ধিঃ, স চ ধর্ম্মশ্চোদনালক্ষণঃ, ততশ্চ পূর্ব্বসিদ্ধায়াশ্চোদনায়া অর্থো ন পশ্চিমসিদ্ধপুরুষবচনবশেনাতিশঙ্কিতুং শক্যতে। সিদ্ধব্যপাশ্রয়কল্পনায়ামপি বহুত্বাৎ সিদ্ধানাং প্রদর্শিতেন প্রকারেণ স্মৃতিবিপ্রতিপত্তৌ সত্যাং ন শ্রুতিব্যপাশ্রয়াদন্যৎ নির্ণয়কারণমস্তি। পরতন্ত্রপ্রজ্ঞস্যাপি নাকস্মাৎ স্মৃতিবিশেষবিষয়ঃ পক্ষপাতো যুক্তঃ।

দীনা”মিতি। নিরাকরোতি “ন, সিদ্ধেরপী”তি। ন তাবৎ কপিলাদয় ঈশ্বরবদাজানসিদ্ধাঃ কিন্তু বিনিশ্চিতবেদপ্রামাণ্যানাং তেষাং তদর্থানুষ্ঠানবতাং প্রাচি ভবেঽস্মিন্ জন্মনি সিদ্ধিরত এবাজানসিদ্ধা উচ্যন্তে। যদমুষ্মিন্ জন্মনি ন তৈঃ সিদ্ধ্যুপায়ো ঽনুষ্ঠিতঃ প্রাগ্‌ভবীয়বেদার্থানুষ্ঠানলব্ধজন্মত্বাৎ তৎসিদ্ধীনাম্। তথা চাবধৃতবেদপ্রামাণ্যানাং তদ্বিরুদ্ধার্থাভিধানং তদপবাধিতমপ্রমাণমেব। অপ্রমাণেন চ ন বেদার্থোঽতিশঙ্কিতুং যুক্তঃ প্রমাণসিদ্ধত্বাত্তস্য। তদেবং বেদবিরোধে সিদ্ধবচনমপ্রমাণমুক্ত্বা সিদ্ধানামপি পরস্পরবিরোধে তদ্বচনাদনাশ্বাস ইতি পূর্ব্বোক্তং স্মারয়তি—“সিদ্ধব্যপাশ্রয়কল্পনায়ামপী”তি। শ্রদ্ধাজড়ান্ বোধয়তি—“পরতন্ত্রপ্রজ্ঞস্যাপী”তি। ননু শ্রুতিশ্চেৎ কপিলাদীনামনাবরণভূতার্থগোচরজ্ঞানা-

---

অগোচর তাহা) জানিতে পারেন নাই। একমাত্র শ্রুতিই অতীন্দ্রিয়ার্থজ্ঞানের কারণ। তদভাবে অতীন্দ্রিয়ার্থ জ্ঞান হইতেই পারে না। [শক্যং… মস্তি] কপিলাদি ঋষি সিদ্ধ, তাঁহাদের জ্ঞান অনাবৃত অর্থাৎ অপ্রতিহত, তদ্বলে তাঁহারা বেদনিরপেক্ষ হইয়া অতীন্দ্রিয় তত্ত্ব জানেন, এ কথাও বলিতে পার না। কারণ, সিদ্ধিও ধর্ম্মসাপেক্ষ। ধর্ম্মানুষ্ঠান ব্যতীত সিদ্ধি হয় না। ধর্ম্ম বেদমূলক। প্রথমে বেদজ্ঞান, পরে তদর্থের অনুষ্ঠান, তৎপরে সিদ্ধি, সুতরাং পরভবিক সিদ্ধপুরুষের কথায় পূর্ব্বসিদ্ধ বেদার্থের অন্যথা করা অন্যায্য। সিদ্ধপুরুষ অনেক, তাঁহাদের স্মৃতিও অনেক, সুতরাং সিদ্ধপুরুষগণের ভিন্ন ভিন্ন স্মৃতি পরস্পর বিরুদ্ধবাদিনী হইলে শ্রুতির আশ্রয় ব্যতীত সে সকলের বিরোধভঞ্জন বা অর্থনির্ণয় হইবে না। [পর… গ্রহণীয়া] যাঁহাদের জ্ঞান পরায়ত্ত অর্থাৎ গুরুর ও শাস্ত্রের অধীন—তাঁহারা

কস্যচিৎ ক্বচিত্তু পক্ষপাতে সতি পুরুষমতিবৈশ্বরূপ্যেণ তত্ত্বাব্যবস্থানপ্রসঙ্গাৎ। তস্মাত্তস্যাপি স্মৃতিবিপ্রতিপত্ত্যুপন্যাসেন শ্রুত্যনুসারানুসারবিবেচনেন চ সন্মার্গে প্রজ্ঞা সংগ্রহণীয়া। যা তু শ্রুতিঃ কপিলস্য জ্ঞানাতিশয়ং প্রদর্শয়ন্তী প্রদর্শিতা ন তয়া শ্রুতিবিরুদ্ধমপি কাপিলং মতং শ্রদ্ধাতুং শক্যং, কপিলমিতি শ্রুতিসামান্যমাত্রত্বাৎ। অন্যস্য চ কপিলস্য সগরপুত্রাণাং প্রতপ্তুর্ব্বাসুদেবনাম্নঃ স্মরণাৎ। অন্যার্থদর্শনস্য চ প্রাপ্তিরহিতস্যাসাধকত্বাৎ। ভবতি চান্যা মনোর্মাহাত্ম্যং প্রখ্যাপয়ন্তী শ্রুতিঃ, যদ্বৈ কিঞ্চ মনুরবদৎ তদ্ভেষজমিতি। মনুনা চ—

তিশয়ং বোধয়তি, কথং তেষাং বচনমপ্রমাণং, তদপ্রামাণ্যে শ্রুতেরপ্যপ্রামাণ্যপ্রসঙ্গাদিত্যত আহ—"যা তু শ্রুতি"রিতি। ন তাবৎ সিদ্ধানাং পরস্পরবিরুদ্ধানি বচাংসি প্রমাণং ভবিতুমর্হন্তি। ন চ বিকল্পো বস্তুনি, সিদ্ধে তদনুপপত্তেঃ। অনুষ্ঠানমনাগতোৎপাদ্যং বিকল্প্যতে, ন সিদ্ধম্। তস্য ব্যবস্থানাৎ। তস্মাৎ শ্রুতিসামান্যমাত্রেণ ভ্রমঃ সাংখ্যপ্রণেতা কপিলঃ শ্রৌত ইতি। স্যাদেতৎ। কপিল এব শ্রৌতো নান্যে মন্বাদয়ঃ। ততশ্চ তেষাং স্মৃতিঃ কপিলস্মৃতিবিরুদ্ধা হবহেয়েত্যত আহ—"ভবতি চান্যা মনো"রিতি।

যে সহসা (বলপূর্ব্বক) স্মৃতি-বিশেষের লিখিত পদার্থে পক্ষপাতী হন—ইহা অত্যন্ত অন্যায্য। কোনও বিষয়ে পক্ষপাতী হওয়া ভাল নহে। পক্ষপাতী হইলে তত্ত্বব্যবস্থা হয় না। যেহেতু মানব-বুদ্ধি বিচিত্র, সকলে সমান বুঝে না, সেই হেতু স্মৃতিবিরোধস্থলে কোন্ স্মৃতি শ্রুত্যনুসারিণী—কোন্ স্মৃতি শ্রুতিবিরোধিনী—তাহা পরিদর্শন (আলোচনা) পূর্ব্বক বুদ্ধিকে সৎপথগামিনী করা উচিত। [যাতু···গম্যতে] যে শ্রুতি কপিলমাহাত্ম্য বর্ণন করিয়াছেন—মাত্র সেই শ্রুতিটী দেখিয়া কপিল-মতে শ্রদ্ধাস্থাপন করা অনুচিত। কারণ, কপিল শব্দটী সামান্যবাচী। (কপিল অনেক, তন্মধ্যে কোন্ কপিল সাংখ্য বলিয়াছেন এবং কোন্ কপিল শ্রুতিকর্ত্তৃক প্রশংসিত হইয়াছেন তাহার স্থিরতা কি?) শ্রুতি কপিলের অপ্রতিহত জ্ঞান বর্ণনা করিয়াছেন সত্য, কিন্তু স্মৃতি সগরসন্তাননাশক বাসুদেব-নামক অন্য কপিলের

সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি চাত্মনি।
সমং পশ্যন্নাত্মযাজী স্বারাজ্যমধিগচ্ছতি॥ ইতি

সর্ব্বাত্মত্বদর্শনং প্রশংসতা কাপিলং মতং নিন্দ্যত ইতি গম্যতে। কপিলো হি ন সর্ব্বাত্মত্বদর্শনমনুমন্যতে, আত্ম-ভেদাভ্যুপগমাৎ। মহাভারতেঽপি চ, বহবঃ পুরুষা ব্রহ্মন্-তাহো এক এব তু, ইতি বিচার্য্য, বহবঃ পুরুষা রাজন্! সাঙ্খ্যযোগবিচারিণাম্ ইতি পরপক্ষমুপন্যস্য তদ্ব্যুদাসেন—

বহূনাং পুরুষাণাং হি যথৈকা যোনিরুচ্যতে।
তথা তং পুরুষং বিশ্বমাখ্যাস্যামি গুণাধিকম্॥

ইত্যুপক্রম্য—

মমান্তরাত্মা তব চ যে চান্যে দেহিসংস্থিতাঃ।
সর্ব্বেষাং সাক্ষিভূতোঽসৌ ন গ্রাহ্যঃ কেনচিৎ ক্বচিৎ॥

তস্যাশ্চাগমান্তরসম্বাদমাহ—"মহাভারতেঽপি চ" ইতি। ন কেবলং মনোঃ

স্মরণ করিয়াছেন। সাংখ্যবক্তা কপিল ভেদজ্ঞানের উপদেশ করিয়াছেন পরন্তু তাহা অবৈধ। অর্থাৎ বেদানুমোদিত নহে। সে জন্য তাহা অপ্রমাণ বা অগ্রাহ্য। এক শ্রুতি যেমন কপিলকে অতিশয়জ্ঞানী বলিয়াছেন, তেমনি, অন্য শ্রুতি মনু-মাহাত্ম্য বিস্তার করিয়াছেন। যথা—"মনু যাহা বলিয়াছেন তাহাই ভেষজ অর্থাৎ সংসারব্যাধির মহৌষধ।" এই মনু সার্ব্বাত্ম্য-জ্ঞানের প্রশংসা করিয়াছেন। তাহা দেখিলে স্পষ্টই বুঝা যাইবে, মনু সার্ব্বাত্ম্যজ্ঞানের প্রশংসা উপলক্ষ্যে কপিল মতের নিন্দা করিয়াছেন। যথা—"যে উপাসক সমানরূপে আপনাকে সমস্ত [illegible] ও সমস্ত ভূত আপনাতে সন্দর্শন করে সেই আত্মজ্ঞানী উপাসক স্বর্গরাজ্য প্রাপ্ত হন।" [কপিলো…নির্দ্ধারিতা] কপিল আত্মভেদ অর্থাৎ নানা আত্মা স্বীকার করেন। কিন্তু একাত্মবাদ মহাভারতে নির্ণীত হইয়াছে। মহাভারত "হে ব্রাহ্মণ! পুরুষ (আত্মা) এক কি বহু?" এইরূপ প্রশ্ন উত্থাপন পূর্ব্বক "সাংখ্যের ও যোগের মতে পুরুষ বহু" এইরূপে পরকীয় পক্ষের উল্লেখ করিয়া পশ্চাৎ তাহার খণ্ডনার্থ "বহু পুরুষের (পুরুষাকার শরীরের) উৎপত্তি স্থান যদ্রূপ, তদ্রূপ, আমি সেই গুণাতীত বিরাটপুরুষের কথা

বিশ্বমূর্দ্ধা বিশ্বভুজো বিশ্বপাদাক্ষিনাসিকঃ।
একশ্চরতি ভূতেষু স্বৈরচারী যথাসুখম্॥ ইতি
সর্ব্বাত্মতৈব নির্দ্ধারিতা। শ্রুতিশ্চ সর্ব্বাত্মতায়াং ভবতি—
যস্মিন্ সর্ব্বাণি ভূতানি আত্মৈবাভূদ্বিজানতঃ।
তত্র কো মোহঃ কঃ শোক একত্বমনুপশ্যতঃ॥
ইত্যেবম্বিধা। অতশ্চাত্মভেদকল্পনয়াপি কাপিলস্য তন্ত্রস্য বেদবিরুদ্ধত্বং বেদানুসারিমনুবচনবিরুদ্ধত্বঞ্চ ন কেবলং স্বতন্ত্র প্রকৃতিপরিকল্পনয়ৈবেতি সিদ্ধম্। বেদস্য হি নিরপেক্ষং

স্মৃতিঃ স্মৃত্যন্তরসম্বাদিনী শ্রুতিসম্বাদিন্যপীত্যাহ—"শ্রুতিশ্চ" ইতি। উপসংহরতি "অত" ইতি। স্যাদেতৎ। ভবতু বেদবিরুদ্ধং কাপিলং বচস্তথাপি দ্বয়োরপি পুরুষবুদ্ধিপ্রভবতয়া কো বিনিগমনায়াং হেতুর্যতো বেদবিরোধি কাপিলং বচো নাদরণীয়মিত্যত আহ "বেদস্য হি নিরপেক্ষ"মিতি। অয়মভিসন্ধিঃ।—সত্যং শাস্ত্রযোনিরীশ্বরস্তথাপ্যস্য ন শাস্ত্রক্রিয়ায়ামস্তি স্বাতন্ত্র্যং কপিলাদীনামিব। স হি ভগবান্ যাদৃশং পূর্ব্বস্মিন্ সর্গে চকার শাস্ত্রং তদনুসারেণাস্মিন্নপি সর্গে প্রণীতবান্। এবং পূর্ব্বতরানুসারেণ পূর্ব্বস্মিন্, পূর্ব্বতমানুসারেণ চ পূর্ব্বতর ইত্যনাদিরয়ং শাস্ত্রেশ্বরয়োঃ কার্য্যকারণভাবঃ।

তোমাকে বলিতেছি।" এইরূপে প্রস্তাবারম্ভ করতঃ বলিয়াছেন—"ইনিই আমার আত্মা, তোমার আত্মা ও অন্যের আত্মা। ইনি সমস্ত আত্মার (সমস্ত দেহের অথবা সমস্ত জীবের) সাক্ষী অর্থাৎ সাক্ষাৎ দ্রষ্টা। ইনি কুত্রাপি কাহার আপাতজ্ঞানের গোচর হন না। ইনিই বিশ্বমস্তক, বিশ্ববাহু, বিশ্বপাদ, বিশ্বনেত্র ও বিশ্বনাসিক। * ইনি এক (অদ্বিতীয়), স্বাধীনপ্রকাশ, স্বেচ্ছাবিহারী ও সকল ভূতে বিরাজমান।" এই ভারতীয় বাকে একাত্মবাদই নির্ণীত ও নানাত্মবাদ নিষিদ্ধ হইয়াছে। [শ্রুতিশ্চ...বিধা] শ্রুতিতেও স্পষ্ট একাত্মবাদ কথিত আছে। যথা—"যে-কালে সমস্ত ভূত জ্ঞানীর আত্মা হইয়া যায় সে-কালে সেই একত্বদর্শীর শোকই বা কি! মোহই বা কি!" ইত্যাদি। [অতঃ...দোষঃ] কেবল প্রধান বলিয়াছেন বলিয়া নহে, নানা জীব বলাতেও কপিলের

---

* বিশ্বমস্তক = সমুদয় মস্তক তাঁহারই মস্তক। অর্থাৎ যাবন্ত জীবদেহ—সমস্তই তাঁহারই দেহ। এইরূপে বিশ্ববাহু প্রভৃতি শব্দের ব্যাখ্যা করিবেন।

স্বার্থে প্রামাণ্যং রবেরিব রূপবিষয়ে পুরুষবচসাস্তু মূলান্তরাপেক্ষং। বক্তৃস্মৃতিব্যবহিতঞ্চেতি বিপ্রকর্ষঃ। তস্মাদ্বেদবিরুদ্ধে বিষয়ে স্মৃত্যনবকাশপ্রসঙ্গো ন দোষঃ। কুতশ্চ স্মৃত্যনবকাশপ্রসঙ্গো ন দোষঃ ? ॥ ১ ॥

ইতরেষাঞ্চানুপলব্ধেঃ ॥ ২ ॥ *

প্রধানাদিতরাণি যানি প্রধানপরিণামত্বেন স্মৃতৌ কল্পি-

তেনেশ্বরস্য ন শাস্ত্রার্থজ্ঞানপূর্ব্বা শাস্ত্রক্রিয়া যেনাস্য কপিলাদিবৎ স্বাতন্ত্র্যং ভবেৎ। শাস্ত্রার্থজ্ঞানং চাস্য স্বয়মাবির্ভবদপি ন শাস্ত্রকারণতামুপৈতি, স্বয়োরপ্যপর্য্যায়েণাবির্ভাবাৎ। শাস্ত্রঞ্চ স্বতো বোধকতয়া পুরুষস্বাতন্ত্র্যাভাবেন নিরস্তসমস্তদোষাশঙ্কং সদনপেক্ষং সাক্ষাদেব স্বার্থে প্রমাণম্। কপিলাদিবচাংসি তু স্বতন্ত্রকপিলাদিপ্রণেতৃকাণি তদর্থস্মৃতিপূর্ব্বকাণি তদর্থস্মৃতয়শ্চ তদর্থানুভবপূর্ব্বাঃ। তস্মাত্তাসামর্থপ্রত্যয়াঙ্গপ্রামাণ্যবিনিশ্চয়ায় যাবৎ স্মৃত্যনুভবৌ কল্প্যেতে তাবৎ স্বতঃসিদ্ধপ্রমাণভাবয়াঽনপেক্ষয়ৈব শ্রুত্যা স্বার্থো বিনিশ্চায়িত ইতি শীঘ্রতরপ্রবৃত্তয়া শ্রুত্যা স্মৃত্যর্থো বাধ্যত ইতি যুক্তম্।

প্রধানস্য তাবৎ ক্বচিদ্বেদপ্রদেশে বাক্যাভাসানি দৃশ্যন্তে, তদ্বিকারাণান্তু

স্মৃতি বেদবিরুদ্ধ এবং বেদানুযায়ি-স্মৃতি-বিরুদ্ধ। অপিচ, বেদের প্রামাণ্য নিরপেক্ষ, অর্থাৎ বেদ স্বতঃপ্রমাণ, কিন্তু পুরুষবাক্য মূলসাপেক্ষ অর্থাৎ পরতঃপ্রমাণ। পরতঃ প্রমাণ বলিয়া তাহার (স্মৃতি) স্বার্থবোধ বা প্রামাণ্য বিপ্রকৃষ্ট অর্থাৎ দূরাবস্থিত। দূরাবস্থিত কথার অভিসন্ধি এই যে, (স্মৃতি প্রথমে শ্রুতির অনুমান করায়, পরে অর্থ ও প্রামাণ্যবোধ জন্মায়)। যেহেতু স্মৃতি দূরাবস্থিত—শ্রুতির দ্বারা জ্ঞানের ও প্রামাণ্যের জনক—সেই হেতু বেদবিরুদ্ধ বিষয়ে স্মৃত্যনবকাশপ্রসঙ্গ দোষ নহে। বেদবিরুদ্ধ বিষয়ে স্মৃত্যনবকাশ প্রসঙ্গ (স্মৃতির আনর্থক্য) যে দোষ নহে তৎপ্রতি অন্যহেতুও আছে।—

---

* ইতরেষাং মহদাদীনামপি অনুপলব্ধেঃ লোকে বেদে চাঽদর্শনাৎ সাংখ্যস্মৃত্যনবকাশপ্রসঙ্গোন দোষায়েতি পূরণীয়ম্। মহদাদিবৎ প্রধানেঽপি প্রামাণ্যং নাস্তীতি ভাবঃ।—সাংখ্য যে পরিণামী মহত্তত্ত্বের ও অহঙ্কার তত্ত্বের স্মরণ করিয়াছেন, তাহা অন্য কোথাও দৃষ্ট হয় না। তাহা লোক ও বেদ সর্ব্বত্রই অপ্রসিদ্ধ। প্রধান যখন অপ্রসিদ্ধ মহতত্ত্বের সঙ্গে পরিপঠিত—তখন অবশ্যই তাহার অপ্রামাণ্য ইহা স্থিরতর সিদ্ধান্ত।

তানি মহদাদীনি, ন তানি বেদে লোকে চোপলভ্যন্তে। ভূতেন্দ্রিয়াণি তাবৎ লোকবেদপ্রসিদ্ধত্বাৎ শক্যন্তে স্মর্ত্তুম্। অলোকবেদপ্রসিদ্ধত্বাত্তু মহদাদীনাং ষষ্ঠস্যেবেন্দ্রিয়ার্থস্য ন স্মৃতিরবকল্পতে। যদপি ক্বচিৎ তৎপরমিব শ্রবণমবভাসতে তদপ্যতৎপরং ব্যাখ্যাতং 'আনুমানিকমপ্যেকেষাম্' ইত্যত্র। কার্য্যস্মৃতেরপ্রামাণ্যাৎ কারণস্মৃতেরপ্যপ্রামাণ্যং যুক্তমিত্যভিপ্রায়ঃ। তস্মাদপি ন স্মৃত্যনবকাশপ্রসঙ্গো দোষঃ। তর্কাবষ্টম্ভন্তু, 'ন বিলক্ষণত্বাৎ' ইত্যারভ্যোন্মথিষ্যতি ॥ ২ ॥

মহদাদীনাং তান্যপি ন সন্তি। ন চ ভূতেন্দ্রিয়াদিবন্মহদাদয়ো লোকসিদ্ধাঃ। তস্মাদাত্যন্তিকাৎ প্রমাণান্তরাসম্বাদাৎ প্রমাণমূলত্বাচ্চ স্মৃতের্মূলাভাবাদভাবো বন্ধ্যায়া ইব দৌহিত্র্যস্মৃতেঃ। ন চার্ষজ্ঞানমত্র মূলমুপপদ্যত ইতি যুক্তম্। তস্মান্ন কাপিলস্মৃতেঃ প্রধানোপাদানত্বং জগত ইতি সিদ্ধম্।

সাংখ্যস্মৃতিতে যে প্রধানের পর পরিণামী মহত্তত্ত্বের ও অহংতত্ত্বের উল্লেখ আছে, সেগুলি কি লোক কি বেদ কুত্রাপি উপলব্ধ হয় না। ভূত ও ইন্দ্রিয় লোক ও বেদ উভয়প্রসিদ্ধ; সুতরাং সেগুলির স্মরণ অযোগ্য নহে। কিন্তু পরিণামী মহৎ অহঙ্কার—যাহা সাংখ্যস্মৃতির কল্পিত—তাহা লোক ও বেদ উভয়তই অপ্রসিদ্ধ। যেহেতু অপ্রসিদ্ধ—সেই হেতু তাহা স্মরণের অযোগ্য। যেমন ষষ্ঠ ইন্দ্রিয় ও ষষ্ঠ অর্থ অপ্রসিদ্ধ তেমনি সাংখ্য পরিভাষিত মহত্তত্ত্ব ও অহংতত্ত্বও অপ্রসিদ্ধ। (অভিপ্রায় এই যে, মহদাদির ন্যায় প্রধানের অপ্রামাণ্য সর্ব্ববিদিত)। [যদপি···ষ্যতি] যদিও কোন কোন শ্রুতিতে মহৎ-শব্দের শ্রবণ আছে, থাকিলেও তাহা সাংখ্যোক্ত মহতের বোধক নহে। সে সকলের তাৎপর্য্য ও অর্থ "আনুমানিকং" সূত্রে প্রদর্শিত হইয়াছে। যখন কার্য্যস্মৃতি (কার্য্য=মহত্তত্ত্ব ও অহঙ্কারতত্ত্ব) অপ্রমাণ তখন কারণস্মৃতিও (কারণ=প্রধান অর্থাৎ প্রকৃতি) অপ্রমাণ—ইহাই এতৎসূত্রের অভিপ্রেত অর্থ। সাংখ্যস্মৃতির কূট তর্ক (প্রধানব্যবস্থাপিকা যুক্তি) "ন বিলক্ষণত্বাৎ" ইত্যাদি সূত্রে আলোড়িত হইবেক।

এতেন যোগঃ প্রত্যুক্তঃ॥ ৩॥ *

এতেন সাঙ্খ্যস্মৃতিপ্রত্যাখ্যানেন যোগস্মৃতিরপি প্রত্যাখ্যাতা দ্রষ্টব্যেত্যতিদিশতি। তত্রাপি শ্রুতিবিরোধেন

নানেন যোগশাস্ত্রস্য হৈরণ্যগর্ভপাতঞ্জলাদেঃ সর্ব্বথা প্রামাণ্যং নিরাক্রিয়তে, কিন্তু জগদুপাদানস্বতন্ত্রপ্রধানতদ্বিকারমহদহঙ্কারপঞ্চতন্মাত্রগোচরং প্রামাণ্যং নাস্তীত্যুচ্যতে। ন চৈতাবতৈষামপ্রামাণ্যং ভবিতুমর্হতি। যৎপরাণি হি তানি তত্রাপ্রামাণ্যেঽপ্রামাণ্যমশ্নুবীরন্। ন চৈতানি প্রধানাদিসদ্ভাবপরাণি কিন্তু যোগস্বরূপতৎসাধনতদবান্তরফলবিভূতিতৎপরমফলকৈবল্যব্যুৎপাদনপরাণি। তচ্চ কিঞ্চিন্নিমিত্তীকৃত্য ব্যুৎপাদ্যমিতি প্রধানং সবিকারং নিমিত্তীকৃতং পুরাণেম্বিব সর্গপ্রতিসর্গবংশমন্বন্তরবংশানুচরিতং তৎপ্রতিপাদনপরেষু ন তু তদ্বিবক্ষিতম্। অন্যপরাদপি চান্যনিমিত্তত্বং প্রতীয়মানমভ্যুপেয়েত, যদি ন মানান্তরেণ বিরুধ্যেত। অস্তি তু বেদান্তশ্রুতিভিরস্য বিরোধ ইত্যুক্তম্। তস্মাৎ প্রমাণভূতাদপি যোগশাস্ত্রান্ন প্রধানাদিসিদ্ধিঃ। অতএব যোগশাস্ত্রং ব্যুৎপাদয়িতাহ স্ম ভগবান্ বার্ষগণ্যঃ—

'গুণানাং পরমং রূপং ন দৃষ্টিপথমৃচ্ছতি।
যত্তু দৃষ্টিপথপ্রাপ্তং তন্মায়েব সুতুচ্ছকম্॥' ইতি।

যোগং ব্যুৎপিপাদয়িষতা নিমিত্তমাত্রেণেহ গুণা উক্তা ন তু ভাবতস্তেষামতাত্ত্বিকত্বাদিত্যর্থঃ। অলোকসিদ্ধানামপি প্রধানাদীনামনাদিপূর্ব্বপক্ষন্যায়াভাসোৎপ্রেক্ষিতানামনুবাদ্যত্বমুপপন্নম্। তদনেনাভিসন্ধিনাহ—"এতেন সাংখ্যস্মৃতিপ্রত্যাখ্যানেন যোগস্মৃতিরপি" প্রধানাদিবিষয়তয়া "প্রত্যাখ্যাতা দ্রষ্টব্যা" ইতি। অধিকরণান্তরারম্ভমাক্ষিপতি "নম্বেবং সতি

সাংখ্যস্মৃতির প্রত্যাখ্যানে যোগস্মৃতিও প্রত্যাখ্যাতা হইয়াছে। যোগস্মৃতি-প্রত্যাখ্যানের প্রয়োজন এই যে, যোগস্মৃতিতেও লোক বেদ উভয়

---

* এতেন সন্নিহিতোক্তেন সাংখ্যস্মৃতিনিরাসন্যায়কলাপেন যোগঃ যোগস্মৃতিঃ প্রত্যুক্তঃ প্রতিবিদ্ধো ভবতীতি যোজনা। বস্তুতস্তু পাতঞ্জলাদের্ন সর্ব্বথাঽপ্রামাণ্যং কিন্তু জগদুপাদানস্বতন্ত্রপ্রধান তদ্বিকারমহদাদীনাম্। তত্র যোগস্বরূপতৎসাধনতদবান্তরফলাদি ব্যুৎপাদ্যং তচ্চ কিঞ্চিন্নিমিত্তীকৃত্যেতি প্রধানাদি নিমিত্তীকৃতং পুরাণেম্বিব বংশমন্বন্তরাদীতি তাৎপর্য্যমূন্নেয়ম্।—যে সকল যুক্তিতে সাংখ্যস্মৃতির অপ্রামাণ্য নির্দ্ধারিত হইল—সেই সকল যুক্তিতেই যোগ স্মৃতির অপ্রামাণ্য নির্দ্ধারিত হইবেক। যোগ যে জগৎকারণ প্রধান ও প্রধানোৎপন্ন মহত্তত্ত্বের কথা বলিয়াছেন তাহা কেবল উপলক্ষ মাত্র, সে অংশে তাহার তাৎপর্য্য নাই।

প্রধানং স্বতন্ত্রমেব কারণং মহদাদীনি চ কার্য্যাণি অলোক-বেদপ্রসিদ্ধানি কল্প্যন্তে। নন্বেবং সতি সমানন্যায়ত্বাৎ পূর্ব্বেণৈবৈতদ্গতং কিমর্থং পুনরতিদিশ্যতে। অস্ত্যত্রাভ্যধিকা শঙ্কা। সম্যগ্‌দর্শনাভ্যুপায়ো হি যোগো বেদে বিহিতঃ, শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্য ইতি। ত্রিরুন্নতং স্থাপ্য সমং শরীরম্ ইত্যাদিনা চাসনাদিকল্পনাপুরঃসরং বহুপ্রপঞ্চং যোগবিধানং শ্বেতাশ্বতরোপনিষদি দৃশ্যতে। লিঙ্গানি চ বৈদিকানি যোগবিষয়াণি সহস্রশ উপলভ্যন্তে। তাং যোগ-

---

সমানন্যায়ত্বা"দিতি। সমাধত্তে "অস্ত্যত্রাভ্যধিকা শঙ্কা"। মা নাম সাংখ্য শাস্ত্রাৎ প্রধানসত্তা বিজ্ঞায়ি। যোগশাস্ত্রাত্তু প্রধানাদিসত্তা বিজ্ঞাপয়িষ্যতে॥ বহুলং হি যোগশাস্ত্রাণাং বেদেন সহ সম্বাদোদৃশ্যতে। উপনিষদুপায়স্য চ তত্ত্বজ্ঞানস্য যোগাপেক্ষাস্তি। ন জাতু যোগশাস্ত্রবিহিতং যমনিয়মাদিবহিরঙ্গ-মুপায়মপহায়ান্তরঙ্গঞ্চ ধারণাদিকমন্তরেণৌপনিষদাত্মতত্ত্বসাক্ষাৎকার উদেতু-মর্হতি। তস্মাদৌপনিষদেন তত্ত্বজ্ঞানেনাপেক্ষণাৎ সম্বাদবাহুল্যাচ্চ বেদে-নাষ্টকাদিস্মৃতিবদ্‌যোগস্মৃতিঃ প্রমাণম্। ততশ্চ প্রমাণাৎ প্রধানাদিপ্রতীতে-র্নাশব্দত্বম্। ন চ তদপ্রমাণং প্রধানাদৌ প্রমাণঞ্চ যমাদাবিতি যুক্তম্। তত্রা-প্রামাণো: [illegible]। যথাহুঃ—

'প্রসরং ন লভন্তে হি যাবৎ ক্বচন মর্কটাঃ।
নাভিদ্রবন্তি তে তাবৎ পিশাচা বা স্বগোচরে॥' ইতি।

বিরুদ্ধ প্রধানের ও প্রধানোৎপন্ন মহত্তত্ত্বপ্রভৃতির উপদেশ আছে। [নন্বেবং···মাদীনি] যদি বল, যুক্তিসাম্যপ্রযুক্ত যোগস্মৃতি স্বতঃই নিরস্ত হইবে, তজ্জন্য অতিদেশ সূত্র কেন? (অতিদেশ = অমুক'কে অমুকের মত করিবে এরূপ বলা)। আমরা বলি, অতিদেশের প্রয়োজন আছে। প্রয়োজন এই যে, বেদ যোগ'কে আত্মতত্ত্বজ্ঞানের উপায় বলিয়াছেন। যথা—"সাধক আত্মদর্শনার্থ শ্রবণ মনন নিদিধ্যাসন করিবেন।" (নিদি-ধ্যাসন=যোগ)। শ্বেতাশ্বতর উপনিষদেও "শরীরকে ত্র্যুন্নত অর্থাৎ বক্ষঃ, গ্রীবা, মস্তক, এই ত্রিস্থান উচ্চ ও সমান রাখিয়া—" ইত্যাদি ক্রমে যোগাসনের ও অন্যান্য যোগাঙ্গের উপদেশ করিয়াছেন। এতদ্ভিন্ন, বেদ-

মিতি মন্যন্তে স্থিরামিন্দ্রিয়ধারণাম্ ইতি, বিদ্যামেতাং যোগবিধিঞ্চ কৃৎস্নম্ ইতি চৈবমাদীনি। যোগশাস্ত্রেঽপি, অথ তত্ত্বদর্শনাভ্যুপায়ো যোগ ইতি সম্যগ্দর্শনাভ্যুপায়ত্বেনৈব যোগোঽঙ্গীক্রিয়তে। অতঃ সম্প্রতিপন্নার্থৈকদেশত্বাদষ্টকাদি-স্মৃতিবদ্‌যোগস্মৃতিরপ্যনপবদনীয়া ভবিষ্যতীতীয়মভ্যধিকা-শঙ্কাঽতিদেশেন নিবর্ত্ত্যতে। অর্থৈকদেশসম্প্রতিপত্তাবপ্য-র্থৈকদেশবিপ্রতিপত্তেঃ পূর্ব্বোক্তায়া দর্শনাৎ। সতীষ্বপ্য-

সেয়ং লব্ধপ্রসরা প্রধানাদৌ যোগাপ্রমাণতাপিশাচী সর্ব্বত্রৈব দুর্ব্বারা ভবেদিত্যস্যাঃ প্রসরং নিষেধতা প্রধানাদ্যভ্যুপেয়মিতি নাশক্যং প্রধানমিতি শঙ্কার্থঃ। সা "ইয়মভ্যধিকাশঙ্কাতিদেশেন নিবর্ত্ত্যতে"। নিবৃত্তিহেতুমাহ "অর্থৈকদেশসম্প্রতিপত্তাবপী"তি। যদি প্রধানাদিসত্তাপরং যোগশাস্ত্রং ভবেৎ ভবেৎ প্রত্যক্ষবেদান্তশ্রুতিবিরোধেনাপ্রমাণম্। তথা চ তদ্বিহিতেষু যমাদিষ্বপ্যনাশ্বাসঃ স্যাৎ। তস্মান্ন প্রধানাদিপরং তৎ কিন্তু তন্নিমিত্তীকৃত্য যোগব্যুৎপাদনপরমিত্যুক্তম্। ন চাবিষয়েঽপ্রামাণ্যং বিষয়েঽপি প্রামাণ্য-মুপহন্তি। ন হি চক্ষূরসাদাবপ্রমাণং রূপেঽপ্যপ্রমাণং ভবিতুমর্হতি। তস্মাদ্বেদান্তশ্রুতিবিরোধাৎ প্রধানাদিরস্যাবিষয়ো ন ত্বপ্রামাণ্যমিতি পর-মার্থঃ। স্যাদেতৎ। অধ্যাত্মবিষয়াঃ সন্তি সহস্রং স্মৃতয়ো বৌদ্ধার্হতকা-পালিকাদীনাং, তা অপি কস্মান্ন নিরাক্রিয়ন্ত ইত্যত আহ।—"সতী-ষ্বপী"তি। তাসু খলু বহুলং বেদার্থবিসম্বাদিনীষু শিষ্টানাদৃতাসু কৈশ্চি-

মধ্যে "মুনিরা নিশ্চলা ইন্দ্রিয়ধারণাকে যোগ বলেন।" "এই বিদ্যা ও সমু-দয় যোগবিধান" এইরূপ এইরূপ অনেক যোগবোধক কথা আছে। [যোগ…গম্যত ইতি] যোগ তত্ত্বজ্ঞানের উপায়, এ [illegible] যোগশাস্ত্রেও আছে। যেহেতু যোগ স্মৃতির একাংশ প্রামাণিক, বাদিপ্রতিবাদী উভয়ের সম্মত, সেই হেতু অষ্টকাদি-স্মৃতির * ন্যায় যোগস্মৃতিও অত্যাজ্য অর্থাৎ অনিন্দনীয়। সাংখ্য অপেক্ষা যোগস্মৃতিতে এই অধিক আশঙ্কা— এ আশঙ্কা উক্ত অতিদেশ বাক্যের দ্বারা নিবৃত্ত হইবে। কারণ, উহার

* অষ্টকা=শ্রাদ্ধবিশেষ। অষ্টকাস্মৃতি=তদ্বোধিকা স্মৃতি। অষ্টকাবাক্য বেদে দৃষ্ট হয় না। না হইলেও বেদে উহার বিরুদ্ধ কথা নাই। বিরুদ্ধ কথা নাই বলিয়া ঐ অষ্টকা-স্মৃতির মূল (শ্রুতি) অনুমিত হয়। সুতরাং তাহা প্রামাণিক বলিয়া গণ্যও হয়।

ধ্যাত্মবিষয়াস্বু বহ্বীষু স্মৃতিষু সাঙ্খ্যযোগস্মৃত্যোরেব নিরাকরণায় যত্নঃ কৃতঃ। সাঙ্খ্যযোগৌ হি পরমপুরুষার্থসাধনত্বেন লোকে প্রখ্যাতৌ শিষ্টৈশ্চ পরিগৃহীতৌ। লিঙ্গেন চ শ্রৌতেনোপবৃংহিতৌ—তৎকারণং সাঙ্খ্যযোগাভিপন্নং জ্ঞাত্বা দেবং মুচ্যতে সর্ব্বপাশৈরিতি। নিরাকরণন্তু ন সাংখ্যজ্ঞানেন বেদনিরপেক্ষেণ যোগমার্গেণ বা নিঃশ্রেয়সমধিগম্যত ইতি। শ্রুতির্হি বৈদিকাদাত্মৈকবিজ্ঞানাদন্যন্নিঃশ্রেয়সসাধনং বারয়তি—তমেব বিদিত্বাহতিমৃত্যুমেতি নান্যঃ পন্থা বিদ্যতেহয়নায় ইতি। দ্বৈতিনো হি তে সাংখ্যা যোগাশ্চ নাত্মৈকত্বদর্শিনঃ। যত্তু

দেব তু পুরুষাপসদৈঃ পশুপ্রায়ৈর্ম্লেচ্ছাদিভিঃ পরিগৃহীতাসু বেদমূলত্বাশঙ্কৈব নাস্তীতি ন নিরাকৃতাঃ। তদ্বিপরীতাস্তু সাংখ্যযোগস্মৃতয় ইতি তাঃ প্রধানাদিপরতয়া ব্যুদস্যন্ত ইত্যর্থঃ। "ন সাংখ্যজ্ঞানেন বেদনিরপেক্ষেণ" ইতি। প্রধানাদিবিষয়েণেত্যর্থঃ। "দ্বৈতিনো হি তে সাংখ্যা

একাংশে বেদের সম্মতি থাকিলেও অপরাংশ বেদবিরুদ্ধ। (ফলিতার্থ এই যে, প্রধান বেদবিরুদ্ধ বলিয়া অপ্রামাণিক)। বহু অধ্যাত্মবিদ্যাবিষয়িণী স্মৃতি থাকিলেও সূত্রকার যে কেবল সাংখ্যস্মৃতির ও যোগস্মৃতির নিরাসার্থ যত্ন করিয়াছেন তাহার কারণ এই :—সাংখ্য ও যোগ এই দুই স্মৃতি পরমপুরুষার্থ সাধক বলিয়া বিখ্যাত, শিষ্টগৃহীত ও বেদবাক্যের দ্বারা পরিপুষ্ট। (পরিপুষ্ট=বেদমধ্যে উক্ত উভয়ের প্রতিপাদ্য বস্তুর পোষক কথা থাকা)। অভিপ্রেতার্থ এই যে, ঐ দুই স্মৃতি শ্রেষ্ঠ; সুতরাং তন্নিরাকারণে অন্যান্য স্মৃতি নিরস্ত হইতে পারে। নিরাকারণের প্রয়োজন এই যে, বেদনিরপেক্ষ (অবৈদিক) সাংখ্যজ্ঞানে ও অবৈদিক যোগে মোক্ষলাভ হয় না। [শ্রুতির্হি···দর্শিনঃ] শ্রুতি বলিয়াছেন, বৈদিক একাত্মবিজ্ঞান ব্যতীত অন্য কোন জ্ঞানে ও অন্য কোন পথে মোক্ষ হয় না। যথা—"লোক তাঁহাকেই জানিয়া মৃত্যু অতিক্রম করে, মুক্ত হয়, মোক্ষের অন্য পথ নাই।" সাংখ্যেরা ও যোগীরা দ্বৈতদর্শী, একাত্মদর্শী নহে। দ্বৈতদর্শীর মোক্ষ হয় না; সুতরাং সাংখ্যজ্ঞানে মোক্ষ হয় না। [যত্তু...গম্যতে] বাদী

দর্শনমুক্তং—তৎকারণং সাংখ্যযোগাভিপন্নমিতি, বৈদিকমেব তত্র জ্ঞানং ধ্যানঞ্চ সাংখ্যযোগশব্দাভ্যামভিলপ্যেতে প্রত্যাসত্তেরিত্যবগন্তব্যম্। যেন ত্বংশেন ন বিরুধ্যতে তেনেষ্টমেব সাংখ্যযোগস্মৃত্যোঃ সাবকাশত্বম্। তদ্যথা—অসঙ্গোহ্যয়ং পুরুষ ইত্যেবমাদিশ্রুতিপ্রসিদ্ধমেব পুরুষস্য বিশুদ্ধত্বং নির্গুণপুরুষনিরূপণেন সাংখ্যৈরভ্যুপগম্যতে। তথা চ যোগৈরপি, অথ পরিব্রাট্ বিবর্ণবাসা মুণ্ডোহপরিগ্রহ ইত্যেবমাদিশ্রুতিপ্রসিদ্ধমেব নিবৃত্তিনিষ্ঠত্বং প্রব্রজ্যাদ্যুপদেশেনানুগম্যতে। এতেন সর্ব্বাণি তর্কস্মরণানি প্রতিবক্তব্যানি। তান্যপি তর্কোপপত্তিভ্যাং তত্ত্বজ্ঞানায়োপকুর্ব্ব-

যোগাশ্চ” যে প্রধানাদিপরতয়া তচ্ছাস্ত্রং ব্যাচক্ষত ইত্যর্থঃ। সংখ্যা সম্যগ্বুদ্ধির্বৈদিকী তয়া বর্ত্তন্ত ইতি সাংখ্যাঃ। এবং যোগো ধ্যানম্। উপায়োপেয়য়োরভেদবিবক্ষয়া। চিত্তবৃত্তিনিরোধো হি যোগঃ তস্যোপায়ো ধ্যানং প্রত্যয়ৈকতানতা। এতচ্চোপলক্ষণম্। অন্যেঽপি যমনিয়মাদয়ো বাহ্যা আন্তরাশ্চ ধারণাদয়ো যোগোপায়া দ্রষ্টব্যাঃ। এতেনাভ্যুপগত-

যে দর্শনের কথা বলেন—“জীব সাংখ্য ও যোগ এতদুভয়ের দ্বারা জগৎকারণ দেবকে জানিলে পাশবিমুক্ত হয়।” তাহা বেদান্তের অনভিমত নহে। কেন-না, সাংখ্য শব্দের অর্থ জ্ঞান ও যোগ-শব্দের অর্থ ধ্যান। (ব্রহ্ম জ্ঞান-ধ্যান-লভ্য এ দর্শন বেদান্তবহির্ভূত নহে)। অতএব, যে যে অংশ বেদবিরুদ্ধ নহে, সাংখ্যের ও যোগের সেই সেই অংশ অস্মদ্দর্শনের ইষ্ট সুতরাং সাবকাশ অর্থাৎ প্রামাণিক। এ স্থলে দুই একটী অবিরুদ্ধ অংশ দেখান যাইতেছে।—সাংখ্যের নিরূপণে পুরুষ নির্গুণ। এ নিরূপণ “এই পুরুষ অসঙ্গ” ইত্যাদি শ্রুতির অনুরূপ। যোগস্মৃতি শমদমাদি প্রসঙ্গে নিবৃত্তিনিষ্ঠতার উপদেশ করিয়াছেন, সে উপদেশ “অনন্তর কষায় পরিধায়ী মুণ্ডিতমুণ্ড পরিগ্রহত্যাগী পরিব্রাট্ (সন্ন্যাসী) হইবেক।” ইত্যাদি শ্রুতির অনুগামী। [এতেন...শ্রুতিভ্যঃ] প্রদর্শিত প্রণালীতে অনান্য তর্কস্মৃতির প্রতিবাদ (খণ্ডন) করিবে। যদি বল, তর্ক ও উপপত্তি *

* তর্ক = অনুমান। উপপত্তি = অনুমানের অনুকূল যুক্তি।

ন্তীতি চেৎ, উপকুর্ব্বন্তু নাম, তত্ত্বজ্ঞানন্তু বেদান্তবাক্যেভ্য এব ভবতি। নাবেদবিন্মনুতে তং বৃহন্তং, তং ত্বৌপনিষদং পুরুষং পৃচ্ছামি, ইত্যেবমাদিশ্রুতিভ্যঃ ॥ ৩ ॥

ন বিলক্ষণত্বাদস্য তথাত্বঞ্চ শব্দাৎ ॥ ৪ ॥*

ব্রহ্মাঽস্য জগতো নিমিত্তকারণং প্রকৃতিশ্চ' ইত্যস্য পক্ষস্যাক্ষেপঃ স্মৃতিনিমিত্তঃ পরিহৃতঃ, তর্কনিমিত্ত ইদানীমাক্ষেপঃ পরিহ্রিয়তে। কুতঃ পুনরস্মিন্নবধারিতে আগমার্থে

বেদপ্রামাণ্যানাং কণভক্ষাক্ষচরণাদীনাং সর্ব্বাণি তর্কস্মরণানীতি যোজনা। সুগমমন্যৎ।

অবান্তরসঙ্গতিমাহ—"ব্রহ্মাঽস্য জগতোনিমিত্তকারণং প্রকৃতিশ্চেত্যস্য পক্ষস্য" ইতি। চোদয়তি—"কুতঃ পুন"রিতি। সমানবিষয়ত্বে হি বিরোধোভবেৎ। ন চেহাস্তি সমানবিষয়তা। ধর্ম্মবদ্ব্রহ্মণোঽপি মানা-

---

তত্ত্বজ্ঞানের সহায়, সুতরাং তর্কের প্রত্যাখ্যান অন্যায্য; সে সম্বন্ধে আমরা বলি, তর্ক তত্ত্বজ্ঞানের সহায় হয় হউক, পরন্তু তত্ত্বজ্ঞানের উদয় বেদান্তবাক্যের দ্বারাই হইয়া থাকে, অন্য কিছুতে নহে। শ্রুতিও ঐ কথা বলিয়াছেন। যথা—"যে বেদজ্ঞ নহে সে সেই বৃহৎ বস্তুকে (ব্রহ্মকে) জানিতে পারে না।" "আমি সেই কেবল উপনিষদ্বেদ্য পুরুষকে জানিতে ইচ্ছুক।" ইত্যাদি।

ব্রহ্মই জগতের নিমিত্তকারণ ও উপাদান কারণ, এ সিদ্ধান্তের বিরুদ্ধে যে স্মৃতিঘটিত আপত্তি হইয়াছিল তাহা পরিহৃত হইয়াছে। এক্ষণে তর্কঘটিত আপত্তি পরিহৃত হইবে। যথা—যদি বল, শাস্ত্রার্থ নিশ্চিত হইলে তাহাতে তর্কের প্রসর (গতি বা প্রয়োজন) থাকে না, না থাকিবার কারণ

---

* প্রকৃত্যা সহ সারূপ্যং বিকারাণামবস্থিতম্। জগদ্ব্রহ্মসরূপঞ্চ নেতি নো তস্য বিক্রিয়া॥ বিশুদ্ধং চেতনং ব্রহ্ম জগজ্জড়মশুদ্ধিভাক্। তেন প্রধানসারূপ্যাৎ প্রধানস্যৈব বিক্রিয়া ইতি সাংখ্যপক্ষমবলম্ব্য পূর্ব্বপক্ষয়তি। অস্য কার্য্যভূতস্য জগতঃ বিলক্ষণত্বাৎ ব্রহ্মবৈরূপ্যাৎ ন প্রকৃতির্ব্রহ্মেতি শেষং। তথাত্বং ব্রহ্মবৈলক্ষণ্যং শব্দাৎ শাস্ত্রাৎ সিধ্যতীতি ন হেত্বসিদ্ধিঃ।—ব্রহ্ম চেতন ও শুদ্ধ, কিন্তু জগৎ অচেতন ও অশুদ্ধ। সুতরাং সমলক্ষণ নহে। স্থাপন করিয়াছ, ব্রহ্মই জগৎকার্য্যের প্রকৃতি অর্থাৎ উপাদান কারণ, কিন্তু তাহা অসঙ্গত।

তর্কনিমিত্তস্যাক্ষেপস্যাবকাশঃ। ননু ধর্ম্মইব ব্রহ্মণ্যপ্যনপেক্ষ আগমো ভবিতুমর্হতি, ভবেদয়মবষ্টম্ভো যদি প্রমাণান্তরানবগাহ্য আগমমাত্রপ্রমেয়োঽয়মর্থঃ স্যাদনুষ্ঠেয়রূপ ইব ধর্ম্মঃ পরিনিষ্পন্নরূপস্তু ব্রহ্মাবগম্যতে। পরিনিষ্পন্নে চ বস্তুনি প্রমাণান্তরাণামস্ত্যবকাশো যথা পৃথিব্যাদিষু। যথা চ শ্রুতীনাং পরস্পরবিরোধে সত্যেকবশেনেতরা নীয়ন্তে,

---

ন্তরাবিষয়তয়াঽতর্ক্যত্বেনানপেক্ষায়ামৈকগোচরত্বাদিত্যর্থঃ। সমাধত্তে—"ভবেদয়"মিতি।

মানান্তরস্যাবিষয়ঃ সিদ্ধবস্ত্ববগাহিনঃ।
ধর্ম্মোঽস্তু কার্য্যরূপত্বাদ্‌ব্রহ্ম সিদ্ধস্তু গোচরঃ॥

তস্মাৎ সমানবিষয়ত্বাদস্ত্যত্র তর্কস্যাবকাশঃ। নন্বস্তু বিরোধস্তথাপি তর্কাদরে কো হেতুরিত্যত আহ—"যথা চ শ্রুতীনা"মিতি। সাবকাশা বহ্ব্যোঽপি শ্রুতয়োঽনবকাশৈকশ্রুতিবিরোধে তদনুগুণতয়া যথা নীয়ন্তে এবমনবকাশৈকতর্কবিরোধে তদনুগুণতয়া বহ্ব্যোপি শ্রুতয়ো গুণকল্পনাদিভির্ব্ব্যাখ্যানমর্হন্তীত্যর্থঃ। অপি চ ব্রহ্মসাক্ষাৎকারো বিরোধিতয়াঽনাদিমবিদ্যাং নিবর্ত্তয়ন্ দৃষ্টেনৈব রূপেণ মোক্ষসাধনমিষ্যতে। তত্র ব্রহ্ম-

---

এই যে, ব্রহ্ম ধর্ম্মের ন্যায় অনন্যসাপেক্ষ অর্থাৎ কেবলমাত্র শাস্ত্রসাপেক্ষ। যাহা যাহা শাস্ত্রমাত্রসাপেক্ষ তাহা তাহাই শাস্ত্রের দ্বারা নির্ণীত হয়, অনুমানাদির দ্বারা নহে, সুতরাং শাস্ত্রনিশ্চিত পদার্থ অনুমানের অবিষয়। ইহার প্রত্যুত্তর—ব্রহ্ম যদি ধর্ম্মের ন্যায় কেবলমাত্র শাস্ত্রপ্রমাণের বিষয় হইতেন তাহা হইলে অবশ্যই ঐ অবষ্টম্ভ (পূর্ব্বপক্ষ) হইতে পা[রি]ত। ধর্ম্ম পদার্থ অনুষ্ঠেয় অর্থাৎ অনুষ্ঠান-সাধ্য কিন্তু ব্রহ্ম অনুষ্ঠানসাধ্য নহেন। ব্রহ্ম সিদ্ধ বস্তু। যাহা সিদ্ধ—যাহা পরিনিষ্পন্ন—অবশ্যই তাহাতে অন্য প্রমাণের প্রসর আছে। পৃথিবী পদার্থ পরিনিষ্পন্ন—তাহা যেমন বহুপ্রমাণের বিষয়—সেইরূপ পরিনিষ্পন্ন ব্রহ্মও অনেক প্রমাণের বিষয়। অর্থাৎ তর্ক তাহাতে অবশ্যই স্থান প্রাপ্ত হইবেক। [যথা চ···প্রকৃত্যাঃ]

নিয়ম এই যে, যে যাহার প্রকৃতি, উপাদান, সে তাহার সমলক্ষণ। জগৎ যখন ব্রহ্ম লক্ষণাক্রান্ত নহে, প্রত্যুত ব্রহ্মবিলক্ষণ, তখন ব্রহ্ম ইহার প্রকৃতি, ইহা কদাচ নহে। জগৎ যে ব্রহ্ম বিলক্ষণ তাহা শাস্ত্রের দ্বারাও জানা যায়।

এবং প্রমাণান্তরবিরোধেঽপি তদ্বশেনৈব শ্রুতির্নীয়তে। দৃষ্টসাধর্ম্ম্যেণ চাদৃষ্টমর্থং সমর্পয়ন্তী যুক্তিরনুভবস্য সন্নিকৃষ্যতে, বিপ্রকৃষ্যতে তু শ্রুতিরৈতিহ্যমাত্রেণ স্বার্থাভিধানাৎ। অনুভবাবসানঞ্চ ব্রহ্মবিজ্ঞানমবিদ্যায়া নিবর্ত্তকং মোক্ষসাধনঞ্চ দৃষ্টফলতয়েষ্যতে। শ্রুতিরপি, শ্রোতব্যো মন্তব্য ইতি শ্রবণব্যতিরেকেণ মননং বিদধতী তর্কমপ্যত্রাদর্ত্তব্যং দর্শয়তি। অতস্তর্কনিমিত্তঃ পুনরাক্ষেপঃ ক্রিয়তে, ন বিলক্ষণত্বাদস্যেতি। যদুক্তং চেতনং ব্রহ্ম জগতঃ প্রকৃতি-

---

সাক্ষাৎকারস্য মোক্ষসাধনতয়া প্রধানস্যানুমানং দৃষ্টসাধর্ম্ম্যেণাদৃষ্টবিষয়ং বিষয়তোঽন্তরঙ্গং বহিরঙ্গং ত্বত্যন্তপরোক্ষগোচরং শাব্দং জ্ঞানম্। তেন প্রধানপ্রত্যাসত্ত্যাপ্যনুমানমেব বলীয় ইত্যাহ—"দৃষ্টসাধর্ম্ম্যেণ চ" ইতি। অপি চ শ্রুত্যাপি ব্রহ্মণি তর্ক আদৃত ইত্যাহ—"শ্রুতিরপী"তি। সোঽয়ং ব্রহ্মণো জগদুপাদানত্বাক্ষেপঃ পুনস্তর্কেণ প্রস্তূয়তে।—

প্রকৃত্যা সহ সারূপ্যং বিকারাণামবস্থিতম্।
জগদ্‌ব্রহ্মসরূপঞ্চ নেতি নো তস্য বিক্রিয়া॥
বিশুদ্ধং চেতনং ব্রহ্ম জগজ্জড়মশুদ্ধিভাক্।
তেন প্রধানসারূপ্যাৎ প্রধানস্যৈব বিক্রিয়া॥

তথাহি—এক এব স্ত্রীকায়ঃ সুখদুঃখমোহাত্মকতয়া পত্যুশ্চ সপত্নীনাঞ্চ চৈত্রস্য চ স্বৈণস্য তামবিন্দতোঽপর্য্যায়ং সুখদুঃখবিষাদানাধত্তে। স্ত্রিয়া চ সর্ব্বে ভাবা ব্যাখ্যাতাঃ। তস্মাৎ সুখদুঃখমোহাত্মতয়া চ স্বর্গনরকো-

---

যেমন শ্রুতির সহিত শ্রুতির বিরোধ দেখিলে বিরোধভঞ্জনার্থ সমস্তশ্রুতিকে এক শ্রুতির অনুরূপ করিয়া লওয়া হয়, তেমনি, প্রমাণান্তরের সহিত বিরোধ হইলেও শ্রুতিসমূহকে প্রমাণান্তরের অনুগামী করিতে পার। দৃষ্টানুসারিণী যুক্তি দৃষ্টসাধর্ম্ম্য অর্থাৎ দৃষ্টান্ত অবলম্বন করিয়া অদৃষ্ট বস্তু সমর্পণ করে, অদৃশ্য পদার্থের বোধ জন্মায়, সুতরাং তাহা অনুভবের যত সন্নিকট, শ্রুতি তত সন্নিকট নহে। শ্রুতি ঐতিহ্য (ইতিহাস) অবলম্বনে স্বার্থ সমর্পণ করেন বলিয়া যুক্তি অপেক্ষা দূর উপায়। ব্রহ্মবিজ্ঞানের চরম প্রান্ত ব্রহ্মানুভব এবং তাহা অজ্ঞানবিনাশরূপ মুক্তির কারণ। ব্রহ্মবিজ্ঞানের ফল ব্রহ্মানুভব সুতরাং তাহা প্রত্যক্ষ বা সাক্ষাৎকাররূপী। সেই জন্যই শ্রুতি শ্রবণের

রিতি তন্নোপপদ্যতে। কস্মাদ্বিলক্ষণত্বাদস্য বিকারস্য প্রকৃত্যা। ইদং হি ব্রহ্মকার্য্যত্বেনাভিপ্রেয়মাণং জগদ্ব্রহ্ম-বিলক্ষণমচেতনমশুদ্ধঞ্চ দৃশ্যতে। ব্রহ্ম চ জগদ্বিলক্ষণং চেতনং শুদ্ধঞ্চ শ্রূয়তে। ন চ বিলক্ষণত্বে প্রকৃতিবিকার-ভাবো দৃষ্টঃ। ন হি রুচকাদয়োবিকারা মৃৎপ্রকৃতিকা ভবন্তি, শরাবাদয়ো বা সুবর্ণপ্রকৃতিকাঃ। মৃদৈব তু মৃদন্বিতা বিকারাঃ প্রক্রিয়ন্তে, সুবর্ণেন সুবর্ণান্বিতাঃ, তথেদমপি জগ-দচেতনং সুখদুঃখমোহান্বিতং সদচেতনস্যৈব সুখদুঃখমোহা-ত্মকস্য কারণস্য কার্য্যং ভবিতুমর্হতি ন বিলক্ষণস্য ব্রহ্মণঃ। ব্রহ্মবিলক্ষণত্বঞ্চাস্য জগতোঽশুদ্ধ্যচেতনত্বদর্শনাদবগন্তব্যম্।

চ্চাবচপ্রপঞ্চতয়া চ জগদশুদ্ধমচেতনঞ্চ। ব্রহ্ম তু চেতনং বিশুদ্ধঞ্চ নিরতি-শয়ত্বাৎ। তস্মাৎ প্রধানস্যাশুদ্ধস্যাচেতনস্য বিকারো জগৎ ন তু ব্রহ্মণ ইতি যুক্তম্। যে তু চেতনব্রহ্মবিকারতয়া জগচ্চৈতন্যমাহুস্তান্ প্রত্যাহ—

পর মননের বিধান করিয়া তর্কের আদর্ত্তব্যতা দেখাইয়াছেন। (মনন —তর্ক সহকৃত অনুমান)। তর্কের প্রতি শ্রুতির আদর দেখিয়া সূত্রকার ব্যাস তর্কঘটিত অবষ্টম্ভ (পূর্ব্বপক্ষ) দেখাইতেছেন।—স্থির করিয়াছ বা বলিয়াছ, ব্রহ্মই জগতের প্রকৃতি (উপাদান কারণ)—কিন্তু তাহা অনুপপন্ন (যুক্তিসহ নহে)। কারণ, জগৎকার্য্যের প্রকৃতি [illegible]রণ ব্রহ্ম ইহার অননুরূপ অর্থাৎ ইহার সদৃশ নহে, প্রত্যুত বিসদৃশ। [ইদং...গন্তব্যম্] বেদান্ত জগৎকে ব্রহ্মজন্য মনে করেন, বলেন, কিন্তু ইহাতে ব্রহ্মবৈলক্ষণ্য দৃষ্ট হইতেছে। জগৎ অচেতন ও অশুদ্ধ, কিন্তু ব্রহ্ম চেতন ও শুদ্ধ। সালক্ষণ্য ব্যতীত (সমানে অসমানে) প্রকৃতিবিকৃতিভাব হয় না। যেমন বলয় ও মৃত্তিকা, শরাব ও সুবর্ণ, এ সকলের মধ্যে প্রকৃতিবিকৃতিভাব নাই, তেমনি, অচেতন ও অশুদ্ধ জগতের সহিত চেতন ও শুদ্ধ ব্রহ্মের প্রকৃতিবিকৃতিভাব নাই। অতএব সুখ দুঃখ মোহান্বিত অচেতন জগৎ জগল্লক্ষণবর্জ্জিত চেতন ব্রহ্ম হইতে উৎপন্ন নহে, এইরূপ অবধারণ করাই উচিত। জগৎ যে ব্রহ্মলক্ষণবর্জ্জিত তাহা জাড্য ও অবিশুদ্ধি দৃষ্টে জানা

অশুদ্ধং হীদং জগৎ সুখদুঃখমোহাত্মকতয়া প্রীতিপরিতাপ-বিষাদাদিহেতুত্বাৎ স্বর্গনরকাদ্যুচ্চাবচপ্রপঞ্চত্বাচ্চ। অচেতনং চেদং জগৎ চেতনং প্রতি কার্য্যকরণভাবেনোপকরণভাবো-পগমাৎ। ন হি সাম্যে সত্যুপকার্য্যোপকারকভাবো ভবতি। ন হি প্রদীপৌ পরস্পরস্যোপকুরুতঃ। ননু চেতনমপি কার্য্যকরণং স্বামিভৃত্যন্যায়েন ভোক্তুরুপকরিষ্যতি, ন, স্বামি-ভৃত্যয়োরপ্যচেতনাংশস্যৈব চেতনং প্রত্যুপকারকত্বাৎ। যো হ্যেকস্য চেতনস্য পরিগ্রহে বুদ্ধ্যাদিরচেতনভাগঃ স এবান্যস্য চেতনস্যোপকরোতি ন তু স্বয়মেব চেতনশ্চেত-নান্তরস্যোপকরোত্যপকরোতি বা। নিরতিশয়া হ্যকর্ত্তার-শ্চেতনা ইতি সাঙ্খ্যা মন্যন্তে। তস্মাদচেতনং কার্য্যকরণম্।

"অচেতনঞ্চেদং জগদি"তি। ব্যভিচারং চোদয়তি—"ননু চেতনমপী"তি। পরিহরতি—"ন স্বামিভৃত্যয়োরপী"তি। ননু মা নাম সাক্ষাচ্চেতনশ্চেতনা-ন্তরস্যোপকার্ষীৎ, তৎকার্য্যকরণবুদ্ধ্যাদিনিয়োগদ্বারেণ তূপকরিষ্যতীত্যত আহ—"নিরতিশয়া হ্যকর্ত্তারশ্চেতনাঃ" ইতি। উপজনাপায়বদ্ধর্ম্মযোগো-ঽতিশয়ঃ তদভাবো নিরতিশয়ত্বম্। অতএব নির্ব্যাপারত্বাদকর্ত্তারঃ।

যায়। [অশুদ্ধং...কুরুতঃ] জগৎ সুখ দুঃখ মোহের ও প্রীতিপরিতাপ প্রভৃতির নিদান এবং স্বর্গ নরকাদি উচ্চ নীচ গতির আশ্রয় সুতরাং ইহা অশুদ্ধ। দেখা যায়, চেতনে অচেতনে পরস্পর উপকার্য্য-উপকারক হয়, কিন্তু চেতনে চেতনে ও অচেতনে অচেতনে নহে। সমান অথচ পরস্পর উপকার্য্য-উপকারক, ইহা কুত্রাপি দৃষ্ট হয় না। [ননু...করণম্] যদি বল, প্রভুর ও ভৃত্যের দৃষ্টান্তে চেতনে চেতনে উপকার্য্য-উপকারকভাব থাকা স্বীকার করিব, (প্রভুও চেতন, ভৃত্যও চেতন, অথচ পরস্পর পর-স্পরের উপকার্য্য ও উপকারক), বলিলে আমরা বলিব, ঐ দৃষ্টান্ত সমদৃষ্টান্ত নহে। উক্ত স্থলেও অচেতনাংশ উপকারক। প্রভু ও ভৃত্য এ দুয়ের বুদ্ধি প্রভৃতি অচেতনাংশই অন্যতর চেতনের উপকার করে। স্বয়ং চেতন উপকার অপকার কিছুই করে না। সাংখ্যও মানিয়া থাকেন, চেতনের (পুরুষের) অতিশয় (তারতম্য) নাই। অতএব, কার্য্য ও করণ সমস্তই

ন চ কাষ্ঠলোষ্ট্রাদীনাং চেতনত্বে কিঞ্চিৎপ্রমাণমস্তি। প্রসিদ্ধশ্চায়ং চেতনাচেতনবিভাগো লোকে। তস্মাদ্‌ব্রহ্মবিলক্ষণত্বান্নেদং জগৎ তৎপ্রকৃতিকম্। যোঽপি কশ্চিদাচক্ষীত শ্রুত্বা জগতশ্চেতনপ্রকৃতিকতাং তদ্বলেনৈব সমস্তং জগচ্চেতনমবগমিষ্যামি প্রকৃতিরূপস্য বিকারেঽন্বয়দর্শনাৎ অবিভাবনন্তু চৈতন্যস্য পরিণামবিশেষাদ্ভবিষ্যতি, যথা স্পষ্টচৈতন্যানামপ্যাত্মনাং স্বাপমূর্চ্ছাদ্যবস্থাসু চৈতন্যং ন বিভাব্যতে এবং কাষ্ঠলোষ্ট্রাদীনামপি চৈতন্যং ন বিভাবয়িষ্যতে। এতস্মাদেব চ বিভাবিতত্বাবিভাবিতত্বকৃতাৎ বিশেষাদ্রূপাদিভাবাভাবাভ্যাঞ্চ কার্য্যকরণানামাত্মনাঞ্চ চেতনত্বাবিশেষে-

---

তস্মাত্তেষাং বুদ্ধ্যাদিপ্রয়োক্তৃত্বমপি নাস্তীত্যর্থঃ। চোদকো হ্যনুশয়বীজমুদ্ঘাটয়তি "যোঽপী"তি। অভ্যুপেত্যাপাততঃ সমাধানমাহ—"তেনাপি

অচেতন, ইহা অবশ্য স্বীকার্য্য। [নচ…প্রকৃতিকম্] অপিচ, কাষ্ঠলোষ্ট্রাদিতে চৈতন্য থাকার প্রমাণ নাই এবং চেতন অচেতন এই দুই বিভাগ সর্ব্ববিদিত। সমস্ত চেতন হইলে সর্ব্ববিদিত বিভাগের উচ্ছেদ হইবে। প্রদর্শিত কারণে ইহাই প্রতিপন্ন হইতেছে যে, ব্রহ্মলক্ষণ না থাকাতে জগৎ ব্রহ্মপ্রকৃতিক (ব্রহ্মপ্রভব) নহে। [যোঽপি…ভবিষ্যতি] এ স্থলে কেহ কেহ শ্রুতিতে জগতের চেতনপ্রকৃতিকতা শ্রবণ করিয়া সমস্ত জগৎকে চেতন বলিয়া থাকেন। তাঁহাদের অভিপ্রায় এই যে, প্রকৃতির রূপ বিকৃতিতে অনুগত থাকা নিয়ম। আমরা যে কাষ্ঠ লোষ্ট্র প্রভৃতিকে অচেতন বলি, চৈতন্যের অব্যক্ততাই তাহার কারণ। অভিব্যঞ্জক বিকারের। পরিণামের তারতম্য থাকাতেই চৈতন্যস্ফূর্ত্তির অল্পাধিক্য হয়, সেই অল্পাধিক্য লইয়াই চেতন অচেতন ব্যবহার নিষ্পন্ন হয়। অর্থাৎ চৈতন্যের অভিব্যক্তি বা বিকাশ দেখিলে আমরা চেতন বলি, তাহা না দেখিলে অচেতন বলি। আত্মা বিস্পষ্টচেতন হইলেও মূর্চ্ছাদি কালে তাহার চৈতন্যাভিভব হয়, সেই কারণে লোকে বলে 'অচেতন হইয়াছে।' অতএব, চেতন অচেতন ব্যবস্থা অভিব্যক্তি ও অনভিব্যক্তি ঘটিত। (অভিব্যক্তচৈতন্যকে চেতন বলা হয় এবং অব্যক্তচৈতন্যকে অচেতন বলা হয়। কাষ্ঠাদি পদার্থ চেতন হইলেও

ঽপি গুণপ্রধানভাবো ন বিরোৎস্যতে। যথা চ পার্থিবত্বাবিশেষেঽপি মাংসসূপৌদনাদীনাং প্রত্যাত্মবর্ত্তিনো বিশেষাৎ পরস্পরোপকারিত্বং ভবতি, এবমিহাপি ভবিষ্যতি। প্রবিভাগপ্রসিদ্ধিরপ্যত এব ন বিরোৎস্যত ইতি তেনাপি কথঞ্চিচ্চেতনত্বাচেতনত্বলক্ষণং বিলক্ষণত্বং পরিহ্রিয়েত। শুদ্ধ্যশুদ্ধিত্বলক্ষণন্তু বিলক্ষণত্বং নৈব পরিহ্রিয়তে। ন চৈতদপি বিলক্ষণত্বং পরিহর্ত্তুং শক্যত ইত্যাহ—তথাত্বঞ্চ শব্দাদিতি। অনবগম্যমানমেব হীদং লোকে সমস্তস্য বস্তুনশ্চেতনত্বং চেতনপ্রকৃতিকত্বশ্রবণাচ্ছব্দশরণৈঃ। কেবলয়োৎপ্রেক্ষতে, তচ্চ শব্দেনৈব বিরুধ্যতে, যতঃ শব্দাদপি তথাত্বমবগম্যতে। তথাত্বমিতি প্রকৃতিবিলক্ষণত্বং কথয়তি শব্দ এব, বিজ্ঞানঞ্চাবিজ্ঞানঞ্চেতি কস্যচিদ্বিভাগস্যাচেতনতাং

কথঞ্চি"দিতি। পরমসমাধানন্তু সূত্রাবয়বেন বক্তুং তমেবাবতারয়তি—"ন চৈতদপি বিলক্ষণত্ব"মিতি। সূত্রাবয়বাভিসন্ধিমাহ—"অনবগম্যমানমেব হীদ"মিতি। শব্দাথাৎ খলু চেতনপ্রকৃতিত্বাচ্চৈতন্যং পৃথিব্যাদীনামনবগম্যমানমনু[illegible]মিতং মানান্তরেণ সাক্ষাচ্ছ্রূয়মাণমপ্যচৈতন্যমন্যথয়েৎ।

তাহা অব্যক্ত, সুতরাং তাহা লোকব্যবহারে অচেতন) সমস্ত বিকার চেতন হইলেও ব্যক্তাব্যক্ততারূপ প্রভেদ থাকায় উপকার্য্য উপকারক ভাবের বাধা হয় না, হইবার সম্ভাবনাও নাই। যেমন মাংস, সূপ ও অন্ন প্রভৃতি দ্রব্য মৃৎপ্রকৃতিক হইলেও প্রত্যেকনিষ্ঠ বিশেষ বা ভেদক ধর্ম্ম থাকাতে পরস্পর পরস্পরের উপকার্য্য ও উপকারক হইতে দেখা যায়, প্রদর্শিত স্থলেও সেইরূপে উপকার্য্য-উপকারক-ভাব গৃহীত হইবেক। [প্রবিভাগ... বয়তি] চেতনাচেতন বিভাগও ঐ প্রণালীতে অবিরুদ্ধ সুতরাং ঐরূপ ব্যবস্থায় চেতনাচেতনঘটিত বৈলক্ষণ্যের পরিহার হইতে পারে। কিন্তু জগৎ অশুদ্ধ, ব্রহ্ম শুদ্ধ, এ বৈলক্ষণ্য ঐ ব্যবস্থায় নিবারিত হয় না; কাযেই তন্নিবারণার্থ 'তথাত্বঞ্চ শব্দাৎ' অংশ বলা হইয়াছে। তাহার অর্থ এই যে, সমস্ত বস্তুই চেতন, এ তত্ত্ব শ্রুতিবাধিত। শ্রুতি কোন

শ্রাবয়ন্ চেতনাদ্ব্রহ্মণো বিলক্ষণমচেতনং জগচ্ছ্রাবয়তি। ননু চেতনত্বমপি ক্বচিদচেতনত্বাভিমতানাং ভূতেন্দ্রিয়াণাং শ্রূয়তে, যথা, মৃদব্রবীদাপোঽব্রুবন্নিতি, তত্তেজ ঐক্ষত, তা আপ ঐক্ষন্ত ইতি চৈবমাদ্যা ভূতবিষয়া চেতনত্বশ্রুতিঃ, ইন্দ্রিয়বিষয়াপি, তে হেমে প্রাণা অহংশ্রেয়সে বিবদমানা ব্রহ্ম জগ্মুঃ ইতি, তে হ বাচমূচুস্ত্বন্ন উদ্গায় ইতি চৈবমাদ্যেতি, অত উত্তরং পঠতি ॥ ৪ ॥

অভিমানিব্যপদেশস্তু বিশেষানুগতিভ্যাম্ ॥৫॥ *

মানান্তরাভাবে স্বার্থোঽর্থঃ শ্রুত্যর্থেনাপবাধনীয়ো, ন তু তদ্বলেন শ্রুত্যর্থো-ঽন্যথয়িতব্য ইত্যর্থঃ। সূত্রান্তরমবতারয়িতুং চোদয়তি—"ননু চেতনত্ব-মপি ক্বচি"দিতি। ন পৃথিব্যাদীনাং চৈতন্যমার্থমেব, কিন্তু ভূয়সীনাং শ্রুতীনাং সাক্ষাদেবার্থ ইত্যর্থঃ। সূত্রমবতারয়তি। "অত উত্তরং পঠতি"।

কোন বিভাগের অচেতনতা উপদেশ করিয়া জগৎকে ব্রহ্মবিলক্ষণ ও অচেতন বলিয়াছেন। [ননু···পঠতি] যদি বল, শ্রুতি কোন কোন স্থলে অচেতন অর্থাৎ জড় বলিয়া বিখ্যাত এরূপ ভূতনিচয়কে ও ইন্দ্রিয়-সমূহকে চেতন বলিয়াছেন, যথা—সেই "মৃত্তিকা বলিয়াছিল।" "জল বলিয়াছিল" "তেজ আলোচনা করিল" সেই সকল "জল আলোচনা করিল" ইত্যাদি। এই সকল শ্রুতি ভূতসমূহকে চেতন বলিয়াছেন, এইরূপ, ইন্দ্রিয়চৈতন্যবাদিনী শ্রুতিও আছে। যথা—"সেই সকল প্রাণ (ইন্দ্রিয়) আপন আপন শ্রেষ্ঠতারক্ষার্থ বিবাদ করিল, পরে ব্রহ্মার নিকট গমন করিল।" "তাহারা বাক্যকে বলিল, তুমি আমাদের নিমিত্ত সামগান কর।" ইত্যাদি। (ইহাতে সালক্ষণ্যই সিদ্ধ হয়, বৈলক্ষণ্য হয় না,) সূত্রকার সাংখ্যবাদীর পক্ষ হইয়া এতদ্বিধের সমাধানার্থ বলিতেছেন।—

* তু শব্দঃ শঙ্কানিরাসার্থঃ। মৃদব্রবীৎ ইত্যাদৌ তদভিমানিনী দেবতা এব ব্যপদিশ্যতে ন ভূতমাত্রমিন্দ্রিয়মাত্রং বা। যতঃ শ্রুতয় এব তত্র তত্র দেবতাদিশব্দেন তান্ বিশিংষন্তি। অনুগতাশ্চ তাঃ সর্ব্বত্র মন্ত্রার্থবাদেতিহাসপুরাণাদৌ।—মৃত্তিকা বলিল, জল বলিল, এই সকল

তু-শব্দ আশঙ্কামপনুদতি। ন খলু মৃদব্রবীদিত্যেবঞ্জাতীয়কয়া শ্রুত্যা ভূতেন্দ্রিয়াণাং চেতনত্বমাশঙ্কনীয়ং যতোঽভিমানিব্যপদেশ এষঃ। মৃদাদ্যভিমানিন্যো বাগাদ্যভিমানিন্যশ্চ চেতনা দেবতা বদনসম্বদনাদিষু চেতনোচিতেষু ব্যবহারেষু ব্যপদিশ্যন্তে ন ভূতেন্দ্রিয়মাত্রম্। কস্মাৎ। বিশেষানুগতিভ্যাম্। বিশেষো হি ভোক্তৄণাং ভূতেন্দ্রিয়াণাঞ্চ চেতনাচেতনপ্রবিভাগলক্ষণঃ প্রাগভিহিতঃ। সর্ব্বচেতন-

---

বিভজতে "তু-শব্দ" ইতি। নৈতাঃ শ্রুতয়ঃ সাক্ষান্মৃদাদীনাং বাগাদীনাঞ্চ চৈতন্যমাহুরপি তু তদধিষ্ঠাত্রীণাং দেবতানাং চিদাত্মনাম্। তেনৈতচ্ছ্রুতিবলেন ন মৃদাদীনাং বাগাদীনাঞ্চ চৈতন্যমাশঙ্কনীয়মিতি। কস্মাৎ পুনরেতদেবমিত্যত আহ—"বিশেষানুগতিভ্যাম্"। তত্র বিশেষং ব্যাচষ্টে "বিশেষো হী"তি। ভোক্তৄণামুপকার্য্যত্বাৎ ভূতেন্দ্রিয়াণাঞ্চোপকারকত্বাৎ সাম্যে চ তদনুপপত্তেঃ সর্ব্বজনপ্রসিদ্ধেশ্চ 'বিজ্ঞানঞ্চাভব'দিতি শ্রুতেশ্চ বিশেষশ্চেতনাচেতনলক্ষণঃ প্রাগুক্তঃ স নোপপদ্যতে। দেবতাশব্দকৃতো

সূত্রস্থ 'তু' শব্দ পূর্ব্বোক্ত আশঙ্কার নিবর্ত্তক। অর্থাৎ 'মৃত্তিকা বলিয়াছিল।' ইত্যাদিবিধ শ্রুতি দেখিয়া ভূতের ও ইন্দ্রিয়ের চেতনত্ব শঙ্কা করিও না। কারণ, ঐ ব্যপদেশ (উল্লেখ) দেবতাপর। মৃত্তিকাদির ও বাক্যাদির অধিষ্ঠাত্রী দেবতা চেতন; সেই জন্য তাঁহারাই সেই সেই শ্রুতিতে 'বলিয়াছিল' 'বিবাদ করিল' ইত্যাদিবিধ চেতনযোগ্য ব্যবহার বিষয়ে কথিত হইয়াছেন। কেবল ভূত ও কেবল ইন্দ্রিয় ঐ সকল ব্যবহার করে নাই, তত্তদভিমানিনী দেবতারাই ঐ সকল করিয়াছিলেন। এ সিদ্ধান্ত বিশেষ ও অনুগতি এতদুভয়ের দ্বারা প্রতিপন্ন হয়। [বিশেষোহি... ইতি চ] ভোক্তা (জীব) চেতন-বিভাগ-ভুক্ত, ভূত ও ইন্দ্রিয় অচেতন-বিভাগ-ভুক্ত, এ বিশেষ পূর্ব্বে প্রদর্শিত হইয়াছে এবং এ বিশেষ (নির্দ্দিষ্ট ব্যবস্থা) সর্ব্বচেতনতাপক্ষে অনুপপন্ন হয়। অপিচ, কৌষীতকি-ব্রাহ্মণোক্ত

দেখিয়া ভূতাদির চেতনত্ব নিশ্চয় করিতে পার না। কারণ, ঐ সকল বাক্যে অধিষ্ঠাত্রী দেবতার কথন হইয়াছে। কৌষিতকি-ব্রাহ্মণ (বেদভাগ বিশেষ) দেবতা শব্দের দ্বারা ঐ সকল ভূতকে বিশেষিত করিয়াছেন এবং ঐ সকল দেবতা পুরাণাদিতে প্রসিদ্ধ।

তায়াং চাসৌ নোপপদ্যতে। অপি চ কৌষীতকিনঃ প্রাণ-সম্বাদে করণমাত্রাশঙ্কাবিনিবৃত্তয়েঽধিষ্ঠাতৃচেতনপরিগ্রহায় দেবতাশব্দেন বিশিংষন্তি—এতা হ বৈ দেবতা অহং-শ্রেয়সে বিবদমানা ইতি (কৌ০ ২। ১৪), তা বা এতাঃ সর্ব্বা দেবতাঃ প্রাণে নিঃশ্রেয়সং বিদিত্বা ইতি চ। অনু-গতাশ্চ সর্ব্বত্রাভিমানিন্যশ্চেতনা দেবতা মন্ত্রার্থবাদেতিহাস-পুরাণাদিভ্যোঽবগম্যন্তে। অগ্নির্ব্বাগ্‌ভূত্বা মুখং প্রাবিশৎ, ইত্যেবমাদিকা চ শ্রুতিঃ করণেষ্বনুগ্রাহিকাং দেবতা-মনুগতাং দর্শয়তি। প্রাণসম্বাদবাক্যশেষে চ, তে হ প্রাণাঃ

বাঙ্‌ত্র বিশেষো বিশেষশব্দেনোচ্যত ইত্যাহ। "অপি চ কৌষীতকিনঃ প্রাণসম্বাদ" ইতি। অনুগতিং ব্যাচষ্টে—"অনুগতাশ্চ" ইতি। সর্ব্বত্র ভূতে-ন্দ্রিয়াদিষনুগতা দেবতা অভিমানিনীরূপাদিশন্তি মন্ত্রাদয়ঃ। অপি চ ভূয়স্যঃ শ্রুতয়ঃ—অগ্নির্ব্বাগ্‌ ভূত্বা মুখং প্রাবিশৎ, বায়ুঃ প্রাণো ভূত্বা নাসিকে প্রাবিশৎ, আদিত্যশ্চক্ষুর্ভূত্বাঽক্ষিণী প্রাবিশৎ' ইত্যাদয় ইন্দ্রিয়বিশেষগতা দেবতা দর্শয়ন্তি। দেবতাশ্চ ক্ষেত্রজ্ঞভেদাশ্চেতনাঃ। তস্মান্নেন্দ্রিয়াদীনাং চৈতন্যং রূপত ইতি। অপি চ প্রাণসম্বাদবাক্যশেষে প্রাণানামস্মদাদিশরীরাণা-মিব ক্ষেত্রজ্ঞাধিষ্ঠিতানাং ব্যবহারং দর্শয়ন্ প্রাণানাং ক্ষেত্রজ্ঞাধিষ্ঠানেন চৈতন্যং দ্রঢ়য়তীত্যাহ—"প্রাণসম্বাদবাক্যশেষে চ" ইতি। "তদ্ধেজ্ঞ ঐক্ষ-

---

দেবতা বিশেষণও সর্ব্বচেতনতাপক্ষের নিবারক। বিবদমান প্রাণসমূহ যে কেবল ইন্দ্রিয় নহে; সে বিবাদ যে চেতন-ঘটিত, তাহা দেখাইবার জন্য কৌষীতকি-ব্রাহ্মণ দেবতা-বিশেষণ দিয়াছেন। (দেবতাবিশেষণে বিশে-ষিত করাতেই বুঝা গিয়াছে, ইন্দ্রিয়গণের অধিষ্ঠাত্রী চেতন-দেবতারাই ঐরূপ বিবাদ করিয়াছিল)। বিবাদ যথা—"আপন আপন শ্রেষ্ঠতা সমর্থনের জন্য বিবদমান এই সকল দেবতা—" "পূর্ব্বোক্ত দেবতা সকল প্রাণের শ্রেষ্ঠতা জানিয়া" ইত্যাদি। [অনুগতাশ্চ···দ্রঢ়য়তি] মন্ত্র, অর্থবাদ, পুরাণ, ইতিহাস, সর্ব্বত্রই অভিমানিনী চেতন-দেবতার অনুগতি দেখা যায়। অর্থাৎ সর্ব্বত্রই চেতন-ব্যবহার দৃষ্ট হয়। সে সকল কথা জড়ের কথা নহে, সমস্তই চেতনের কথা। যথা—"অগ্নিই বাগিন্দ্রিয় হইয়া মুখে প্রবিষ্ট

প্রজাপতিং পিতরমেত্যোচুঃ, ইতি শ্রেষ্ঠত্বনির্দ্ধারণায় প্রজাপতিগমনং তদ্বচনাচ্চৈকৈকোৎক্রমণেনান্বয়ব্যতিরেকাভ্যাং প্রাণশ্রৈষ্ঠ্যপ্রতিপত্তিঃ, তস্মৈ বলিহরণ ইতি চৈবঞ্জাতীয়কোঽস্মদাদিষ্বিব ব্যবহারোঽনুগম্যমানোঽভিমানিব্যপদেশং দ্রঢ়য়তি। তত্তেজ ঐক্ষত ইত্যপি পরস্যা এব দেবতায়া অধিষ্ঠাত্র্যাঃ স্ববিকারেষ্বনুগতায়া ইয়মীক্ষা ব্যপদিশ্যত ইতি দ্রষ্টব্যম্। তস্মাদ্বিলক্ষণমেবেদং ব্রহ্মণো জগৎ, বিলক্ষণত্বাচ্চ ন ব্রহ্মপ্রকৃতিকমিত্যাক্ষিপ্তে প্রতিবিধত্তে ॥ ৫ ॥

দৃশ্যতে তু ॥ ৬ ॥ *

তেত্যপী"তি। যদ্যপি প্রথমে হধ্যায়ে ভাক্তত্বেন বর্ণিতং তথাপি মুখ্যতয়াপি কথঞ্চিন্নেতুং শক্যমিতি দ্রষ্টব্যম্। পূর্ব্বপক্ষমুপসংহরতি—"তস্মা"দিতি। সিদ্ধান্তসূত্রম্।

আছেন।" ইত্যাদি। প্রদর্শিত শ্রুতিসমূহ ঐরূপ ঐরূপ বাক্যে ইহাই দেখাইয়াছেন যে, প্রত্যেক ইন্দ্রিয়ের এক একটী অনুগত (অনুগ্রাহিকা) দেবতা আছে। প্রাণসম্বাদের শেষেও দেখা যায়, প্রাণ সকলের মধ্যে কে শ্রেষ্ঠ তাহা জানিবার জন্য সমুদায় প্রাণ প্রজাপতির নিকট গমন করিয়াছিল, প্রজাপতির উপদেশে একে একে উৎক্রান্ত হইয়াছিল, পরে মুখ্য-প্রাণের শ্রেষ্ঠতা জানিয়া অন্যান্য প্রাণ তাহার (জীবন নির্ব্বাহক প্রাণের) পূজা করিয়াছিল। যেমন আমাদের ব্যবহার, ঠিক্ সেইরূপ ব্যবহার বর্ণিত হওয়ায় স্থির হইতেছে, ঐ ব্যপদেশ (উল্লেখ) অভিমানিনী দেবতার, কেবল ইন্দ্রিয়ের নহে। [তত্তেজ...বিধত্তে] "সেই তেজ ঈক্ষণ অর্থাৎ আলোচনা করিল" ইত্যাদি স্থলেও তেজঃপ্রভৃতিতে পরমাত্মার অধিষ্ঠান এবং সে ঈক্ষণ পরমাত্মারই ঈক্ষণ, এইরূপ বুঝিতে হইবেক। প্রদর্শিত যুক্তিতে পাওয়া যায়, জানা যায়, জগতে ব্রহ্মলক্ষণ নাই এবং তাহা না থাকাতেই ইহা ব্রহ্মপ্রভব নহে। বাদীর এবম্বিধ আক্ষেপের (পূর্ব্বপক্ষের) সমাধান এইরূপ—

* তুশব্দেন চোদ্যং ব্যাবর্ত্ত্যতে। বিলক্ষণত্বাদেদং জগৎ ব্রহ্মপ্রকৃতিকমিতি চোদ্যং

তুশব্দঃ পূর্ব্বপক্ষং ব্যাবর্ত্তয়তি। যদুক্তং বিলক্ষণত্বান্নেদং জগৎ ব্রহ্মপ্রকৃতিকমিতি নায়মেকান্তঃ। দৃশ্যতে হি লোকে চেতনত্বেন প্রসিদ্ধেভ্যঃ পুরুষাদিভ্যো বিলক্ষণানাং কেশ-নখাদীনামুৎপত্তিরচেতনত্বেন প্রসিদ্ধেভ্যো গোময়াদিভ্যো বৃশ্চিকাদীনাম্। নন্বচেতনান্যেব পুরুষাদিশরীরাণ্যচেত-নানাং কেশনখাদীনাং কারণানি, অচেতনান্যেব বৃশ্চিকাদি-শরীরাণ্যচেতনানাং গোময়াদীনাং কার্য্যাণীত্যুচ্যতে, এব-মপি কিঞ্চিদচেতনং চেতনস্যায়তনভাবমুপগচ্ছতি কিঞ্চি-ন্নেত্যস্ত্যেব বৈলক্ষণ্যম্। মহাংশ্চায়ং পারিণামিকঃ স্বভাব-বিপ্রকর্ষঃ পুরুষাদীনাং কেশনখাদীনাঞ্চ রূপাদিভেদাৎ,

---

সূত্রকর্ত্তা উক্ত পূর্ব্বপক্ষের খণ্ডনার্থ তু-শব্দের প্রয়োগ করিয়াছেন। জগৎ ব্রহ্মপ্রভব নহে, এ কথা বৈলক্ষণ্য দেখিয়া বলিতে পার না। যে যাহা হইতে জন্মে অবশ্যই সে তাহার সলক্ষণ হইবে, এমন কোন নিয়ম নাই। আমরা উহার ব্যভিচার (ব্যতিক্রম) দেখাইতে পারি। [দৃশ্যতে··· দীনাম্] মনুষ্য চেতন বলিয়া প্রসিদ্ধ, কিন্তু তৎপ্রভব কেশ নখাদি অচেতন। গোময় সর্ব্ববিদিত অচেতন কিন্তু তৎপ্রভব বৃশ্চিকাদি চেতন। [নন্বচেতনান্যেব···প্রলীয়েত] অচেতন দেহই অচেতন কেশ নখাদির ও অচেতন গোময়ই অচেতন বৃশ্চিকাদিশরীরের উৎপত্তির কারণ, এরূপ বলিলেও স্বীকার করিতে হইতেছে, কিঞ্চিৎ অচেতন চেতনের আশ্রয় হয় এবং কিঞ্চিৎ অচেতন তাহা হয় না। সুতরাং প্রদর্শিত স্থলেও বৈলক্ষণ্য থাকে; বৈলক্ষণ্যের নিবারণ হয় না। যদি প্রকৃতির সহিত বিকৃতির সম্পূর্ণ সাদৃশ্য থাকিত তাহা হইলে নিশ্চিত প্রকৃতিবিকৃতিভাবের উচ্ছেদ হইত। মনুষ্যোৎপন্ন কেশাদির ও গোময়োৎপন্ন বৃশ্চিকাদির পারিণামিক

ন কারণম্। যতো দৃশ্যতে চেতনাৎ পুরুষাৎ কেশনখাদীনাং অচেতনাদপি গোময়াৎ বৃশ্চি-কাদীনামুৎপত্তিরিতি শেষঃ। বিলক্ষণত্বাদিত্যস্য হেতোরনৈকান্তিকতেতি যাবৎ।—ব্রহ্ম চেতন, জগৎ অচেতন, এই বৈলক্ষণ্য অনুসারে জগৎ ব্রহ্মপ্রভব নহে, এ আপত্তি হইতেই পারে না। কেন-না চেতন চেতনেরই উৎপাদক, অচেতন অচেতনেরই জনক, ইহা ঐকান্তিক অর্থাৎ নিয়মিত নহে। (ভাষ্য দেখুন)।

পরং ব্রহ্ম। তস্মাৎ কারণাৎ পরমার্থতোঽনন্যত্বং ব্যতিরেকে-
ণাভাবঃ কার্য্যস্যাবগম্যতে। কুতঃ। আরম্ভণশব্দাদিভ্যঃ। আর-
ম্ভণশব্দস্তাবদেকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং প্রতিজ্ঞায় দৃষ্টান্তা
পেক্ষায়ামুচ্যতে—যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন বিজ্ঞাতেন
সর্ব্বং মৃণ্ময়ং বিজ্ঞাতং স্যাদ্বাচারম্ভণং বিকারো নামধেয়ং
মৃত্তিকেত্যেবসত্যমিতি। এতদুক্তং ভবতি—একেন মৃৎ-

গম্য চেম”মিতি। স্যাদেতৎ। যদি কারণাৎ পরমার্থভূতাদনন্যত্বমস্যা-
কাশাদেঃ প্রপঞ্চস্য কার্য্যস্য কুতস্তর্হি ন বৈশেষিকাত্যুক্তদোষপ্রপঞ্চা-
বতার ইত্যত আহ—“ব্যতিরেকেণাভাবঃ কার্য্যস্যাবগম্যত” ইতি। ন
খল্বনন্যত্বমিত্যভেদং ব্রূমঃ, কিন্তু ভেদং ব্যাসেধামঃ। ততশ্চ নাভেদা-
শ্রয়দোষপ্রসঙ্গঃ কিন্তু ভেদং ব্যাসেধদ্ভির্বৈশেষিকাদিভিরস্মাসু সাহায়কমেবা-
চরিতং ভবতি। ভেদনিষেধহেতুং ব্যাচষ্টে “আরম্ভণশব্দস্তাব”দিতি।
এবং হি ব্রহ্মবিজ্ঞানেন সর্ব্বং জগত্তত্ত্বতো জ্ঞায়েত যদি ব্রহ্মৈব তত্ত্বং
জগতো ভবেৎ। যথা রজ্জ্বাং জ্ঞাতায়াং ভুজঙ্গতত্ত্বং জ্ঞাতং ভবতি।
সা হি তস্য তত্ত্বম্। তত্ত্বজ্ঞানঞ্চ জ্ঞানমতোঽন্যন্মিথ্যা[illegible]জ্ঞানমেব।
অত্রৈব বৈদিকো দৃষ্টান্তঃ “যথা সৌম্যৈকেন মৃৎপিণ্ডেন” ইতি। স্যাদে-
তৎ। মৃদি জ্ঞাতায়াং কথং মৃন্ময়ং ঘটাদি জ্ঞাতং ভবতি। ন হি

প্রত্যুত্তর দেওয়া হইল কিন্তু পরমার্থদর্শনে ঐ বিভাগ নাই। কেন-না,
শাস্ত্রতঃ ও যুক্তিতঃ কার্য্যকারণের ভেদ না থাকাই প্রতীত হয়। আকাশাদি
বহু পদার্থান্বিত জগৎ কার্য্য ও পরব্রহ্ম কারণ। জগৎকার্য্য যে ব্রহ্ম-কারণ
হইতে অত্যন্ত ভিন্ন নহে, তাহা উপনিষদোক্ত আরম্ভণ বাক্যে ও একাত্ম-
প্রতিপাদক বাক্যে জানা গিয়াছে। [আরম্ভণ…ইতি] আরম্ভণবাক্য
কি তাহা বলিতেছি। ছান্দোগ্য শ্রুতি একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান সিদ্ধ হওয়ার
কথা বলিয়া দৃষ্টান্তপ্রদর্শনার্থ বলিয়াছেন—“হে সৌম্য!—শ্বেতকেতো!
যেমন মৃত্তিকা জানিলে সমস্ত মৃণ্ময় জানা হয়। মৃত্তিকাই সত্য বাক্যসৃষ্ট

পিণ্ডেন পরমার্থতো মৃদাত্মনা বিজ্ঞাতেন সর্ব্বং মৃণ্ময়ং ঘটশরাবোদঞ্চনাদিকং মৃদাত্মত্বাবিশেষাদ্বিজ্ঞাতং ভবেৎ। যতো বাচারম্ভণং বিকারো নামধেয়ং বাচৈব কেবলমস্তীত্যারভ্যতে বিকারো ঘটঃ শরাব উদঞ্চনঞ্চেতি ন তু বস্তুবৃত্তেন বিকারো নাম কশ্চিদস্তি নামধেয়মাত্রং হ্যেতদনৃতং মৃত্তিকেত্যেব সত্যমিতি। এষ ব্রহ্মণো দৃষ্টান্ত আম্নাতঃ। তত্র শ্রুতাদ্বাচারম্ভণশব্দাৎ দার্ষ্টান্তিকেঽপি ব্রহ্মব্যতিরেকেণ কার্য্যজাতস্যাভাব ইতি গম্যতে। পুনশ্চ তেজোঽবন্নানাং ব্রহ্মকার্য্যতামুক্ত্বা তেজোঽবন্নকার্য্যাণাং তেজোঽবন্নব্যতিরেকেণাভাবং ব্রবীতি—অপাগাদগ্নেরগ্নিত্বং বাচা-

---

তন্মৃদাত্মকমিত্যুপপাদিতমধস্তাৎ। তস্মাত্তত্ত্বতোঽভিন্নম্। ন চান্যস্মিন্ বিজ্ঞাতেঽন্যদ্বিজ্ঞাতং ভবতীত্যত আহ শ্রুতিঃ "বাচারম্ভণং বিকারো নামধেয়ম্" বাচয়া কেবলমারভ্যতে বিকারজাতং ন তু তত্ত্বতোঽস্তি। যতো নামধেয়মাত্রমেতৎ। যথা পুরুষস্য চৈতন্যমিতি রাহোঃ শির ইতি চ বিকল্পমাত্রম্। যথাহুর্ব্বিকল্পবিদঃ 'শব্দজ্ঞানানুপাতী বস্তুশূন্যো বিকল্প' ইতি। তথা চাবস্তুতয়া ঽনৃতং বিকারজাতং মৃত্তিকেত্যেব সত্যম্।

বিকার সকল নাম ব্যতীত অন্য কিছু নহে।" এই বাক্যে বলা হইয়াছে, মৃত্তিকাই ঘটশরাবাদির পারমার্থিক রূপ। 'ঘট' 'শরাব' এ সকল কেবল নাম অর্থাৎ কথামাত্র। সুতরাং মৃত্তিকা জানিলে ঘটশরাবাদি সমস্ত মৃণ্ময় জানা হয়। ঘট, শরাব, উদঞ্চন (জালা), এ সকল মৃত্তিকা ছাড়া নহে, মৃত্তিকাই উহাদের রূপ। সুতরাং মৃত্তিকাই সত্য; তদ্বিকার সকল মিথ্যা বা নামমাত্র। (মৃত্তিকাই ঘটাদির পারমার্থিক রূপ। মৃত্তিকার অন্যসংস্থান কাল্পনিক)। [এষ...দিনা] ব্রহ্মেও এই দৃষ্টান্ত দর্শিত হইয়াছে। এই শ্রৌত 'আরম্ভণ' বাক্যে জানা যাইতেছে, মৃত্তিকার ও মৃত্তিকাকার্য্যের দৃষ্টান্তে কারণব্রহ্ম ব্যতিরিক্ত কার্য্যভূত জগৎ নাই। অন্য শ্রুতিও তেজ, জল ও পৃথিবীকে ব্রহ্মোৎপন্ন বলিয়া অবশেষে সে সকল ব্যতিরিক্ত সে সকলের কার্য্যের (তৈজস প্রভৃতি পদার্থের) অভাব বলিয়াছেন। যথা—"অগ্নির

রম্ভণং বিকারো নামধেয়ং ত্রীণি রূপাণীত্যেব সত্যং, ইত্যাদিনা। আরম্ভণশব্দাদিভ্য ইত্যাদিশব্দাৎ, ঐতদাত্ম্যমিদং সর্ব্বং, তৎসত্যং স আত্মা তত্ত্বমসি, ইদং সর্ব্বং যদয়মাত্মা, ব্রহ্মৈবেদং সর্ব্বং, আত্মৈবেদং সর্ব্বং, নেহ নানাস্তি কিঞ্চন, ইত্যেবমাদ্যপ্যাত্মৈকত্বপ্রতিপাদনপরং বচনজাতমুদাহর্ত্তব্যম্। ন চান্যথা একবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং সম্পদ্যতে। তস্মাদ্যথা ঘটকরকাদ্যাকাশানাং মহাকাশাদনন্যত্বং, যথা চ মৃগতৃষ্ণিকোদকাদীনামূষরাদিভ্যোনন্যত্বং দৃষ্টনষ্টস্বরূপত্বাৎ

তস্মাদ্ঘটশরাবোদঞ্চনাদীনাং তত্ত্বং মৃদেব। তেন মৃদি জ্ঞাতায়াং তেষাং সর্ব্বেষামেব তত্ত্বং জ্ঞাতং ভবতি। তদিদমুক্তং "ন চান্যথৈকবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানং সম্পাদ্যত" ইতি। নিদর্শনান্তরদ্বয়ং দর্শয়ন্নুপসংহরতি "তস্মাদ্যথা ঘটকরকাদ্যাকাশানা"মিতি। যে হি দৃষ্টনষ্টস্বরূপা ন তে বস্তুসন্তো যথা মৃগতৃষ্ণিকোদকাদয়ঃ। তথা চ সর্ব্বং বিকারজাতং তস্মাদবস্তুসৎ। তথাহি—যদস্তি তদস্ত্যেব, যথা চিদাত্মা। ন হ্যসৌ কদাচিৎ ক্বচিৎ কথঞ্চিন্নাস্তি কিন্তু সর্ব্বদা সর্ব্বত্র সর্ব্বথাস্ত্যেব, ন নাস্তি। ন চৈবং বিকারজাতং তস্য কদাচিৎ কথঞ্চিৎ কুত্রচিদবস্থানাৎ। তথাহি সৎস্বভাবং চেদ্বিকারজাতং, কথং কদাচিদসৎ অসৎস্বভাবঞ্চেৎ কথং কদাচিৎ সৎ। সদসতোরেকত্ববিরোধাৎ। ন হি রূপং কদাচিৎ ক্বচিৎ কথঞ্চিদ্বা গন্ধো ভবতি। অথ তস্য সদসত্ত্বে ধর্ম্মৌ, তে চ স্বকারণাধীনজন্মনী কদাচিদেব ভবতঃ, তস্তাহি বিকারজাতং দণ্ডায়মানং সদাতনমিতি ন বিকারঃ

অস্তিত্ব চলিয়া যায়। বিকার সকল কেবল নাম, নাম সকল বাক্যসৃষ্ট। রূপত্রয় বা তন্মাত্ররূপতাই তাহাদের সত্য।" [আরম্ভণ···দ্রষ্টব্যম্] সূত্রে 'আদি' শব্দ থাকায় "এ সকল ব্রহ্মাত্মক" "তিনিই সত্য,—তিনিই আত্মা" "তিনিই তুমি" "আত্মাই এ সমুদয়" "এ সমুদয় ব্রহ্ম" "আত্মাই এ সমস্ত" "এই আত্মায় কোনরূপ নানাত্ব (ভেদ) নাই" এইরূপ এইরূপ আত্মাদ্বৈতবোধক বচনসমূহ উদাহরণার্থ গৃহীত হইবেক। ব্রহ্মই এ সমুদয়, ইহা অস্বীকার করিলে, একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান সিদ্ধ বা সম্পন্ন হইবে না। অতএব, যেমন ঘটাকাশ প্রভৃতি মহাকাশ হইতে ভিন্ন নহে, মৃগতৃষ্ণিকা

স্বরূপেণ ত্বনুপাখ্যত্বাৎ এবমস্য ভোগ্যভোক্তৃত্বাদিপ্রপঞ্চ-জাতস্য ব্রহ্মব্যতিরেকেণাভাব ইতি দ্রষ্টব্যম্। নন্বনেকাত্মকং ব্রহ্ম, যথা বৃক্ষোঽনেকশাখ এবমনেকশক্তিপ্রবৃত্তিযুক্তং ব্রহ্ম, অত একত্বং নানাত্বঞ্চোভয়মপি সত্যমেব, যথা বৃক্ষ ইত্যেকত্বং শাখা ইতি চ নানাত্বং, যথা চ সমুদ্রাত্মনৈকত্বং

কস্যচিৎ। অথাসত্ত্বসময়ে তন্নাস্তি, কস্য তর্হি ধর্ম্মোঽসত্ত্বম্। ন হি ধর্ম্মিণ্যপ্রত্যুৎপন্নে তদ্ধর্ম্মোঽসত্ত্বং [illegible]পদ্যতে। অথাস্য ন ধর্ম্মঃ কিন্ত্বর্থান্তরমসত্ত্বং, কিমায়াতং ভাবস্য। ন হি ঘটে জাতে পটস্য কিঞ্চিদ্ভবতি। অসত্ত্বং ভাববিরোধীতি চেৎ, ন। অকিঞ্চিৎকরস্য তত্ত্বানুপপত্তেঃ কিঞ্চিৎকরত্বে বা তত্রাপ্যসত্ত্বেন তদনুযোগসম্ভবাৎ। অথাস্যাসত্ত্বং নাম কিঞ্চিন্ন জায়তে কিন্তু স এব ন ভবতি। যথাহুঃ—

'ন তস্য কিঞ্চিদ্ভবতি ন ভবত্যেব কেবলম্'। ইতি।

অথৈষ প্রসজ্যপ্রতিষেধো নিরুচ্যতাং। কিং তৎস্বভাবো ভাব উত ভাবস্বভাবঃ স ইতি। তত্র পূর্ব্বস্মিন্ কল্পে ভাবানাং তৎস্বভাবতয়া তুচ্ছতয়া জগৎ শূন্যং প্রসজ্যেত। তথা চ ভাবানুভবাভাবঃ। উত্তরস্মিংস্তু সর্ব্বভাবনিত্যতয়া নাভাবব্যবহারঃ স্যাৎ। কল্পনামাত্রনিমিত্তত্বেঽপি নিষেধস্য ভাবনিত্যতাপত্তিস্তদবস্থৈব। তস্মাদ্ভিন্নমস্তি কারণাদ্বিকারজাতং ন বস্তুসৎ। অতো বিকারজাতমনির্ব্বচনীয়মনৃতম্। তদনেন প্রমাণেন সিদ্ধমনৃতত্বং বিকারজাতস্য কারণস্য নির্ব্বাচ্যতয়া সত্ত্বং মৃত্তিকেত্যেব সত্যমিত্যাদিনা প্রবন্ধেন দৃষ্টান্ততয়াঽনুবদতি শ্রুতিঃ। 'যত্র লৌকিকপরীক্ষকাণাং বুদ্ধিসাম্যং স দৃষ্টান্ত' ইতি চাক্ষপাদসূত্রং প্রমাণসিদ্ধো দৃষ্টান্ত ইত্যেতৎপরং ন পুনর্লোকসিদ্ধত্বমত্র বিবক্ষিতম্। অন্যথা তেষাং পরমাণ্বাদির্ন দৃষ্টান্তঃ স্যাৎ। ন হি পরমাণ্বাদির্নৈসর্গিকবৈনয়িক (বৈশেষিকেতি পাঠান্তরম্) বুদ্ধ্যতিশয়রহিতানাং লৌকিকাণাং সিদ্ধ ইতি। সম্প্রত্যনেকান্তবাদিনমুত্থাপয়তি "নন্বনেকাত্মক"মিতি। অনেকাভিঃ শক্তি-

---

যেমন উষরভূমির অনতিরিক্ত, তেমনি, ভোক্তৃভোগ্যপ্রপঞ্চও ব্রহ্মের অনতিরিক্ত। অর্থাৎ পরমার্থদর্শনে অদ্বয় ব্রহ্মই আছেন, অন্য কিছু নাই। [নন্বনেকাত্মকং…ষ্যন্তীতি] যদি বল, ব্রহ্ম বহুরূপ—বৃক্ষ যেমন বহুশাখান্বিত, ব্রহ্মও তেমনি বহুশক্তিপ্রবৃত্তিযুক্ত, সুতরাং ব্রহ্মের একত্ব নানাত্ব

ফেণতরঙ্গাদ্যাত্মনা নানাত্বং, যথা চ মৃদাত্মনৈকত্বং ঘটশরাবাদ্যাত্মনা নানাত্বং, তত্র একত্বাংশেন জ্ঞানান্মোক্ষব্যবহারঃ সেৎস্যতি, নানাত্বাংশেন তু কর্ম্মকাণ্ডাশ্রয়ৌ লৌকিকবৈদিকব্যবহারৌ সেৎস্যত ইতি, এবঞ্চ মৃদাদিদৃষ্টান্তা অনুরূপা ভবিষ্যন্তীতি। নৈবং স্যাৎ। মৃত্তিকেত্যেব সত্য-

---

ভির্যাঃ প্রবৃত্তয়ো নানাকার্য্যসৃষ্টয়স্তদবুক্তং ব্রহ্মৈকং নানা চেতি। কিমতো যদ্যেবমিত্যত আহ—"তত্রৈকত্বাংশেন" ইতি। যদি পুনরেকত্বমেব বস্তু সদ্ভবেৎ ততো নানাত্বাভাবাদ্বৈদিকঃ কর্ম্মকাণ্ডাশ্রয়ো লৌকিকশ্চ ব্যবহারঃ সমস্ত এবোচ্ছিদ্যেত। ব্রহ্মগোচরাশ্চ শ্রবণমননাদয়ঃ সর্ব্বে দত্তজলাঞ্জলয়ঃ প্রসজ্যেরন্। এবঞ্চানেকাত্মকত্বে ব্রহ্মণো মৃদাদিদৃষ্টান্তা অনুরূপা ভবিষ্যন্তীতি। তমিমমনেকান্তবাদং দূষয়তি "নৈবং স্যাদি"তি। ইদং তাবদত্র বক্তব্যং। মৃদাত্মনৈকত্বং ঘটশরাবাদ্যাত্মনা নানাত্বমিতি বদতঃ কার্য্যকারণয়োঃ পরস্পরং কিমভেদোঽভিমত আহো ভেদ উত ভেদাভেদাবিতি। তত্রাভেদ ঐকান্তিকে মৃদাত্মনেতি চ ঘটশরাবাদ্যাত্মনেতি চোল্লেখদ্বয়ং নিয়মশ্চ নোপপদ্যতে। ভেদে চোল্লেখদ্বয়নিয়মাবুপপন্না বাত্মনেতি ত্বসমঞ্জসম্। ন হ্যন্যস্যান্য আত্মা ভবতি। ন চানেকান্তবাদঃ। ভেদাভেদকল্পে তূল্লেখদ্বয়ং ভবেদপি। নিয়মস্ত্বযুক্তঃ। ন হি ধর্ম্মিণোঃ কার্য্যকারণয়োঃ সঙ্করে তদ্ধর্ম্মাবেকত্বনানাত্বে ন সঙ্কীর্য্যেত ইতি সম্ভবতি। ততশ্চ মৃদাত্মনৈকত্বং যাবদ্ভবতি তাবদ্ঘটশরাবাদ্যাত্মনাপি স্যাৎ এবং ঘটশরাবাদ্যাত্মনা নানাত্বং যাবদ্ভবতি তাবন্মৃদাত্মনা নানাত্বং ভবেৎ। সোঽয়ং নিয়মঃ কার্য্যকারণয়োরৈকান্তিকং ভেদমুপকল্পয়ত্যনির্ব্বচনীয়তাং বা কার্য্যস্য। পরাক্রান্তঞ্চাস্মাভিঃ প্রথমাধ্যায়ে তদাস্তাং তাবৎ। তদেতদযুক্তিনিরাকৃতমনুবদন্তীং শ্রুতিমুদাহরতি।—"মৃত্তিকেত্যেব সত্যমি"তি।

উভয়ই সত্য, বৃক্ষ যেমন বৃক্ষরূপে এক কিন্তু শাখাপল্লবাদিরূপে নানা, সমুদ্রও সমুদ্ররূপে এক, কিন্তু ফেণতরঙ্গাদিরূপে নানা, মৃত্তিকাও মৃত্তিকারূপে এক, আবার ঘটাদিরূপে নানা, এইরূপ, ব্রহ্মও ব্রহ্মভাবে এক কিন্তু জীবাদিভাবে নানা। এতন্মধ্যে একত্বাংশে মোক্ষব্যবহার ও নানাত্বাংশে লৌকিক বৈদিক ব্যবহার সিদ্ধ হইতে পারে। এ ব্যবস্থাতেও মৃত্তিকাদি দৃষ্টান্ত অনুরূপ অর্থাৎ সঙ্গত হয়। [নৈবং···ভাবম্] এ বিষয়ে আমরা

মিতি প্রকৃতিমাত্রস্য দৃষ্টান্তে সত্যত্বাবধারণাৎ। বাচারম্ভণ-শব্দেন চ বিকারজাতস্যানৃতত্বাভিধানাৎ। দার্ষ্টান্তিকেঽপি, ঐতদাত্ম্যমিদং সর্ব্বং তৎসত্যমিতি চ পরমকারণস্যৈবৈকস্য সত্যত্বাবধারণাৎ। স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি চ শারীরস্য ব্রহ্মভাবোপদেশাৎ। স্বয়ংপ্রসিদ্ধং হ্যেতচ্ছারী-রস্য ব্রহ্মাত্মত্বমুপদিশ্যতে ন যত্নান্তরপ্রসাধ্যম্। অতশ্চেদং শাস্ত্রীয়ং ব্রহ্মাত্মত্বমভ্যুপগম্যমানং স্বাভাবিকস্য শারীরাত্ম-ত্বস্য বাধকং সম্পদ্যতে রজ্জ্বাদিবুদ্ধয় ইব সর্পাদিবুদ্ধীনাম্। বাধিতে চ শারীরাত্মত্বে তদাশ্রয়ঃ সমস্তঃ স্বাভাবিকো ব্যব-হারো বাধিতো ভবতি, যৎপ্রসিদ্ধয়ে নানাত্বাংশোঽপরো ব্রহ্মণঃ কল্প্যেত। দর্শয়তি চ, যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূৎ

স্যাদেতৎ। ন ব্রহ্মণো জীবভাবঃ কাল্পনিকঃ কিন্তু ভাবিকঃ, অংশো হি সঃ, তস্য কর্ম্মসহিতেন জ্ঞানেন ব্রহ্মভাব আধীয়ত ইত্যত আহ। "স্বয়ং প্রসিদ্ধং হী"তি। স্বাভাবিকস্যানাদেরিতি যদুক্তং নানাত্বাংশেন তু কর্ম্ম-কাণ্ডাশ্রয়ো লৌকিকশ্চ ব্যবহারঃ সেৎস্যতীতি তত্রাহ।—"বাধিতে চ" ইতি। যাবদবাধং হি সর্ব্বোঽয়ং ব্যবহারঃ স্বপ্নদশায়ামিব তদুপদর্শিত-

---

বলি, তাহা হয় না। অর্থাৎ উক্ত ব্যবস্থাও অসঙ্গত। শ্রুতি দৃষ্টান্তবাক্যে মৃত্তিকাকে সত্য বলিয়া জানাইয়াছেন—প্রকৃতি কারণই সত্য, তদাশ্রিত কার্য্য সকল মিথ্যা। কার্য্যের মিথ্যাত্ব বাচারম্ভণ শব্দে ব্যক্ত আছে। দার্ষ্টান্তিক বাক্যেও (যাহার বোধার্থ দৃষ্টান্ত দেখান হয় তাহা দার্ষ্টান্তিক। এখানে দার্ষ্টান্তিক জগৎকারণ ব্রহ্ম।) অদ্বয় পরম কারণের সত্যতাব-ধারণ ও জীবের ব্রহ্মতা উপদিষ্ট আছে। জীবের ব্রহ্মভাব জন্য নহে, অর্থাৎ উৎপাদ্য নহে। তাহা স্বঃসিদ্ধ। এই শাস্ত্রীয় ব্রহ্মাত্মতা অনাদি জীবভাবের বাধা (লোপ) জন্মায়। সর্পবুদ্ধি রজ্জুবুদ্ধির যেরূপ বাধক, শাস্ত্রীয় ব্রহ্মাত্মজ্ঞানও জীবভাব জ্ঞানের সেইরূপ বাধক। জীবভাব বিনষ্ট হইলেই তদাশ্রিত সমুদয় অনাদি ব্যবহার—যে সকল ব্যবহার স্থাপনার্থ ব্রহ্মের নানাত্ব কল্পনা করিতেছ সেই সকল ব্যবহার—বিলুপ্ত হইবে। কিছুই থাকিবে না। শ্রুতিও "যখন এ সমুদয় আত্মভূত হইবে

তৎ কেন কং পশ্যেৎ ইত্যাদিনা ব্রহ্মাত্মত্বদর্শিনং প্রতি সমস্তস্য ক্রিয়াকারকফললক্ষণস্য ব্যবহারস্যাভাবম্। ন চায়ং ব্যবহারাভাবোঽবস্থাবিশেষনিবদ্ধোঽভিধীয়ত ইতি যুক্তং বক্তুম্। তত্ত্বমসীতি ব্রহ্মাত্মভাবস্যানবস্থাবিশেষনিবন্ধনত্বাৎ। তস্করদৃষ্টান্তেন চানৃতাভিসন্ধস্য বন্ধনং সত্যাভিসন্ধস্য মোক্ষং দর্শয়ন্নেকত্বমেবৈকং পারমার্থিকং দর্শয়তি, মিথ্যাজ্ঞানবিজৃম্ভিতঞ্চ নানাত্বম্। উভয়সত্যতায়াং হি কথং ব্যবহারগোচরোঽপি জন্তুরনৃতাভিসন্ধ ইত্যুচ্যতে। মৃত্যোঃ স মৃত্যু-

---

পদার্থজাতব্যবহারঃ। স চ যথা জাগ্রদবস্থায়াং বাধকান্নিবর্ত্ততে এবং তত্ত্বমস্যাদিবাক্যপরিভাবনাভ্যাসপরিপাকভুবা শারীরস্য ব্রহ্মাত্মভাবসাক্ষাৎকারেণ বাধকেন নিবর্ত্ততে। স্যাদেতৎ। 'যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূত্তৎকেন কং পশ্যে'দিত্যাদিনা মিথ্যাজ্ঞানাধীনো ব্যবহারঃ ক্রিয়াকারকাদিলক্ষণঃ সম্যগ্‌জ্ঞানেনাপনীয়ত ইতি ন ব্রূতে কিন্ত্ববস্থাভেদাশ্রয়ো ব্যবহারোঽবস্থান্তরপ্রাপ্তৌ নিবর্ত্ততে যথা বালকস্য কামচারবাদভক্ষতোপনয়নপ্রাপ্তৌ নিবর্ত্ততে। ন চ তাবতাঽসৌ মিথ্যাজ্ঞাননিবন্ধনো ভবত্যেবমত্রাপীত্যত আহ—"ন চায়ং ব্যবহারাভাব" ইতি। কুতঃ, "তত্ত্বমসীতি ব্রহ্মাত্মভাবস্য" ইতি। ন খল্বেতদ্বাক্যমবস্থাবিশেষবিনিয়তং ব্রহ্মাত্মভাবমাহ জীবস্য অপি তু ন ভুজঙ্গো রজ্জুরিয়মিতিবৎ [illegible]তনং তমভিবদতি। অপি চ সত্যানৃতাভিধানেনাপ্যেতদেব [illegible]মিত্যাহ—"তস্কর

তখন কে কি দিয়া কি দেখিবে?" এইরূপ এইরূপ বাক্যে ব্রহ্মাত্মদর্শী লৌকিক ও বৈদিক নিখিল ব্যবহারের অভাব হওয়ার কথা বলিয়াছেন [ন চায়ং···নানাত্বম্] এমন বলিতে পারিবে না যে, ঐ ব্যবহারাভা অবস্থাবিশেষজনিত। কেন-না, 'তত্ত্বমসি' মহাবাক্যে দেখা যায়, ঐরূ ব্যবহারাভাব পারমার্থিক, অবস্থানিবন্ধন নহে। শ্রুতি তস্করের দৃষ্টা দিয়া সত্যবাদীর মুক্তি ও মিথ্যাবাদীর বন্ধন উপদেশ করায় স্পষ্ট বুঝা যাইতেছে, একত্বই পারমার্থিক ও নানাত্ব মিথ্যাবিজৃম্ভিত [উভয়···দর্শয়তি] একত্ব নানাত্ব উভয় সত্য হইলে শ্রুতি ভেদদর্শীে মিথ্যাভিসন্ধ বলিবেন কেন? শ্রুতি "যে পরমাত্মায় নানাত্বদর্শন করে।

মাপ্নোতি য ইহ নানেব পশ্যতি ইতি চ ভেদদৃষ্টিমপবদন্নে-
তদেব দর্শয়তি। ন চাস্মিন্ দর্শনে জ্ঞানান্মোক্ষ ইত্যুপ-
পদ্যতে। সম্যগ্‌জ্ঞানাপনোদ্যস্য কস্যচিন্মিথ্যাজ্ঞানস্য
সংসারকারণত্বেনানভ্যুপগমাৎ। উভয়স্য সত্যতায়াং হি
কথমেকত্বজ্ঞানেন নানাত্বজ্ঞানমপনুদ্যত ইত্যুচ্যতে। নন্বে-
কত্বৈকান্তাভ্যুপগমে নানাত্বাভাবাৎ প্রত্যক্ষাদীনি লৌকি-
কানি প্রমাণানি ব্যাহন্যেরন্ নির্ব্বিষয়ত্বাৎ স্থাণ্বাদিষ্বিব

দৃষ্টান্তেন চ" ইতি। "ন চাস্মিন্ দর্শন" ইতি। ন হি জাতু কঠমা দণ্ড-
কমণ্ডলুকুণ্ডলশালিনঃ কুণ্ডলিজ্ঞানং দণ্ডবত্তাং কমণ্ডলুমত্তাং বাধতে। তৎ
কস্য হেতোঃ। তেষাং কুণ্ডলাদীনাং তস্মিন্ ভাবিকত্বাৎ। তদ্বদিহাপি
ভাবিকগোচরেণৈকাত্ম্যজ্ঞানেন ন নানাত্বং ভাবিকমপবদনীয়ম্। ন হি
জ্ঞানেন বস্ত্বপনীয়তেঽপি তু মিথ্যাজ্ঞানেনারোপিতামতার্থঃ। চোদয়তি।—
"নন্বেকত্বৈকান্তাভ্যুপগম" ইতি। অনাধিগতানধিগতাসন্দিগ্ধবিজ্ঞানসাধনং
প্রমাণমিতি প্রমাণসামান্যলক্ষণোপপত্ত্যা প্রত্যক্ষাদীনি প্রমাণতামনু-
বতে। একত্বৈকান্তাভ্যুপগমে তু তেষাং সর্ব্বেষাং ভেদবিষয়াণাং স্যাৎ-
তত্বাদপ্রামাণ্যং প্রসজ্যেত। তথা বিধিপ্রতিষেধশাস্ত্রমপি ভাবনা-
ভাব্যভাবককরণেতিকর্ত্তব্যতাভেদাপেক্ষত্বাদ্ব্যাহন্যেত। তথা চ নাস্তিক্য-
মেকদেশাক্ষেপেণ চ সর্ব্ববেদাক্ষেপাদ্বেদান্তানামপ্যপ্রামাণ্যমিত্যভেদৈকান্তা-

---

মৃত্যু প্রাপ্ত হয়" এতদ্বাক্যে ভেদদর্শনের নিন্দা করিয়াছেন, করিয়া একেরই
সত্যতা দেখাইয়াছেন। [ন চাস্মিন্...ইত্যুচ্যতে] ভেদাভেদ মতে জ্ঞানের
মুক্তিকারণতা অনুপপন্ন হয়। হেতু এই যে, সম্যক্‌জ্ঞাননাশ্য কোন এক
মিথ্যাজ্ঞান সংসারের (বন্ধনের) কারণ, ইহা তাঁহাদের অস্বীকার্য্য
হয়। উভয়সত্যবাদী বলিতে পারিবেন না যে, একত্বজ্ঞান নানাত্ব-
জ্ঞানের নাশক। কেন-না, তাহাদের মতে নানাত্বও সত্য। [নন্বেক...
প্রবোধাৎ] বলিতে পার, আত্যন্তিক একত্ব স্বীকার করিতে গেলে নানাত্ব
থাকে না, নানাত্ব মিথ্যা হইয়া যায়, নানাত্ব মিথ্যা হইলে প্রত্যক্ষাদি
প্রমাণও মিথ্যাবিষয়ক বলিয়া মিথ্যা হয়। স্থাণুতে (স্থাণু=মুড়োগাছ)
মনুষ্যজ্ঞান যদ্রূপ, অসত্যে সত্যজ্ঞানও তদ্রূপ (মিথ্যা বা ভ্রম)। অপিচ,

পুরুষাদিজ্ঞানানি, তথা বিধিপ্রতিষেধশাস্ত্রমপি ভেদা- পেক্ষত্বাৎ তদভাবে ব্যাহন্যেত, মোক্ষশাস্ত্রস্যাপি শিষ্য- শাসিত্রাদিভেদাপেক্ষত্বাৎ তদভাবে ব্যাঘাতঃ স্যাৎ। কথং চানৃতেন মোক্ষশাস্ত্রেণ প্রতিপাদিতস্যাত্মৈকত্বস্য সত্যত্ব- মুপপদ্যেত ইতি, অত্রোচ্যতে। নৈষ দোষঃ। সর্ব্বব্যবহারাণা- মেব প্রাগ্‌ব্রহ্মাত্মতাবিজ্ঞানাৎ সত্যত্বোপপত্তেঃ স্বপ্নব্যব- হারস্যেব প্রাক্ প্রবোধাৎ। যাবদ্ধি ন সত্যাত্মৈকত্বপ্রতি- পত্তিস্তাবৎ প্রমাণপ্রমেয়ফললক্ষণেষু ব্যবহারেষ্বনৃতবুদ্ধি-

---

ভ্যুপগমহানিঃ। ন কেবলং বিধিনিষেধাক্ষেপেণাঽস্য মোক্ষশাস্ত্রস্যাক্ষেপঃ স্বরূপেণাস্যাপি ভেদাপেক্ষত্বাদিত্যাহ—"মোক্ষশাস্ত্রস্যাপী"তি। অপি- চাস্মিন্ দর্শনে বর্ণপদবাক্যপ্রকরণাদীনামলীকত্বাৎ তৎপ্রভবমদ্বৈতজ্ঞা- মসমীচীনং ভবেৎ। ন খল্বলীকাদ্ধূমাদ্ধূমকেতনজ্ঞানং সমীচীনমিত্যাহ- "কথঞ্চানৃতেন মোক্ষশাস্ত্রেণ" ইতি। পরিহরতি—"অত্রোচ্যত" ইতি। যদ্যপি প্রত্যক্ষাদীনাং তাত্ত্বিকমবাধিতত্বং নাস্তি, যুক্ত্যাগমাভ্যাং বাধনা- তথাপি ব্যবহারে বাধনাভাবাৎ সাংব্যবহারিকমবাধনম্। ন হি প্রত্য- ক্ষাদিভিরর্থং পরিচ্ছিদ্য প্রবর্ত্তমানো ব্যবহারে বিসম্বাদ্যতে সাংসারি- কশ্চিৎ। তস্মাদবাধনান্ন প্রমাণলক্ষণমতিপতন্তি প্রত্যক্ষাদয় ইতি। "সত্য- ত্বোপপত্তে"রিতি সত্যত্বাভিমানোপপত্তেরিতি। গ্রহণকবাক্যমেতদ্বি- জতে: "যাবদ্ধি ন সত্যাত্মৈকত্বপ্রতিপত্তি"রিতি। [illegible]রানেব তু শ-

---

বিধি-নিষেধ-শাস্ত্র ভেদসাপেক্ষ, ভেদ না থাকিলে তাহারও ব্যাঘাত; মোক্ষশাস্ত্রও ভেদসাপেক্ষ—গুরু শিষ্য প্রভৃতি বিভিন্ন পদার্থ অবলম্বনে প্রবৃত্ত। ভেদ মিথ্যা হইলে সুতরাং মোক্ষশাস্ত্রও মিথ্যা হইবেক। যদি মোক্ষ শাস্ত্রকে মিথ্যা বল, তাহা হইলে তৎপ্রতিপাদিত একাত্মবাদের সত্যতা অবশ্য অনুপপন্ন হইবে। ইহার প্রত্যুত্তর এই যে, একত্বের সত্যতা পক্ষে ঐ সকল দোষ বা আপত্তি হইতেই পারে না। কারণ, ব্রহ্মা- ত্মতাজ্ঞানের পূর্ব্বে সমস্ত ব্যবহারের সত্যতা (ব্যবহারিক সত্যতা) উপপন্ন হইতে পারে। প্রবোধের পূর্ব্বে স্বাপ্ন ব্যবহারের সত্যতা যদ্রূপ, ব্রহ্মাত্ম- বিজ্ঞানের পূর্ব্বেও লৌকিক ও বৈদিক ব্যবহারের সত্যতা তদ্রূপ। (যাবদ্ধি—ইত্যাদি) যতকাল না একাত্মপ্রতিপত্তি (অদ্বয়াত্মতত্ত্ব সাক্ষা-

কস্যচিদুৎপদ্যতে। বিকারানেব ত্বহং মমেত্যবিদ্যয়াত্মাত্মীয়ভাবেন সর্ব্বো জন্তুঃ প্রতিপদ্যতে স্বাভাবিকীং ব্রহ্মাত্মতাং হিত্বা। তস্মাৎ প্রাগ্ব্রহ্মাত্মতাপ্রবোধাদুপপন্নঃ সর্ব্বো লৌকিকো বৈদিকশ্চ ব্যবহারঃ। যথা সুপ্তস্য প্রাকৃতস্য জনস্য স্বপ্ন উচ্চাবচান্ ভাবান্ পশ্যতো নিশ্চিতমেব প্রত্যক্ষাভিমতং বিজ্ঞানং ভবতি প্রাক্ প্রবোধাৎ। ন চ প্রত্যক্ষাভাসাভিপ্রায়স্তৎকালে ভবতি তদ্বৎ। কথং ত্বসত্যেন বেদান্তবাক্যেন সত্যস্য ব্রহ্মাত্মত্বস্য প্রতিপত্তিরুপপদ্যেত,

---

রাদীনহমিত্যাত্মভাবেন পুত্রপশ্বাদীন্মমেত্যাত্মীয়ভাবেনেতি যোজনা। "বৈদিকশ্চ" ইতি। কর্ম্মকাণ্ডমোক্ষশাস্ত্রব্যবহারসমর্থনা। "স্বপ্নব্যবহারস্যেব" ইতি বিভজতে। "যথা সুপ্তস্য প্রাকৃতস্য" ইতি। কথঞ্চানৃতেন মোক্ষশাস্ত্রেণেতি যদুক্তং তদনুভাষ্য দূষয়তি—"কথং ত্বসত্যেন" ইতি। শক্যমত্র বক্তুং শ্রবণাদ্যুপায় আত্মসাক্ষাৎকারপর্য্যন্তো বেদান্তসমুত্থোঽপি জ্ঞাননিচয়োঽসত্যঃ সোঽপি হি বৃত্তিরূপঃ কার্য্যতয়া নিরোধধর্ম্মা যস্তু ব্রহ্মস্বভাবসাক্ষাৎকারোঽসৌ ন কার্য্যস্তৎস্বভাবত্বাৎ তস্মাদচোদ্যমেতৎ 'কথমসত্যাৎ সত্যোৎপাদ' ইতি। যৎ খলু সত্যং ন তদুৎপদ্যত ইতি কৃতস্তস্যাসত্যাদুৎপাদো যচ্চোৎপদ্যতে তৎসর্ব্বমসত্যমেব। সাম্ব্যবহারিকস্তু সত্যত্বং বৃত্তিরূপস্য ব্রহ্মসাক্ষাৎকারস্যেব শ্রবণাদীনামপ্যভিন্নং তস্মাদভ্যুপেত্য বৃত্তিস্বরূপস্য ব্রহ্মসাক্ষাৎকারস্য পরমার্থসত্যতাং ব্যভিচারোদ্ভাবনমিতি মন্তব্যম্। যদ্যপি সাম্ব্যবহারিকস্য সত্যাদেব ভয়াৎ সত্যং মরণমুৎ-

---

কার) হয়, তত কাল কোনও প্রাণীর প্রমাণ, প্রমেয়, ফল, এই সকল ও অন্যান্য ব্যবহারিক বিষয়ে মিথ্যাবুদ্ধি জন্মে না। (ঐ সকলকে মিথ্যা বলিয়া জানে না)। সমস্ত জীব তাবৎপর্য্যন্ত আপনার ব্রহ্মভাব ভুলিয়া থাকিয়া অবিদ্যাকল্পিত বিকার সমূহকে 'আমি' 'আমার' বলিয়া জানে। অতএব, ব্রহ্মাত্মতাবোধের পূর্ব্বে লৌকিক বৈদিক ব্যবহারের অলোপ যুক্তিসিদ্ধ। যেমন প্রাকৃত জীব যতক্ষণ না প্রবুদ্ধ হয় ততক্ষণ সে স্বপ্নদৃষ্টপদার্থের মিথ্যাত্ব জানে না, সে-সকলকে সত্য বলিয়াই জানে, আত্মপ্রবোধের পূর্ব্বপর্য্যন্ত লৌকিক বৈদিক ব্যবহার সকল তদ্রূপ জানিবে। [কথং...দর্শনাৎ] যদি বল, মিথ্যা বেদান্তবাক্যে সত্য ব্রহ্মাত্মবিজ্ঞান

ন হি রজ্জুসর্পেণ দষ্টো ম্রিয়তে, নাপি মৃগতৃষ্ণিকাম্ভসা পানাবগাহনাদিপ্রয়োজনং ক্রিয়ত ইতি। নৈষ দোষঃ। শঙ্কাবিষাদিনিমিত্তমরণাদিকার্য্যোপলব্ধেঃ। স্বপ্নদর্শনাবস্থস্য চ সর্পদংশনোদকস্নানাদিকার্য্যদর্শনাৎ। তৎকার্য্যমপ্যনৃত-

---

পদ্যেত তথাপি ভয়হেতুরহিস্তজ্জ্ঞানং বাহসত্যং ততো ভয়ং সত্যং জায়ত ইত্যসত্যাৎসত্যস্যোৎপত্তিরুক্তা। যদ্যপি চাহিজ্ঞানমপি স্বরূপেণ সৎ তথাপি ন তজ্জ্ঞানত্বেন ভয়হেতুরপি ত্বনির্ব্বাচ্যাহিরূষিতত্বেন। অন্যথা রজ্জুজ্ঞানাদপি ভয়প্রসঙ্গাজ্জ্ঞানত্বেনাবিশেষাৎ। তস্মাদনির্ব্বাচ্যাহিরূষিতং জ্ঞানমপ্যনির্ব্বাচ্যমিতি সিদ্ধমসত্যাদপি সত্যস্যোপজনন ইতি। ন ক্রমঃ সর্ব্বস্মাদসত্যাৎ সত্যস্যোপজনো যতঃ সমারোপিতধূমভাবায়া ধূমমহিষ্যা বহ্নিজ্ঞানং সত্যং স্যাৎ। ন হি চক্ষুষো রূপজ্ঞানং সত্যমুপজায়ত ইতি রসাদিজ্ঞানেনাপি ততঃ সত্যেন ভবিতব্যম্। যতো নিয়মো হি স তাদৃশঃ সত্যানাং যতঃ কুতশ্চিৎ কিঞ্চিদেব জায়ত ইত্যেবমসত্যানামপি নিয়মো যতঃ কুতশ্চিদসত্যাৎ সত্যং কুতশ্চিদসত্যং যথা দীর্ঘত্বাদের্ব্বর্ণেষু সমারোপিতস্যাবিশেষেঽপ্যজীনমিত্যতো জ্যানিবিরহমবগচ্ছন্তি সত্যমজিনমিত্যতস্তু সমারোপিতদীর্ঘভাবাজ্জ্যানিবিরহমবগচ্ছন্তো ভবন্তি ভ্রান্তাঃ। ন চোভয়ত্র দীর্ঘসমারোপং প্রতি কশ্চিদস্তি ভেদঃ। তস্মাদুপপন্নমসত্যাদপি সত্যস্যোদয় ইতি। নিদর্শনান্তরমাহ—"স্বপ্নদর্শনাবস্থস্য" ইতি। যথা সাংসারিকো জাগ্রদ্ভুজঙ্গং দৃষ্ট্বা পলায়তে ততশ্চ ন দংশবেদনামাপ্নোতি, পিপাসুঃ সলিলমালোক্য পাতুং প্রবর্ত্ততে ন চোদাসান্য পায়স্পায়নাপ্যায়িতঃ সুখমনুভবতি, এবং স্বপ্নান্তিকেঽপি তদবস্থং সর্ব্বমিত্যসত্যাৎ কার্য্যসিদ্ধিঃ। শঙ্কতে। "তৎকার্য্যমপ্যনৃতমেব" ইতি।

হওয়া কি প্রকারে উপপন্ন হয়? জীব রজ্জুসর্পের দংশনে মরে না এবং মৃগতৃষ্ণিকা জলে পানাবগাহনাদি প্রয়োজনও নিষ্পন্ন হয় না। ইহার প্রত্যুত্তরে আমরা বলি, বেদান্তবাক্য মিথ্যা হইলেও ঐ দোষ প্রদত্ত হইতে পারে না। রজ্জুসর্পদংশনেও ত্রাস শঙ্কা বিষাদাদি মারক ক্রিয়া হইতে দেখা যায় এবং সুপ্তপুরুষও স্বপ্নকালে স্বপ্নদৃষ্ট জলে ও মৃগতৃষ্ণিকাজলে স্নানাদি কার্য্য করিয়া থাকে। [তৎকার্য্য...কশ্চিৎ] সে সকল ক্রিয়াও মিথ্যা, এ কথা বলিলে বলিব, যদিও স্বপ্নদর্শনাবস্থার সর্পদংশন ও জলাবগাহন

মেবেতি চেৎ ব্রুয়াৎ তত্র ক্রমঃ। যদ্যপি স্বপ্নদর্শনাবস্থস্য সর্পদংশনোদকস্নানাদিকার্য্যমনৃতং তথাপি তদবগতিঃ সত্য-মেব ফলং প্রতিবুদ্ধস্যাপ্যবাধ্যমানত্বাৎ। ন হি স্বপ্নাদুত্থিতঃ স্বপ্নদৃষ্টং সর্পদংশনোদকস্নানাদিকার্য্যং মিথ্যেতি মন্যমান-স্তদবগতিমপি মিথ্যেতি মন্যতে কশ্চিৎ। এতেন স্বপ্ন-দৃশোঽবগত্যবাধনেন দেহমাত্রাত্মবাদোদূষিতো বেদিতব্যঃ। তথা চ শ্রুতিঃ—

এবমপি নাসত্যাৎ সত্যস্য সিদ্ধিরুক্তেত্যর্থঃ। পরিহরতি। "তত্র ক্রমো, যদ্যপি স্বপ্নদর্শনাবস্থস্য" ইতি। লৌকিকো হি সুপ্তোত্থিতোঽবগমাং বাধিতং মন্যতে ন তদবগতিঃ। তেন যদ্যপি পরীক্ষকা আনির্ব্বাচ্য-রূষিতামবগতিমনির্ব্বাচ্যাং নিশ্চিন্বন্তি তথাপি লৌকিকাভিপ্রায়েণৈতদু-ক্তম। অত্রান্তরে লৌকায়তিকানাং মতমপাকরোতি—"এতেন স্বপ্নদৃশো-ঽবগত্যবাধনেন" ইতি। যদা খল্বয়ং চৈত্রস্তারক্ষবীং ব্যাত্তবিকটদংষ্ট্রা-করালবদনামুত্তব্ধবন্ধমস্তকাবচুম্বিলাঙ্গূলামতিরোষারুণস্তব্ধবিশালবৃত্তলোচ-নাং রোমাঞ্চসঞ্চয়োৎফুল্লভীষণাং স্ফটিকাচলভিত্তিপ্রতিবিম্বিতামভ্যামিত্রীণাং তনুমাস্থায় স্বপ্নে প্রতিবুদ্ধো মানুষীমাত্মনস্তনুং পশ্যতি তদোভয়দেহানু-গতমাত্মানং প্রতিসন্দধানো দেহাতিরিক্তমাত্মানং নিশ্চিনোতি। ন তু দেহমাত্রম্। তন্মাত্রত্বে দেহবৎ প্রতিসন্ধানাভাবপ্রসঙ্গাৎ। কথঞ্চিত্তদুপ-পদ্যেত যদি স্বপ্নদৃশোঽবগতিরবাধিতা স্যাৎ তদ্বাধে তু প্রতিসন্ধানা-ভাব ইতি। অসত্যাচ্চ সত্যপ্রতীতিঃ শ্রুতিসিদ্ধাঽন্বয়ব্যতিরেকসিদ্ধা।

প্রভৃতি মিথ্যা, তথাপি, সে সকলের জ্ঞান মিথ্যা নহে। মিথ্যা হইলে জাগ্রৎকালে তাহা থাকিত না। স্বপ্নদর্শক পুরুষ স্বপ্নত্যাগের পর সর্পদংশ-নাদি কার্য্যকলাপকে মিথ্যা বলিয়া জানিলেও তদবগাহী জ্ঞানকে মিথ্যা বলিয়া জানে না। (স্বপ্নে যে 'আমাকে সাপে কামড়াইয়াছে' ইত্যাকার জ্ঞান হইয়াছিল, সে জ্ঞানকে সে সত্য বলিয়াই জানে)। [এতেন··· বেদিতব্যঃ] স্বপ্নদ্রষ্টার স্বাপ্নজ্ঞানের বাধ হয় না অর্থাৎ তাহা জাগ্রৎকালেও অনুবৃত্ত থাকে, এতদ্দ্বারা দেহাত্মবাদেও দোষ দেওয়া হইয়াছে, ইহা জানিতে হইবেক। [তথাচ··· দর্শয়তি] শ্রুতিও বলিয়াছেন, স্বপ্নদর্শন

"যদা কর্ম্মসু কাম্যেষু স্ত্রিয়ং স্বপ্নেষু পশ্যতি।
সমৃদ্ধিং তত্র জানীয়াৎ তস্মিন্ স্বপ্ননিদর্শনে॥" ইতি
অসত্যেন স্বপ্নদর্শনেন সত্যস্য ফলস্য সমৃদ্ধেঃ প্রাপ্তিং দর্শয়তি। তথা প্রত্যক্ষদর্শনেষু কেষুচিদরিষ্টেষু জাতেষু ন চিরমিব জীবিষ্যতীতি বিদ্যাদিত্যুক্ত্বা অথ যঃ স্বপ্নে পুরুষং কৃষ্ণং কৃষ্ণদন্তং পশ্যতি স এনং হন্তীত্যাদিনা তেনাসত্যেনৈব স্বপ্নদর্শনেন সত্যং মরণং সূচ্যত ইতি দর্শয়তি। প্রসিদ্ধঞ্চেদং লোকেঽন্বয়ব্যতিরেককুশলানাং ঈদৃশেন স্বপ্নদর্শনেন সাধ্বাগমঃ সূচ্যত ঈদৃশেনাসাধ্বাগম ইতি। তথাঽকারাদিসত্যাক্ষরপ্রতিপত্তির্দৃষ্টা রেখানৃতাক্ষরপ্রতিপত্তেঃ।

চেত্যাহ—"তথা চ শ্রুতি"রিতি। "তথাকারাদী"তি। যদ্যপি রেখাস্বরূপং সত্যং তথাপি তদ্‌যথাসঙ্কেতমসত্যম্। ন হি সঙ্কেতয়িতারঃ সঙ্কে-

---

অসত্য হইলেও তাহার সমৃদ্ধি-ফল সত্য। যথা—"কাম্যকর্ম্মকালে স্বপ্নে স্ত্রী-সন্দর্শন হইলে জানিতে হইবেক, তাদৃশ স্বপ্নের ফল সমৃদ্ধি।" অর্থাৎ স্বপ্নে স্ত্রীসন্দর্শন হইলে তাৎকালিক কাম্যকর্ম্ম নির্ব্বিঘ্নে ও উত্তমরূপে নির্বাহ হইয়া থাকে। [তথা...দর্শয়তি] শ্রুতি 'কোন এক অরিষ্ট (মরণের পূর্ব্বলক্ষণ) প্রত্যক্ষ দৃষ্ট হইলে বুঝিতে হইবেক যে, অরিষ্টদর্শক শীঘ্রই মরিবে।' এইরূপ বলিয়া অবশেষে 'যে ব্যক্তি স্বপ্নে কৃষ্ণদন্ত ও কৃষ্ণবর্ণ বিকট পুরুষ দেখে, স্বপ্নদৃষ্ট সেই পুরুষ শীঘ্রই তাহাকে বিনাশ করে।' এইরূ এইরূপ উক্তি করিয়া দেখাইয়াছেন যে, অসত্য স্বপ্নও সত্যমরণের সূচক (অনুমাপক)। [প্রসিদ্ধং···প্রতিপত্তেঃ] অমুক প্রকার স্বপ্ন দেখিলে মঙ্গল হয়, অমুক প্রকার স্বপ্ন দেখিলে অমঙ্গল হয়, এ সকল তথ্য অন্বয়-ব্যতিরেক-কুশল * লৌকিক পুরুষের মধ্যেও প্রসিদ্ধ আছে। অপিচ, মিথ্যা বা কল্পিত রেখাকার জ্ঞানের দ্বারা অকল্পিত অ-কারাদি অক্ষরের জ্ঞান হইতে দেখা যাইতেছে। এই সকল দৃষ্টান্তের দ্বারা ইহাই সিদ্ধ হইতেছে যে, বেদান্ত শাস্ত্র কল্পিত হইলেও তাহার অকল্পিত সত্যব্রহ্ম বুঝাইবার ক্ষমতা

---

* অমুক হইলে বা থাকিলে অমুক ফল হয়, না হইলে বা না থাকিলে হয় না, ইত্যাদি প্রকার পরীক্ষায় নিপুণ। পরীক্ষানিপুণেরা স্বপ্নের ফলাফল বিদিত আছেন।

অপি চান্ত্যমিদং প্রমাণমাত্মৈকত্বস্য প্রতিপাদকং নাতঃ পরং কিঞ্চিদাকাঙ্ক্ষ্যমস্তি। যথা হি লোকে যজেতেত্যুক্তে কিং কেন কথং ইত্যাকাঙ্ক্ষ্যতে ন চৈবং তত্ত্বমসীত্যুক্তে কিঞ্চিদন্যদাকাঙ্ক্ষ্যমস্তি সর্ব্বাত্মৈকত্ববিষয়ত্বাদবগতেঃ। সতি হ্যন্যস্মিন্নবশিষ্যমাণেঽর্থ আ ।ঙ্ক্ষা স্যাৎ ন ত্বাত্মৈকত্বব্যতিরেকেণাবশিষ্যমাণোঽন্যোঽর্থোঽস্তি য আকাঙ্ক্ষ্যেত। ন

তয়স্তীদৃশেন রেখাভেদেনাঽয়ং বর্ণঃ প্রত্যেতব্যো ঽপি স্বীদৃশো রেখাভেদোঽকার ঈদৃশশ্চ ককার ইতি। তথা চাসমীচীনাৎ সঙ্কেতাৎ সমীচীনবর্ণাবগতিরিতি সিদ্ধম্। যচ্চোক্তমেকত্বাংশেন জ্ঞানমোক্ষব্যবহারঃ সেৎস্যতি, নানাত্বাংশেন তু কর্ম্মকাণ্ডাশ্রয়ো লৌকিকশ্চ ব্যবহারঃ সেৎস্যতীতি তত্রাহ—"অপি চান্ত্যমিদং প্রমাণ"মিতি। যদি খল্বেকত্বানেকত্বনিবন্ধনৌ ব্যবহারাবেকস্য পুংসোঽপর্য্যায়েণ সম্ভবতস্ততস্তদর্শনভয়সদ্ভাবঃ কল্পেত, ন ত্বেতদস্তি। ন হ্যেকত্বাবগতিনিবন্ধনঃ কশ্চিদস্তি ব্যবহারস্তদবগতেঃ সর্ব্বোত্তরত্বাৎ। তথাহি, তত্ত্বমসীত্যৈকাত্ম্যাবগতিঃ সমস্তপ্রমাণতৎফলতদ্ব্যবহারানপবাধমানৈবোদীয়তে নৈতস্যাঃ পরস্তাৎ কিঞ্চিদনুকূলং প্রতিকূলং চাস্তি যদপেক্ষেত যেন চেয়ং প্রতিক্ষিপ্যেত তত্রানুকূলপ্রতিকূলনিবারণান্নাতঃ পরং কিঞ্চিদাকাঙ্ক্ষ্যমিতি। ন চেয়মবগতির্ভ্রান্তি-

---

আছে। [অপি...আকাঙ্ক্ষ্যেত] অন্য হেতু এই যে, এই একাত্মপ্রতিপাদক প্রমাণ (অর্থাৎ তত্ত্বমসি প্রভৃতি মহাবাক্যরূপ শাব্দপ্রমাণ) চরম প্রমাণ। ইহার পর কিঞ্চিন্মাত্রও আকাঙ্ক্ষিতব্য থাকে না; সুতরাং আশঙ্কাও থাকে না। 'যজ্ঞ করিবেক' ইত্যাদি ইত্যাদি বিধিবাক্যে যেমন কোন্ যজ্ঞ, কি দিয়া ও কি প্রকারে, এই সকলের অপেক্ষা থাকে, আকাঙ্ক্ষা থাকে, তত্ত্বমসি—সেই অদ্বয় ব্রহ্ম তুমি—এ বাক্যে সেরূপ কোন আকাঙ্ক্ষা থাকে না। আকাঙ্ক্ষিতব্য থাকে না বলিয়াই আকাঙ্ক্ষার অভাব হয়। আকাঙ্ক্ষিতব্য না থাকিবার কারণ এই যে, সর্ব্বাত্মভাব ঐ জ্ঞানের বিষয়। অর্থাৎ সমুদায়ই আত্মা (আমি) এইরূপে উক্ত জ্ঞানের উদয় হয়। আত্মাতিরিক্ত কিছু থাকিত ত আকাঙ্ক্ষাও থাকিত। তাহা থাকে না, সমস্তই আত্মরূপে প্রতীত হয়, সুতরাং সে জ্ঞান নিষ্প্রতীক্ষ, নিরাকাঙ্ক্ষ ও কেবল

চেয়মবগতির্নোৎপদ্যত ইতি শক্যং বক্তুং, তদ্ধাস্য বিজজ্ঞৌ ইত্যাদিশ্রুতিভ্যঃ, অবগতিসাধনানাঞ্চ শ্রবণাদীনাং বেদানুবচনাদীনাঞ্চ বিধীয়মানত্বাৎ। ন চেয়মবগতিরনর্থিকা ভ্রান্তির্ব্বেতি শক্যং বক্তুং, অবিদ্যানিবৃত্তিফলদর্শনাৎ বাধকজ্ঞানান্তরাভাবাচ্চ। প্রাক্ চাত্মৈকত্বাবগতেরব্যাহতঃ সর্ব্বঃ সত্যানৃতব্যবহারো লৌকিকো বৈদিকশ্চেত্যবোচাম। তস্মা-

[illegible] স্যাদেতত্তাহ "ন চেয়"মিতি। স্যাদেতৎ। অস্ত্যা চেদিয়মবগতি-র্নিষ্প্রয়োজনা তর্হি তথা চ ন প্রেক্ষাবদ্ভিরুপাদীয়েত প্রয়োজনবত্ত্বে বা [illegible] স্যাদিত্যত আহ—"ন চেয়মবগতিরনর্থিকা" কুতঃ, "অবিদ্যা-নিবৃত্তিফলদর্শনাৎ"। ন হীয়মুৎপন্না সতী পশ্চাদবিদ্যাং নিবর্ত্তয়তি যেন নাস্ত্যা স্যাৎ, কিন্ত্ববিদ্যাবিরোধিস্বভাবতয়া তন্নিবৃত্ত্যাত্মৈবোদয়তে। অবিদ্যা-নিবৃত্তিশ্চ ন তৎকার্য্যতয়া ফলমপি ত্বিষ্টতয়া, ইষ্টলক্ষণত্বাৎ ফলস্যেতি প্রতিকূলং পরাচীনং নিরাকর্ত্তুমাহ।—"ভ্রান্তির্ব্বা" ইতি। কুতো, "বাধকে"তি। স্যাদেতৎ। মা ভূদেকত্বনিবন্ধনো ব্যবহারোঽনেকত্বানিবন্ধনস্তু। তদেব হি সকলামুদ্বহতি লোকযাত্রাম্। অতস্তৎসিদ্ধ্যর্থমনেকত্বস্য কল্পনীয়ং তাত্ত্বিকত্বমিত্যত আহ। "প্রাক্ চ" ইতি। ব্যবহারো হি বুদ্ধিপূর্ব্বকারিণাং বুদ্ধ্যোপপদ্যতে, ন ত্বস্যাস্তাত্ত্বিকত্বেন, ভ্রান্ত্যাপি তদুপপত্তেরিত্যাবেদিতম্। সত্যঞ্চ তদবিসম্বাদাদনৃতঞ্চ বিচারাসহতয়াঽনির্ব্বাচ্যত্বাৎ। অন্ত্যস্যৈকাত্ম্যজ্ঞানস্যানপেক্ষতয়া বাধকত্বমনেকত্বজ্ঞানস্য চ প্রতিযোগিগ্রহাপেক্ষয়া দুর্ব্বলত্বেন বাধ্যত্বং বদন্ প্রকৃতমুপসংহরতি।

(এক)। [ন চেয়...মানত্বাৎ] অদ্বয়াত্মজ্ঞান হয় না বলিতে পার না। কেন-না, পিতার উপদেশে শ্বেতকেতুর হইয়াছিল এবং অদ্বয়াত্মজ্ঞানের উপায়স্বরূপ শ্রবণ, মনন, নিদিধ্যাসন ও বেদানুবচন প্রভৃতির বিধান দৃষ্ট হয়। [ন চেয়মবগতি…বোচাম] অদ্বয়াত্মজ্ঞান নিরর্থক, তাহার কোন ফল নাই, অথবা তাহা ভ্রমজ্ঞান, ইহার কোনও প্রকার বলিতে পারিবে না। কেন-না, ঐ জ্ঞানে জীবের অবিদ্যানিবৃত্তি হইয়া থাকে এবং ঐ জ্ঞানকে বিনাশ করে এমন জ্ঞানান্তরও নাই। যাবৎ না তাদৃশ অদ্বয়াত্মজ্ঞান উৎপন্ন হয় তাবৎ সত্য মিথ্যা লৌকিক বৈদিক সমুদায় ব্যবহারই থাকে, এ কথা পূর্ব্বে বলা হইয়াছে। [তস্মাদন্যেন…কাশোঽস্তি] অতএব, সর্ব্বশেষে

দন্ত্যেন প্রমাণেন প্রতিপাদিত আত্মৈকত্বে সমস্তস্য প্রাচীন-ভেদব্যবহারস্য বাধিতত্বাৎ নানেকাত্মকব্রহ্মকল্পনাবকাশোঽস্তি। ননু মৃদাদিদৃষ্টান্তপ্রণয়নাৎ পরিণামবৎ ব্রহ্ম শাস্ত্রস্যাভিমতমিতি গম্যতে। পরিণামিনো হি মৃদাদয়োঽর্থা লোকে সমধিগতা ইতি। নেত্যুচ্যতে। স বা এষ মহানজঃ, আত্মাঽজরোঽমরোঽমৃতোঽভয়ো ব্রহ্ম, স এষ নেতি নেত্যাত্মা অস্থূলমনণু ইত্যাদ্যাভ্যঃ সর্ব্ববিক্রিয়াপ্রতিষেধ-শ্রুতিভ্যো ব্রহ্মণঃ কূটস্থত্বাবগমাৎ। ন হ্যেকস্য ব্রহ্মণঃ পরিণামধর্ম্মত্বং তদ্রহিতত্বঞ্চ শক্যং প্রতিপত্তুম্। স্থিতি-

---

"তস্মাদন্ত্যেন প্রমাণেন" ইতি। স্যাদেতৎ। ন বয়মনেকত্বব্যবহারসিদ্ধ্যর্থমনেকত্বস্য তাত্ত্বিকত্বং কল্পয়ামঃ, কিন্তু শ্রৌতমেবাঽস্য তাত্ত্বিকত্বমিতি। চোদয়তি—"ননু মৃদাদী"তি। পরিহরতি "নেত্যুচ্যত" ইতি। মৃদাদি-দৃষ্টান্তেন হি কথঞ্চিৎ পরিণাম উন্নেয়ো ন চ শক্য উন্নেতুমপি মৃত্তিকেত্যেব সত্যমিতি কারণমাত্রসত্যত্বাবধারণেন কার্য্যস্যানৃতত্বপ্রতিপাদনাৎ। সাক্ষাৎকূটস্থনিত্যত্বপ্রতিপাদিকাস্তু সন্তি সহস্রশঃ শ্রুতয় ইতি ন পরিণামধর্ম্মতা ব্রহ্মণঃ। অথ কূটস্থস্যাপি পরিণামঃ কস্মান্ন ভবতীত্যত আহ।—"ন হ্যেকস্য" ইতি। শঙ্কতে—"স্থিতিগতিব"দিতি। যথৈকবাণা-

---

সমুৎপন্ন তত্ত্বমস্যাদি প্রমাণ যখন সার্ব্বাত্ম্যবিজ্ঞান উৎপাদন করে, তখন, পূর্ব্বের সমস্ত ভেদজ্ঞান লুপ্ত হইয়া যায়; সুতরাং তখন আর 'অনেকাত্মক ব্রহ্ম' এ কল্পনার স্থান থাকে না। [ননু···গমাৎ] যদি বল, মৃত্তিকাদি দৃষ্টান্ত থাকায় পরিণামবাদ উক্ত শাস্ত্রের অভিমত; কেন না, দেখা যায়, দৃষ্টান্তগত মৃত্তিকা প্রভৃতি সমস্ত পদার্থই পরিণামী (দৃষ্টান্তানুসারে ব্রহ্মও পরিণামী অর্থাৎ এই বিচিত্র জগৎ ব্রহ্মেরই পরিণাম); এ বিষয়ে আমরা বলি, তাহাও নহে। কেন-না, "সেই এই আত্মা মহান্ ও জন্মাদিবিকারবর্জ্জিত।" "আত্মা অজর, অমর, নিত্যমুক্ত, ভয়রহিত ও ব্রহ্ম।" "তিনি ইহা নহেন, তাহা নহেন। অর্থাৎ সর্ব্বনিষেধের সীমা।" "আত্মা স্থূল নহেন, সূক্ষ্ম নহেন, হ্রস্ব নহেন—" ইত্যাদি শ্রুতিতে ব্রহ্মের কূটস্থ নিত্যতা (নির্ব্বিকারিতা) দর্শিত হইয়াছে। [ন হ্যেকস্য···বোচাম] এক ব্রহ্মের পরিণামিত্ব

গতিবৎ স্যাদিতি চেৎ, ন, কূটস্থস্যেতি বিশেষণাৎ। ন হি কূটস্থস্য ব্রহ্মণঃ স্থিতিগতিবদনেকধর্ম্মাশ্রয়ত্বং সম্ভবতি। কূটস্থং নিত্যঞ্চ ব্রহ্ম সর্ব্ববিক্রিয়াপ্রতিষেধাদিত্যবোচাম। ন চ যথা ব্রহ্মণ আত্মৈকত্বদর্শনং মোক্ষসাধনং এবং জগদাকারপরিণামিত্বদর্শনমপি স্বতন্ত্রমেব কস্মৈচিৎ ফলায়াভিপ্রেয়েত প্রমাণাভাবাৎ। কূটস্থব্রহ্মাত্মবিজ্ঞানাদেব হি

শ্রয়ে গতিনিবৃত্তী এবমেকস্মিন্ ব্রহ্মণি পরিণামশ্চ তদভাবশ্চ কৌটস্থ্যং ভবিষ্যত ইতি। নিরাকরোতি—"ন, কূটস্থস্যেতি বিশেষণা"দিতি। কূটস্থনিত্যতা হি সদাতনী স্বভাবাদপ্রচ্যুতিঃ। সা কথং প্রচ্যুত্যা ন বিরুধ্যতে। ন চ ধর্ম্মিণো ব্যতিরিচ্যতে ধর্ম্মো যেন তদুপজননাপায়েঽপি ধর্ম্মী কূটস্থঃ স্যাৎ। ভেদে ঐকান্তিকে গবাশ্ববদ্ধর্ম্মধর্ম্মিভাবাভাবাৎ। বাণাদয়স্তু পরিণামিনঃ স্থিত্যা গত্যা চ পরিণমন্ত ইতি। অপি চ স্বা[illegible]বসা বেদরাশেরেকেনাপি বর্ণেনানর্থকেন ন ভবিতব্যং কিং পুনরিয়তা জগতো ব্রহ্মযোনিত্বপ্রতিপাদকেন বাক্যসন্দর্ভেণ। তত্র ফলবদ্ব্রহ্মদর্শনসমাম্নানসন্নিধাবফলং জগদ্যোনিত্বং সমাম্নায়মানং তদর্থং সৎ তদুপায়তয়াঽবতিষ্ঠতে নার্থান্তরার্থমিত্যাহ—"ন চ যথা ব্রহ্মণ" ইতি। অতো ন পরিণামপরত্বমস্তেত্যর্থঃ। তদনন্যত্বমিত্যস্য

ও অপরিণামিত্ব উভয়ধর্ম্ম প্রতিপাদন করিতে পারিবে না। (বুঝাইতে পারিবে না। হেতু এই যে, পরিণামিত্ব ও অপরিণামিত্ব এই দুই [illegible] পরস্পর বিরোধী। একে বিরুদ্ধ ধর্ম্মদ্বয় থাকিতে পারে না)। [illegible] বল, স্থিতিগতির দৃষ্টান্তে বিরুদ্ধ ধর্ম্মের সমাবেশ হইবে (গতিনিবৃত্তির নাম স্থিতি। এক ব্যক্তিতে কালভেদে গতি ও গতিনিবৃত্তি বিরুদ্ধ উভয় ধর্ম্ম থাকিতে দেখিয়াছ, তদ্দৃষ্টান্তে ব্রহ্মেও অবচ্ছেদকভেদে উক্ত উভয় ধর্ম্ম থাকিবে), বস্তুতঃ তাহাও থাকিবে না, বলিতেও পারিবে না। কারণ এই যে, ব্রহ্ম কূটস্থ। যেহেতু ব্রহ্ম কূটস্থস্বভাব সেই হেতু তাহাতে অনেক ধর্ম্ম আশ্রয় করিতে পারে না। এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। [ন চ... জাতীয়কম্] যেহেতু প্রমাণ নাই সেই হেতু এমন কথা বলিতে পারিবে না যে, যেমন ব্রহ্মসম্বন্ধে একাত্মজ্ঞান মুক্তির কারণ, তেমনি, [illegible]পরিণতির জ্ঞানও অন্য ফলের কারণ। শাস্ত্র কেবল কূটস্থ

ফলং দর্শয়তি শাস্ত্রং, স এষ নেতি নেত্যাত্মা ইত্যুপক্রম্য অভয়ং বৈ জনক প্রাপ্তোঽসি, ইত্যেবঞ্জাতীয়কম্। তত্রৈতৎ সিদ্ধং ভবতি। ব্রহ্মপ্রকরণে সর্ব্বধর্ম্মবিশেষরহিতব্রহ্মদর্শনাদেব ফলসিদ্ধৌ সত্যাং যত্তত্রাফলং শ্রূয়তে ব্রহ্মণো জগদাকারপরিণামিত্বাদি তদ্‌ব্রহ্মদর্শনোপায়ত্বেনৈব বিনিযুজ্যতে। ফলবৎসন্নিধাবফলং তদঙ্গমিতিবৎ। ন তু স্বতন্ত্রফলায় কল্প্যত ইতি। ন হি পরিণামবত্ত্ববিজ্ঞানাৎ পরিণামবত্ত্বমাত্মনঃ ফলং স্যাদিতি বক্তুং যুক্তম্। কূটস্থনিত্যত্বান্মোক্ষস্য। ননু কূটস্থব্রহ্মবাদিন একত্বৈকান্ত্যাৎ ঈশিত্রীশিতব্যাভাব ঈশ্বরকারণপ্রতিজ্ঞাবিরোধ ইতি চেৎ,

---

সূত্রস্য প্রতিজ্ঞাবিরোধং শ্রুতিবিরোধঞ্চ চোদয়তি। "কূটস্থব্রহ্মবাদিন"

ব্রহ্মাত্মবিজ্ঞানেরই ফল দেখাইয়াছেন। শ্রুতি—"সেই আত্মা এরূপ নহে, সেরূপও নহে অর্থাৎ সর্ব্ববিকারাতীত" এইরূপ উপক্রমের পর বলিয়াছেন, "হে জনক! তুমি অভয়পদ (মোক্ষ) পাইয়াছ।" এই শাস্ত্রে কূটস্থাত্মবিজ্ঞানে মোক্ষ হওয়া কথিত হইয়াছে। [তত্রৈতৎ… কল্প্যত ইতি] প্রদর্শিত শাস্ত্রের দ্বারা এইরূপ সিদ্ধান্ত লব্ধ হইতেছে যে, ব্রহ্মপ্রকরণে সর্ব্বধর্ম্মবিবর্জ্জিত নির্ব্বিশেষ ব্রহ্মবিজ্ঞানের মোক্ষফল ও তৎপ্রকরণে ব্রহ্মের জগদ্রূপে পরিণত হওয়ার বর্ণনা নিষ্ফল। অর্থাৎ পরিণামজ্ঞানের স্বতন্ত্র ফল নাই, তাহা কেবল তাদৃশ ব্রহ্মদর্শনের অঙ্গ বা উপায়। ফলবৎ কর্ম্মের সন্নিধানে ফলবিবর্জ্জিত কর্ম্ম দেখিলে বুঝিতে হইবে যে, সে সকল ফলবৎকর্ম্মের অঙ্গ বা সহায়। অর্থাৎ তাহাদের পৃথক্ ফলজনকতা নাই। কর্ম্মশাস্ত্রোক্ত এই সিদ্ধান্ত ব্রহ্মশাস্ত্রেও গৃহীত হইবেক। [ন হি…মোক্ষস্য] মোক্ষ যখন কূটস্থ নিত্য; তখন আর বলিতে পারিবে না যে, পরিণামিত্ববিজ্ঞানে আত্মার পরিণামিত্ব ফল হইতে পারে। অর্থাৎ সমস্ত জগৎ ব্রহ্মের পরিণাম, এইরূপ জ্ঞানে আত্মাও ব্রহ্মভাবে পরিণত হয়, এরূপ নিশ্চয় অযুক্ত। [ননু…শ্রুতিভ্যশ্চ] যদি বল, কূটস্থব্রহ্মবাদীদিগের মতে একত্বই ঐকান্তিক, তাঁহাদের মতে এক বৈ দুই নাই সুতরাং নিয়ম্য ও

ন, অবিদ্যাত্মকনামরূপবীজব্যাকরণাপেক্ষত্বাৎ সর্ব্বজ্ঞত্বস্য। তস্মাদ্বা এতস্মাদাত্মন আকাশঃ সম্ভূত ইত্যাদিবাক্যেভ্যো নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বরূপাৎ সর্ব্বজ্ঞাৎ সর্ব্বশক্তেরীশ্বরাজ্জগদুৎপত্তিস্থিতিলয়াঃ, নাচেতনাৎ প্রধানাদন্যস্মাদ্বেত্যেযোঽর্থঃ প্রতিজ্ঞাতো জন্মাদ্যস্য যত ইতি। সা প্রতিজ্ঞা তদবস্থৈব ন তদ্বিরুদ্ধোঽর্থঃ পুনরিহোচ্যতে। কথং নোচ্যেত অত্যন্তমাত্মন একত্বমদ্বিতীয়ত্বঞ্চ ব্রুবতা। শৃণু যথা নোচ্যতে। সর্ব্বজ্ঞস্যেশ্বরস্য আত্মভূতে ইবাবিদ্যাকল্পিতে নামরূপে তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়ে সংসারপ্রপঞ্চবীজভূতে সর্ব্বজ্ঞস্যেশ্বরস্য মায়াশক্তিঃ প্রকৃতিরিতি চ শ্রুতিস্মৃত্যোরভিলপ্যেতে, তাভ্যামন্যঃ সর্ব্বজ্ঞ ঈশ্বরঃ, আকাশো বৈ নাম

ইতি। পরিহরতি "নাবিদ্যাত্মকে"তি। নাম চ রূপঞ্চ তে এব বীজং তস্য ব্যাকরণং কার্য্যপ্রপঞ্চস্তদপেক্ষত্বাদৈশ্বর্য্যস্য। এতদুক্তং ভবতি।

নিয়ন্তা এ দুএর কিছুই নাই, নিয়ম্য-নিয়ন্তা না থাকায় "ঈশ্বরই জগৎকারণ" এ প্রতিজ্ঞা থাকে না, বিভগ্ন হয়। আমরা বলি, ঐ পূর্ব্বপক্ষ করিতে পার না। কারণ, সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বকর্তৃত্বধর্ম্ম আবিদ্যক নামরূপাত্মক বীজের বিকাশ সাপেক্ষ অর্থাৎ কল্পিতদ্বৈতঘটিত। "সেই এই আত্মা হইতে আকাশের সম্ভূতি অর্থাৎ বিকাশ হইয়াছে।" এইরূপ এইরূপ সৃষ্টিবাক্যের দ্বারা জানা যায়, নিত্য-শুদ্ধ-বুদ্ধ-মুক্তস্বরূপ সর্ব্বজ্ঞ সর্ব্বশক্তি পরমেশ্বর হইতেই জগতের উৎপত্তি স্থিতি ও লয় হয়। অচেতন প্রধান অথবা কেবল পরমাণু প্রভৃতি হইতে এ সকল হয় না। এ কথা বা এ তত্ত্ব "জন্মাদ্যস্য যতঃ" এই সূত্রে প্রতিজ্ঞাত হইয়াছে। যে প্রতিজ্ঞা ঐ ঈশ্বরকারণপ্রতিজ্ঞাসূত্রে কৃত হইয়াছে সে প্রতিজ্ঞা এখানে ঠিক্ আছে, কিছুমাত্র বিভগ্ন হয় নাই। একটীও তদ্বিরুদ্ধ কথা বলা হয় নাই। কেন হয় নাই? যখন আত্যন্তিক একত্ব বা অদ্বিতীয়ত্ব বলা হইতেছে তখন কিপ্রকারে সে প্রতিজ্ঞা রক্ষিত হইবে? ইহার প্রত্যুত্তর শুন। অবিদ্যাকল্পিত নামরূপ—যাহা সত্যের অথবা মিথ্যার দ্বারা নির্ব্বচনীয় নহে—যাহাকে অস্তিনাস্তি কোনও প্রকারে নির্দ্দেশ করা যায় না—তাহা সর্ব্বজ্ঞ ঈশ্বরের প্রায় আত্মভূত। সেই কল্পিত অথচ ঈশ্বরা-

নামরূপয়োর্নির্ব্বহিতা তে যদন্তরা তদ্‌ব্রহ্ম ইতি শ্রুতেঃ। নামরূপে ব্যাকরবাণি, সর্ব্বাণি রূপাণি বিচিত্য ধীরো নামানি কৃত্বাভিবদন্ যদাস্তে, একং বীজং বহুধা যঃ করোতি ইত্যাদিশ্রুতিভ্যশ্চ। এবমবিদ্যাকৃতনামরূপো-পাধ্যনুরোধীশ্বরো ভবতি, ব্যোমেব ঘটকরকাদ্যুপাধ্যনু-রোধি। স চ স্বাত্মভূতানেব ঘটাকাশস্থানীয়ানবিদ্যাপ্রত্যুপ-স্থাপিতনামরূপকৃতকার্য্যকরণসঙ্ঘাতানুরোধিনো জীবাখ্যান্ বিজ্ঞানাত্মনঃ প্রতীষ্টে ব্যবহারবিষয়ে। তদেবমবিদ্যাত্মকো-পাধিপরিচ্ছেদাপেক্ষ্যমেবেশ্বরস্যেশ্বরত্বং সর্ব্বজ্ঞত্বং সর্ব্বশক্তি-ত্বঞ্চ ন পরমার্থতো বিদ্যয়াপাস্তসর্ব্বোপাধিস্বরূপে আত্মনী-

---

ন তাত্ত্বিকমৈশ্বর্য্যং সর্ব্বজ্ঞত্বঞ্চ ব্রহ্মণঃ কিং ত্ববিদ্যোপাধিকমিতি তদাশ্রয়ং প্রতিজ্ঞাসূত্রং তত্ত্বাশ্রয়ন্তু তদনন্যত্বসূত্রং তেনাবিরোধঃ। সুগমমন্যৎ।

শ্রিত অনির্ব্বাচ্য মিলিত পদার্থদ্বয় শ্রুতিতে ও স্মৃতিতে মায়া-শক্তি ও প্রকৃতি নামে কথিত হইয়াছে। ঈশ্বর সেই দুই পদার্থ হইতে ভিন্ন। এ বিষয়ে শ্রুতি প্রমাণ যথা—"আকাশ(ব্রহ্ম)ই নামরূপের নির্ব্বাহক। যিনি নামরূপ ভিন্ন অথচ নামরূপের নির্ব্বাহক তিনিই ব্রহ্ম।" "ব্রহ্ম আলোচনা করিলেন, আমি নামরূপের বিকাশ করিব।" "সেই ধীর (ব্রহ্ম) সমুদায় রূপের কল্পনা ও সে সকলের নামপ্রদান পূর্ব্বক সে সকল নাম ধারণ করতঃ বিদ্যমান আছেন।" "যিনি একমাত্র বীজকে বহুপ্রকার করিয়াছেন।" ইত্যাদি। [এব...পদ্যতে] ঈশ্বর সেই আবিদ্যক নামরূপ উপাধির উপহিত। আকাশ যেমন ঘটাদি উপাধির উপহিত, সেইরূপ। ঈশ্বর আপনার আত্মভূত ঘটাকাশাদি স্থানীয় অবিদ্যা কর্ত্তৃক প্রত্যুপস্থাপিত নামরূপের দ্বারা নির্ম্মিত কার্য্যকরণ সংঘাত (কার্য্য—দেহ। করণ—ইন্দ্রিয়। সংঘাত সমুদায়ের মেলন বা সমষ্টি) রূপ উপাধিতে অনুরক্ত জীবনামক বিজ্ঞানাত্মাদিগকে নিয়মিত ব্যবহারে পরিচালিত করিতেছেন। কথিত প্রকার আবিদ্যক উপাধির পরিচ্ছেদ (ভেদ) অনুসারেই ঈশ্বরের ঈশ্বরত্ব, সর্ব্বজ্ঞত্ব ও সর্ব্বশক্তিত্ব কিন্তু পরমার্থদর্শনে এক, অদ্বয়। তত্ত্বজ্ঞানে উপাধির বিগম হয়,

শিত্রীশিতব্যসর্ব্বজ্ঞত্বাদিব্যবহার উপপদ্যতে। তথা চোক্তম্—
যত্র নান্যৎ পশ্যতি নান্যচ্ছৃণোতি নান্যদ্বিজানাতি স ভূমা
ইতি, যত্র ত্বস্য সর্ব্বমাত্মৈবাভূত্তৎ কেন কং পশ্যেৎ, ইত্যাদি
চ। এবং পরমার্থাবস্থায়াং সর্ব্বব্যবহারাভাবং বদন্তি
বেদান্তাঃ, তথেশ্বরগীতাস্বপি—

"ন কর্ত্তৃত্বং ন কর্ম্মাণি লোকস্য সৃজতি প্রভুঃ।
ন কর্ম্মফলসংযোগং স্বভাবস্তু প্রবর্ত্ততে॥
নাদত্তে কস্যচিৎ পাপং ন চৈব সুকৃতং বিভুঃ।
অজ্ঞানেনাবৃতং জ্ঞানং তেন মুহ্যন্তি জন্তবঃ"॥ ইতি

পরমার্থাবস্থায়ামীশিত্রীশিতব্যাদিব্যবহারাভাবঃ প্রদর্শ্যতে। ব্যবহারাবস্থায়ান্তূক্তঃ শ্রুতাবপীশ্বরাদিব্যবহারঃ।

সুতরাং পরমার্থদর্শনে পরমাত্মার নিয়ম্য-নিয়ামকতা ও সর্ব্বজ্ঞতা কোনরূপ ভেদ বা ব্যবহার থাকে না। তাহা উপপন্নও হয় না। * [তথাচোক্তং… বেদান্তাঃ] শ্রুতি বলিয়াছেন, "জীব যখন অন্য কিছু দেখে না, শুনে না, জানে না, তখনই সে ভূমা অর্থাৎ ব্রহ্ম হয়।" "যখন এ সকল তাহার (জ্ঞানীর) আত্মা হয়, আত্মাতিরিক্ত দর্শন হয় না, অর্থাৎ রজ্জুতে সর্পভ্রম-বিনিবৃত্তির ন্যায় আত্মাতে জগৎ ভ্রম হওয়া তিরোহিত হয়, তখন আর কে কি দিয়া কি দেখিবে?" বেদান্তশাস্ত্র এইরূপে পরমার্থাবস্থায়-ব্যবহারবিলোপ হয় বলিয়াছেন। [তথে…প্রদর্শ্যতে] ঈশ্বর-গীতাতেও পরমার্থাবস্থায় নিয়ন্তৃত্ব ও নিয়ম্যত্ব (নিয়ন্তা ঈশ্বর, জীব নিয়ম্য) নাই, এরূপ কথন আছে। যথা—"প্রভু জীবের সম্বন্ধে কর্ত্তৃত্ব কর্ম্মত্ব কিছুই সৃজন করেন না। কর্ম্মের ফলভোগও প্রয়োগ করেন না। স্বভাব (প্রকৃতি)ই প্রবর্ত্তমান অর্থাৎ প্রকৃতিই সমস্ত করে। বিভু পরমাত্মা কাহার সুকৃত দুষ্কৃত গ্রহণ করেন না। জ্ঞান অর্থাৎ চিদ্বপুঃ আত্মা অজ্ঞানে আবৃত, তাই তিনি জীব ও মুগ্ধ।" [ব্যব…মিত্যাহ] যত দিন ব্যবহারাবস্থা থাকে

---

* ভাবার্থ এই যে, অবিদ্যা উপাধির দ্বারা পরিকল্পিত ভেদ থাকাতেই বিম্বস্থানীয় ঈশ্বরত্ব এবং প্রতিবিম্ব স্থানীয় জীবসমূহের নিয়ম্যত্ব ঘটনা হয়। বিম্বস্থানীয় ঈশ্বর স্বকীয় উপাধির অন্তর্গত সমুদায় মায়োপাধি জীবকে পালনাদি করেন।

এষ সর্ব্বেশ্বর এষ ভূতাধিপতিরেষ ভূতপাল এষ সেতুর্ব্বিধরণ এষাং লোকানামসম্ভেদায় ইতি। তথেশ্বরগীতাস্বপি—

"ঈশ্বরঃ সর্ব্বভূতানাং হৃদ্দেশেঽর্জ্জুন তিষ্ঠতি।
ভ্রাময়ন্ সর্ব্বভূতানি যন্ত্রারূঢ়ানি মায়য়া" ॥ ইতি

সূত্রকারোঽপি পরমার্থাভিপ্রায়েণ তদনন্যত্বমিত্যাহ। ব্যবহারাভিপ্রায়েণ তু স্যাল্লোকবদিতি মহাসমুদ্রাদিস্থানীয়তাং ব্রহ্মণঃ কথয়তি অপ্রত্যাখ্যায়ৈব কার্যপ্রপঞ্চং পরিণামপ্রক্রিয়াঞ্চাশ্রয়তি সগুণোপাসনেষূপযুজ্যত ইতি ॥ ১৪ ॥

ভাবে চোপলব্ধেঃ ॥ ১৫ ॥ *

ইতশ্চ কারণাদনন্যত্বং কার্য্যস্য, যৎ কারণং ভাব এব

পারমার্থিক অবস্থা না আইসে ততদিন জীবের ব্যবহার থাকে। শ্রুতিও ব্যবহারকালে ঈশ্বরের ঈশ্বরত্ব বর্ণন করিয়াছেন। যথা—"ইনিই সমুদায়ের ঈশ্বর, ইনিই ভূতগ্রামের অধিপতি (অধিষ্ঠাতা), ইনিই ভূতসংঘের পালক, এবং ইনিই এই লোকের সেতুর ন্যায় বিধারক-নিয়ম-পরিপাটীর মর্য্যাদা-স্বরূপ (সীমাস্বরূপ)।" ঈশ্বরগীতাতেও এইরূপ আছে। যথা—"হে অর্জ্জুন! ঈশ্বর সমুদায় ভূতের হৃদয়দেশে (বুদ্ধিবৃত্তিতে) আছেন এবং মায়ার দ্বারা যন্ত্রারূঢ় (যন্ত্র = দেহ) ভূতদিগকে ঘুরাইতেছেন (ভ্রমযুক্ত করিতেছেন)।" সূত্রকার ব্যাসও পরমার্থ অভিপ্রায়ে অভেদ বলিয়াছেন, ব্যবহার অভিপ্রায়ে বলেন নাই। [ব্যব...যুজ্যত ইতি] ব্যবহার অভিপ্রায়ে লোকবৎ অর্থাৎ লৌকিক দৃষ্টান্ত প্রদর্শনার্থ পরব্রহ্মকে মহাসমুদ্রতুল্য বলিয়াছেন এবং সগুণ উপাসনার উপযোগী বলিয়া কার্য্যপ্রপঞ্চের (জগতের) প্রত্যাখ্যান (নিষেধ) না করিয়া তাহার পরিণামপ্রণালী বর্ণন করিয়াছেন।

কার্য্য যে কারণ হইতে ভিন্ন নহে, অভিন্ন, তৎপ্রতি অন্যহেতু হেতু এই যে, কারণ থাকিলে কার্য্যের উপলব্ধি হয়—না থাকিলে হয় না। যেমন মৃত্তিকা

---

* কারণস্য ভাবে সত্ত্বে উপলব্ধৌ চ কার্য্যস্য সত্ত্বাৎ উপলব্ধেশ্চ অনন্যত্বমিতি সূত্রার্থঃ।—কারণের বিদ্যমানতা থাকিলেই কার্য্যের জ্ঞান হয়, না থাকিলে হয় না, এ হেতুতেও কার্য্য ও কারণ ভিন্ন নহে, পরন্তু অভিন্ন।

কারণস্য কার্য্যমুপলভ্যতে। তদ্‌যথা সত্যাং মৃদি ঘট উপলভ্যতে সৎসু চ তন্তুষু পটঃ। ন চ নিয়মেনাঽন্যভাবেঽন্যস্যোপলব্ধির্দৃষ্টা। ন হ্যশ্বো গোরন্যঃ সন্ গোর্ভাব এবোপলভ্যতে। ন চ কুলালভাব এব ঘট উপলভ্যতে সত্যপি নিমিত্তনৈমিত্তিকভাবেঽন্যত্বাৎ। নন্বন্যভাবেঽপ্যন্যস্যোপলব্ধির্নিয়তা দৃশ্যতে, যথাঽগ্নির্ভাব এব ধূমস্যেতি। নেত্যুচ্যতে। উদ্বাপিতেঽপ্যগ্নৌ গোপালঘটিকাদিধারিতস্য

কারণস্য ভাবঃ সত্তা চোপলম্ভশ্চ তস্মিন্ কার্য্যস্যোপলব্ধের্ভাবাচ্চ। এতদুক্তং ভবতি। বিষয়পদং বিষয়বিষয়িপরং বিষয়িপদমপি বিষয়িবিষয়পরম্। তেন কারণোপলম্ভভাবয়োরূপাদেয়োপলম্ভভাবাদিতি সূত্রার্থঃ সম্পদ্যতে। তথা চ প্রভারূপানুবিদ্ধবুদ্ধিবোধ্যেন চাক্ষুষেণ ন ব্যভিচারো নাপি বহ্নিভাবাভাবানুবিধায়িভাবাভাবেন ধূমভেদেনেতি সিদ্ধং ভবতি। তত্র যথোক্তহেতোরেকদেশাভিধানেনোপক্রমতে ভাষ্যকারঃ। "ইতশ্চ কারণাদনন্যত্বং" ভেদাভাবঃ "কার্য্যস্য, যৎ কারণং" যস্মাৎ কারণাৎ, "ভাব এব কারণস্য" ইতি। অস্য ব্যতিরেকমুখেন গমকত্বমাহ—"ন চ নিয়মেন" ইতি। কাকতালীয়ন্যায়েনান্যভাবেঽন্যদুপলভ্যতে, ন তু নিয়মেনেত্যর্থঃ। হেতুবিশেষণায় ব্যভিচারং চোদয়তি—"নন্বন্যভাবেঽপী"তি। একদেশিমতেন পরিহরতি "নেত্যুচ্যত" ইতি। শঙ্কৈকদেশিপরিহারং দূষ

থাকিলে ঘটের ও তন্তু থাকিলে পটের উপলব্ধি হয়, না থাকিলে হয় না। [নচ...মানত্বাৎ] এক পদার্থের বিদ্যমানতায় অন্য পদার্থের উপলব্ধি হইতে দেখা যায় না। যেমন অশ্ব থাকিলে বা অশ্বের দর্শনে গাভীর উপলব্ধি হয় না, সেইরূপ। কুলালের সহিত ঘটের নিমিত্তনৈমিত্তিক সম্বন্ধ থাকিলেও কুলালের বিদ্যমানতায় নিয়মিতরূপে ঘটের উপলব্ধি হয় না। (অভিপ্রায় এই যে, মৃত্তিকা ও ঘট গবাশ্বের ন্যায় অত্যন্ত বিভিন্ন হইলে মৃত্তিকার কারণতা উচ্ছিন্ন হইত)। যদি বল, ভিন্নপদার্থের সদ্ভাবে ভিন্নপদার্থের উপলব্ধি হইতে দেখা যায়, যেমন অগ্নির সদ্ভাবে ধূমের, আমরা বলি, তাহা নিয়ত নহে। অগ্নি না থাকিলেও, অগ্নি নির্বাণপ্রাপ্ত হইলেও, গোপঘটিকাদিতে ধূমের দর্শন হয়। (গোপঘটিকা—গোষ্ঠস্থ

ধূমস্য দৃশ্যমানত্বাৎ। অথ ধূমং কয়াচিদবস্থয়া বিশিংষ্যাৎ ঈদৃশো ধূমো নাসত্যগ্নৌ ভবতীতি, নৈবমপি কশ্চিদ্দোষঃ। তদ্ভাবানুরক্তাং হি বুদ্ধিং কার্য্যকারণয়োরনন্যত্বে হেতুং বয়ং বদামঃ। ন চাসাবগ্নিধূময়োর্বিদ্যতে। ভাবাচ্চোপলব্ধেরিতি বা সূত্রম্। ন কেবলং শব্দাদেব কার্য্যকারণয়োরনন্যত্বং, প্রত্যক্ষোপলব্ধের্ভাবাচ্চ তয়োরনন্যত্বমিত্যর্থঃ। ভবতি হি প্রত্যক্ষোপলব্ধিঃ কার্য্যকারণযোরনন্যত্বে। তদ্‌যথা তন্তু-সংস্থানে তন্তুব্যতিরেকেণ পটো নাম কার্য্যং নৈবোপলভ্যতে,

---

য়িত্বা পরমার্থপরিহারমাহ—"অথ" ইতি। তদনেন হেতুবিশেষণমুক্তম্। পাঠান্তরেণেদমেব সূত্রং ব্যাচষ্টে—"ন কেবলং শব্দাদেব" ইতি। পট ইতি হি প্রত্যক্ষবুদ্ধ্যা তন্তব এবাতানবিতানাবস্থা আলম্ব্যন্তে ন তু তদতিরিক্তঃ পটঃ প্রত্যক্ষমুপলভ্যতে। একত্বন্তু তন্তুনামেকপ্রাবরণলক্ষণা-র্থক্রিয়াবচ্ছেদাদ্বহূনামপি। যথৈকদেশকালাবচ্ছিন্না ধবখদিরপলাশাদয়ো বহবোঽপি বনমিতি। অর্থক্রিয়ায়াঞ্চ প্রত্যেকমসমর্থা অপ্যনারভ্যৈবার্থা-ন্তরং কিঞ্চিন্মিলিতাঃ কুর্ব্বন্তো দৃশ্যন্তে যথা গ্রাবাণ উখাধারণমেকম্। এবমনারভ্যৈবার্থান্তরং তন্তবো মিলিতাঃ প্রাবরণমেকং করিষ্যন্তি। ন চ সমবায়াদ্ভিন্নয়োরপি ভেদানবসায় ইতি সাম্প্রতম্। অন্যোন্যাশ্রয়-ত্বাৎ। ভেদে হি সিদ্ধে সমবায়ঃ সমবায়াচ্চ ভেদঃ। ন চ ভেদে সাধনা-

---

ভাণ্ডবিশেষ)। [অথ...র্বিদ্যতে] যদি বল, ধূম অবস্থাবিশেষে বিশেষিত হইবেক, অগ্নি না থাকিলে তাদৃশ অর্থাৎ অবিচ্ছিন্নমূল ধূম থাকে না, সুতরাং অগ্নি থাকিলে নিশ্চিত তাদৃশ ধূম থাকিবে। আমরাও বলি, ঐরূপ বলিতে পার, বলিলে দোষ হইবেক না। আমরাও তদ্ভাবানুরক্তা বুদ্ধিকে (জ্ঞানকে) কার্য্যকারণের প্রভেদ না থাকার কারণ বলিতে বাধ্য আছি। কিন্তু তাদৃশ বুদ্ধি অগ্নিধূমে বিদ্যমান থাকে না। [ভাবাচ্চো... বয়বাঃ] অথবা "অভাবোপলব্ধেঃ" এরূপ সূত্র এবং তাহার অর্থ এইরূপ— কার্য্যকারণের অভেদ কেবল শাস্ত্রসিদ্ধ নহে, তদ্বিষয়ে প্রত্যক্ষানুভবও আছে। তন্তুর সন্নিবেশবিশেষ (সাজান) ব্যতীত বস্ত্র নামক পৃথক্ কার্য্য

কেবলাস্তু তন্তব আতানবিতানবন্তঃ প্রত্যক্ষমুপলভ্যন্তে। তথা তন্তবংশবোহংশুষু তদবয়বাঃ। অনয়া প্রত্যক্ষোপলব্ধ্যা লোহিতশুক্লকৃষ্ণানি ত্রীণি রূপাণি ততো বায়ুমাত্রমাকাশমাত্রঞ্চেত্যনুমেয়ম্। ততঃ পরং ব্রহ্মৈকমেবাদ্বিতীয়ম্। তত্র সর্ব্বপ্রমাণানাং নিষ্ঠামবোচাম ॥ ১৫ ॥

সত্ত্বাচ্চাবরস্য ॥ ১৬ ॥ *

ইতশ্চ কারণাৎ কার্য্যস্যানন্যত্বং যৎকারণং প্রাগুৎপত্তেঃ কারণাত্মনৈব কারণে সত্ত্বমবরকালীনস্য কার্য্যস্য শ্রূয়তে, সদেব সোম্যেদমগ্র আসীৎ, আত্মা বা ইদমেক এবাগ্র আসীৎ,

---

ন্তরমপি অর্থক্রিয়াব্যপদেশভেদয়োরভেদেপ্যুপপত্তেরিত্যুপপাদিতম্। তস্মাৎ যৎকিঞ্চিদেতৎ। অনয়া চ দিশা মূলকারণং ব্রহ্মৈব পরমার্থসদবান্তরকারণানি চ তন্ত্বাদয়ঃ সর্ব্বেঽনির্ব্বাচ্যা এবেত্যাহ "তথা চ তন্তুষ্বি"তি।

বিভজতে—"ইতশ্চ" ইতি। ন কেবলং শ্রুতিঃ, উপপত্তিশ্চাত্র ভবতি।

প্রতীত হয় না। কেবল কতকগুলি সূত্রই আতান-বিতান (তানা ও পড়েন) ভাবে থাকিতে দেখা যায়। সেইরূপ, তন্তুতে অংশু (আঁশ) ও অংশুতে অংশুর অবয়ব প্রত্যক্ষ হয়, অন্য কিছু প্রত্যক্ষ হয় না। [অনয়া... বোচাম] এইরূপ, প্রত্যক্ষ উপলব্ধির (সাক্ষাৎ জ্ঞানের) দ্বারা লোহিত-শুক্ল-কৃষ্ণরূপের এবং তাহার দ্বারা বায়ুমাত্রার ও আকাশমাত্রার অনুমান করিবে। তাহারই পরে এক অদ্বয়ব্রহ্ম অনুভূত হইবেক। এই অদ্বয়ব্রহ্মই সর্ব্বপ্রপঞ্চের নিষ্ঠা (সমাপ্তি স্থান ও আশ্রয়), ইহা পূর্ব্বেও বলা হইয়াছে।

শ্রুতিতে, উৎপত্তির পূর্ব্বে জগৎকার্য্যের কারণে কারণাকারে থাকার কথা আছে, সে হেতুতেও কার্য্য কারণ ভিন্ন নহে। "হে সোম্য! এ সকল অগ্রে সৎ-ই ছিল।" "অগ্রে অর্থাৎ সৃষ্টির পূর্ব্বে এ সকল এক আত্মা ছিল।"

---

* অবরস্য পরভবিকস্য কার্য্যস্য সত্ত্বাৎ কারণাত্মনাবস্থানাৎ অপি কারণাদনন্যত্বং কার্য্যস্যেতি যোজনা। ইদং জগৎ সদাত্মৈবাসীদিতি সামানাধিকরণ্যশ্রুত্যা সৃষ্টেঃ প্রাক্ কার্য্যস্য কারণাত্মনা সত্ত্বং শ্রুতং তদন্যথানুপপত্ত্যা উৎপন্নস্যাপি জগতঃ কারণাদনন্যত্বমভেদ ইতি

ইত্যাদাবিদংশব্দগৃহীতস্য কার্য্যস্য কারণেন সামানাধিকরণ্যাৎ। যচ্চ যদাত্মনা যত্র ন বর্ত্ততে ন তৎ তত উৎপদ্যতে, যথা সিকতাভ্যস্তৈলম্। তস্মাৎ প্রাগুৎপত্তেরনন্যত্বাদুৎপন্নমপ্যনন্যদেব কারণাৎ কার্য্যমিত্যবগম্যতে। যথা চ কারণং ব্রহ্ম ত্রিষু কালেষু সত্ত্বং ন ব্যভিচরতি, এবং কার্য্যমপি জগৎ ত্রিষু কালেষু সত্ত্বং ন ব্যভিচরতি। একঞ্চ পুনঃ সত্ত্বং, অতোঽপ্যনন্যত্বং কারণাৎ কার্য্যস্য ॥ ১৬ ॥

"যচ্চ যদাত্মনা" ইতি। ন হি তৈলং সিকতাত্মনা সিকতায়ামস্তি, যথা ঘটোঽস্তি মৃদি মৃদাত্মনা। প্রত্যুৎপন্নো হি ঘটো মৃদাত্মনোপলভ্যতে, নৈবং প্রত্যুৎপন্নং তৈলং সিকতাত্মনা। তেন যথা সিকতাভ্যস্তৈলং ন জায়ত এবমাত্মনোঽপি জগন্ন জায়েত। জায়তে চ তস্মাদাত্মাত্মনাসীদিতি গম্যতে। উপপত্ত্যন্তরমাহ "যথা চ কারণং ব্রহ্ম" ইতি। যথা হি ঘটঃ সর্ব্বদা সর্ব্বত্র ঘট এব, ন জাত্বসৌ ক্বচিৎ পটোভবতি, এবং সদপি সর্ব্বত্র সর্ব্বদা সদেব ন তু ক্বচিৎ কদাচিদসদ্ভবিতুমর্হতীত্যুপপাদিতমধস্তাৎ। তস্মাৎ কার্য্যং ত্রিষ্বপি কালেষু সদেব। সত্ত্বং চেৎ কিমতো যদ্যেবমিত্যত আহ "একঞ্চ পুন"রিতি। সত্ত্বং চৈকং কার্য্যকারণয়োঃ। ন হি প্রতিব্যক্তি সত্ত্বং ভিদ্যতে। ততশ্চাভিন্নসত্তানন্যত্বাদেতে অপি মিথো ন ভিদ্যেত ইতি। ন চ তাভ্যামনন্যত্বাৎ সত্ত্বস্যৈব ভেদ ইতি যুক্তম্। তথা সতি হি সত্ত্বস্য সমারোপিতত্বপ্রসঙ্গঃ। তত্র ভেদাভেদয়োরন্যতরসমারোপকল্পনায়াং কিং তাত্ত্বিকাভেদোপাদানাঽভেদকল্পনাস্তাহো তাত্ত্বিকভেদোপা-

---

ইত্যাদি শ্রুতিতে কারণের সহিত ইদম্-শব্দ-বাচ্য জগতের সামানাধিকরণ্য (অভেদ) কথিত হওয়াতেও কার্য্যকারণ ভিন্ন নহে (পৃথক্ বস্তু নহে)। [যচ্চ...কার্য্যস্য] যাহা যাহাতে তদ্রূপে থাকে না তাহা তাহা হইতে জন্মে না। যেমন বালুকা হইতে তৈল জন্মে না। অতএব, কার্য্য যেমন উৎপত্তির পূর্ব্বে কারণের সহিত অভেদ, তেমনি, উৎপন্ন হইলেও অভেদ। যেমন কোনও কালে কারণ ব্রহ্মের সত্তার ব্যভিচার নাই, তেমনি, কার্য্য-

---

সূত্রার্থ।—উৎপন্ন হইবার পূর্ব্বে কার্য্য কারণরূপে থাকে। শ্রুতিতেও জগৎকার্য্যের সদাত্মরূপে থাকা কথিত হইয়াছে। এই দুই হেতুতেও কার্য্যকারণভিন্ন নহে।

অসদ্ব্যপদেশান্নেতি চেন্ন ধর্ম্মান্তরেণ বাক্যশেষাৎ ॥ ১৭ ॥ *

ননু ক্বচিদসত্ত্বমপি প্রাগুৎপত্তেঃ কার্য্যস্য ব্যপদিশতি শ্রুতিঃ, অসদেবেদমগ্র আসীৎ ইতি, অসদ্বা ইদমগ্র আসীৎ ইতি চ। তস্মাদসদ্ব্যপদেশান্ন প্রাগুৎপত্তেঃ কার্য্যস্য সত্ত্বমিতি চেৎ, নেতি ব্রূমঃ। ন হ্যয়মত্যন্তাসত্ত্বাভিপ্রায়েণ প্রাগুৎপত্তেঃ কার্যস্যাসদ্ব্যপদেশঃ। কিং তর্হি। ব্যাকৃতনামরূপত্বাদ্ধর্ম্মাদব্যাকৃতনামরূপত্বং ধর্ম্মান্তরম্। তেন ধর্ম্মান্তরে-

---

দানা ভেদকল্পনেতি। বয়স্তু পশ্যামো ভেদগ্রহস্য প্রতিযোগিগ্রহাপেক্ষত্বাদ্ভেদগ্রহমন্তরেণ চ প্রতিযোগিগ্রহাসম্ভবাদন্যোন্যসংশ্রয়াপত্তেরভেদগ্রহস্য চ নিরপেক্ষতয়া তদনুপপত্তেরৈকৈকাশ্রয়ত্বাচ্চ ভেদস্যৈকাভাবে তদনুপপত্তেরভেদগ্রহোপাদানৈব ভেদকল্পনেতি সর্ব্বমবদাতম্।

ভূত জগতেরও ত্রৈকালিক সত্তার ব্যভিচার নাই। সত্তা একই, সে হেতুতেও কার্য্য কারণ হইতে অপৃথক্।

শ্রুতি কোন কোন স্থলে উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অসত্তা (অভাব বা না থাকা) বর্ণন করিয়াছেন, যথা—"এ সকল অগ্রে অসৎ ছিল" "এ সকল অগ্রে অসৎ ছিল" ইত্যাদি। সেই সেই শ্রুতির বর্ণনা দেখিয়া কি বল, উৎপত্তির পূর্ব্বে কার্য্য অসৎ অর্থাৎ থাকে না, আমরা বলি, তা বলিতে পার না। কেন-না, ঐ ব্যপদেশ (উল্লেখ) অত্যন্তাভাব (এককালে না থাকা) অভিপ্রায়ে নহে। ব্যক্ততাপ্রাপ্ত নামরূপ অপেক্ষা অব্যক্ত নাম রূপের ব্যবহারিকভিন্নতা বা ভেদ আছে, তদনুসারে ঐ উল্লেখ হইয়াছে। উক্ত শ্রুতির তাৎপর্য্যার্থ এই যে, কার্য্যসকল উৎপত্তির পূর্ব্বে কারণরূপে থাকায় সুতরাং কারণ হইতে ভিন্ন নহে। উৎপন্ন হইলে তাহাতে

---

* অসদ্বা আস দিত্যাদিশ্রুতয়ঃ কার্য্যস্যাসত্ত্বং ব্রুবন্তি তেন সত্ত্বাদিত্যস্য হেতোরসিদ্ধতা চেৎ যদি ভণ্যতে তন্ন ভণ্যতাম্। কুতঃ। ধর্ম্মান্তরেণ ধর্ম্মান্তরবিষয়ঃ স ব্যপদেশঃ। ধর্ম্মান্তর ব্যপদেশশ্চ বাক্যশেষাৎ নিশ্চীয়ত ইতি সূত্রার্থঃ।—অন্য শ্রুতির, সৃষ্টির পূর্ব্বে এ সকল অসৎ ছিল, এইরূপ উক্তিতে কার্য্যকারণের ভেদ প্রমাণীকৃত হয় না। কারণ, ঐ উক্তি ধর্ম্মান্তরপ্রাপ্তিমূলক। অর্থাৎ জগৎ এরূপ ব্যক্তধর্ম্মবান্ ছিল না, অব্যক্তধর্ম্মবান্ ছিল, এতন্মূলক।

ণায়মসদ্ব্যপদেশঃ প্রাগুৎপত্তেঃ সত এব কার্য্যস্য কারণ-রূপেণানন্যস্য। কথমেতদবগম্যতে। বাক্যশেষাৎ। যদু-পক্রমে সন্দিগ্ধার্থং বাক্যং তচ্ছেষাদেব নিশ্চীয়তে। ইহ চ তাবৎ অসদেবেদমগ্র আসীৎ ইত্যসচ্ছব্দেনোপক্রমে নির্দ্দিষ্টং যৎ তদেব পুনস্তচ্ছব্দেন পরামৃশ্য সদিতি বিশিনষ্টি তৎ সদাসীৎ ইতি। অসতশ্চ পূর্ব্বাপরকালাসম্বন্ধাদাসীচ্ছব্দা-নুপপত্তেশ্চ। অসদ্বা ইদমগ্র আসীৎ, ইত্যত্রাপি তদাত্মানং স্বয়মকুরুত ইতি বাক্যশেষে বিশেষণান্নাত্যন্তাসত্ত্বম্। তস্মাৎ ধর্ম্মান্তরেণৈবায়মসদ্ব্যপদেশঃ প্রাগুৎপত্তেঃ কার্য্যস্য। নাম-

---

ব্যাকৃতত্বাব্যাকৃতত্বে চ ধর্ম্মাবনির্ব্বচনীয়ৌ। সূত্রমেতন্নিগদব্যাখ্যাতেন ভাষ্যেণ ব্যাখ্যাতম্।

ব্যক্ততাধর্ম্মের আগমন হয়, সুতরাং তাহার ব্যবহারও অন্যরূপ হয়। [কথ...সত্ত্বম্] জগৎ এরূপ ব্যক্তধর্ম্মবান্ ছিল না, এই অভিপ্রায়ে ঐ অসৎ ব্যপদেশ (ছিল না বলা), ইহা ঐ প্রস্তাবের শেষবাক্যের দ্বারা জানা গিয়াছে। উপক্রমে (আরম্ভকালে) সন্দিগ্ধবাক্য থাকিলে শেষ বাক্যের দ্বারা তাহার অর্থনিশ্চয় হয়। অতএব "অগ্রে এ সকল অসৎ-ই ছিল" এই উপক্রম বাক্যে যাহাকে অসৎ-শব্দে নির্দ্দেশ করিয়াছেন বাক্যশেষে তাহাকেই লক্ষ্য বা আকর্ষণ করিয়া সৎ বলিয়াছেন। যথা—"সেই সৎ ছিল।" ইত্যাদি। যাহা অত্যন্ত অসৎ, অভাবাত্মক বা নিরুপাখ্য (শশ-শৃঙ্গতুল্য মিথ্যা), তাহাতে পূর্ব্বাপরকালসম্বন্ধ অনুপপন্ন। (সুতরাং বুঝা উচিত, অসৎ ছিল, এ অসৎ আত্যন্তিক অসৎ নহে)। "অসদ্বা আসীৎ" এ অসৎ যে আত্যন্তিক অসৎ নহে, তাহা "তিনি আপনি আপনাকে করি-লেন, সৃজন করিলেন" এই শেষ বাক্যের দ্বারা নির্ণীত হয়। [তস্মাৎ... চর্য্যতে] এতক্ষণে সিদ্ধ হইতেছে যে, শ্রুতির ঐ অসদ্বাদ ধর্ম্মান্তরঘটিত। যে বস্তু বিস্পষ্ট নামরূপ—সেই বস্তুকেই লোকে সৎ (আছে) বলে। পূর্ব্বে ইহা বিস্পষ্টনামরূপ ছিল না, কাযেই শ্রুতি লোকপ্রসিদ্ধি অনুবাদ করিয়া "এ সকল সৎ ছিল না বা অসৎ ছিল" এতদ্রূপ সোপচার বাক্য বলিয়াছেন।

রূপব্যাকৃতং হি বস্তু সচ্ছব্দার্হং লোকে প্রসিদ্ধং, অতঃ প্রাক্ নামরূপব্যাকরণাদসদিবাসীদিত্যুপচর্য্যতে ॥ ১৭ ॥

যুক্তেঃ শব্দান্তরাচ্চ ॥ ১৮ ॥ *

যুক্তেশ্চ প্রাগুৎপত্তেঃ কার্য্যস্য সত্ত্বমনন্যত্বঞ্চ কারণাদবগম্যতে। শব্দান্তরাচ্চ। যুক্তিস্তাবদ্বর্ণ্যতে। দধিঘটরুচকাদ্যর্থিভিঃ প্রতিনিয়তানি কারণানি ক্ষীরমৃত্তিকাসুবর্ণাদীন্যুপাদীয়মানানি লোকে দৃশ্যন্তে। ন হি দধ্যর্থিভির্মৃত্তিকোপাদীয়তে, ন ঘটাদ্যর্থিভিঃ ক্ষীরম্। তদসৎকার্য্যবাদেনোপপদ্যতে। অবিশিষ্টে হি প্রাগুৎপত্তেঃ সর্ব্বত্র সর্ব্বস্যাসত্ত্বে কস্মাৎ ক্ষীরাদেব দধ্যুৎপদ্যতে ন মৃত্তিকায়াঃ, মৃত্তিকায়া এব চ ঘট উৎপদ্যতে ন ক্ষীরাৎ। অথা-

---

'অসদেব' এই এব-শব্দের ইব অর্থ গ্রহণ করিতে হইবেক। অর্থাৎ অসৎপ্রায় ছিল, এইরূপ অর্থ হইবেক।

কার্য্য যে উৎপত্তির পূর্ব্বে থাকে ও কারণ-ভিন্ন নহে, ইহা যুক্তির দ্বারাও জানা যায়, শব্দান্তরের দ্বারাও জানা যায়। কিরূপ যুক্তির দ্বারা জানা যায় তাহা বলিতেছি। যাহারা দধি, ঘট ও রুচক প্রভৃতি প্রস্তুত করিবার ইচ্ছা করে তাহারা দুগ্ধ, মৃত্তিকা ও সুবর্ণ প্রভৃতি নির্দ্দিষ্ট কারণ (উপাদান) গ্রহণ করে। যে-সে দ্রব্য গ্রহণ করে না। দধিলিপ্সু মৃত্তিকা গ্রহণ করে না, ঘটলিপ্সুও দুগ্ধাদি আহরণ করে না। এরূপ নিয়মিত প্রবৃত্তি অসৎ কার্য্যবাদে অনুপপন্ন। যদি কোনরূপ বিশেষ না থাকে, কার্য্য যদি উৎপত্তির পূর্ব্বে কোথাও না থাকে, তাহা হইলে দুগ্ধ হইতেই বা দধি উৎপন্ন হয় কেন? মৃত্তিকা হইতেই বা না হয় কেন? মৃত্তিকা হইতেই বা ঘট হয় কেন? দুগ্ধ হইতেই বা না হয় কেন? [অথা...কার্য্যাম্] যদি বল, কার্য্য থাকা না-থাকা

---

* দধ্যাদ্যার্থিনাং ক্ষীরাদাবেব প্রবৃত্তিদৃশ্যতে তদন্যথানুপপত্তির্যুক্তিস্তস্মাৎ। শব্দান্তরাদিতি সদ্ব্যপদেশিশব্দাৎ। কার্য্যস্য প্রাক্ কারণানন্যত্বেন সত্বমিতি শেষঃ।—যুক্তির দ্বারা ও সদ্ব্যপদেশী শব্দের দ্বারা কার্য্যের কারণরূপে অবস্থান বা থাকা সিদ্ধ বা নির্ণীত হয়।

বিশিষ্টেঽপি প্রাগসত্ত্বে ক্ষীর এব দধ্নঃ কশ্চিদতিশয়ো ন মৃত্তিকায়াং, মৃত্তিকায়ামেব চ ঘটস্য কশ্চিদতিশয়ো ন ক্ষীর ইত্যুচ্যেত, তর্হি, অতিশয়বত্ত্বাৎ প্রাগবস্থায়া অসৎকার্য্যবাদহানিঃ সৎকার্য্যবাদসিদ্ধিশ্চ। শক্তিশ্চ কারণস্য কার্য্যনিয়মার্থা কল্প্যমানা নান্যা নাপ্যসতী বা কার্য্যং নিয়চ্ছেৎ, অসত্ত্বাবিশেষাদন্যত্বাবিশেষাচ্চ। তস্মাৎ কারণস্যাত্মভূতা শক্তিঃ শক্তেশ্চাত্মভূতং কার্য্যম্। অপি চ কার্য্যকারণয়োর্দ্রব্যগুণাদীনাঞ্চাশ্বমহিষবদ্ভেদবুদ্ধ্যভাবাৎ তাদাত্ম্যমভ্যুপ-

---

"অতিশয়বত্ত্বাৎ প্রাগবস্থায়া" ইতি। অতিশয়ো হি ধর্ম্মো নাসত্যতিশয়বতি কার্য্যে ভবিতুমর্হতীতি। নন্বু ন কার্য্যস্যাতিশয়োনিয়মহেতুরপি তু কারণস্য শক্তিভেদঃ, স চাসত্যপি কার্য্যে কারণস্য সত্ত্বাৎ সন্নেবেত্যত আহ—"শক্তিশ্চ" ইতি। নান্যা কার্য্যকারণাভ্যাম্, নাপ্যসতী কার্য্যাত্মনেতি যোজনা। "অপি চ কার্য্যকারণয়ো"রিতি। যদ্যপি ভাবাচ্চোপলব্ধেরিত্যত্রায়মর্থ উক্তস্তথাপি সমবায়দূষণায় পুনরবতারিতঃ। অনভ্যুপ-

---

নিয়মিত নহে, কারণসম্বন্ধেও কোনরূপ বিশেষ নিয়ম নাই, কিন্তু দধিসম্বন্ধীয় অতিশয় (এক প্রকার ধর্ম্ম বা শক্তি) দুগ্ধেই থাকে, মৃত্তিকায় থাকে না, এবং ঘটসম্বন্ধীয় অতিশয় মৃত্তিকাতেই থাকে, দুগ্ধে থাকে না, তাই ব্যুৎক্রম ঘটনা হয় না। এরূপ বলিলে অবশ্যই অসৎকার্য্যবাদ ভঙ্গ হইয়া সৎকার্য্যবাদ সিদ্ধ হইবে। কেন-না, পূর্ব্বাবস্থার অতিশয় থাকা স্বীকার করা হইতেছে। অতিশয় শব্দের অর্থ শক্তি, তাহা কারণে থাকিয়াই কার্য্যের নিয়মন করে। যাহাতে তাহা (কার্য্যশক্তি) থাকে না তাহা কারণও নহে সুতরাং কার্য্যও জন্মায় না। শক্তি কার্য্যকারণ ভিন্ন ও কার্য্যের ন্যায় অসৎ (না থাকা বা অভাবরূপিণী) হইলে তাহা কার্য্যের নিয়ামক হইত না। (অমুক হইতে অমুক হইবে, অমুক হইবে না, এরূপ নির্দ্দিষ্ট ব্যবস্থা থাকিত না)। অসত্ত্বের (না থাকার) ও অন্যত্বের অবিশেষপ্রযুক্ত অনিয়মেই কার্য্য হইত, কোন একটা নির্দ্দিষ্ট নিয়ম থাকিত না। অতএব, শক্তি কারণেরই স্বরূপ ও কার্য্য শক্তিরই স্বরূপ, ইহা অবশ্যস্বীকার্য্য। [অপিচ... প্রসঙ্গঃ] অশ্ব ও মহিষ যেমন অত্যন্ত ভিন্ন, সেরূপ ভিন্নতা কার্য্যে ও কারণে,

গন্তব্যম্। সমবায়কল্পনায়ামপি সমবায়স্য সমবায়িভিঃ সম্বন্ধেঽভ্যুপগম্যমানে তস্য তস্যাঽন্যোঽন্যঃ সম্বন্ধঃ কল্পয়িতব্য ইত্যনবস্থাপ্রসঙ্গঃ। অনভ্যুপগম্যমানে বা বিচ্ছেদপ্রসঙ্গঃ। অথ সমবায়ঃ স্বয়ং সম্বন্ধরূপত্বাদনপেক্ষ্যৈবাপরং সম্বন্ধং সম্বধ্যতে, সংযোগোঽপি তর্হি স্বয়ং সম্বন্ধরূপত্বাদনপেক্ষ্যৈব

গম্যমানে চ সমবায়স্য সমবায়িভ্যাং সম্বন্ধে বিচ্ছেদপ্রসঙ্গোঽবয়বাবয়বিদ্রব্যগুণাদীনাং মিথঃ। ন হ্যসম্বদ্ধঃ সমবায়িভ্যাং সমবায়ঃ সমবায়িনৌ সম্বন্ধয়েদিতি। শঙ্কতে—"অথ সমবায়ঃ স্বয়"মিতি। যথা হি সত্ত্বযোগাদন্যে গুণকর্ম্মাণি সন্তি সত্ত্বস্তু স্বভাবত এব সদিতি ন সত্ত্বান্তরযোগমপেক্ষতে, তথা সমবায়ঃ সমবায়িভ্যাং সম্বন্ধং ন সম্বন্ধান্তরমপেক্ষতে, স্বয়ং সম্বন্ধরূপত্বাদিতি, তদেতৎ সিদ্ধান্তান্তরবিরোধাপাদনেন নিরাকরোতি—"সংযোগোঽপি তর্হী"তি। ন চ সংযোগস্য কার্য্যত্বাৎ কার্য্যস্য চ সমবায়িকারণাধীনজন্মত্বাৎ অসমবায়ে চ তদনুপপত্তেঃ সমবায়কল্পনা সংযোগ ইতি বাচ্যম্। অজসংযোগে তদভাবপ্রসঙ্গাৎ। অপি চ সম্বন্ধাধীননিরূপণঃ সমবায়ো যথা সম্বন্ধিদ্বয়ভেদে ন ভিদ্যতে তন্নাশে চ ন নশ্যত্যপি তু নিত্য একঃ, এবং সংযোগোঽপি ভবেৎ, ততঃ কো দোষঃ? অথৈতৎপ্রসঙ্গভিয়া সংযোগবৎ সমবায়োঽপি প্রতিসম্বন্ধিমিথুনং ভিদ্যতে চানিত্যশ্চেত্যভ্যুপেয়তে, তথা সতি যথৈকস্মান্নিমিত্তকারণাদেব জায়ত এবং সংযোগোঽপি নিমিত্তকারণাদেব জনিষ্যত ইতি সমানম্ "তাদা-

---

তন্তুদ্রব্যে ও তত্তদ্‌গুণে প্রতীত হয় না। যেহেতু ভেদবুদ্ধি হয় না—সেই-হেতু কার্য্যকারণের তাদাত্ম্য অঙ্গীকার্য্য। যাঁহারা অভেদপ্রত্যায়ক সমবায়ের (সমবায় = একপ্রকার সম্বন্ধ। যে সম্বন্ধ বিভিন্ন বস্তুকে অভিন্ন বোধ করায়) কল্পনা করেন তাহাদের সমবায়িদ্রব্যের সহিত তৎসম্বন্ধ ঘটাইবার জন্য সম্বন্ধান্তর থাকা ও তৎসম্বন্ধসিদ্ধির জন্য অন্য সম্বন্ধের স্বীকার করিতে হয়, করিলে অনবস্থা দোষ হয়। না করিলে বিশিষ্টবুদ্ধির অভাব প্রসক্তি হয়। [অথ...নর্থক্যম্] সমবায় স্বয়ং সম্বন্ধরূপ, তৎকারণে সে সম্বন্ধান্তর অপেক্ষা করে না, এরূপ বলিলে আমরাও বলিব, সংযোগও সম্বন্ধরূপ, তাহাও সমবায়-সম্বন্ধের অপেক্ষা করিবে না। বস্তুতঃ দ্রব্য-গুণাদিতে ও উপাদান উপাদেয়ে তাদাত্ম্যপ্রতীতি ব্যতীত সমবায় নামক পদার্থের

সমবায়ং সম্বধ্যেত। তাদাত্ম্যপ্রতীতেশ্চ দ্রব্যগুণাদীনাং সমবায়কল্পনানর্থক্যম্। কথঞ্চ কার্য্যমবয়বি দ্রব্যং কারণেষ্ববয়বদ্রব্যেষু বর্ত্তমানং বর্ত্তেত কিং সমস্তেষ্ববয়বেষু বর্ত্তেতোত প্রত্যবয়বম্। যদি তাবৎ সমস্তেষু বর্ত্তেত ততোঽবয়ব্যনুপলব্ধিঃ প্রসজ্যেত, সমস্তাবয়বসন্নিকর্ষস্যাশক্যত্বাৎ। ন হি বহুত্বং সমস্তেষ্বাশ্রয়েষু বর্ত্তমানং ব্যস্তাশ্রয়গ্রহণেন গৃহ্যতে। অথাবয়বশঃ সমস্তেষু বর্ত্তেত, তদাপ্যারম্ভকাবয়বব্যতিরেকে-

---

ত্ম্যপ্রতীতেশ্চ" ইতি। সম্বন্ধাবগমো হি সম্বন্ধকল্পনাবীজং ন তাদাত্ম্যাবগমঃ। তস্য নানাত্বৈকাশ্রয়সম্বন্ধবিরোধাদিতি। বৃত্তিবিকল্পেনাবয়বাতিরিক্তমবয়বিনং দূষয়তি "কথঞ্চ কার্য্য"মিতি। "সমস্তে"তি। মধ্যপরভাগয়োরর্ব্বাগ্ভাগব্যবহিতত্বাৎ। অথ সমস্তাবয়বব্যাসঙ্গ্যপি কতিপয়াবয়বস্থানো গ্রহীষ্যত ইত্যত আহ—"ন হি বহুত্ব"মিতি। "অথাবয়বশ" ইতি। বহুত্বসংখ্যা হি স্বরূপেণৈব ব্যাসজ্য সংখ্যেয়েষু বর্ত্তত ইত্যেকতমসংখ্যেয়াগ্রহণেঽপি ন গৃহ্যতে, সমস্তব্যাসঙ্গিত্বাত্তদ্রূপস্য। অবয়বী তু ন স্বরূপেণাবয়বান্ ব্যাপ্নোতি, অপি ত্ববয়বশঃ। তেন যথা সূত্রমবয়বৈঃ কুসুমানি ব্যাপ্নুবন্ন সমস্তকুসুমগ্রহণমপেক্ষতে কতিপয়কুসুমস্থানস্যাপি তস্যোপলব্ধেঃ, এবমবয়ব্যপীতি ভাবঃ। নিরাকরোতি—"তদাপী"তি।

প্রতীতি হয় না। তাদাত্ম্যপ্রতীতির দ্বারা অভীষ্টসিদ্ধি (অভেদবুদ্ধি) হইলে সমবায় কল্পনার প্রয়োজন কি? [কথঞ্চ ..গৃহ্যতে] বল দেখি, কারণরূপ অবয়ব-দ্রব্যে যে কার্য্যরূপী অবয়বী * বৃত্তিমান্ হয় (থাকে) তাহা কি স্বরূপতঃ সমুদায় অবয়বে? না অংশক্রমে প্রতি অবয়বে? স্বরূপতঃ সমুদায় অবয়বে থাকিলে অবয়বীর অনুভব হইতে পারে না। কারণ এই যে, সমস্ত অবয়বের সন্নিকর্ষ হয় না। (সন্নিকর্ষ=চক্ষুরাদির সহিত সংযোগ। বস্তুর কতক অংশ ইন্দ্রিয়সংযুক্ত হয়, কতক অংশ ব্যবহিত থাকে)। বহুত্ব যেমন সমস্ত আশ্রয়ে থাকে বলিয়া একটী আশ্রয়ের জ্ঞানে বহুর জ্ঞান হয় না, তেমনি, একাবয়বদর্শনে সমস্তাবয়ববৃত্তি অবয়বীর জ্ঞান হইবে না, ইহা অবশ্য স্বীকার্য্য। [অথা...কল্পনীয়ত্বাৎ] স্বরূপতঃ অর্থাৎ সর্ব্বাংশে না থাকুক,

---

* সূত্র,=অবয়ব। বস্ত্র=অবয়বী।

ণাবয়বিনোঽবয়বাঃ কল্প্যেরন্ যৈরবয়বৈরারম্ভকেম্ববয়বেম্ববয়বশোঽবয়বী বৰ্ত্তেত। কোশাবয়ববব্যতিরিক্তৈর্হ্যবয়বৈরসিঃ কোশং ব্যাপ্নোতি, অনবস্থা চৈবং প্রসজ্যেত, তেষু তেম্ববয়বেষু বৰ্ত্তয়িতুমন্যেষামন্যেষামবয়বানাং কল্পনীয়ত্বাৎ। অথ প্রত্যবয়বং বৰ্ত্তেত তদৈকত্র ব্যাপারেঽন্যত্রাব্যাপারঃ স্যাৎ। ন হি দেবদত্তঃ শ্রুঘ্নে সন্নিধীয়মানস্তদহরেব পাটলিপুত্রে সন্নিধীয়তে, যুগপদনেকত্র বৃত্তাবনেকত্বপ্রসঙ্গাদ্দেবদত্তযজ্ঞদত্তয়োরিব শ্রুঘ্নপাটলিপুত্রনিবাসিনোঃ। গোত্বাদিবৎ প্রত্যেকং পরিসমাপ্তেরদোষ ইতি চেৎ, ন, তথাপ্রতীত্যভাবাৎ। যদি

শঙ্কতে।—"গোত্বাদিব"দিতি। নিরাকরোতি—"নে"তি। যদ্যপি গোত্বস্য সামান্যস্য বিশেষা অনির্ব্বাচ্যা ন পরমার্থসন্তস্তথা চ কাঽস্য প্রত্যেকপরিসমাপ্তিরিতি, তথাপ্যভ্যুপেত্যেদমুদিতমিতি মন্তব্যম্। অকর্তৃকা যতোঽতোনিরাত্মিকা স্যাৎ। কারণাভাবে হি কার্য্যমনুৎপন্নং কিন্নাম

অংশে অংশে সমস্ত অবয়বে বৃত্তিমান হয় বলিলেও আরম্ভক (জনক) অবয়বের অতিরিক্ত অবয়বের কল্পনা করিতে হইবে কিন্তু সে কল্পনাতেও অনবস্থাদোষ আছে। কেন-না, সেই সেই অবয়বে বৃত্তিমান্ (থাকিবার) হইবার জন্য তদ্ভিন্ন তদ্ভিন্ন অবয়বের কল্পনা করিতে হয়। যেমন খড়্গের বৃত্তিতার জন্য হস্তাবয়বের, সেইরূপ। (হস্ত কোষ নহে হস্ত কোষ হইতে অতিরিক্ত)। [অথ...বাসিনোঃ] কার্য্যনামক অবয়বী ও অংশক্রমে কারণনামক অবয়বসমূহে বৃত্তিমান্ হয় (থাকে) বলিলে একাবয়বের (একাংশের) ব্যাপার কালে অন্যাবয়বের ব্যাপার হয় না কেন তাহা বলিতে হইবে। যেমন, একই দেবদত্ত শ্রুঘ্নদেশে উপস্থিত ও সেই দিবসেই পাটলিপুত্রে উপস্থিত হইতে ও থাকিতে পারেন না, উহাও সেইরূপ। এক সময়ে উভয়দেশে উপস্থিত থাকা দুই ব্যক্তি ব্যতীত হয় না। (অর্থাৎ বিভিন্ন অবয়বী স্বীকার করিতে হইবে। এ অবয়বী (বস্ত্র) ও সে অবয়বী (বস্ত্র) এক নহে; ভিন্ন, এইরূপ বলিতে হইবে। যেমন শ্রুঘ্ননিবাসী দেবদত্ত ও পাটলিপুত্রনিবাসী যজ্ঞদত্ত, সেইরূপ)। [গোত্বাদি... দৃশ্যতে] গোত্ব জাতি যেমন প্রত্যেক গো-ব্যক্তিতে থাকে অথচ বহুত্ব

গোত্বাদিবৎ প্রত্যেকং পরিসমাপ্তোঽবয়বী স্যাৎ। যথা গোত্বং প্রতি ব্যক্তিপ্রত্যক্ষং গৃহ্যতে এবমবয়ব্যপি প্রত্যবয়বং প্রত্যক্ষং গৃহ্যেত, ন চৈবং নিয়তং গৃহ্যতে। প্রত্যেকপরিসমাপ্তৌ চাবয়বিনঃ কার্য্যেণাধিকারাৎ তস্য চৈকত্বাৎ শৃঙ্গেণাপি স্তন-কার্য্যং কুর্য্যাৎ উরসা চ পৃষ্ঠকার্য্যম্। ন চৈবং দৃশ্যতে। প্রাগুৎপত্তেশ্চ কার্য্যস্যাসত্ত্ব উৎপত্তিরকর্ত্তৃকা নিরাত্মিকা চ স্যাৎ। উৎপত্তিশ্চ নাম ক্রিয়া সা সকর্ত্তৃকৈব ভবিতুমর্হতি গত্যাদিবৎ। ক্রিয়া চ নাম স্যাৎ অকর্ত্তৃকা চেতি বিপ্রতি-ষিধ্যেত। ঘটস্য চোৎপত্তিরুচ্যমানা ন ঘটকর্ত্তৃকা কিং

ভবেৎ, অতো নিরাত্মকত্বমিত্যর্থঃ। যদ্যুচ্যেত ঘটশব্দস্তদবয়বেষু ব্যাপারা-বিষ্টতয়া পূর্ব্বাপরীভাবমাপন্নেষু ঘটোপজনাভিমুখ্যেষু তাদর্থ্যনিমিত্তাদুপ-চারাৎ প্রযুজ্যতে তেষাঞ্চ সিদ্ধত্বেন কর্ত্তৃত্বমস্তীত্যুপপদ্যতে ঘটো ভবতীতি প্রয়োগ ইত্যত আহ—"ঘটস্য চোৎপত্তিরুচ্যমানে"তি। উৎপাদনা হি

দোষ হয় না, এখানেও সেইরূপ হইবেক, বহুত্ব দোষ হইবেক না, এরূপও বলিতে পার না। কারণ, প্রস্তাবিত স্থলে সেরূপ প্রতীতি হয় না। গোত্ব যেমন প্রত্যেক গোব্যক্তিতে প্রত্যক্ষ হয়; অবয়বী প্রত্যেক অবয়বে সেরূপ, প্রত্যক্ষগোচর হয় না। (একটী সুতায় বস্ত্রের প্রতীতি হয় না, কিন্তু একটী গাবীতে গোত্বের প্রতীতি হয়।) ইহাতেই বুঝিতে হইবেক, অবয়বী (বস্ত্র) গোত্বজাতির ন্যায় প্রতি অবয়বে (সুতায়) পরিসমাপ্ত নহে। অর্থাৎ থাকে না। একই অবয়বী যদি জাতির ন্যায় সমস্ত অবয়বে অবস্থান করিত, তাহা হইলে তাহার সর্ব্বস্থানে সমান কার্য্যাধিকার থাকিত। শৃঙ্গের দ্বারা স্তনের কার্য্য ও বক্ষের দ্বারা পৃষ্ঠের কার্য্য নির্ব্বাহ হইত। (দেবদত্তের কার্য্য অধ্যয়ন, দেবদত্ত তাহা গ্রামে ও অরণ্যে যথা ইচ্ছা তথা সম্পন্ন করিতে পারে। অবয়বী গাভী, তাহার কার্য্য দুগ্ধ দান, সেও তাহা শৃঙ্গের ও পুচ্ছের দ্বারা নির্ব্বাহ করিতে পারে, উক্ত দৃষ্টান্তে ইহা অবশ্য স্বীকার্য্য।) কিন্তু অদ্যাপি সেরূপ হইতে দেখা যায় নাই। [প্রাগুৎপত্তে...প্রতীতেশ্চ] কার্য্য উৎপত্তির পূর্ব্বে থাকে না, কোনও রূপ থাকে না, এরূপ হইলে উৎপত্তির কর্ত্তাও থাকে না, এবং উৎপত্তি

তর্হি অন্যকর্ত্তৃকেতি কল্প্যা স্যাৎ। তথা কপালাদীনামপ্যুৎপত্তিরুচ্যমানাঽন্যকর্ত্তৃকৈব কল্প্যেত। তথা চ সতি ঘট উৎপদ্যত ইত্যুক্তে কুলালাদীনি কারণান্যুৎপদ্যন্ত ইত্যুক্তং স্যাৎ। ন চ লোকে ঘটোৎপত্তিরিত্যুক্তে কুলালাদীনামপ্যুৎপদ্যমানতা প্রতীয়তে, উৎপন্নতাপ্রতীতেশ্চ। অথ স্বকারণ-

---

সিদ্ধানাং কপালকুলালাদীনাং ব্যাপারো নোৎপত্তিঃ। ন চোৎপাদনৈবোৎপত্তিঃ, প্রযোজ্যপ্রযোজকব্যাপারয়োর্ভেদাদভেদে বা ঘটমুৎপাদয়তীতিবদ্ঘটমুৎপদ্যত ইত্যপি প্রসঙ্গাৎ। তস্মাৎ করোতিকারয়ত্যোরিব ঘটগোচরয়োর্ভৃত্যস্বামিসমবেতয়োরুৎপত্ত্যুৎপাদনয়োরধিষ্ঠানভেদোঽভ্যুপেতব্যঃ। তত্র কপালকুলালাদীনাং সিদ্ধানামুৎপাদনাধিষ্ঠানানাং নোৎপত্ত্যধিষ্ঠানত্বমস্তীতি পারিশেষ্যাৎ ঘট এব সাধ্য উৎপত্তেরধিষ্ঠানমেষিতব্যঃ। ন চাঽসাবসন্নধিষ্ঠানং ভবিতুমর্হতীতি সত্ত্বমস্যাভ্যুপেয়ম্। এবঞ্চ ঘটো ভবতীতি ঘটব্যাপারস্য ধাতূপাত্তত্বাৎ তত্রাস্য কর্ত্তৃত্বমুপপদ্যতে তণ্ডুলানামিব সতাং বিক্লিত্তৌ বিক্লিদ্যন্তি তণ্ডুলা ইতি। শঙ্কতে—"অথ স্বকারণসত্তাসম্বন্ধ এবোৎপত্তি"রিতি। এতদুক্তং ভবতি।—নোৎপত্তির্নাম কশ্চিদ্ব্যাপারো যেনাসিদ্ধস্য কথমত্র কর্ত্তৃত্বমিত্যনুযুজ্যেত কিন্তু স্বকারণসমবায়ঃ স্বসত্তাসমবায়ো বা। স চাসতোপ্যবিরুদ্ধ ইতি। সোপ্যসতোঽনুপপন্ন ইত্যাহ—

পদার্থটী নিস্বরূপ হইয়া পড়ে। বিবেচনা কর, উৎপত্তি কি? উৎপত্তি এক প্রকার ক্রিয়া। যখন ক্রিয়া—তখন অবশ্যই তাহার কর্ত্তা আছে। ক্রিয়া অথচ কর্ত্তা নাই, এরূপ হয় না। ঘটের উৎপত্তি বলিলে ঘটকর্ত্তৃক উৎপত্তি এরূপ অর্থ হয় না কিন্তু অন্যকর্ত্তৃক, এইরূপ অর্থই হয়। কপালাদির উৎপত্তি বলিলেও অন্যকর্ত্তৃকতার কল্পনা করিতে হইবে। ঘট উৎপন্ন হইতেছে বলিলে কুম্ভকার প্রভৃতি কারণ উৎপন্ন হইতেছে, এরূপ বলা যায় না। কেন-না, ঘটোৎপত্তি শব্দে কুলালাদির উৎপত্তি প্রতীত হয় না, কেবল উৎপন্নতাই প্রতীত হয়। [অথ...ভবিষ্যতীতি] কারণ দ্রব্যে কার্য্যের সত্তাসম্বন্ধ হইলেই কার্য্যের উৎপত্তি ও আত্মলাভ (স্বরূপনিষ্পত্তি) হয়, এ কথা বলিলে আমরা জিজ্ঞাসা করিব, যাহার কোন স্বরূপ নাই কি প্রকারে তাহার সম্বন্ধ ঘটনা হইবে? বিদ্যমান পদার্থদ্বয়েরই সম্বন্ধ সম্ভব

সত্তাসম্বন্ধ এবোৎপত্তিরাত্মলাভশ্চ কার্য্যস্যেতি চেৎ, কথমলব্ধাত্মকং সম্বধ্যেতেতি বক্তব্যম্। সতোর্হি দ্বয়োঃ সম্বন্ধঃ সম্ভবতি ন সদসতোরসতোর্ব্বা, অভাবস্য চ নিরুপাখ্যত্বাৎ প্রাগুৎপত্তেরিতি মর্য্যাদাকরণমনুপপন্নম্। সতাং হি লোকে ক্ষেত্রগৃহাদীনাং মর্য্যাদা দৃষ্টা নাভাবস্য। ন হি বন্ধ্যাপুত্রো রাজা বভূব প্রাক্ পূর্ণবর্ম্মণোঽভিষেকাদিত্যেবঞ্জাতীয়কেন মর্য্যাদাকরণেন নিরুপাখ্যো বন্ধ্যাপুত্রো রাজা বভূব ভবতি ভবিষ্যতি ইতি বা বিশেষ্যতে। যদি চ বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাদূর্দ্ধমভবিষ্যৎ তত ইদমপি উপাপৎস্যত কার্য্যাভাবোঽপি কারকব্যাপারাদূর্দ্ধং ভবিষ্যতীতি। বয়ন্তু পশ্যামো বন্ধ্যাপুত্রস্য কার্য্যাভাবস্য চাভাবত্বাবিশেষাৎ। যথা বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারাদূর্দ্ধং ন ভবিষ্যতি এবং কার্য্যা-

---

"কথমলব্ধাত্মক"মিতি। অপি চ প্রাগুৎপত্তেরসত্ত্বং কার্য্যস্যেতি কার্য্যাভাবস্য ভাবেন মর্য্যাদাকরণমনুপপন্নমিত্যাহ—"অভাবস্য চ" ইতি। স্যাদেতৎ। অত্যন্তাভাবস্য বন্ধ্যাসুতস্য মাভূন্মর্য্যাদাঽনুপাখ্যো হি সঃ, ঘটপ্রাগভাবস্য তু ভবিষ্যতা ঘটেনোপাখ্যেয়স্যাঽস্তি মর্য্যাদেত্যত আহ।—"যদি চ বন্ধ্যাপুত্রঃ কারকব্যাপারা"দিতি। উক্তমেতদধস্তাৎ যথা ন জাতু ঘটঃ পটো ভবত্যেবমসদপি সন্ন ভবতীতি। তস্মান্মৃৎপিণ্ডে ঘটস্যাসত্ত্বে-

---

ক্ষয়, বিদ্যমান অবিদ্যমানের ও দুই অবিদ্যমানের সম্বন্ধ সম্ভব হয় না। অভাব পদার্থ মিথ্যা বা তুচ্ছ, সুতরাং তাহা "উৎপত্তির পূর্ব্বে" এরূপ মর্য্যাদা স্থান (সীমা স্থান) হইতে পারে না। অপিচ, যাহা সৎ—যাহা আছে—তাহাকেই সীমা করা যাইতে পারে। গৃহাদি সৎ, সে জন্য, গৃহাদিই সীমা হয় অসৎ বা অভাব সীমা হয় না। রাজা পূর্ণবর্ম্মের অভিষেকের পূর্ব্বে বন্ধ্যাপুত্র রাজা হইয়াছিল, এ বাক্য যেমন, উক্ত বাক্যও সেইরূপ। কারক-ব্যাপারের পরে যদি বন্ধ্যাপুত্র হয় বা থাকে, তাহা হইলে কার্য্যাভাবও কারকব্যাপারের পরে হইতে বা থাকিতে পারে। আমরা দেখিতেছি, কারক-ব্যাপারের উর্দ্ধে বন্ধ্যাপুত্রও অসৎ, কার্য্যাভাবও

ভাবোঽপি কারকব্যাপারাদূর্দ্ধং ন ভবিষ্যতীতি। নন্বেবং সতি কারকব্যাপারোঽনর্থকঃ প্রসজ্যেত, যথৈব হি প্রাক্-সিদ্ধত্বাৎ কারণস্য স্বরূপসিদ্ধয়ে ন কশ্চিদ্ব্যাপ্রিয়তে এবং প্রাক্‌সিদ্ধত্বাৎ তদনন্যত্বাচ্চ কার্য্যস্বরূপপ্রসিদ্ধয়েঽপি ন কশ্চিদ্ব্যাপ্রিয়েত ব্যাপ্রিয়তে চ। অতঃ কারকব্যাপারার্থবত্ত্বায় মন্যামহে প্রাগুৎপত্তেরভাবঃ কার্য্যস্যেতি। নৈষ দোষঃ। যতঃ কার্য্যাকারেণ কারণং ব্যবস্থাপয়তঃ কারকব্যাপারস্যার্থ-বত্ত্বমুপপদ্যতে। কার্য্যাকারোঽপি কারণস্যাত্মভূত এব,

---

ইত্যন্তাসত্ত্বমেবেতি। অত্রাসৎকার্য্যবাদী চোদয়তি "নন্বেবং সতী"তি। প্রাক্ প্রসিদ্ধমপি কার্য্যং কদাচিৎ কারণেন যোজয়িতুং ব্যাপারোঽর্থবান্ ভবেদিত্যত আহ—"তদনন্যত্বাচ্চ" ইতি। পরিহরতি।—"নৈষ দোষ" ইতি। উক্তমেতৎ যথা ভুজঙ্গতত্ত্বং ন রজ্জোর্ভিদ্যতে, রজ্জুরেব হি তৎ, কাল্পনিকস্তু ভেদঃ, এবং বস্তুতঃ কার্য্যতত্ত্বং ন কারণাদ্-ভিদ্যতে, কারণস্বরূপমেব হি তৎ, অনির্ব্বাচ্যন্তু কার্য্যরূপং, ভিন্নমিবা-

---

অসৎ। [নন্বেবং...ভাণি] যদি বল, সৎকার্য্য পক্ষে কারক-ব্যাপারের আনর্থক্য হয় অর্থাৎ যাহা থাকে, কর্ত্তা তাহার আর কি করিবে? যেমন পূর্ব্বসিদ্ধ কারণের স্বরূপনিষ্পত্তির জন্য কোনও ব্যক্তি য[illegible]বান্ হয় না, (যাহা আছে, সুতরাং তাহা করিতে হয় না), তেম[illegible], কার্য্যের জন্যও যত্নবান্ না হওয়া উচিত। কার্য্য যদি থাকে ত কিসের জন্য যত্ন? কারকের (দণ্ডচক্রাদির) আয়োজনই বা কেন? তাহাতে ব্যাপার প্রয়োগই বা কেন? অতএব, কারক-ব্যাপারের সার্থকাসিদ্ধির জন্য মানা উচিত যে, কার্য্য উৎপত্তির পূর্ব্বে থাকে না, পরে উৎপন্ন হয়। (যেহেতু থাকে না, সেই হেতু তাহা করিতে হয়)। এ প্রশ্নের প্রত্যুত্তর এই যে, কার্য্য দ্রব্য থাকিলেও কারকের আয়োজন ও সে সকলে ক্রিয়াপ্রয়োগ বৃথা বা নিষ্ফল নহে। কার্য্য থাকে বটে; কিন্তু কার্য্যাকারে থাকে না। কার্য্যাকারে থাকে না বলিয়াই তাহার কার্য্যাকারতা-সম্পাদনার্থ কারকব্যাপারের প্রয়োজন হয়। কারক-ব্যাপার কার্য্যাকার প্রাপ্ত করায়, সুতরাং তাহা সার্থক। অনর্থক নহে। সেই কার্য্যাকারও কারণের স্বরূপসন্নিবিষ্ট। যাহা যাহার স্বরূপ সন্নিবিষ্ট নহে—তাহা তাহার আরভ্য(জন্য)ও নহে।

অনাগ্নভূতস্যানারভ্যত্বাদিত্যভাণি। ন চ বিশেষদর্শনমাত্রেণ বস্ত্বন্যত্বং ভবতি। ন হি দেবদত্তঃ সঙ্কোচিতহস্তপাদঃ প্রসারিতহস্তপাদশ্চ বিশেষেণ দৃশ্যমানোঽপি বস্ত্বন্যত্বং গচ্ছতি, স এবেতি প্রত্যভিজ্ঞানাৎ। তথা প্রতিদিনমনেকসংস্থানানামপি পিত্রাদীনাং ন বস্ত্বন্যত্বং ভবতি, মম পিতা মম মাতা মম ভ্রাতা ইতি প্রত্যভিজ্ঞানাৎ। জন্মোচ্ছেদানন্তরিতত্বাৎ তত্র তত্র যুক্তং নান্যত্রেতি চেৎ, ন, ক্ষীরাদীনামপি দধ্যাদ্যাকারসংস্থানস্য প্রত্যক্ষত্বাৎ। অদৃশ্যমানানামপি বটধানাদীনাং সমানজাতীয়াবয়বান্তরোপচিতানামঙ্কুরাদিভাবেন

ভিন্নমিব চাবভাসত ইতি। তদিদমুক্তং "বস্ত্বন্যত্ব"মিতি। বস্তুতঃ পরমার্থতোঽন্যত্বং ন বিশেষদর্শনমাত্রাদ্ভবতি। সাম্ব্যবহারিকে তু কথঞ্চিত্তত্ত্বা-

---

এ কথা পূর্ব্বেও বলা হইয়াছে। [ন চ...জ্ঞানাৎ] আকারের বিশেষ থাকিলেই যে ভিন্ন বস্তু হয়—তাহা হয় না। মনুষ্য এক সময়ে সঙ্কুচিত হস্তপাদ ও অন্য সময়ে প্রসারিত হস্তপাদ এই দ্বিবিধ আকারে পরিদৃষ্ট হইলেও মনুষ্য এক। পূর্ব্বের সঙ্কুচিত হস্তপাদ মনুষ্যই ইদানীং প্রসারিত-হস্তপাদ হইয়া যাইতেছে ইহা প্রত্যভিজ্ঞাপ্রমাণসিদ্ধ। প্রতিদিনই পিতা প্রভৃতি বিভিন্নাকারে দৃষ্ট হন, তাই বলিয়া তাঁহারা কি নিত্য নূতন হন? ভিন্নাকারদর্শন কালেও আমার পিতা আমার মাতা আমার ভ্রাতা এবম্বিধ জ্ঞান হইয়া থাকে। [জন্ম...সংজ্ঞা] দিন দিন পিত্রাদিদেহের পরিবর্ত্তন হয় সত্য; কিন্তু জন্ম ও উচ্ছেদ হয় না। যেহেতু জন্ম ও উচ্ছেদ হয় না, সেই হেতু পিত্রাদিশরীর অভিন্ন। দুগ্ধ প্রভৃতিতে উচ্ছেদ ও দধি প্রভৃতিতে জন্ম দৃষ্ট হয়, সুতরাং উক্ত উভয় ভিন্ন, (জন্ম ও বিনাশ এই দুই বিরুদ্ধ ধর্ম্মের আগমন থাকায় কার্য্যকারণের ভিন্নতাই সিদ্ধ, অভেদ অসিদ্ধ). এ কথাও বলিবার যোগ্য নহে। কেন-না, দুগ্ধই দধির আকারে এবং মৃত্তিকাই ঘটের আকারে প্রত্যক্ষ হয়। সুতরাং তাহাতে উচ্ছেদ ও জন্ম উভয়ই অসিদ্ধ। বট বটবীজে সূক্ষ্মতানিবন্ধন অদৃশ্য থাকে, পরে সজাতীয় অবয়বের (পরমাণুর) প্রবেশ দ্বারা বৃদ্ধিপ্রাপ্ত হয়. তখন তাহা অঙ্কুরাদিরূপে দৃষ্টিগোচর হয়। তদ্রূপে দৃষ্টিগোচর হওয়ার নাম জন্ম এবং অবয়বের

দর্শনগোচরতাপত্তৌ জন্মসংজ্ঞা তেষামেবাবয়বানাং অপচয়-বশাদদর্শনতাপত্তাবুচ্ছেদসংজ্ঞা। তত্রেদৃক্‌জন্মোচ্ছেদান্তরিত-ত্বেন চেদসতঃ সত্ত্বাপত্তিঃ সতশ্চাসত্ত্বাপত্তিঃ, তথা সতি গর্ভবাসিন উত্তানশায়িনশ্চ ভেদপ্রসঙ্গঃ। তথা বাল্যযৌবন-স্থাবিরেষ্বপি ভেদপ্রসঙ্গঃ, পিত্রাদিব্যবহারলোপপ্রসঙ্গশ্চ। এতেন ক্ষণভঙ্গবাদঃ প্রতিবদিতব্যঃ। যস্য পুনঃ প্রাগুৎ-পত্তেরসৎ কার্য্যং তস্য নির্ব্বিষয়ঃ কারকব্যাপারঃ স্যাৎ, অভা-বস্য বিষয়ত্বানুপপত্তেঃ। আকাশস্য হননপ্রয়োজনখড়্গাদ্য-নেকায়ুধপ্রসক্তিবৎ। সমবায়িকারণবিষয়ঃ কারকব্যাপারঃ স্যাদিতি চেৎ, ন, অন্যবিষয়েণ কারকব্যাপারেণান্যনিষ্পত্তে-

ন্যত্বে ভবত এবেত্যর্থঃ। অনয়ৈব হি দিশা এষ সন্দর্ভো যোজ্যঃ। অসৎ-কার্য্যবাদিনং প্রতি দূষণান্তরমাহ—“যস্য পুন”রিতি। কার্য্যস্য কারণাদ-

ক্ষয় বশতঃ যখন তাহা দৃষ্টিপথাতীত হয় তখন তাহা উচ্ছেদ ও বিনাশ আখ্যা ধারণ করে। [তত্রেদৃক্...প্রসঙ্গশ্চ] যদি তদ্রূপ জন্মের ও বিনা-শের আবরণ দৃষ্টে (অবয়বের বৃদ্ধি হ্রাস দেখিয়া) বস্তুর ভিন্নতা অবধারণ কর, অনুমান কর, এবং তদনুসারে অসতের উৎপত্তি ও সতের বিনাশ স্বীকার কর, তাহা হইলে গর্ভবাসীর ও উত্তানশায়ীর ভিন্নতা স্বীকার করা উচিত। (যে গর্ভবাস করিয়াছিল সে ইদানীং উত্তানশায়ী ইহা বলিতে পার না)। অপিচ, বাল্য, যৌবন, বার্দ্ধক্য, এ সকল অবস্থাতেও ব্যক্তির ভিন্নতা স্বীকার করিতে হয়, করিলে পিত্রাদি-ব্যবহার লোপ প্রাপ্ত হয়। (যৌবনে যাহাকে পিতা বলিয়াছ, বার্দ্ধক্যে তাহাকে পিতা বলিতে পার না।) [এতেন...তব্যঃ] এই বিচারের দ্বারা বা এই সকল অসৎকার্য্যবাদনিরাসক যুক্তির দ্বারা ক্ষণিক-বাদেরও প্রতিবাদ করা হইল। [যস্য...কল্পয়িতুম্] উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না, কোনও আকারে থাকে না, এতন্মতে কারক-ব্যাপারের নৈষ্ফল্য জানিবে। কারণ, অভাব (যাহা নাই তাহা) কাহার বিষয় হয় না। অযোগ্য বিষয়ে কোনও কারক কৃতকার্য্য হয় না। শত শত খড়্গাদি অস্ত্র প্রয়োগ করিলেও আকাশের ছেদ ভেদ সংঘটন হয় না। কারক সকল সমবায়ী কারণকে বিষয় করে, সমবায়ী কারণেই ব্যাপৃত হয়, এ কথাও বলিবার অযোগ্য। কারণ, একের ব্যাপারে অন্যের

রতিপ্রসঙ্গাৎ। সমবায়িকারণস্যৈবাত্মাতিশয়ঃ কার্য্যমিতি চেৎ, ন, অতস্তর্হি সৎকার্য্যতাপত্তিঃ। তস্মাৎ ক্ষীরাদীন্যেব দ্রব্যাণি দধ্যাদিভাবেনাবতিষ্ঠমানানি কার্য্যাখ্যাং লভন্ত ইতি ন কারণাদন্যৎ কার্য্যং বর্ষশতেনাপি শক্যং কল্পয়িতুম্। তথা চ মূলকারণমেবান্ত্যাৎ কার্য্যাৎ তেন তেন কার্য্যাকারেণ নটবৎ সর্ব্বব্যবহারাস্পদত্বং প্রতিপদ্যতে। এবংযুক্তেঃ কার্য্যস্য প্রাগুৎপত্তেঃ সত্ত্বমনন্যত্বঞ্চ কারণাদবগম্যতে, শব্দান্তরাচ্চৈতদবগম্যতে। পূর্ব্বসূত্রেঽসদ্ব্যপদেশিনঃ শব্দস্যোদাহৃতত্বাৎ, ততোঽন্যঃ সদ্ব্যপদেশী শব্দঃ শব্দান্তরম্। "সদেব সোম্যেদমগ্র আসীৎ" "একমেবাদ্বিতীয়ং" ইত্যাদি "তদ্ধৈক আহুঃ"

ভেদে সবিষয়ত্বং কারকব্যাপারস্য স্যান্নান্যথেত্যর্থঃ। "মূলকারণং" ব্রহ্ম। শব্দান্তরাচ্চেতি সূত্রাবয়বমবতার্য্য ব্যাচষ্টে।—"এবং যুক্তেঃ কার্য্যস্য" ইতি। অতিরোহিতার্থম্।

উৎপত্তি অসম্ভব। সম্ভব বলিলে অতিব্যাপ্তি দোষ হইবে। দণ্ডচক্রাদি কারক মৃত্তিকায় ব্যাপৃত (ব্যাপার=কার্য্যজনক ক্রিয়া বিশেষ) হইলে কি স্বর্ণ উৎপত্তি হয়? তাহা হয় না। কার্য্যকে সমবায়ী কারণের আতিশয্যবিশেষ (অতিশয়=রূপান্তর-শক্তি) বলিতেও পারিবে না। বলিলে সৎকার্য্যবাদ স্বীকৃত হইবেক। সেই জন্যই বলি, দুগ্ধাদি দ্রব্য দধ্যাদিভাবে অবস্থিত হইলে তাহা কার্য্যনাম প্রাপ্ত হয় এবং শতবর্ষ ব্যাপিয়া চেষ্টা করিলেও কার্য্যের কারণাতিরিক্ততা প্রতিপাদন করিতে পারিবে না। [তথা চ.. গম্যতে] প্রবর্ত্তিত বিচারে এই ফল ফলিতেছে যে, এক মূলকারণই চরম কার্য্য পর্য্যন্ত সেই সেই কার্য্যের আকারে নটের ন্যায় সমুদয় ব্যবহারের আস্পদ হইতেছে। প্রদর্শিত যুক্তিতে উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অস্তিত্ব ও কারণাভিন্নত্ব সিদ্ধ হয় অর্থাৎ জানা যায়। যেমন যুক্তির দ্বারা জানা যায়, তেমনি, শব্দান্তরের দ্বারাও জানা যায়। [পূর্ব্ব ..ধারয়তি] পূর্ব্ব সূত্রে যে অসৎ-উল্লেখী শব্দের উদাহরণ গৃহীত হইয়াছে তদ্বিপরীত সৎ শব্দই শব্দান্তর। শ্রুতিতে সৎ-শব্দের উল্লেখ থাকাতেও উৎপত্তির পূর্ব্বে কার্য্যের অস্তিত্ব ও কারণাভিন্নত্ব জানা যায়। যথা—"হে সৌম্য! এ সকল আগে সৎই ছিল। তাহা এক ও দ্বিতীয়রহিত অর্থাৎ সর্ব্বপ্রকারভেদশূন্য।"

"অসদেবেদমগ্র আসীৎ" ইতি চাসৎপক্ষমুপক্ষিপ্য কথমসতঃ সজ্জায়েতেত্যাক্ষিপ্য "সদেব সৌম্যেদমগ্র আসীৎ" ইত্যবধারয়তি। তত্রেদংশব্দবাচ্যস্য কার্য্যস্য প্রাগুৎপত্তেঃ সচ্ছব্দবাচ্যেন কারণেন সামানাধিকরণ্যস্য শ্রূয়মাণত্বাৎ সত্ত্বানন্যত্বে প্রসিধ্যতঃ। যদি তু প্রাগুৎপত্তেরসৎ কার্য্যং স্যাৎ পশ্চাচ্চোৎপদ্যমানং কারণে সমবেয়াৎ তদাঽন্যৎ কারণাৎ স্যাৎ। তত্র 'যেনাশ্রুতং শ্রুতং ভবতি' ইতীয়ং প্রতিজ্ঞা পীড্যেত। সত্ত্বানন্যত্বাবগতেস্ত্বিয়ং প্রতিজ্ঞা সমর্থ্যতে ॥ ১৮ ॥

পটবচ্চ ॥ ১৯ ॥ *

যথা চ সংবেষ্টিতঃ পটো ন ব্যক্তং গৃহ্যতে কিময়ং পটঃ

ইত্যাদি। শ্রুতি "কেহ কেহ বলেন, এ সকল আগে অসৎ ছিল" এইরূপে অসদ্বাদকে পূর্ব্বপক্ষভুক্ত করিয়া পশ্চাৎ "কি প্রকারে অসৎ হইতে সতের আবির্ভাব হইতে পারে?" এবম্প্রকারে তাহার প্রতিবাদ করতঃ পরে "সৎ-ই ছিল" এইরূপ অবধারণ করিয়াছেন। [তত্রেদং… সমর্থ্যতে] প্রোক্ত শ্রুতিতে ইদং-শব্দ-বোধ্য জগৎকার্য্যের সহিত সৎশব্দ বোধ্য ব্রহ্ম কারণের সামানাধিকরণ্য অর্থাৎ অভেদ অভিহিত হওয়ায় কার্য্যের সত্ত্ব ও কারণাভিন্নত্ব প্রতীত হয়। উৎপত্তির পূর্ব্বে কার্য্য থাকে না, কারকব্যাপারে অভিনব উৎপন্ন হয়, কারণে সমবেত হয়, (অভেদ সম্বন্ধে সম্বদ্ধ হয়), এরূপ বলিতে গেলে কার্য্যকারণের ভেদ স্বীকার করিতে হয়। তাহাতে কারণ-জ্ঞানে কার্য্যের জ্ঞান সিদ্ধ হওয়ার প্রতিজ্ঞা থাকে না, ভঙ্গ হইয়া যায়। কিন্তু কার্য্য থাকে, কারণাকারে থাকে, সুতরাং তাহা কারণাতিরিক্ত নহে, এরূপ হইলে ঐ প্রতিজ্ঞা সংরক্ষিত হয়, কিছুমাত্র ক্ষতি হয় না।

সম্বেষ্টিত (গুটান) বস্ত্র স্পষ্টরূপে জ্ঞানগোচর হয় না, বস্ত্র কি অন্য

---

* সম্বেষ্টিতপট-প্রসারিতপট-দৃষ্টান্তেন কার্য্যং কারণাদভিন্নমিতি সূত্রার্থঃ। -- সম্বেষ্টিত ও প্রসারিত বস্ত্রের দৃষ্টান্তে কার্য্যসকল কারণাতিরিক্ত নহে। (ভাষ্য ব্যাখ্যা দেখ।

কিঞ্চান্যৎ দ্রব্যমিতি, স এব প্রসারিতো যৎ সংবেষ্টিতং দ্রব্যং স পট এবেতি প্রসারণেনাভিব্যক্তো গৃহ্যতে, যথা চ সংবেষ্টনসময়ে পট ইতি গৃহ্যমাণোঽপি ন বিশিষ্টায়ামবিস্তারো গৃহ্যতে স এব প্রসারণসময়ে বিশিষ্টায়ামবিস্তারো গৃহ্যতে, ন সংবেষ্টিতরূপাদয়ং ভিন্নঃ পট ইতি, এবং তন্ত্বাদিকারণাবস্থং পটাদিকার্য্যমস্পষ্টং সৎ তুরীবেমকুবিন্দাদিকারকব্যাপারাভিব্যক্তং স্পষ্টং গৃহ্যতে। অতঃ সংবেষ্টিতপটপ্রসারিতপটন্যায়েনৈবানন্যৎ কারণাৎ কার্য্যমিত্যর্থঃ ॥ ১৯ ॥

যথা চ প্রাণাদি ॥ ২০ ॥*

যথা চ লোকে প্রাণাপানাদিষু প্রাণভেদেষু প্রাণায়ামেন

কার্য্যমুপাদানাদ্ভিন্নং তদুপলব্ধাবপ্যনুপলভ্যমানত্বাৎ ততোঽধিকপরিমাণত্বাচ্চ মশকাদিব শশক ইত্যত্র ব্যভিচারার্থং সূত্রম্—পটবচ্চেতি। দ্বিতীয়হেতোর্ব্যভিচারং স্ফুটয়তি—যথা চ সম্বেষ্টনেতি। আয়ামো দৈর্ঘ্যম্। (ইতি রত্নপ্রভা)।

দ্রব্য তাহা বুঝা যায় না। কিন্তু তাহা প্রসারিত হইলে স্পষ্ট বুঝা যায়, বস্ত্র বলিয়া প্রতীত হয়। অপিচ সম্বেষ্টিত বস্তুকে বস্ত্র বলিয়া জানিলেও তাহার দৈর্ঘ্যবিস্তারাদি অজ্ঞাত থাকে, প্রসারিত হইলে আর তাহা অজ্ঞাত থাকে না। এ স্থলে সম্বেষ্টিত পট ও প্রসারিত পট ভিন্ন নহে, একই। এইরূপ, সূত্রাবস্থ বা কারণাবস্থ বস্ত্রাদিও বিস্পষ্ট বুঝা যায় না, বস্ত্রাদিরূপে জ্ঞানগোচর হয় না। কিন্তু যখন তাহা তুরী, বেমা, ও তন্তুবায় প্রভৃতির ব্যাপারে বিস্পষ্ট হয় তখন বিস্পষ্ট বুঝা যায়। অর্থাৎ তখন বস্ত্রজ্ঞান জন্মে। এতদ্দৃষ্টান্তে নিশ্চয় হয় যে, কার্য্য, কারণ হইতে ভিন্ন বা পৃথক্ নহে। সূতা ও কাপড় একই জিনিশ।

লোকমধ্যেও দেখা যায়, প্রাণ অপান সমান উদান ব্যান—এই পঞ্চপ্রাণ

---

* প্রাণাদিবচ্চেত্যর্থঃ।—প্রাণায়ামের দ্বারা প্রাণ অপান সমান উদান ও ব্যান এতন্নামক বৃত্তিপঞ্চক রুদ্ধ হইলে ঐ সকল কেবলমাত্র কারণভাবে বিদ্যমান থাকে। এতদ্দৃষ্টে যেমন মূল প্রাণের সহিত কার্য্যভূত প্রাণাদির অভেদ অঙ্গীকৃত হয়, অন্যান্য কার্য্যও সেইরূপ জানিবে। (বিস্তৃত বিবরণ ভাষ্য ব্যাখ্যায় দেখ)।

নিরুদ্ধেষু কারণমাত্ররূপেণ বর্ত্তমানেষু জীবনমাত্রং কার্য্যং নির্ব্বর্ত্ত্যতে নাকুঞ্চনপ্রসারণাদিকং কার্য্যান্তরং, তেষ্বেব প্রাণ-ভেদেষু পুনঃ প্রবৃত্তেষু জীবনাদধিকমাকুঞ্চনপ্রসরণাদিকমপি কার্য্যান্তরং নির্ব্বর্ত্ত্যতে। ন চ প্রাণভেদানাং প্রভেদবতঃ প্রাণাদন্যত্বং সমীরণস্বভাবাবিশেষাৎ। এবং কার্য্যস্য কারণা-দনন্যত্বম্। অতশ্চ কৃৎস্নস্য জগতো ব্রহ্মকার্য্যত্বাৎ তদনন্য-ত্বাচ্চ সিদ্ধৈষা শ্রৌতী প্রতিজ্ঞা, যেনাশ্রুতং শ্রুতং ভবত্যম-তং মতমবিজ্ঞাতং বিজ্ঞাতমিতি ॥ ২০ ॥

ইতরব্যপদেশাদ্ধিতাকরণাদিদোষ-প্রসক্তিঃ ॥ ২১ ॥ *

অন্যথা পুনশ্চেতনকারণবাদ আক্ষিপ্যতে। চেতনাদ্ধি

ইতি চ সূত্রে নিগদব্যাখ্যাতেন ভাষ্যেণ ব্যাখ্যাতে।

প্রাণায়ামের দ্বারা রুদ্ধ হইলে তাহা মাত্র কারণরূপে অবস্থান করে ও কেবল জীবন-কার্য্য (বেঁচে থাকা) নির্ব্বাহ করে। দেহের আকুঞ্চন ও প্রসা-রণ কিছুই করে না। সময়ান্তরে আবার ঐ সকল প্রাণ বৃত্তিমান হয়, হইয়া জীবনাতিরিক্ত আকুঞ্চনাদি কার্য্য নির্ব্বাহ করে। উক্ত প্রাণপঞ্চক যে-প্রাণের প্রভেদ, সেই মূল প্রাণ হইতে উক্ত প্রাণপঞ্চকের ভিন্নতা নাই। সকল গুলিই বায়ুস্বভাব, সুতরাং সকলগুলিই বস্তুতঃ এক অর্থাৎ অভিন্ন। কার্য্য যে কারণ-ভিন্ন নহে তাহা এই প্রাণদৃষ্টান্তেও নিশ্চয় হয়। যে হেতু সমস্ত জগৎ ব্রহ্মকার্য্য ও ব্রহ্মাভিন্ন—সেই হেতু শ্রুত্যুক্ত একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান সিদ্ধ হওয়ার প্রতিজ্ঞাও সিদ্ধ।

চেতন ব্রহ্মই জগৎকারণ, এই মতের বিরুদ্ধে অন্য আপত্তি উত্থা-

---

* পূর্ব্বপক্ষসূত্রমেতৎ। চেতনকারণবাদে হিতাকরণাদিদোষপ্রসক্তির্ভবতি। কস্মাৎ? ইতরব্যপদেশাৎ ইতরস্য জীবস্য ব্রহ্মত্বকথনাৎ অথবা ইতরস্য ব্রহ্মণো জীবত্বাভিধানাৎ। হিতাকরণঃ অহিতকরণম্। ব্রহ্ম যদি জীবো ভবেৎ তদা স্বানিষ্টং নরকাদিকং কস্মাৎ কথং বা জনয়েৎ? ন জনয়েদিতি ভাবঃ।—ব্রহ্মকারণবাদ স্বীকার করিতে গেলে ব্রহ্মের জীব ভাব হওনের শ্রুতি থাকায় নিজেই নিজের বন্ধন সৃষ্টি করার যে দোষ সেই দোষ হইবে।

জগৎপ্রক্রিয়ায়ামাশ্রীয়মাণায়াং হিতাকরণাদয়ো দোষাঃ প্রসজ্যন্তে। কুতঃ, ইতরব্যপদেশাৎ। ইতরস্য শারীরস্য ব্রহ্মাত্মত্বং ব্যপদিশতি শ্রুতিঃ, স আত্মা তত্ত্বমসি শ্বেতকেতো ইতি প্রতিবোধনাৎ। যদ্বা ইতরস্য চ ব্রহ্মণঃ শারীরাত্মত্বং ব্যপদিশতি, তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদিতি স্রষ্টুরেবাবিকৃতস্য ব্রহ্মণঃ কার্য্যানুপ্রবেশেন শারীরাত্মত্বদর্শনাৎ। অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি ইতি চ পরা দেবতা জীবমাত্মশব্দেন ব্যপদিশন্তী ন ব্রহ্মণো ভিন্নঃ শারীর ইতি দর্শয়তি। তস্মাদ্ যদ্ব্রহ্মণঃ স্রষ্টৃত্বং তচ্ছারীরস্যৈবেতি। অতশ্চ স্বতন্ত্রঃ কর্ত্তা সন্ হিতমেবাত্মনঃ সৌমনস্যকরং কুর্য্যাৎ

যদ্যপি শারীরাৎ পরমাত্মনো ভেদমাহুঃ শ্রুতয়স্তথাপ্যভেদমপি দর্শয়ন্তি শ্রুতয়ো বহ্ব্যঃ। ন চ ভেদাভেদাবেকত্র সমবেতৌ বিরোধাৎ। ন চ ভেদস্তাত্ত্বিক ইত্যুক্তম্। তস্মাৎ পরমাত্মনঃ সর্ব্বজ্ঞান্ন শারীরস্তত্ত্বতোঽভিদ্যতে। স এব ত্ববিদ্যোপধানভেদাদ্ঘটকরকাদ্যাকাশবদ্ভেদেন প্রথতে। উপহিতঞ্চাস্য রূপং শারীরম্। তেন মা নাম জীবাঃ পরমাত্মতামাত্মনোঽনুভূবন্। পরমাত্মা তু তানাত্মনোঽভিন্নাননুভবত্যননুভবে সার্ব্বজ্ঞ্যব্যাঘাতঃ। তথা চাহয়ং জীবান্ বধ্নন্নাত্মানমেব বধ্নীয়াৎ। তত্রেদমুক্তং

পিত হইতেছে। চেতন ব্রহ্ম হইতে জগৎসৃষ্টি হওয়ার প্রণালীতে হিতাকরণাদি দোষ আশ্রয় করে। কেন না, শ্রুতি ইতরের অর্থাৎ জীবের ব্রহ্মাত্মতা উপদেশ করিয়াছেন (ব্রহ্মকেই জীব বলিয়াছেন)। যথা—"হে শ্বেতকেতো! তাহাই আত্মা এবং তাহাই তুমি।" অথবা ইতর-শব্দে জীব-ভিন্ন অর্থাৎ ব্রহ্ম। শ্রুতি তাঁহার জীব হওয়া বলিয়াছেন। যথা—"ব্রহ্ম সৃষ্টি করিয়া সৃষ্ট পদার্থে প্রবিষ্ট আছেন।" এই শ্রুতিতে দেখা যায়, সৃষ্টিকর্ত্তা অবিকৃত ব্রহ্মই সৃষ্ট পদার্থে প্রবিষ্ট আছেন সুতরাং ব্রহ্মই জীব। [অনেন...দর্শয়তি] "সেই দেবতা আলোচনা করিলেন, আমি জীবাত্মরূপে প্রবিষ্ট হইয়া নাম-রূপের বিকাশ করিব।" এতৎ শ্রুত্যুক্ত পরা দেবতা জীবকে আত্মশব্দে বিশেষিত করিয়া ইহাই দেখাইয়াছেন যে, জীব ব্রহ্মভিন্ন নহে। [তস্মাদ্...কৃতমিতি] অতএব ব্রহ্মের সৃষ্টিকর্তৃত্ব ও জীবের সৃষ্টিকর্তৃত্ব

নাহিতং জন্মমরণজরারোগাদ্যনেকানর্থজালম্। ন হি কশ্চিদ-পরতন্ত্রো বন্ধনাগারমাত্মনঃ কৃত্বানুপ্রবিশতি। ন চ স্বয়মত্যন্ত-নির্ম্মলঃ সন্নত্যন্তমলিনং দেহমাত্মত্বেনোপেয়াৎ। কৃতমপি কথঞ্চিদ্‌যৎ দুঃখকরং তদিচ্ছয়া জহ্যাৎ সুখকরঞ্চোপাদদীত। স্মরেচ্চ, ময়েদং জগদ্বিবিধং বিচিত্রং বিরচিতমিতি, সর্ব্বো হি লোকঃ স্পষ্টং কার্য্যং কৃত্বা স্মরতি ময়েদং কৃতমিতি। যথা চ মায়াবী স্বয়ং প্রসারিতাং মায়ামিচ্ছয়াঽনায়াসেনৈবোপসং-হরতি, এবং শারীরোঽপি ইমাং সৃষ্টিং উপসংহরেৎ, স্বকীয়-

"ন হি কশ্চিদপরতন্ত্রো বন্ধনাগারমাত্মনঃ কৃত্বানুপ্রবিশতী"ত্যাদি। তস্মান্ন চেতনকারণং জগদিতি পূর্ব্বঃ পক্ষঃ।

তুল্য কথা। যদি তাহাই হয়, তবে ইহাও হইবে যে, যে স্বতন্ত্র কর্ত্তা হয় সে অবশ্যই আপনার হিতকর কার্য্য করে। যাহাতে আপনার অহিত হয় তাহা করে না। অহিতকর কার্য্য করে না। ব্রহ্মই যদি জীব হইয়া থাকেন ও সৃষ্টি করিয়া থাকেন, তাহা হইলে যাহাতে জন্ম, মরণ, জরা, রোগ, শোক, প্রভৃতি বহুল অনর্থ আছে তাহা করিবেন কেন? (জীব হইয়া, সৃষ্টি করিয়া, নরকাদি যন্ত্রণা ভোগ করিবেন কেন?) যে পরতন্ত্র নহে, স্বাধীন, সে-কি কখন কারাগার প্রস্তুত করিয়া তন্মধ্যে প্রবিষ্ট হয়? অত্যন্ত নির্ম্মল ব্রহ্ম কি-কারণে মলিন দেহকে আত্মভাবে গ্রহণ করিবেন? যদিও করিয়াছেন, তথাপি, যাহা দুঃখময় তাহা ইচ্ছা-পূর্ব্বক ত্যাগ করিতে এবং যাহা সুখকর তাহা গ্রহণ করিতে না পারেন কেন? অপিচ, যখন যে যাহা করে সে তাহা স্মরণ করিতেও পারে। প্রত্যেক লোককেই কার্য্য করিবার পর স্বকৃত কার্য্যকে "আমি ইহা করিয়াছি" এইরূপে স্মরণ করিতে দেখা যায়। অতএব জীবভাবাপন্ন ব্রহ্মেরও ইহা স্মরণ করা উচিত অর্থাৎ মনে পড়া উচিত যে, আমিই এই বিচিত্র জগৎ সৃষ্টি করিয়াছি! [যথা চ...মন্যতে] যেমন মায়াবী (ঐন্দ্রজালিক বা বাজিকর) স্বপ্রসারিত (নিজের উদ্ভাবিত) মায়াকে স্বেচ্ছাক্রমে ও বিনা ক্লেশে উপসংহার করে, জীবভাবাপন্ন ব্রহ্ম স্বকৃত সৃষ্টিকে ও শরীরকে সেরূপ স্বেচ্ছাক্রমে ও অক্লেশে উপ-সংহার করিতে না পারেন কেন? অতএব, অহিতকার্য্য দেখা যায়

মপি তাবৎ শরীরং শারীরো ন শক্নোত্যনায়াসেনোপসংহর্তুম্। এবং হিতক্রিয়াদ্যদর্শনাদন্যাব্যা চেতনাৎ জগৎপ্রক্রিয়েতি মন্যতে ॥ ২১ ॥

অধিকন্তু ভেদনির্দ্দেশাৎ ॥ ২২ ॥ *

তুশব্দঃ পূর্ব্বপক্ষং ব্যাবর্ত্তয়তি। যৎ সর্ব্বজ্ঞং সর্ব্বশক্তি ব্রহ্ম নিত্যশুদ্ধবুদ্ধমুক্তস্বভাবং শারীরাদধিকমন্যৎ তদ্বয়ং জগতঃ স্রষ্টৃ ব্রূমঃ। ন তস্মিন্ হিতাকরণাদয়ো দোষাঃ প্রসজ্যন্তে। ন হি তস্য হিতং কিঞ্চিৎ কর্ত্তব্যমস্ত্যহিতং বা পরিহর্ত্তব্যং নিত্যমুক্তত্বাৎ। ন চ তস্য জ্ঞানপ্রতিবন্ধঃ শক্তিপ্রতিবন্ধো

সত্যময়ং পরমাত্মা সর্ব্বজ্ঞত্বাৎ যথা জীবান্ বস্তুত আত্মনোঽভিন্নান্ পশ্যতি পশ্যত্যেবং ন ভাবত এষাং সুখদুঃখাদিবেদনাসঙ্গোঽস্তি। অবিদ্যাবশাত্ত্বেষাং তদ্বদভিমান ইতি। তথা চ তেষাং সুখদুঃখাদিবেদনায়ামপ্যহ-

---

বলিয়া নিশ্চিত হইতেছে যে, চেতন ব্রহ্ম জগতের স্রষ্টা নহে। (স্বতন্ত্র চেতন ব্রহ্ম এ সকল উৎপাদন করিলে অবশ্যই ইহাকে আত্মহিতোপযোগী করিতেন। তাহা যখন করেন নাই তখন ব্রহ্ম কারণক জগৎপ্রক্রিয়া অঙ্গীকার অবশ্যই অন্যায্য।)

তু-শব্দের দ্বারা পূর্ব্বপক্ষের অর্থাৎ হিতাকরণাদি দোষ হওয়ার আপত্তি নিরস্ত করা হইতেছে। ব্রহ্ম নিত্য শুদ্ধবুদ্ধমুক্ত স্বভাব, সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, তিনি জীব হইতে অধিক সুতরাং ভিন্ন। তাঁহাকেই আমরা জগতের স্রষ্টা বলি, জীবকে স্রষ্টা বলি না। ব্রহ্মে হিতাকরণাদি দোষের প্রসক্তিই নাই। ব্রহ্ম নিত্যমুক্ত; সুতরাং তাঁহার হিত অহিত কোনও প্রকার কর্ত্তব্য নাই।

---

* তু-শব্দঃ পূর্ব্বপক্ষনিরাসার্থঃ। ভেদনির্দ্দেশাৎ ভিন্নতয়া ব্রহ্মণোঽভিধানাৎ জীবাদধিকং ব্রহ্ম। ততো ন পূর্ব্বোক্তপূর্ব্বপক্ষাবসর ইত্যর্থঃ।—শ্রুতি ব্রহ্মকে জীবভিন্ন বলিয়াছেন সুতরাং তিনি জীব হইতে অধিক। যে হেতু ব্রহ্ম জীবাধিক—সেই হেতু ঐ সকল দোষ (হিতাকরণাদি দোষ) হয় না। আমরা যদি জীবকে স্রষ্টা বলিতাম তাহা হইলে অবশ্যই ঐ সকল দোষ হইত। কিন্তু আমরা ব্রহ্মকে সৃষ্টিকর্ত্তা বলি। ব্রহ্ম জীব হইতে ভিন্ন। জীবে কাল্পনিক ধর্ম্ম আছে, ব্রহ্মে তাহা নাই। সেই জন্যই ব্রহ্মবাদে হিতাকরণ দোষ হয় না।

বা ক্কচিদপ্যস্তি, সর্ব্বজ্ঞত্বাৎ সর্ব্বশক্তিত্বাচ্চ। শারীরস্ত্বনেবম্বিধঃ। তস্মিন্ প্রসজ্যন্তে হিতাকরণাদয়ো দোষাঃ। ন তু তং বয়ং জগতঃ স্রষ্টারং ব্রূমঃ। কুত এতৎ। ভেদনির্দ্দেশাৎ। আত্মা বা অরে দ্রষ্টব্যঃ শ্রোতব্যো মন্তব্যো নিদিধ্যাসিতব্যঃ, সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ, সতা সৌম্য! তদা সম্পন্নো ভবতি, শারীর আত্মা প্রাজ্ঞেনাত্মনান্বারূঢ়ঃ, ইত্যেবঞ্জাতীয়কঃ কর্ত্তৃকর্ম্মাদিভেদনির্দ্দেশো জীবাদধিকং ব্রহ্ম দর্শয়তি। নন্বভেদনির্দ্দেশোঽপি দর্শিতঃ, তত্ত্বমসি ইত্যেবঞ্জাতীয়কঃ, কথং ভেদাভেদৌ বিরুদ্ধৌ সম্ভবেয়াতাম্। নৈষ দোষঃ। আকাশঘটাকাশন্যায়েনোভয়সম্ভবস্য তত্র তত্র প্রতিষ্ঠাপিতত্বাৎ। অপি চ যদা তত্ত্বমসীত্যেবঞ্জাতীয়কেনাঽভেদ-

---

মুদাসীন ইতি ন তেষাং বন্ধনাগারনিবেশেঽপ্যস্তি ক্ষতিঃ কাচিন্নমেতি ন হিতাকরণাদিদোষাৎপত্তিরিতি রাদ্ধান্তঃ। তদিদমুক্তম্।—"অপি চ যদা

তিনি সর্ব্বজ্ঞ ও সর্ব্বশক্তি, সে-কারণে তাঁহার জ্ঞানপ্রতিবন্ধক ও শক্তিপ্রতিবন্ধক নাই। জীব অনেবম্বিধ অর্থাৎ সেরূপ নহে। (জীবেরই হিতাহিত, কর্ত্তব্য জ্ঞান, জ্ঞানপ্রতিবন্ধক ও শক্তিপ্রতিবন্ধক আছে) জীবের স্রষ্টৃত্বপক্ষে ঐ সকল দোষ আছে সত্য; কিন্তু আমরা জীবকে স্রষ্টা বলি না শ্রুতিতে ভেদনির্দ্দেশ থাকাতেই বলি না। [আত্মা...দর্শয়তি] "হে মৈত্রেয়ি! আত্মাই দ্রষ্টব্য, আত্মাই শ্রোতব্য, আত্মাই নিদিধ্যাসিতব্য অর্থাৎ শ্রবণাদির দ্বারা আত্মসাক্ষাৎকার করাই কর্ত্তব্য।" "তিনিই অন্বেষণীয় এবং তিনিই বিচারণীয়।" "হে সৌম্য! সেই কালে আত্মা সৎসম্পন্ন হন।" "জীবাত্মা প্রাজ্ঞ আত্মায় অন্বারূঢ়—" ইত্যাদিবিধ শ্রুতিতে যে কর্ত্তৃ-কর্ম্মাদি-ভিন্নতার উল্লেখ আছে—সেই উল্লেখের দ্বারাই ব্রহ্মের জীবাধিকতা দর্শিত হইয়াছে। [নন্বভেদ···তত্বাৎ] বলিতে পার, ভেদ উপদেশের ন্যায় অভেদ উপদেশও আছে, যথা—"তিনিই তুমি" ইত্যাদি, অতএব ভেদাভেদ উভয় কি প্রকারে সম্ভবিতে পারে? এ বিষয়ে আমরা বলি, ভেদাভেদ উভয়বিধ নির্দ্দেশে দোষ হয় না। আকাশের ও ঘটাকাশের দৃষ্টান্তে উক্ত উভয় অসম্ভব নহে, প্রত্যুত সম্ভব, ইহা ভিন্ন ভিন্ন স্থানে প্রতিপাদিত হইয়াছে। (আকাশের বাস্তব ভেদ নাই কিন্তু ঘটাদি-উপাধিকৃত কাল্পনিক ভেদ আছে)। [অপি চ...দোষাঃ]

নির্দ্দেশেনাঽভেদঃ প্রতিবোধিতো ভবত্যপগতং ভবতি তদা জীবস্য সংসারিত্বং ব্রহ্মণশ্চ স্রষ্টৃত্বম্। সমস্তস্য মিথ্যাজ্ঞানবিজৃম্ভিতস্য ভেদব্যবহারস্য সম্যক্‌জ্ঞানেন বাধিতত্বাৎ। তত্র কুত এব সৃষ্টিঃ কুতো বা হিতাকরণাদয়ো দোষাঃ। অবিদ্যা-প্রত্যুপস্থাপিতনামরূপকৃতকার্য্যকরণসঙ্ঘাতোপাধ্যবিবেককৃতা হি ভ্রান্তিঃ, হিতাহিতকরণাদিলক্ষণঃ সংসারো ন তু পরমার্থতোঽস্তীত্যসকৃদবোচাম জন্মমরণচ্ছেদনভেদনাদ্যভিমানবৎ। অবাধিতে তু ভেদব্যবহারে সোঽন্বেষ্টব্যঃ স বিজিজ্ঞাসিতব্যঃ,

---

তত্ত্বমসী"তি। অপি চেতি চঃ পূর্ব্বোপপত্তিসাহিত্যং দ্যোতয়তি, নোপপত্ত্যন্তরতাম্।

স্যাদেতৎ। যদি ব্রহ্মবিবর্ত্তো জগৎ, হন্ত সর্ব্বস্যৈব জীববচ্চৈতন্য-প্রসঙ্গ ইত্যত আহ—

আরও দেখ, যখন "তত্ত্বমসি—তিনিই তুমি" এইরূপ এইরূপ উপদেশের দ্বারা অভেদ বা একত্ব জ্ঞানগোচর হয়, তখন জীবের সংসারিত্ব ও ব্রহ্মের সৃষ্টি-কর্ত্তৃত্ব উভয়ই পরিত্যক্ত হয়। অর্থাৎ থাকে না। কারণ এই যে, যে-কিছু ভেদব্যবহার--সমস্তই মিথ্যাজ্ঞানবিজৃম্ভিত (ভ্রম)। সেই কারণে সম্যক্‌ জ্ঞান তাহাকে নষ্ট করে। অতএব, পরমার্থদর্শনে সৃষ্টিই বা কোথায়? অহিতকরণাদি দোষই বা কোথায়? অর্থাৎ পারমার্থিক সৃষ্টিও নাই, দোষও নাই। [অবিদ্যা...মানবৎ] অবিদ্যাজনিত অব্যক্ত নামরূপ, তজ্জনিত কার্য্যকরণ-সঙ্ঘাত (দেহেন্দ্রিয়ের মেলন) সেই সংঘাতই উপাধি, এই উপাধি থাকাতেই হিত, অহিত, করা, না করা, এতদ্রূপ সংসারভ্রম জন্মিতেছে বা জন্মিয়াছে। সংসার যে ভ্রমরচিত তাহা অনেকবার বলিয়াছি, বুঝাইয়াও দিয়াছি। জন্ম, মরণ, ছেদন, ভেদন, এ সকল অভিমান যদ্রূপ-- সংসার তদ্রূপ অর্থাৎ পরমার্থ সৎ নহে। [অবা...নিরুণদ্ধি] জ্ঞানের পরে স্রষ্টৃত্বাদি ধর্ম্মের বাধ হয় সত্য, কিন্তু তাহা জ্ঞানের পূর্ব্বে অবাধিত থাকে। জ্ঞানের পূর্ব্বে যে ভেদব্যবহার অবাধিত থাকে, শ্রুতি সেই অবাধিত ব্যবহারের অনুবাদ করিয়া "তিনিই জীবের অন্বেষণীয়, তিনিই বিচারণীয়" (বিচার দ্বারা সাক্ষাৎকরণীয়)" ইত্যাদি প্রকার ভেদ (জীব-ব্রহ্মের ভিন্নতা) উপদেশ করিয়াছেন। সেই উপদেশের দ্বারাই ব্রহ্মের অধিকত্ব (জীব

ইত্যেবঞ্জাতীয়কেন ভেদনির্দ্দেশেনাবগম্যমানং ব্রহ্মণোঽধিকত্বং হিতাকরণাদিদোষপ্রসক্তিং নিরুণদ্ধি॥ ২২॥

অশ্মাদিবচ্চ তদনুপপত্তিঃ॥ ২৩॥ *

যথা চ লোকে পৃথিবীত্বসামান্যান্বিতানামপ্যশ্মনাং কেচিন্মহার্হা মণয়ো বজ্রবৈদূর্য্যাদয়োঽন্যে মধ্যমবীর্য্যাঃ সূর্য্যকান্তাদয়োঽন্যে প্রহীণাঃ শ্ববায়সপ্রক্ষেপণার্হাঃ পাষাণা ইত্যনেকবিধং বৈচিত্র্যং দৃশ্যতে। যথা চৈকপৃথিবীব্যপাশ্রয়াণামপি বীজানাং বহুবিধং পত্রপুষ্পফলগন্ধরসাদিবৈচিত্র্যঞ্চন্দনকিম্পাকাদিষূপলভ্যতে। যথা চৈকস্যাপ্যন্নরসস্য লোহিতাদীনি কেশলোমাদীনি চ বিচিত্রাণি কার্য্যাণি ভবন্তি, এবমেকস্যাপি ব্রহ্মণো জীবপ্রাজ্ঞপৃথক্ত্বং কার্য্যবৈচিত্র্যঞ্চোপপদ্যত ইত্যত

অতিরোহিতার্থেন ভাষ্যেণ ব্যাখ্যাতম্।

ভিন্নতা) অনুভূত হয়, হইয়া অহিতকরণাদি দোষপ্রসক্তির অবরোধ করে। অর্থাৎ উক্ত আশঙ্কা হইতে দেয় না অথবা নিবৃত্তি করায়।

পৃথিবীর বিকার প্রস্তর। সকল প্রস্তরেই পৃথিবীত্ব আছে, অথচ কোন প্রস্তর মহামূল্য ও মহাগুণ, কোন প্রস্তর মধ্যগুণ, কোন প্রস্তর কেবল লোষ্ট্রকার্য্যকারী। একই বীজ পৃথিবীতে উপ্ত হয় অথচ তাহার পত্র পুষ্প ফল গন্ধ ও রসাদি নানাপ্রকার হইতে দেখা যায়। আরও দেখ, একই অন্নরসের রক্তাদি ও লোমাদি পরিণাম হইতে দেখা যায়। এতদ্ দৃষ্টান্তে একই ব্রহ্মের জীব প্রাজ্ঞ ভেদ ও অন্যান্য বৈচিত্র্য উপপন্ন হইতে পারে। অতএব, তাঁহাতে পরকল্পিত দোষের অনুপপত্তি আছেই। অর্থাৎ বেদান্তসিদ্ধান্তে পরকল্পিত দোষ আদৌ স্থানপ্রাপ্ত হয় না। শ্রুতি স্বতঃ-

---

* প্রস্তরাদিদৃষ্টান্তেনৈকস্য বৈচিত্র্যোপপত্তেঃ প্রাগুক্তদোষানুপপত্তিরেব স্যাদিতি সূত্রার্থঃ।— প্রস্তরাদির দৃষ্টান্তে একের বৈচিত্র্য অর্থাৎ বহুপ্রকারতা সিদ্ধ হয় সুতরাং পূর্ব্বোক্ত দোষ স্থান প্রাপ্ত হয় না।

স্তদনুপপত্তিঃ। পরপরিকল্পিতদোষাঽনুপপত্তিরিত্যর্থঃ। শ্রুতেশ্চ প্রামাণ্যাদ্বিকারস্য বাচারম্ভণমাত্রত্বাৎ স্বপ্নদৃশ্যভাববৈচিত্র্যবচ্চেত্যভ্যুচ্চয়ঃ ॥ ২৩ ॥

উপসংহারদর্শনান্নেতি চেন্ন ক্ষীরবদ্ধি ॥২৪॥ *

চেতনং ব্রহ্মৈকমদ্বিতীয়ং জগতঃ কারণমিতি যদুক্তং তন্নোপপদ্যতে। কস্মাৎ। উপসংহারদর্শনাৎ। ইহ হি লোকে কুলালাদয়ো ঘটপটাদীনাং কর্ত্তারো মৃদ্দণ্ডচক্রসূত্রাদ্যনেক-কারকোপসংহারেণ সংগৃহীতসাধনাঃ সন্তস্তত্তৎ কার্য্যং কুর্ব্বাণা

ব্রহ্ম খল্বেকমদ্বিতীয়তয়া পরানপেক্ষং ক্রমেণোৎপদ্যমানস্য জগতো-বিবিধবিচিত্ররূপস্যোপাদানমুপেয়তে, তদনুপপন্নম্। ন হ্যেকরূপাৎ কার্য্যভেদোভবিতুমর্হতি তস্যাকস্মিকত্বপ্রসঙ্গাৎ। কারণভেদো হি কার্য্যভেদ-হেতুঃ। ক্ষীরবীজাদিভেদাদ্দধ্যঙ্কুরাদিকার্য্যভেদদর্শনাৎ। ন চাক্রমাৎ কারণাৎ কার্য্যক্রমোযুজ্যতে। সমর্থস্য ক্ষেপাযোগাৎ। দ্বিতীয়তয়া চ ক্রমবত্তৎসহকারিসমবধানানুপপত্তেঃ। তদিদমুক্তং "ইহ হি লোক" ইতি।

প্রমাণ, তাহাতে কথিত আছে, বিকার সকল কথামাত্র, সুতরাং সে সকলের স্বপ্নদৃষ্টপদার্থের ন্যায় বিচিত্রতা সুসম্ভব।

[আপত্তি]—এক অদ্বয় চেতন ব্রহ্ম জগৎস্রষ্টা, এ কথা অনুপপন্ন। অর্থাৎ দৃষ্টান্তবিরুদ্ধ। লোক মধ্যে, উপসংহার অর্থাৎ কারণকূট সংগ্রহ পূর্ব্বক কর্তৃত্ব করিতে দেখা যায়, একের কর্তৃত্ব দেখা যায় না। কুলাল প্রভৃতি ঘটাদি কার্য্যের কর্ত্তা, তাঁহারা মৃত্তিকা, দণ্ড, চক্র, সূত্র প্রভৃতি অনেক উপকরণ সংগ্রহ পূর্ব্বক সেই সেই কার্য্য করে, বিনা উপকরণে কিছুই করিতে পারে না। তোমার মতে ব্রহ্ম একক, অসহায়, ব্রহ্ম ভিন্ন অন্য কিছুই নাই। যদি অন্য কিছু না থাকিল, তবে উপকরণ থাকিল না সুতরাং একক ব্রহ্মের সৃষ্টিকর্তৃত্বও মিথ্যা হইল। এই জন্যই বলি, ব্রহ্ম জগতের

---

* উপসংহারদর্শনাৎ কার্য্যনিষ্পাদকসামগ্রীসংগ্রহদর্শনান্নাঽসহায়ং ব্রহ্ম জগৎকারণমিতি ন বক্তব্যম্। হি যস্মাৎ ক্ষীরবৎ ক্ষীরাদিদৃষ্টান্তেন অসহায়স্যাপি দ্রব্যস্বভাববিশেষাত্তদুপপদ্যত এব।—দুগ্ধ অথবা জল যেমন বাহ্য সাধন অপেক্ষা করে না, অথচ দধি ও হিমানীরূপে পরিণত হয়, তেমনি অদ্বয় ব্রহ্মও সাধনান্তর সংগ্রহ ব্যতীত জগৎ সৃষ্টি করেন।

দৃশ্যন্তে। ব্রহ্ম চাসহায়ং তবাভিপ্রেতম্। তস্য সাধনা-ন্তরানুপসংগ্রহে সতি কথং স্রষ্টৃত্বমুপপদ্যেত। তস্মান্ন ব্রহ্ম জগৎকারণমিতি চেৎ, নৈষ দোষঃ। যতঃ ক্ষীরবৎ দ্রব্য-স্বভাববিশেষাদুপপদ্যতে। যথা হি লোকে ক্ষীরং জলং বা স্বয়মেব দধিহিমভাবেন পরিণমতেঽনপেক্ষ্য বাহ্যং সাধনং তথেহাপি ভবিষ্যতি। নন্বু ক্ষীরাদ্যপি দধ্যাদিভাবেন পরি-ণমমানমপেক্ষত এব বাহ্যং সাধনং ঔষ্ণ্যাদিকং, কথমুচ্যতে ক্ষীরবদ্ধীতি। নৈষ দোষঃ। স্বয়মপি হি ক্ষীরং যাঞ্চ যাবতীঞ্চ পরিণামমাত্রামনুভবত্যেব ত্বার্য্যতে ত্বৌষ্ণ্যাদিনা দধি-ভাবায়। যদি চ স্বয়ং দধিভাবশীলতা ন স্যাৎ নৈবৌষ্ণ্যাদি-নাঽপি বলাদ্ দধিভাবমাপদ্যেত। ন হি বায়ুরাকাশো

এৈকৈকং মৃদাদি কারকং, তেষান্তু সামগ্র্যং সাধনম্, ততোহি কার্য্যং ভবত্যেব, তস্মান্নাদ্বিতীয়ং ব্রহ্ম জগদুপাদানমিতি প্রাপ্ত উচ্যতে—"ক্ষীর-বদ্ধি"। ইদং তাবদ্ভবান্ পৃষ্টো ব্যাচষ্টাং কিং তাত্ত্বিকমস্য রূপমপেক্ষ্যেদমুচ্যত উতানাদিনামরূপবীজসহিতং কাল্পনিকং সার্ব্বজ্ঞ্যং সর্ব্বশক্তিত্বম্। তত্র পূর্ব্বস্মিন্ কল্পে কিং নাম ততোঽদ্বিতীয়াদসহায়াদুপজায়েত। ন হি তস্য শুদ্ধবুদ্ধ...-

---

কর্ত্তা নহেন। এ বিষয়ে (এ আপত্তিতে) আমরা বলি, ব্রহ্ম এক হইলেও তাঁহাতে উক্ত দোষ আশ্রয় করে না। কেন-না, দুগ্ধাদির দৃষ্টান্তে এককের বহুভাবিত্ব উপপন্ন হয়। [যথা হি...ভবিষ্যতি] দুগ্ধ ও জল দধিরূপে ও হিমানীরূপে পরিণত হয়, তাহাতে দ্রব্যান্তরের সাহায্যের অপেক্ষা নাই। এই যেমন দৃষ্টান্ত, তেমনি, ব্রহ্ম হইতেও বিবিধ সৃষ্টি হয়, অথচ তাহাতে সাধনান্তর সদ্ভাবের অপেক্ষা নাই। [নন্বু...পদ্যতে] যদি বল, দুগ্ধ যে দধি হয় তাহা বাহ্যসাধনের সাহায্যেই হয়। তাহাতে উষ্মার ও আতঞ্চনের (দম্বল—দধিবীজ) সাহায্য আছে। অতএব দুগ্ধের দৃষ্টান্ত ত্বৎপক্ষের সমর্থক নহে। এ কথার প্রত্যুত্তরে আমরা বলি, দধি-ভাবের প্রতি উষ্মাদির সাহায্য দৃষ্ট হইলেও তাহা দোষ নহে। দুগ্ধ নিজেই দধি হয়, উষ্মাদি তাহার শীঘ্রতামাত্র জন্মায়। দুগ্ধ নিজে দধিস্বভাব না হইলে উষ্মাদি কি তাহাকে বলপূর্ব্বক দধি করিতে পারে? উষ্মা ও আতঞ্চন কি

বৌষ্ণ্যাদিনা বলাদ্‌দধিভাবমাপদ্যতে। সাধনসম্পত্ত্যা চ তস্য পূর্ণতা সম্পদ্যতে। পরিপূর্ণশক্তিকন্তু ব্রহ্ম ন তস্যান্যেন কেনচিৎ পূর্ণতা সম্পাদয়িতব্যা। শ্রুতিশ্চ তত্র ভবতি—

ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে
ন তৎসমশ্চাভ্যধিকশ্চ দৃশ্যতে।
পরাঽস্য শক্তির্ব্বিবিধৈব শ্রূয়তে
স্বাভাবিকী জ্ঞানবলক্রিয়া চ ॥ ইতি।

তস্মাদেকস্যাপি ব্রহ্মণো বিচিত্রশক্তিযোগাৎ ক্ষীরাদিবদ্‌বিচিত্রপরিণাম উপপদ্যতে ॥ ২৪ ॥

স্বভাবস্য বস্তুসৎ কার্য্যমস্তি। তথা চ শ্রুতিঃ "ন তস্য কার্য্যং করণঞ্চ বিদ্যতে" ইতি। উত্তরস্মিংস্তু কল্পে যদি কুলালাদিবদত্যন্তব্যতিরিক্তসহকারিকারণাভাবাদনুপাদানত্বং সাধ্যতে, ততঃ ক্ষীরাদিভির্ব্যভিচারঃ। তেঽপি হি বাহ্যাতঞ্চনাদিকারণানপেক্ষা এব কালপরিবাসবশেন স্বত এব পরিণামান্তরমাসাদয়ন্তি। অথান্তরকারণানপেক্ষত্বং হেতুঃ ক্রিয়তে, তদসিদ্ধমনির্ব্বাচ্যনামরূপবীজসহায়ত্বাৎ। তথা চ শ্রুতিঃ—মায়ান্তু প্রকৃতিং বিদ্ধি মায়িনন্তু মহেশ্বরম্। ইতি। কার্য্যক্রমেণ তৎপরিপাকোঽপি ক্রমবানুন্নেয়ঃ। একস্মাদপি চ বিচিত্রশক্তেঃ কারণাদনেককার্য্যোৎপাদো দৃশ্যতে। যথৈকস্মাদ্বহ্নের্দাহপাকাবেকস্মাদ্বা কর্ম্মণঃ সংযোগবিভাগসংস্কারাঃ। যদি তু চেতনত্বে সতীতি বিশেষণান্ন ক্ষীরাদিভির্ব্যভিচারো, দৃষ্টা হি কুলালাদয়ো বাহ্যমৃদাদ্যপেক্ষাশ্চেতনঞ্চ ব্রহ্মেতি, তত্রেদমুপতিষ্ঠতে—

বায়ুকে ও আকাশকে দধি করিতে পারে? তাহা পারে না। সাধন বা উপকরণ সহায়ীর পূর্ণতা সম্পাদন ভিন্ন অন্য কিছু করে না। [সাধন... উপপদ্যতে] ব্রহ্ম পূর্ণশক্তিক, সে কারণ তাঁহার শক্তিপূরণের জন্য অন্য কিছুর কল্পনা করিতে হয় না। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"তাঁহার কার্য্য (শরীর) নাই, করণও (ইন্দ্রিয়ও) নাই। তাঁহার সমান ও অধিক দেখা যায় না। শ্রুতিতে তাঁহার পূর্ণবিচিত্রশক্তি এবং স্বতঃসিদ্ধ জ্ঞানশক্তি ও ক্রিয়াশক্তি থাকা কথিত আছে।" যেহেতু তিনি পূর্ণশক্তিক, সেই হেতু এক হইলেও তাঁহাতে বিচিত্রশক্তি থাকা (দুগ্ধাদির দৃষ্টান্তে বিচিত্র পরিণাম) উপপন্ন হইয়া থাকে।

দেবাদিবদপি লোকে ॥ ২৫ ॥*

স্যাদেতৎ,। উপপদ্যতে ক্ষীরাদীনামচেতনানামনপেক্ষ্যাপি বাহ্যং সাধনং দধ্যাদিভাবো দৃষ্টত্বাৎ। চেতনাঃ পুনঃ কুলালাদয়শ্চ সাধনসামগ্রীমপেক্ষ্যৈব তস্মৈ তস্মৈ কার্য্যায় প্রবর্ত্তমানা দৃশ্যন্তে। কথং ব্রহ্ম চেতনং সদসহায়ং প্রবর্ত্তেতেতি, দেবাদিবদিতি ব্রূমঃ। যথা হি লোকে দেবাঃ পিতর ঋষয় ইত্যেবমাদয়ো মহাপ্রভাবাশ্চেতনা অপি সন্তোঽনপেক্ষ্যৈব কিঞ্চিদ্বাহ্যং সাধনমৈশ্বর্য্যবিশেষযোগাদভিধ্যানমাত্রেণ স্বত এব বহূনি নানাসংস্থানানি শরীরাণি প্রাসাদাদীনি রথাদীনি চ নির্ম্মিমাণা উপলভ্যন্তে মন্ত্রার্থবাদেতিহাসপুরাণপ্রামাণ্যাৎ,

---

লোক্যতেঽনেনেতি লোকঃ শব্দ এব তস্মিন্।

[আপত্তি] দুগ্ধ ও ব্রহ্ম সমস্বভাব নহে। দুগ্ধ অচেতন, তাহাকে তুমি বিনা বাহ্যসাধনসাহায্যে দধি হইতে দেখিয়াছ। কুম্ভকার চেতন, তাহাকে তুমি বিনা সাধনে কার্য্য করিতে দেখ নাই। প্রত্যুত তাহাকে উপকরণ লইয়াই ঘটাদিকার্য্য করিতে দেখিয়াছ। তবে তুমি কি দেখিয়া কি প্রকারে বলিলে, চেতন ব্রহ্ম একক জগৎকার্য্য নির্ব্বাহ করিয়াছেন? কোনও একক চেতনকে ত বিনা উপকরণে কার্য্য করিতে দেখ নাই? [উত্তর] এ বিষয়ে আমরা বলি, আমরা দেবতাদির দৃষ্টান্তে ঐ সিদ্ধান্ত করিতেছি। [যথা হি···প্রামাণ্যাৎ] দেবতা, পিতৃ, ঋষি, ইহাঁরা যেমন মহাপ্রভাব ও চেতন, অথচ বিনা উপকরণে কেবলমাত্র স্বমহিমাবলে অভিধ্যান (সংকল্প) মাত্রে বহুবিধ শরীর, বিচিত্র অট্টালিকা ও রথাদি নির্ম্মাণ করেন, এ তত্ত্ব মন্ত্র, অর্থবাদ, ইতিহাস ও পুরাণাদির প্রামাণ্যে নিশ্চিত হয়, সেইরূপ, ব্রহ্মও বিনা সাধনে কেবল স্বমহিমাবলে জগৎসৃষ্টি

---

* চেতনমপি ব্রহ্ম অনপেক্ষ্যৈব বাহ্যং সাধনং দেবাদিদৃষ্টান্তেন স্বত এব জগৎ স্রক্ষ্যতীতি ন কশ্চিদ্দোষ ইতি সূত্রাক্ষরাণামর্থঃ।—চেতন ব্রহ্ম একক বা অসহায় হইলেও দেবতাদির দৃষ্টান্তে বিনা সাধনে সৃষ্টি করিতে পারেন, সে বিষয়ে অত্যল্প দোষও উদ্ভাবিত করিতে পার না।

তন্তুনাভশ্চ স্বত এব তন্তূন্ সৃজতি, বলাকা চান্তরেণৈব শুক্রং গর্ভং ধত্তে, পদ্মিনী চানপেক্ষ্য কিঞ্চিৎ প্রস্থানসাধনং সরোহন্তরাৎ সরোহন্তরং প্রতিষ্ঠতে, এবং চেতনমপি ব্রহ্মানপেক্ষ্য বাহ্যং সাধনং স্বত এব জগৎ স্রক্ষ্যতি। স যদি ব্রুয়াদ্ য এতে দেবাদয়ো ব্রহ্মণো দৃষ্টান্তা উপাত্তাস্তে দার্ষ্টান্তিকেন ব্রহ্মণা সমানস্বভাবা ন ভবন্তি। শরীরমেব হ্যচেতনং দেবাদীনাং শরীরান্তরাদিবিভূত্যুৎপাদনোপাদানং ন তু চেতন আত্মা। তন্তুনাভস্য চ ক্ষুদ্রতরজন্তুভক্ষণাল্লালা কঠিনতামাপদ্যমানা তন্তুর্ভবতি। বলাকা চ স্তনয়িত্নুরবশ্রবণাদ্গর্ভং ধত্তে। পদ্মিনী চ চেতনপ্রযুক্তা সত্যচেতনেনৈব শরীরেণ সরোহন্তরাৎ সরোহন্তরমুপসর্পতি বল্লীব বৃক্ষং ন তু স্বয়মেবাচেতনা সরোহন্তরোপসর্পণে ব্যাপ্রিয়তে। তস্মান্নৈতে ব্রহ্মণো দৃষ্টান্তা ইতি। তং প্রতি ব্রুয়ান্নায়ং দোষঃ। কুলালাদিদৃষ্টান্তবৈল-

---

করিয়া থাকেন। [তন্তু···স্রক্ষ্যতি] তন্তুনাভ (মাকড়শা) একাকীই সূত্র সৃষ্টি করে, বক সকল বিনা শুক্রে (সঙ্গমে) গর্ভধারণ করে, পদ্মিনী এক সরোবর হইতে অন্য সরোবরে গমন করে, অথচ গমনের উপকরণ গ্রহণ করে না। এতদ্দৃষ্টান্তে জানা যায়, চেতন ব্রহ্ম বিনা বহিঃসাধনে জগৎসৃষ্টি করিতে পারেন। [স যদি···দিতি] বাদী যদি বলেন, প্রদর্শিত দেবাদি-দৃষ্টান্ত দার্ষ্টান্তিক ব্রহ্মের সহিত সমান নহে, অসমান, কেন-না, দেবাদির শরীর আছে—তাঁহারা অচেতন—অচেতন দেহই তাঁহাদের ঐশ্বর্য্য (ক্ষমতাবিশেষ) উৎপাদনের সহায়। তন্তুনাভ সকল ক্ষুদ্র জীব ভক্ষণ করে, তাহাতে তাহাদের লালস্রাব হয়, সেই লাল কাঠিন্য প্রাপ্ত হইয়া সূত্রাকার ধারণ করে। মেঘগর্জ্জন শ্রবণে বকীর গর্ভ হয়। পদ্মিনীও বৃক্ষে লতার ন্যায় চেতন জীবকর্ত্তৃক সরোবর হইতে সরোবরে প্রাপিত হয়। চেতনসম্বন্ধ ব্যতীত অচেতন পদ্মিনী সরোবর হইতে সরোবরে প্রস্থান করিতে অসমর্থা। অতএব, ঐ সকল ব্রহ্মের দৃষ্টান্ত হইতে পারে না। বাদীর এই আপত্তির প্রত্যাপত্তি এই যে, ঐ সকল দৃষ্টান্ত দর্শিত হইলেও বিষমদৃষ্টান্ত হইবে না। কেন-না, কেবলমাত্র কুলালের সহিত দেবতার বৈলক্ষণ্য দেখানই উক্ত দৃষ্টান্তের

ক্ষণ্যমাত্রস্য বিবক্ষিতত্বাদিতি। যথা হি কুলালাদীনাং দেবাদীনাঞ্চ সমানে চেতনত্বে কুলালাদয়ঃ কার্য্যারম্ভে বাহ্যং সাধনমপেক্ষন্তে ন দেবাদয়ঃ, তথা ব্রহ্ম চেতনমপি ন বাহ্যং সাধনমপেক্ষিষ্যত ইত্যেতাবৎ বয়ং দেবাদ্যুদাহরণেন বিবক্ষ্যামঃ। তস্মাৎ যথৈকস্য সামর্থ্যং দৃষ্টং তথা সর্ব্বেষামেব ভবিতুমর্হতীতি নাস্ত্যেকান্ত ইত্যভিপ্রায়ঃ ॥ ২৫ ॥

কৃৎস্নপ্রসক্তির্নিরবয়বত্বশব্দকোপোবা ॥২৬॥ *

চেতনমেকমদ্বিতীয়ং ব্রহ্ম ক্ষীরাদিবদ্দেবাদিবচ্চানপেক্ষিতবাহ্যসাধনং স্বয়ং পরিণমমাণং জগতঃ কারণমিতি স্থিতং শাস্ত্রার্থপরিশুদ্ধয়ে তু পুনরাক্ষিপতি—কৃৎস্নপ্রসক্তিঃ কৃৎস্ন-

---

নন্থ ন ব্রহ্মণস্তত্ত্বতঃ পরিণামো যেন কাৎস্নর্্যভাগবিকল্পেনাক্ষিপ্যেত।

অভিপ্রেত। (দৃষ্টান্ত সর্ব্বাংশে সমান হয় না, হইবার প্রয়োজনও নাই। একাংশে সমান হইলেই তাহা দৃষ্টান্ত হইতে পারে। পদ্মের ন্যায় মুখ, বলিলে কি মুখ ও পদ্ম সর্ব্বাংশে সমান বুঝিবে ?)। [যথাহি...প্রায়ঃ] কুলালও চেতন, দেবতাও চেতন, সে অংশে সমান হইলেও কুলাল বাহ্যসাধন সংগ্রহ ব্যতীত কার্য্য করিতে পারে না, কিন্তু দেবতা বিনা বাহ্যসাধনে কার্য্য করিতে পারেন। এই অংশেই দৃষ্টান্ত। ব্রহ্ম চেতন হইলেও তাঁহার কার্য্যে বাহ্যসাধনের অপেক্ষা নাই, এইমাত্র দেবতাদি-দৃষ্টান্তের বিবক্ষিত। ফলিতার্থ এই যে, একের যে সামর্থ্য দেখা যায়, সেই সামর্থ্য যে সকলেরই হইবেক বা থাকিবেক, এমন কোন নিয়ম নাই। (অধিকও হয়, অল্পও হয়)।

চেতন ও দ্বিতীয়রহিত এক ব্রহ্মই দুগ্ধাদির ও দেবতা প্রভৃতির দৃষ্টান্তে বিনা বাহ্যসাধনে জগদাকারে ভাসমান বা পরিণত হন। এই সিদ্ধান্তে

---

* পুনঃ পূর্ব্বপক্ষসূত্রম্। চেতনং ব্রহ্ম জগৎকারণমিত্যস্মিন্ পক্ষে কৃৎস্নপ্রসক্তিঃ—নিরবয়বত্বাৎ ব্রহ্মণঃ কৃৎস্নস্য সমুদায়স্য জগদ্রূপেণ পরিণামঃ প্রাপ্নোতি তেন চ ব্রহ্মাভাবপ্রসঙ্গশ্চ স্যাৎ। পক্ষান্তরে নিরবয়বত্বাজত্বাদিশব্দব্যাকোপো ভবেদিতি সূত্রার্থঃ।—ব্রহ্ম জগৎকারণ, জগতের উপাদান, এ সিদ্ধান্তে কৃৎস্নপ্রসক্তিদোষ অর্থাৎ নিরবয়বত্বহেতু ব্রহ্মের সর্ব্বাংশে জগৎ হওয়ার যে দোষ সেই দোষ হয়। সে দোষ খণ্ডনার্থ সাবয়ব বলিলে নিরবয়বত্ববোধক শব্দের আনর্থক্য ও ব্রহ্মের অনিত্যতা এই দুই দোষ হইবে।

স্যাস্য ব্রহ্মণঃ কার্য্যরূপেণ পরিণামঃ প্রাপ্নোতি নিরবয়বত্বাৎ। যদি ব্রহ্ম পৃথিব্যাদিবৎ সাবয়বমভবিষ্যত্ততোঽস্যৈকদেশঃ পর্য্যণংস্যত, একদেশশ্চাবাস্থাস্যত। নিরবয়বন্তু ব্রহ্ম শ্রুতিভ্যো-ঽবগম্যতে—

'নিষ্কলং নিষ্ক্রিয়ং শান্তং নিরবদ্যং নিরঞ্জনম্।
দিব্যো হ্যমূর্ত্তঃ পুরুষঃ স বাহ্যাভ্যন্তরো হ্যজঃ'॥

ইদং মহদ্ভূতমনন্তমপারং, বিজ্ঞানঘন এব, স এষ নেতি নেত্যাত্মাঽস্থূলমনণু, ইত্যাদ্যাভ্যঃ সর্ব্ববিশেষপ্রতিষেধয়িত্রীভ্যঃ। ততশ্চৈকদেশপরিণামাসম্ভবাৎ কৃৎস্নপরিণামপ্রসক্তৌ সত্যাং মূলোচ্ছেদঃ প্রসজ্যেত। দ্রষ্টব্যত্বোপদেশানর্থক্যঞ্চা-

---

অবিদ্যাকল্পিতেন তু নামরূপলক্ষণেন রূপভেদেন ব্যাকৃতাব্যাকৃতাত্মনা তত্ত্বান্যত্বাভ্যামনির্ব্বচনীয়েন পরিণামাদিব্যবহারাস্পদত্বং ব্রহ্ম প্রতিপদ্যতে। ন চ কল্পিতং রূপং বস্তু স্পৃশতি। ন হি চন্দ্রমসি তৈমিরিকস্য দ্বিত্বকল্পনা

অকাট্য হইলেও পুনর্ব্বার শাস্ত্রার্থ সংশোধনের নিমিত্ত পূর্ব্বপক্ষ উদ্ভাবিত হইতেছে। যেহেতু ব্রহ্ম নিরবয়ব, সেই হেতু পাওয়া যায়, সমুদয় ব্রহ্মই কার্য্যরূপে অর্থাৎ জগদ্রূপে পরিণত হইয়াছেন। [যদি...ত্রীভ্যঃ] ব্রহ্ম যদি পৃথিব্যাদির ন্যায় সাবয়ব হইতেন তাহা হইলে বুঝা যাইত, ব্রহ্মের একাংশে জগৎ হইয়াছে; অবশিষ্টাংশ অবিকৃত আছে। ব্রহ্ম যে সাবয়ব নহেন, নিরবয়ব, তাহা শ্রুতির দ্বারা অবগত আছ। শ্রুতি যথা—"ব্রহ্ম নিষ্কল অর্থাৎ নিরবয়ব, নিষ্ক্রিয়, শান্ত, অনিন্দনীয়, নিরঞ্জন অর্থাৎ নির্লেপ।" "সেই দিব্য পুরুষ (পূর্ণ আত্মা) অমূর্ত্ত (মূর্ত্তিরহিত বা নিরবয়ব), জন্মাদিবর্জ্জিত এবং তিনিই বাহিরে ও অন্তরে পরিপূর্ণ বা বিদ্যমান।" "এই মহদ্ভূত অনন্ত, অপার, কেবল বিজ্ঞান।" "সেই ইনি ইহা নহেন, তাহা নহেন। তিনি অস্তি এতদ্রূপে জ্ঞেয়।" "আত্মা স্থূল নহে, সূক্ষ্মও নহে," ইত্যাদি। [ততশ্চ... ক্ষিপতি] যেহেতু ব্রহ্মের অংশ নাই, সেই-হেতু আংশিক পরিণাম অসম্ভব। কাযেই মানিতে হইবে, ব্রহ্মই জগদাকারে পরিণত হইয়াছেন। কিন্তু সমুদায় পরিণাম স্বীকার করিলে মূল থাকে না। (মূল = ব্রহ্ম। ব্রহ্মের ব্রহ্মত্ব নষ্ট হইয়া জগৎ হইয়াছে, ইহাই পাওয়া যায়।) যদি মূল না থাকিল অর্থাৎ

পন্নমযত্নদৃষ্টত্বাৎ কার্য্যস্য। তদ্ব্যতিরিক্তস্য চ ব্রহ্মণোঽভাবাৎ। অজত্বাদিশব্দব্যাকোপশ্চ। অথৈতদ্দোষপরিজিহীর্ষয়া সাবয়বমেব ব্রহ্মাভ্যুপগম্যেত, তথাপি যে নিরবয়বত্বস্য প্রতিপাদকাঃ শব্দা উদাহৃতাস্তে প্রকুপ্যেয়ুঃ। সাবয়বত্বে চানিত্যত্বপ্রসঙ্গ ইতি সর্ব্বথাঽয়ং পক্ষো ন ঘটয়িতুং শক্যত ইত্যাক্ষিপতি ॥ ২৬ ॥

শ্রুতেস্তু শব্দমূলত্বাৎ ॥ ২৭ ॥*

তু-শব্দেনাক্ষেপং পরিহরতি। ন খল্বস্মৎপক্ষে কশ্চিদপি

চন্দ্রমসো দ্বিত্বমাবহতি। তদনুপপত্ত্যা বা চন্দ্রমসোঽনুপপত্তিঃ। তস্মাদবাস্তবো পরিণামকল্পনানুপপদ্যমানাপি ন পরমার্থসতো ব্রহ্মণোঽনুপপত্তিমাবহতি। তস্মাৎ পূর্ব্বপক্ষাভাবাদনারভ্যমিদমধিকরণমিত্যত আহ "চেতনমেক"মিতি।

যদ্যপি শ্রুতিশতাদৈকান্তিকাদ্বৈতপ্রতিপাদনপরাৎ পরিণামো বস্তুতো

ব্রহ্ম না থাকিল, "তাঁহাকে দেখিবেক, জানিবেক" এ উপদেশ ব্যর্থ। কেন-না, কার্য্যমাত্রেই অযত্নদৃশ্য। অর্থাৎ জগৎ দর্শনের জন্য যত্নের প্রয়োজন হয় না। আবার ইহাও প্রতীত হয়, তদতিরিক্ত ব্রহ্ম নাই। (জগৎই ব্রহ্ম)। ব্রহ্মের ঐরূপ পারিণামিক জন্মবিনাশ স্বীকারপক্ষে 'অজর' 'অ[illegible] এ সকল শব্দের ব্যাকোপ (অর্থের ব্যাঘাত) হইবেক। যদি এই সকল দোষের পরিহারার্থ ব্রহ্মকে সাবয়ব বল, তাহা হইলে নিরবয়বত্বপ্রতিপাদক শব্দের অর্থহানি হইবেক। অপিচ, সাবয়ব-পক্ষে ব্রহ্মের নশ্বরতা আপত্তি হইবেক। কোনও প্রকারে সাবয়বপক্ষ সমর্থন করিতে পারিবে না।

পূর্ব্বপক্ষ নিরাসের জন্য সূত্রে তু-শব্দের প্রয়োগ হইয়াছে। অভিপ্রায় এই যে, আমাদের (বেদান্তবাদীর) পক্ষে উল্লিখিত দোষের কোনও দোষ

---

* তু-শব্দঃ পূর্ব্বপক্ষপরিহারার্থঃ। কৃৎস্নপ্রসক্তিরিতি পূর্ব্বপক্ষো ন ভবেদিত্যর্থঃ। কুতঃ? শ্রুতেঃ। বিকারব্যতিরেকেণ হি ব্রহ্মণোঽবস্থানং শ্রূয়ত ইতি যাবৎ। শব্দমূলত্বাৎ শব্দপ্রমাণকত্বাচ্চ ব্রহ্মণঃ কৃৎস্নপ্রসক্তিদোষাভাবঃ। শব্দো হ্যুভয়মপি ব্রহ্মণঃ প্রতিপাদয়তি অকৃৎস্নপ্রসক্তিং নিরবয়বতাঞ্চেতি সূত্রার্থঃ।—ঐ পূর্ব্বপক্ষ হইতেই পারে না। কেন-না, শ্রুতি ব্রহ্ম হইতে জগদুৎপত্তি ও জগদ্ব্যতিরেকে ব্রহ্মের অবস্থান বলিয়াছেন। আরও দেখ, ব্রহ্ম শব্দপ্রমাণের প্রমেয়। তদনুসারে শব্দানুরূপ প্রতিপত্তিই হইবে। শব্দ বলিয়াছেন, বুঝাইয়া দিয়াছেন, ব্রহ্মের একাংশে জগৎ অথচ ব্রহ্ম নিরবয়ব।

অতিক্রম করতঃ আবার জলেই প্রলীন হয়। ঐরূপ জলও তেজ হইতে উৎপন্ন হইয়া স্থিতিকাল অতিক্রমের পর প্রলয়কালে তেজেই লয় প্রাপ্ত হয়, তদপেক্ষা সূক্ষ্ম-ভূত সকল কারণীভূত সূক্ষ্মতম পদার্থে গিয়া লীন হয়, এবং-ক্রমে পরম-সূক্ষ্ম পরমকারণ ব্রহ্মে সমুদায় জন্যপদার্থ লয়-প্রাপ্ত হয়, ইহাই যুক্তিসিদ্ধ। [ন হি…দৃষ্টত্বাৎ] কার্য্য স্ব স্ব কারণে লীন না হইলে সহসা পরম-কারণে লয় পাইতে পারে না। স্মৃতিতেও উৎপত্তিক্রমের বিপরীতক্রমে প্রলয় হওয়া বর্ণিত আছে। যথা—"হে দেবর্ষে! জগতের সমাপ্তি (প্রলয়) এইরূপঃ—পৃথিবী জলে লয়প্রাপ্ত হয়, জল তেজে এবং তেজ বায়ুতে লয়প্রাপ্ত হইয়া থাকে।" উৎপত্তিক্রম উৎপত্তিবিষয়েই শ্রুত (শ্রুতিকর্ত্তৃক কথিত) হইয়াছে, সুতরাং সে ক্রম প্রলয় বিষয়ে গৃহীত হইতে পারে না। অপিচ, ঐ ক্রম প্রলয়ক্রমের আকাঙ্ক্ষী নহে। অর্থাৎ প্রলয়ক্রম কি? এ আকাঙ্ক্ষা

কার্য্যে ধ্রিয়মাণে কারণস্যাপ্যয়ো যুক্তঃ কারণাপ্যয়ে কার্য্যস্যা-বস্থানানুপপত্তেঃ। কার্য্যাপ্যয়ে তু কারণস্যাবস্থানং যুক্তং মৃদাদিম্বেবং দৃষ্টত্বাৎ ॥ ১৪ ॥

অন্তরা বিজ্ঞানমনসী ক্রমেণ তল্লিঙ্গাদিতি চেন্নাবিশেষাৎ ॥ ১৫ ॥*

ভূতানামুৎপত্তিপ্রলয়াবনুলোমপ্রতিলোমক্রমাভ্যাং ভবত ইত্যুক্তম্। আত্মাদিরুৎপত্তিঃ প্রলয়শ্চাত্মান্ত ইত্যপ্যুক্তম্।

তদেবং ভাবনোপযোগিনৌ ভূতানামুৎপত্তিপ্রলয়ৌ বিচার্য্য বুদ্ধীন্দ্রিয়মনসাং ক্রমং বিচারয়তি। অত্র চ বিজ্ঞায়তেঽনেনেতি ব্যুৎপত্ত্যা বিজ্ঞানশব্দেনেন্দ্রিয়াণি চ বুদ্ধিশ্চ ক্রতে। তত্রৈতেষাং ক্রমাপেক্ষায়ামাত্মানঞ্চ ভূতানি চান্তরা সমাম্না-নাত্তেনৈব পাঠেন ক্রমো নিয়ম্যতে। তস্মাৎ পূর্ব্বোৎপত্তিক্রমভঙ্গপ্রসঙ্গঃ। যত

উৎপত্তি ক্রমকে আকর্ষণ করে না। আরও দেখ, কার্য্য বিদ্যমান থাকিতে কারণের বিনাশ যুক্তিসিদ্ধ নহে। সেরূপ হইলে কার্য্য থাকিতেই পারে না। কিন্তু কার্য্যের প্রলয়ে কারণের অবস্থান যুক্তিতেও পাওয়া যায়। কেন-না, মৃত্তিকাদি কারণে তাহা দৃষ্ট হইয়া থাকে।

অনুলোম ও বিলোম ক্রমে পঞ্চভূতের উৎপত্তি ও লয় হয়, ইহা বলা হইল। আত্মা হইতে উৎপত্তি ও আত্মাতে লয় হয়, এ কথাও বলা হই-য়াছে। কিন্তু ইন্দ্রিয়, মন ও বুদ্ধি, এই কএকটীর সদ্ভাব অর্থাৎ অস্তিত্ব শ্রুতি-স্মৃতি-প্রসিদ্ধ। যথা—"বুদ্ধিকে সারথি, মনকে প্রগ্রহ (লাগাম) ও ইন্দ্রিয়-দিগকে অশ্ব বলিয়া জানিবে।" ইত্যাদি। সুতরাং কোন এক অন্তরালে (অবকাশে) ঐ কএকটীর ক্রমানুগত উৎপত্তি ও লয় সংগ্রহ (বলা) করা

---

* তল্লিঙ্গাৎ সৃষ্টিবাক্যাৎ "এতস্মাজ্জায়তে প্রাণোমনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ" ইত্যাদিরূপাৎ, অন্তরা আত্মনোভূতানাঞ্চ মধ্যে, ক্রমেণ বিজ্ঞানমনসী উৎপদ্যেতে, ততশ্চ পূর্ব্বোক্তস্য ক্রমস্য বাধ ইতি চেৎ, ন, কুতঃ ? অবিশেষাৎ বিশেষাভাবাৎ। ইন্দ্রিয়োৎপত্তিক্রমেণ ভূতোৎপত্তিক্রমো ন বাধ্যত ইতি ভাবঃ। বিস্তরার্থস্তু ভাষ্যে।—সিদ্ধান্ত হইয়াছে যে, ভূত সকলের উৎপত্তি ও প্রলয় আত্মাদি ও আত্মান্ত। কিন্তু শ্রুতিতে মধ্যে বুদ্ধির ও মনের উৎপত্তি কথিত হইয়াছে। তাহাতে শঙ্কা হইতে পারে যে, পূর্ব্বে যে ক্রমের কথা বলা হইয়াছে তাহা ঐকান্তিক নহে, অথবা বিরুদ্ধ। এই আশঙ্কা নিবারণার্থ সূত্রকার বলিতেছেন, বুদ্ধির ও মনের উৎপত্তিতে অল্পমাত্রও বিশেষ নাই। অর্থাৎ তাহা ভূতোৎপত্তিক্রমবিরুদ্ধ নহে ; প্রত্যুত তাহারই অন্তর্নিবিষ্ট। (ভাষানুবাদ দেখ)।

সেন্দ্রিয়স্য তু মনসো বুদ্ধেশ্চ সদ্ভাবঃ প্রসিদ্ধঃ শ্রুতিস্মৃত্যোঃ। বুদ্ধিন্তু সারথিং বিদ্ধি মনঃ প্রগ্রহমেব চ। ইন্দ্রিয়াণি হয়ানাহুঃ, ইত্যাদিলিঙ্গেভ্যঃ। তয়োরপি কস্মিংশ্চিদন্তরালে ক্রমেণোৎপত্তিপ্রলয়াবুপসংগ্রাহ্যৌ, সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মজত্বাভ্যুপগমাৎ। অপিচাথর্ব্বণ উৎপত্তিপ্রকরণে ভূতানামাত্মনশ্চান্তরালে করণান্যনুক্রম্যন্তে 'এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী' ইতি। তস্মাৎ পূর্ব্বোক্তোৎপত্তিপ্রলয়ক্রমভঙ্গপ্রসঙ্গো ভূতানামিতি চেৎ, ন। অবিশেষাৎ। যদি তাবদ্ভৌতিকানি করণানি ততো ভূতোৎপত্তিপ্রলয়াভ্যামেবৈষামুৎপত্তিপ্রলয়ৌ ভবত ইতি নৈতয়োঃ ক্রমান্তরং মৃগ্যম্। ভবতি চ ভৌতিকত্বে লিঙ্গং করণানাং,

---

আত্মনঃ করণানি করণেভ্যশ্চ ভূতানীতি প্রতীয়তে। তস্মাদাত্মন আকাশ ইতি ভজ্যতে। অন্নময়মিতি চ ময়ড়ানন্দময় ইতিবৎ ন বিকারার্থ ইতি প্রাপ্ত হভিধীয়তে। বিভক্তত্বাত্তাবন্মনঃপ্রভৃতীনাং কারণাপেক্ষায়ামন্নময়ং মন ইত্যাদিলিঙ্গশ্রবণাদপেক্ষিতার্থকথনায় বিকারার্থত্বমেব ময়টোযুক্তমিতরথা ত্বনপেক্ষিতমুক্তং ভবেৎ। ন চ তদপি ঘটতে। ন হ্যন্নময়োযজ্ঞ ইতিবদন্নপ্রাচুর্য্যং মনসঃ সম্ভবতি। এবঞ্চেদ্ভূতবিকারা মন-আদয়োভূতানাং পরস্তাদুৎপদ্যন্ত ইতি

আবশ্যক। কেন-না, বস্তু মাত্রেই ব্রহ্মপ্রভব বা ব্রহ্মোৎপন্ন, ইহা স্বীকৃত আছে। [অপি···বিশেষাৎ] আরও দেখ, অথর্ব্ব-শ্রুতির উৎপত্তিপ্রকরণে আত্মা ও ভূত, এই দুএর মধ্যে ইন্দ্রিয়োৎপত্তির উল্লেখ আছে। যথা—"এই ব্রহ্ম হইতে প্রাণ, মন, ইন্দ্রিয়, আকাশ, বায়ু, তেজঃ, জল, বিশ্বাধার পৃথিবী জন্মে।" অতএব, পূর্ব্বে যে ভূতোৎপত্তির ও ভূতলয়ের ক্রম কথিত হইয়াছে, সে ক্রম অন্তরালবর্ত্তী মনোবুদ্ধির দ্বারা ভঙ্গ হইল। যদি কেহ ঐরূপ বলেন, পূর্ব্বপক্ষ করেন, তাহা হইলে তৎপ্রতিকূলে সূত্রকার বলিতেছেন, শ্রুতিতে মনোবুদ্ধির অনুক্রম (পাঠ) থাকিলেও তাহা ভূত হইতে বিশেষ অর্থাৎ ভিন্ন পদার্থ নহে। (ইন্দ্রিয়মাত্রেই ভৌতিক)। [যদি···নেতব্যঃ] যেহেতু ইন্দ্রিয়গণ ভৌতিক সেই হেতু ভূতোৎপত্তিপ্রলয় বলায় ইন্দ্রিয়োৎপত্তিপ্রলয় বলা সিদ্ধ হয়, তাহাদের ক্রম পৃথক্ অন্বেষণীয় নহে। ইন্দ্রিয়গণ ভৌতিক, এ বিষয়ে শাস্ত্র ও অনুমান উভয়ই আছে। যথা—"হে সৌম্য!

'অন্নময়ং হি সোম্য মন আপোময়ঃ প্রাণস্তেজোময়ী বাক্' ইত্যেবঞ্জাতীয়কম্। ব্যপদেশোঽপি কচিদ্ভূতানাং করণানাঞ্চ ব্রাহ্মণপরিব্রাজকন্যায়েন নেতব্যঃ। অথ ত্বভৌতিকানি করণানি তথাপি ভূতোৎপত্তিক্রমো ন করণৈর্ব্বিশেষ্যতে, প্রথমং করণান্যুৎপদ্যন্তে চরমং ভূতানি, প্রথমং বা ভূতান্যুৎপদ্যন্তে চরমং করণানীতি। আথর্ব্বণে তু সামাম্নায় ক্রমমাত্রং করণানাং ভূতানাঞ্চ ন তত্রোৎপত্তিক্রম উচ্যতে তথান্যত্রাপি পৃথগেব ভূতক্রমাৎ করণক্রম আম্নায়তে 'প্রজাপতির্ব্বা ইদমগ্রআসীৎ স আত্মানমৈক্ষৎ স মনোঽসৃজত তম্মন এবাসীৎ তদাত্মানমৈক্ষত তদ্বাচমসৃজত' ইত্যাদিনা। তস্মান্নাস্তি ভূতোৎপত্তিক্রমস্য ভঙ্গঃ ॥ ১৫ ॥

যুক্তম্। প্রৌঢ়বাদিতয়াঽভ্যুপেত্যাহ—"অথ ত্বভৌতিকানী"তি। ভবত্বাত্মন এব করণানামুৎপত্তিঃ। ন খল্বেতাবতা ভূতমাত্মনো নোৎপত্তবাম্। তথা চ নোক্তক্রমভঙ্গপ্রসঙ্গঃ। বিশিষ্যতে ভিদ্যতে ভজ্যত ইতি যাবৎ।

শ্বেতকেতো! মনঃ অন্নময়, প্রাণ আপোময় এবং বাগিন্দ্রিয় তেজোময় (তেজঃ পদার্থের বিকার)।" ইত্যাদি। "ইন্দ্রিয়" এই নাম ভেদ ব্রাহ্মণ-পরিব্রাজকের দৃষ্টান্তে সঙ্গত করিবে। অর্থাৎ পরিব্রাজক যেমন ব্রাহ্মণ ও পরিব্রাজক উভয়রূপী, তেমনি, ইন্দ্রিয়গণও ভূতবিশেষ ও ইন্দ্রিয়, দ্বিরূপবিশিষ্ট। (ব্রাহ্মণই পরিব্রাজক হয়, ভূতই ইন্দ্রিয়ভাব প্রাপ্ত হয়)। [অথ···ক্রমস্য ভঙ্গঃ] ইন্দ্রিয়গণ ভৌতিক না হইলেও ভূতোৎপত্তিক্রম বিশেষভাব প্রাপ্ত হইবেক না। প্রথমে ইন্দ্রিয়োৎপত্তি, পরে ভূতোৎপত্তি, অথবা প্রথমে ভূতোৎপত্তি, পরে ইন্দ্রিয়োৎপত্তি, এরূপ সংশয়ও হইবেক না। অথর্ব্ব-শ্রুতি কেবল ইন্দ্রিয়গণের ও ভূতের ক্রম (পূর্ব্বাপরীভাব) বলিয়াছেন, উৎপত্তির ক্রম বলেন নাই। আবার অন্য-শ্রুতিতে ঠিক্ ভূতোৎপত্তি-ক্রমের অনুরূপ ক্রমে ইন্দ্রিয়োৎপত্তির ক্রম কথিত হইয়াছে। যথা—"সৃষ্টির পূর্ব্বে এ সমস্তই প্রজাপতি ছিল। সেই প্রজাপতি আপনাকে আলোচনা করিলেন, করিয়া মন সৃষ্টি করিলেন। তখন সেই মন-ই ছিলেন, (এ সকল কিছু ছিলনা)। সেই মন আপনাকে ঈক্ষণ করিলেন, করিয়া বাগিন্দ্রিয় সৃজন করিলেন।" ইত্যাদি। অতএব, ইন্দ্রিয়ের দ্বারা ভূতোৎপত্তিক্রমের ভঙ্গ নাই।

চরাচরব্যপাশ্রয়স্তু স্যাত্তদ্ব্যপদেশো ভাক্তস্তদ্ভাবভাবিত্বাৎ ॥ ১৬ ॥*

স্তো জীবস্যাপ্যুৎপত্তিপ্রলয়ৌ জাতো দেবদত্তো মৃতো দেবদত্ত ইত্যেবঞ্জাতীয়কাল্লৌকিকব্যপদেশাজ্জাতকর্ম্মাদিসংস্কারবিধানাচ্চেতি স্যাৎ কস্যচিদ্ভ্রান্তিস্তামপনুদামঃ। ন জীবস্যোৎপত্তিপ্রলয়ৌ স্তঃ শাস্ত্রফলসম্বন্ধোপপত্তেঃ। শরীরানুবিনাশিনি হি জীবে শরীরান্তরগতেষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারার্থৌ বিধিপ্রতিসেধাবনর্থকৌ স্যাতাম্। শ্রূয়তে চ 'জীবাপেতং বাব কিলেদং ম্রিয়তে ন জীবো ম্রিয়ত' ইতি। নন্বু লৌকিকো

দেবদত্তাদিনামধেয়ঃ তাবজ্জীবাত্মনো ন শরীরস্য তন্নাম্নে শরীরায় শ্রাদ্ধাদিকরণানুপপত্তেঃ। তস্মাৎ তোদেবদত্তো জাতোদেবদত্ত ইতি ব্যপদেশস্য মুখ্যত্বং মন্বানস্য পূর্ব্বঃ পক্ষঃ। মুখ্যত্বে শাস্ত্রোক্তামুষ্মিকস্বর্গাদিফলসম্বন্ধানুপপত্তেঃ শাস্ত্র-[illegible]দে.শা ভাক্তোব্যপদেশোবাধ্যত্বোয়ঃ। ভক্তিশ্চ শরীরস্যোৎপাদবিনাশৌ।

অমুক জন্মিয়াছে, অমুক মরিয়াছে, এইরূপ এইরূপ লৌকিক উল্লেখ ও শাস্ত্রে জাতকর্ম্মাদি সংস্কারের বিধান থাকায় ভ্রম হইতে পারে যে, পঞ্চ মহাভূতের ন্যায় জীবেরও উৎপত্তি ও প্রলয় আছে। এক্ষণে সে ভ্রম অপনোদিত হইতেছে। [ন···ইতি] শাস্ত্র ও কর্ম্মফলসম্বন্ধ, এই দুই হেতুতে নিশ্চিত হয়, জীবের উৎপত্তি-বিনাশ নাই। জীব শরীরবিনাশের সঙ্গে বিনষ্ট হইলে পারলৌকিক ইষ্টানিষ্টপ্রাপ্তিপরিহারবোধক শাস্ত্রের সার্থক্য থাকে না। বিশেষতঃ শ্রুতি বলিয়াছেন "জীবপরিত্যক্ত দেহই মরে, জীব মরে না।" [নন্বু···চর্য্যেতে] যদি বল, জীব জন্মে ও মরে, এই লৌকিক ব্যপদেশের

---

* তুশব্দঃ শঙ্কানিরাসার্থঃ। ইন্দ্রিয়োৎপত্তিক্রমেণ ভূতক্রমস্য বাধাভাবেঽপি জীবোৎপত্তিক্রমেণ তস্য বাধঃ স্যাদিতি প্রত্যুদাহরণেন জীবোৎপত্তিমাশঙ্ক্য [illegible] নিরাসো ভবতীতি মনসিকৃত্য তদুৎপত্তিপ্রলয়ব্যপদেশস্য ভাক্তত্বমাহ চরাচরেতি। তয়োর্জ্জন্মমরণয়োর্ব্যপদেশো লৌকিক উল্লেখশ্চরাচরাশ্রয়ঃ স্থাবরজঙ্গমশরীরবিষয়ঃ। তত্রৈব তৌ শব্দৌ মুখ্যাবিত্যর্থঃ। ততশ্চ স ব্যপদেশো জীবে ভাক্তঃ। তত্র হেতুস্তদ্ভাবভাবিত্বাদিতি। তস্য দেহস্য ভাব আত্মলক্ষণসম্বন্ধো জন্ম তস্মিন্ সতি ভাবিত্বং জন্মবত্ত্বং তস্মাৎ।—জীব জন্মে ও মরে এই উল্লেখ মুখ্য নহে, কিন্তু গৌণ। ঐ দুই শব্দ চরাচরদেহের ভাবাভাব লক্ষ্য করিয়াই প্রযুক্ত হয়, তৎসম্পর্কবিশিষ্ট জীবে তাহা উপচরিত হয়। ভাষ্য ব্যাখ্যা দেখ।

জন্মমরণব্যপদেশো জীবস্য দর্শিতঃ? সত্যং দর্শিতঃ। ভাক্ত-স্ত্বেষ জীবস্য জন্মমরণব্যপদেশঃ। কিমাশ্রয়ঃ পুনরয়ং মুখ্যো যদপেক্ষয়া ভাক্ত ইতি। উচ্যতে। চরাচরব্যপাশ্রয়ঃ। স্থাবর-জঙ্গমশরীরবিষয়ৌ জন্মমরণশব্দৌ। স্থাবরজঙ্গমানি হি ভূতানি জায়ন্তে চ ম্রিয়ন্তে চাতস্তদ্বিষয়ৌ জন্মমরণশব্দৌ মুখ্যৌ সন্তৌ তৎস্থে জীবাত্মন্যুপচর্য্যেতে। তদ্ভাবভাবিত্বাৎ। শরীরপ্রাদু-র্ভাবতিরোভাবয়োর্হি সতোর্জন্মমরণশব্দৌ ভবতো নাসতোঃ। ন হি শরীরসম্বন্ধাদন্যত্র জীবো জাতো মৃতো বা কেনচিদুপ-লক্ষ্যতে। 'স বা অয়ং পুরুষো জায়মানঃ শরীরমভিসম্পদ্য-মানঃ স উৎক্রামন্ ম্রিয়মাণঃ' ইতি চ শরীরসংযোগবিয়োগ-

---

ততস্তৎসংযোগ ইতি জাতকর্ম্মাদি চ গর্ভবীজসমুদ্ভবজীবপাপপ্রক্ষয়ার্থং ন তু জীবজন্মজপাপক্ষয়ার্থম্। অত এব স্মরন্তি—এবমেনঃ শমং যাতি বীজগর্ভ-সমুদ্ভবমিতি।

তস্মান্ন শরীরোৎপত্তিবিনাশাভ্যাং জীবজন্মবিনাশাবিতি সিদ্ধম্। এতচ্চ লৌকিকব্যপদেশস্যাভ্রান্তিমূলত্বমভ্যুপেত্যাধিকরণম্। উক্তা হ্যধ্যাসভাষ্যেঽস্য

(প্রয়োগের) গতি কি? গতি আছে। লোকমধ্যে-যে জীবের জন্ম-মরণ-সংজ্ঞা ব্যবহৃত হয়, অর্থাৎ লোকে যে জীবের জন্ম মরণ সংজ্ঞা ব্যবহার করে, সে সংজ্ঞা বা প্রয়োগ গৌণ। জন্ম ও মরণ, এই দুই শব্দের মুখ্য আশ্রয় কি? যাহার অনুগুণে ঐ দুই শব্দ জীবে গৌণ বা ঔপচারিকরূপে প্রযুক্ত হয়? তাহা বলিতেছি। স্থাবর ও জঙ্গম, এই দ্বিবিধ দেহবিষয়েই জন্ম-মরণ-শব্দের মুখ্য প্রয়োগ। স্থাবর-জঙ্গম-দেহই জন্মে ও মরে, সেই জন্য, স্থাবর-জঙ্গম দেহের উপরেই (দেহের ভাব অভাব দৃষ্টে) জন্মমরণ শব্দের মুখ্য প্রয়োগ। জীব সেই জন্মমরণবান্ দেহে থাকে, সেই জন্য জীবে তাহা (জন্ম-মরণ-শব্দ) উপচার ক্রমে প্রযুক্ত হয়। [তদ্ভাব…দর্শয়তি] দেহের ভাবে অর্থাৎ বিদ্যমানতায় বা উৎপত্তিতে জন্ম, এবং তাহার অবিদ্যমানতায় বা বিনাশে মরণ। শরীরের প্রাদুর্ভাব ও তিরোভাব দেখিলে ঐ দুই শব্দের প্রয়োগ হয়, না দেখিলে হয় না। শরীরসম্বন্ধ ব্যতীত কেবল জীবের জন্ম বা মরণ কেহ কখন দেখেন নাই, কেহ কখন দেখাইতেও পারিবেন না। শ্রুতিও শরীরসংযোগে জন্ম ও শরীরবিয়োগে মরণ হওয়া দেখাইয়াছেন। যথা,—

নিমিত্তাবেব জন্মমরণশব্দৌ দর্শয়তি। জাতকর্ম্মাদিবিধানমপি দেহপ্রাদুর্ভাবাপেক্ষমেব দ্রষ্টব্যম্, অভাবাজ্জীবপ্রাদুর্ভাবস্য। জীবস্য পরস্মাদাত্মন উৎপত্তির্ব্বিয়দাদীনামিবাস্তি নাস্তি বেত্যেতদুত্তরেণ সূত্রেণ বক্ষ্যতি। দেহাশ্রয়ৌ তাবজ্জীবস্য স্থূলাবুৎপত্তিপ্রলয়ৌ ন স্ত ইত্যেতদনেন সূত্রেণাবোচৎ ॥১৬॥

নাত্মাঽশ্রুতের্নিত্যত্বাচ্চ তাভ্যঃ ॥ ১৭ ॥

অস্ত্যাত্মা জীবাখ্যঃ শরীরেন্দ্রিয়পঞ্জরাধ্যক্ষঃ কর্ম্মফলসম্বন্ধী। স কিং ব্যোমাদিবদুৎপদ্যতে ব্রহ্মণ আহোস্বিদ্ব্রহ্মবদেব নোৎপদ্যত ইতি শ্রুতিবিপ্রতিপত্তের্ব্বিশয়ঃ। কাস্থচিদ্ধি

ভ্রান্তিমূলতেতি। মা ভূতামস্ত শরীরাদয়নায়াভাঃ স্থূলাবুৎপত্তিবিনাশৌ। আকাশাদেরিব তু মহাসর্গাদৌ তদন্তে চোৎপত্তিবিনাশৌ জীবস্থ ভবিষ্যত ইতি শঙ্কান্তরমপনেতুমিদমারভ্যতে।

বিচারমূলসংশয়স্থ বীজমাহ—"শ্রুতিবিপ্রতিপত্তে"রিতি। তামেব দর্শ-

---

"এই পুরুষ (আত্মা) শরীরপ্রাপ্তে জায়মান ও শরীরত্যাগে ম্রিয়মাণ হন।" [জাত···বোচৎ] শাস্ত্রে যে জাতকর্ম্মাদির বিধান আছে, পুত্র জন্মিলে যে সংস্কার-বিশেষ অনুষ্ঠান করিবার উপদেশ আছে, তাহাও শরীরপ্রাদুর্ভাব-ঘটিত। কারণ, জীবের প্রাদুর্ভাব (জন্ম) হয় না, দেহেরই প্রাদুর্ভাব হয়। পরমাত্মা হইতে আকাশাদির ন্যায় জীবের উৎপত্তি হয় কিনা তাহা পর সূত্রে বলা হইবে। এ সূত্রে বলা হইল যে, দেহাশ্রিত স্থূল উৎপত্তি-বিনাশ জীবে উপচরিত, বাস্তবতঃ জীবে তাহা নাই, জীবে তাহার অভাব আছে।

ইন্দ্রিয়ান্বিত শরীরের অধ্যক্ষ ও কর্ম্মফলভোক্তা জীবনামক আত্মা আছেন। তিনি আকাশাদির ন্যায় ব্রহ্ম হইতে উৎপন্ন অথবা ব্রহ্মের ন্যায় নিত্য, এরূপ সংশয় হইতে পারে। পরস্পর বিরুদ্ধ শ্রুতিবাক্য থাকায় ঐ সংশয় হয়। কোন কোন শ্রুতি অগ্নিস্ফুলিঙ্গ দৃষ্টান্ত দিয়া বলিয়াছেন, জীবাত্মা পরব্রহ্ম হইতে উৎপন্ন হয়। আবার অন্য শ্রুতি বলিয়াছেন, অবিকৃত পরব্রহ্মই স্বসৃষ্ট

---

* আত্মা জীবোনোৎপদ্যতে। কস্মাৎ? অশ্রুতেঃ। উৎপত্তিপ্রকরণে হ্যস্যোৎপত্তিশ্রবণং নাস্তি। অপিচ তাভ্যঃ শ্রুতিভ্যঃ অজত্বাদিশব্দেভ্যশ্চ তস্য নিত্যত্বমবগম্যতে।—আত্মা আকাশাদির ন্যায় উৎপন্ন পদার্থ নহেন। কেন-না, শ্রুতি উৎপত্তিপ্রকরণে আত্মার উৎপত্তি বলেন নাই, প্রত্যুত "অজ—জন্মরহিত" ইত্যাদি বাক্যে তাঁহার নিত্যতাই বলিয়াছেন।

শ্রুতিষ্বগ্নিবিস্ফুলিঙ্গাদিনিদর্শনৈর্জ্জীবাত্মনঃ পরস্মাৎ ব্রহ্মণ উৎপত্তিরাম্নায়তে, কাস্বচিত্ত্ববিকৃতস্যৈব পরস্য ব্রহ্মণঃ কার্য্যপ্রবেশেন জীবভাবো বিজ্ঞায়তে ন চোৎপত্তিরাম্নায়ত ইতি। তত্র প্রাপ্তং তাবদুৎপদ্যতে জীব ইতি। কুতঃ। প্রতিজ্ঞানুপরোধাৎ। 'একস্মিন্ বিদিতে সর্ব্বমিদং বিদিতম্' ইতীয়ং প্রতিজ্ঞা সর্ব্বস্য বস্তুজাতস্য ব্রহ্মপ্রভবত্বে সতি নোপরুধ্যেত, তত্ত্বান্তরত্বে তু জীবস্য প্রতিজ্ঞেয়মুপরুধ্যেত। ন চাবিকৃতঃ পরমাত্মৈব জীব ইতি শক্যতে বিজ্ঞাতুং, লক্ষণভেদাৎ। অপহতপাপ্মত্বাদিধর্ম্মকো হি পরমাত্মা, তদ্বিপরীতো হি জীবঃ, বিভক্তত্বাদাকাশবদস্য বিকারত্বসিদ্ধিঃ। যাবান্ হ্যাকাশাদিঃ প্রবিভক্তঃ স সর্ব্বো বিকারঃ। তস্য চাকাশাদেরুৎপত্তিঃ সমধিগতা। জীবাত্মাপি

য়তি—"কাস্বচিদ্ধি শ্রুতিষ্বি"তি। পূর্ব্বপক্ষং গৃহ্লাতি—"তত্র প্রাপ্ত"মিতি। পরমাত্মনস্তাবদ্বিরুদ্ধধর্ম্মসংসর্গাদপহতপাপ্মত্বাদিলক্ষণাজ্জীবাত্মনোঽন্যত্বম্। তে চেন্ন বিকারাস্ততস্তত্ত্বান্তরত্বে বহুতরাদ্বৈতশ্রুতিবিরোধঃ। ব্রহ্মবিজ্ঞানেন সর্ব্ববিজ্ঞানপ্রতিজ্ঞাবিরোধশ্চ। তস্মাচ্ছ্রুতিভিরনুজ্ঞায়তে বিকারত্বম্। প্রমাণান্তরং চাত্রোক্তং—"বিভক্তত্বাদাকাশাদিবদি"তি। যথা 'অগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফু-

---

শরীরে প্রবিষ্ট ও জীবভাবে বিরাজিত আছেন। [তত্র···রুধ্যেত] সংশয় হইলেই পূর্ব্বপক্ষ, তাহাতে পাওয়া যায়, জীবও উৎপন্ন হয়। এ পক্ষের পোষক প্রমাণ শ্রুত্যুক্ত প্রতিজ্ঞার অবাধ। অর্থাৎ শ্রুতি যে একবিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞা করিয়াছেন, সমুদায় বস্তু ব্রহ্মপ্রভব না হইলে সে প্রতিজ্ঞা সংরক্ষিত হয় না। জীব যদি ব্রহ্মপ্রভব না হয়, আর পৃথক্ পদার্থ হয়, তাহা হইলে ব্রহ্ম জানিলে জীব জানা হইবে না, কাযেই সর্ব্ববিজ্ঞান-প্রতিজ্ঞা ভঙ্গ হইবে। [ন চা···র্হতি] অবিকৃত পরমাত্মাই যে শরীরে জীবভাবে বিরাজিত করিতেছেন, ইহা কিসে জানা যায়? জানা যায় না। যেহেতু পরমাত্মা ও জীবাত্মা সমলক্ষণ নহে; সেই হেতু পরমাত্মাই জীব, এ তত্ত্ব দুর্ব্বিজ্ঞেয়। পরমাত্মা নিষ্পাপ নিষ্ক্রিয় নির্ধর্ম্মক, জীব তাহার সম্পূর্ণ বিপরীত। বিভাগ থাকাতেও জীবের বিকারত্ব (জন্ম-মরণ) জানা যায়। আকাশাদি যে-কিছু বিভক্ত বস্তু, সমস্তই বিকার অর্থাৎ জন্য পদার্থ এবং তাদৃশ আকাশাদির উৎপত্তি অবগত হওয়া গিয়াছে। জীবও পুণ্য-পাপ-কারী সুখদুঃখভাগী ও প্রতিশরীরে বিভক্ত,

পুণ্যাপুণ্যকর্ম্মা সুখদুঃখভাক্ প্রতিশরীরং বিভক্ত ইতি তস্যাপি প্রপঞ্চোৎপত্ত্যবসর উৎপত্তির্ভবিতুমর্হতি। 'অপি চ যথাগ্নেঃ ক্ষুদ্রা বিস্ফুলিঙ্গা ব্যুচ্চরন্ত্যেবমেবাস্মাদাত্মনঃ সর্ব্বে প্রাণাঃ' ইতি প্রাণাদের্ভোগ্যজাতস্য সৃষ্টিং শিষ্ট্বা সর্ব্বে এতে আত্মানো ব্যুচ্চরন্তীতি ভোক্তৄণামাত্মনাং পৃথক্ সৃষ্টিং শাস্তি। 'যথা সুদীপ্তাৎ পাবকাৎ বিস্ফুলিঙ্গাঃ সহস্রশঃ প্রভবন্তি স্বরূপাস্তথাক্ষরাদ্বিবিধাঃ সোম্যভাবাঃ প্রজায়ন্তে তত্র চৈবাপিযন্তি' ইতি চ জীবাত্মনামুৎপত্তিপ্রলয়াবুচ্যেতে সরূপবচনাৎ। জীবাত্মানো হি পরমাত্মনা সরূপা ভবন্তি চৈতন্যযোগাৎ। ন চ ক্বচিদশ্রবণমন্যত্র শ্রুতং বারয়িতুমর্হতি, শ্রুত্যন্তরগতস্যাপ্যবিরুদ্ধস্যাঽধিকস্যার্থস্য সর্ব্বত্রোপসংহর্ত্তব্যত্বাৎ। প্রবেশ-

---

লিঙ্গা' ইতি চ শ্রুতিঃ সাক্ষাদেব ব্রহ্মবিকারত্বং জীবানাং দর্শয়তি। যথা সুদীপ্তাৎ পাবকাদিতি চ ব্রহ্মণো জীবানামুৎপত্তিঞ্চ তত্রাপ্যয়ঞ্চ সাক্ষাদ্দর্শয়তি। নন্বক্ষরাদ্ভাবানামুৎপত্তিপ্রলয়াববগম্যেতে ন জীবানামিত্যত আহ—"জীবাত্মনা"মিতি। স্যাদেতৎ। সৃষ্টিশ্রুতিষ্বাকাশাদ্যুৎপত্তিরিব কস্মাজ্জীবোৎপত্তির্নাম্নায়তে। তস্মাদাম্নানযোগ্যস্যানাম্নানাত্তস্যোৎপত্ত্যভাবং প্রতীম ইত্যত আহ।—"ন চ ক্বচিদশ্রবণ"মিতি। এবং হি কস্যাঞ্চিচ্ছাখায়ামাম্নাতস্য কতি-

---

এ জন্য জীবেরও জগদুৎপত্তিকালে উৎপত্তি হইয়াছিল, এই কথাই সঙ্গত। [অপিচ···যোগাৎ] আরও দেখ, "যেমন অগ্নি হইতে ক্ষুদ্র বিস্ফুলিঙ্গ বাহিরাগত হয়, তেমনি, পরমাত্মা হইতে সমুদায় প্রাণ জন্মলাভ করে।" শ্রুতি এইরূপে জীবভোগ্য প্রাণাদির সৃষ্টি উপদেশ করিয়া বলিয়াছেন "এই সকল আত্মা তাঁহা হইতে ব্যুচ্চরিত হয়।" শ্রুতির এই উক্তিতে ভোক্তাত্মগণের সৃষ্টি উপদিষ্ট হইয়াছে। "যেমন প্রদীপ্ত পাবক হইতে পাবকরূপী সহস্র সহস্র স্ফুলিঙ্গ জন্মে, সেইরূপ, এই অক্ষর (ব্রহ্ম) হইতে অক্ষর সমানরূপী বিবিধ পদার্থ জন্মে, আবার অক্ষরেই লয়প্রাপ্ত হয়।" এই শ্রুতিতেই সমানরূপী; এই শব্দ থাকায় জীবাত্মার উৎপত্তি-বিনাশ কথিত হইয়াছে; ইহা বুঝিতে হইবে। স্ফুলিঙ্গ অগ্নিসমানরূপী, জীবাত্মাও পরমাত্মসমানরূপী। (উভয়েই চেতন, সুতরাং সমানরূপী)। [নচ···জীবঃ] এক শ্রুতিতে উৎপত্তিকথন নাই, তাই বলিয়া অন্য শ্রুত্যুক্ত উৎপত্তির নিষেধ হইবে, তাহা হইবে না। অন্য শ্রুতিস্থ

শ্রুতিরপ্যেবং সতি বিকারভাবাপত্ত্যৈব ব্যাখ্যাতব্যা 'তদাত্মানং স্বয়মকুরুত' ইত্যাদিবৎ। তস্মাদুৎপদ্যতে জীব ইত্যেবং প্রাপ্তে ক্রমঃ, নাত্মা জীব উৎপদ্যত ইতি। কস্মাৎ। অশ্রুতেঃ। ন হ্যস্যোৎপত্তিপ্রকরণে শ্রবণমস্তি ভূয়ঃসু প্রদেশেষু। ননু কচিদশ্রবণমন্যত্র শ্রুতং ন বারয়তীত্যুক্তং, সত্যমুক্তং, উৎপত্তিরেব ত্বস্য ন সম্ভবতীতি বদামঃ। কস্মাৎ। নিত্যত্বাচ্চ তাভ্যঃ। চ শব্দাদজত্বাদিভ্যশ্চ। নিত্যত্বং হ্যস্য শ্রুতিভ্যোঽবগম্যতে তথাজত্বমবিকারিত্বমবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবাত্মনাবস্থানং ব্রহ্মাত্মতা চেতি। ন চৈবং রূপস্যোৎপত্তিরুপপদ্যতে। তাঃ কাঃ শ্রুতয়ঃ। 'ন জীবো ম্রিয়তে' 'স বা এষ মহানজ আত্মাঽজরোঽমৃতো-

---

পয়াঙ্গসহিতস্য কর্ম্মণঃ শাখান্তরীণাঙ্গোপসংহারেণ ভবেৎ। তস্মাদ্বহুতরশ্রুতিবিরোধাদনুপ্রবেশশ্রুতির্বিকারভাবাপত্ত্যা ব্যাখ্যেয়া। তস্মাদাকাশবজ্জীবাত্মান উৎপদ্যন্ত ইতি প্রাপ্ত উচ্যতে। ভবেদেবং যদি জীবা ব্রহ্মণো ভিদ্যেরন্ ন ত্বেতদস্তি। তৎসৃষ্ট্বা তদেবানুপ্রাবিশদনেন জীবেনেত্যাদাবিভাগশ্রুতেরৌপাধিকত্বাচ্চ ভেদস্য ঘটকরকাদ্যাকাশবদ্বিরুদ্ধধর্ম্মসংসর্গস্যোপপত্তেঃ। উপাধীনাঞ্চ

অবিরুদ্ধ অতিরিক্ত পদার্থ সর্ব্বত্র সংগৃহীত হয়। "তিনি আপনাকে করিলেন," এই শ্রুতির ন্যায় "স্বসৃষ্ট শরীরে অনুপ্রবিষ্ট হইয়াছেন" এতৎশ্রুতিস্থ অনু প্রবেশ শব্দের বিকার অর্থ গ্রহণ করাই উচিত। অভিপ্রায় এই যে, দেহে অবিকৃত ব্রহ্মের প্রবেশ নহে, কিন্তু তাহা ব্রহ্মের বিকার। বিকার ও উৎপত্তি সমান, ইহা সর্ব্বত্র প্রসিদ্ধ। পূর্ব্বপক্ষের উপসংহার এই যে, উল্লিখিত যুক্তিতে জীবও ব্রহ্ম হইতে আকাশাদির ন্যায় জন্মে [ইত্যেবং ··· দেশেষু] এইরূপ পক্ষ পাওয়ায় বলা হইল, আত্মা অর্থাৎ জীব উৎপন্ন হয় না। কারণ এই যে, শ্রুত্যুক্ত উৎপত্তিপ্রকরণের বহু প্রদেশে জীবের উৎপত্তি অশ্রুত আছে। [ননু ··· চেতি] একস্থানে অশ্রবণ থাকিলে তদ্দ্বারা শ্রুত্যন্তর কথিত উৎপত্তি নিবারিত হয় না সত্য; কিন্তু জীবের উৎপত্তি অসম্ভব। কেন-না, জীব নিত্য। শ্রুতির ও শ্রুতিস্থ অজত্বাদি শব্দের দ্বারা জীবের নিত্যতা প্রতীত হয়। অজত্ব কি? অজত্ব অবিকারিত্ব। অতএব, অবিকৃত ব্রহ্মেরই জীব ভাবে অবস্থান ও জীবের ব্রহ্মত্ব শ্রুতির দ্বারা বিনিশ্চিত হয়। [নচৈবং··· বয়স্তি] তাদৃশ জীবের উৎপত্তি যুক্তিবহির্ভূত। আত্মনিত্যত্ববাদিনী শ্রুতি

হভয়ো ব্রহ্ম' 'ন জায়তে ম্রিয়তে বা বিপশ্চিৎ' 'অজো নিত্যঃ শাশ্বতোঽয়ং পুরাণঃ' 'তৎ সৃষ্ট্বা তদেবানুপ্রাবিশৎ' 'অনেন জীবেনাত্মনানুপ্রবিশ্য নামরূপে ব্যাকরবাণি' 'স এষ ইহ প্রবিষ্ট আনখাগ্রেভ্যঃ' 'তত্ত্বমসি' 'অহং ব্রহ্মাস্মি' 'অয়মাত্মা ব্রহ্ম সর্ব্বানুভূঃ' ইত্যেবমাদ্যা নিত্যত্ববাদিন্যঃ সত্যো জীবস্যোৎপত্তিং প্রতিবধ্নন্তি। ননু প্রবিভক্তত্বাদ্বিকারো বিকারত্বাচ্চোৎপদ্যত ইত্যুক্তং, অত্রোচ্যতে, নাস্য প্রবিভাগঃ স্বতোঽস্তি। 'একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়ঃ সর্ব্বব্যাপী সর্ব্বভূতান্তরাত্মা' ইতি শ্রুতেঃ। বুদ্ধ্যাদ্যুপাধিনিমিত্তং ত্বস্য প্রবিভাগপ্রতিভানমাকাশস্যেব ঘটাদিসম্বন্ধনিমিত্তম্। তথাচ শাস্ত্রং 'স বা অয়মাত্মা ব্রহ্ম বিজ্ঞানময়ো মনোময়ঃ প্রাণময়শ্চক্ষুর্ম্ময়ঃ শ্রোত্রময়ঃ' ইত্যেবমাদি ব্রহ্মণ এবাবিকৃতস্য সতোঽপ্যেকস্যানেক-

---

মনোময় ইত্যাদীনাং শ্রুতের্ভূয়সীনাঞ্চ নিত্যত্বাজত্বাদিগোচরাণাং শ্রুতীনাং দর্শনাদুপাধিপ্রবিলয়েনোপহিতস্যেতি চ প্রশ্নোত্তরাভ্যামনেকধোপপাদনাচ্ছ্রুত্যা অবিভাগস্থ চ—"একো দেবঃ সর্ব্বভূতেষু গূঢ়" ইতি শ্রুত্যৈবোক্তত্বান্নিত্যা

নিচয় এই—"জীব মরে না।" "তিনিই এই। ইনি মহান্, জন্মরহিত, আত্মা, অজর, অমর, অভয় ও ব্রহ্ম।" "বিপশ্চিৎ অর্থাৎ আত্মা জন্মেন না ও মরেন না।" "এই আত্মা অজ নিত্য শাশ্বত ও পুরাতন।" "তিনি সৃজন করিয়া তাহাতে অনুপ্রবিষ্ট আছেন।" "জীবনামক আত্মা হইয়া অনুপ্রবেশ করতঃ নামরূপ ব্যক্ত করিব।" "সেই পরমাত্মা এই শরীরে নাসাগ্র পর্য্যন্ত আবিষ্ট আছেন।" "হে শ্বেতকেতো! তিনিই তুমি।" "আমি ব্রহ্ম" "এই জীবই আত্মা, ব্রহ্ম ও সর্ব্বানুভূ অর্থাৎ সর্ব্বসাক্ষী।" এই সকল জীবনিত্যবাদিনী শ্রুতি জীবোৎপত্তির বাধক প্রমাণ। [নমু···দর্শয়তি] বলিয়াছিলে যে, জীব বিভক্ত, (পৃথক্ পৃথক্), বিভক্ত বলিয়া বিকার (জন্মবান্), বিকারত্ব নিবন্ধন উৎপত্তিমান্, সে কথার প্রত্যুত্তর দিতেছি। জীবের স্বতঃ প্রবিভাগ (পার্থক্য) নাই। "সেই সর্ব্বব্যাপী একই দেব সর্ব্বভূতের বুদ্ধি গুহায় অবস্থিত, সুতরাং সমুদায় ভূতের অন্তরাত্মা।" এই শ্রুতি তাহার প্রমাণ। আকাশ যেমন ঘটাদি সম্বন্ধাধীন বিভক্তরূপে (পৃথক্ পৃথক্রূপে)

বুদ্ধ্যাদিময়ত্বং দর্শয়তি। তন্ময়ত্বঞ্চাস্য তদ্বিবিক্তস্বরূপানভিব্যক্ত্যা তদুপরক্তস্বরূপত্বং স্ত্রীময়ো জাল্ম ইত্যাদিবদ্দ্রষ্টব্যম্। যদপি ক্বচিদস্যোৎপত্তিপ্রলয়শ্রবণং তদপ্যত এবোপাধিসম্বন্ধান্নেতব্যম্। উপাধ্যুৎপত্ত্যৌ চাস্যোৎপত্তিস্তৎপ্রলয়ে চ প্রলয় ইতি। তথা চ দর্শয়তি 'প্রজ্ঞানঘন এবৈতেভ্যো ভূতেভ্যঃ সমুত্থায় তান্যেবানুবিনশ্যতি ন প্রেত্য সংজ্ঞাস্তি' ইতি। তথোপাধিপ্রলয় এবায়ং নাত্মপ্রলয় ইত্যেতদপি, 'অত্রৈব মা ভগবান্মোহান্তমাপীপদন্ন বা অহমিমং বিজানামি ন প্রেত্য সংজ্ঞাস্তি' ইতি প্রশ্নপূর্ব্বকং প্রতিপাদয়তি—'ন বা অরে অহং ব্রবীম্যবিনাশী বা অরেঽয়মাত্মানুচ্ছিত্তিধর্ম্মা মাত্রাসংসর্গস্ত্বস্য

জীবাত্মানো ন বিকারাঃ। ন চাদ্বৈতপ্রতিজ্ঞাবিরোধ ইতি সিদ্ধম্। মৈত্রেয়ীব্রাহ্মণঞ্চাধস্তাদ্ব্যাখ্যাতমিতি নেহ ব্যাখ্যাতম্।

প্রতিভাত হয়, পরমাত্মাও তেমনি বুদ্ধ্যাদি-উপাধি সম্বন্ধের দ্বারা বিভক্তের ন্যায় (পৃথক্ প্রায়) প্রতিভাত হন। এ বিষয়ে শাস্ত্র প্রমাণ যথা—"সেই এই ব্রহ্ম আত্মা বিজ্ঞানময়, মনোময়, প্রাণময়, চক্ষুর্ময়, শ্রোত্রময়" ইত্যাদি। এই শাস্ত্র একই সত্তের (ব্রহ্মের) বহুত্ব ও বুদ্ধ্যাদিময়ত্ব বলিতেছেন। [তন্ময়ত্ব… ভবতি ইতি।] বিজ্ঞানময়, ইত্যাদি শব্দের অর্থ তৎপ্রাচুর্য্য অথবা তৎ[illegible] তন্ত্রপ্রকাশ। জীবের যাহা যথার্থরূপ, তাহা বিস্পষ্ট বা বিজ্ঞানগোচর [illegible] হওয়ায় বুদ্ধ্যাদির সহিত একীভাবপ্রাপ্তিনিবন্ধন তদ্ভাবাপত্তি হওয়া। যেমন স্ত্রীময়, ইত্যাদি। কোন কোন শ্রুতিতে যে জীবের উৎপত্তি ও প্রলয় কথিত হইয়াছে, তাহাও ঔপাধিক অর্থাৎ শরীরাদি-উপাধি-নিবন্ধন। উপাধির উৎপত্তিতে উপহিতের (উপাধি=দেহাদি, উপহিত আত্মা) উৎপত্তি ও উপাধির বিনাশে উপহিতের বিনাশ কথিত হইয়া থাকে। উপাধির বিনাশে যে বিশেষ বিজ্ঞান বিনষ্ট হয়, তাহা শ্রুতিকর্তৃক দর্শিত হইয়াছে। যথা—"এই বিজ্ঞানঘন, কেবল বিজ্ঞান, এই সকল ভূত হইতে উত্থিত (প্রব্যক্ত) হইয়া আবার ভূতের বিনাশে বিনষ্ট হন এবং উপাধির বিনাশ হওয়ায় সংজ্ঞা অর্থাৎ বিশেষ বিজ্ঞান বিনাশ প্রাপ্ত হয়।" ঐ বিনাশ যে উপাধির বিনাশ, আত্মার বিনাশ নহে, তাহাও শ্রুতি প্রশ্নপূর্ব্বক বলিয়াছেন। প্রশ্ন যথা—"হে ভগবন্! আত্মা বিজ্ঞানঘন, কেবল বিজ্ঞান, অথচ সংজ্ঞা থাকে না, আপনার এই

ভবতি' ইতি। প্রতিজ্ঞানুপরোধোঽপ্যবিকৃতস্যৈব ব্রহ্মণো জীবভাবাভ্যুপগমাৎ। লক্ষণভেদোঽপ্যনয়োরুপাধিনিমিত্ত এব। অত ঊর্দ্ধং বিমোক্ষায়ৈব ব্রূহীতি চ প্রকৃতস্যৈব বিজ্ঞানময়স্যাত্মনঃ সর্ব্বসংসারধর্ম্মপ্রত্যাখ্যানেন পরমাত্মভাবপ্রতিপাদনাৎ। তস্মান্নৈবাত্মোৎপদ্যতে প্রবিলীয়তে বেতি ॥ ১৭ ॥

জ্ঞোঽত এব ॥ ১৮ ॥*

স কিং কাণভুজানামিবাগন্তুকচৈতন্যঃ স্বতোঽচেতন আহোস্বিৎ সাঙ্খ্যানামিব নিত্যচৈতন্যস্বরূপ এবেতি বাদিবিপ্রতিপত্তেঃ সংশয়ঃ। কিং তাবৎ প্রাপ্তম্। আগন্তুকমাত্মন-

---

কর্ম্মণা হি জানাত্যর্থো ব্যাপ্তস্তদভাবে ন ভবতি ধূম ইব ধূমধ্বজাভাবে।

কথায় আমি মোহপ্রাপ্ত হইলাম অর্থাৎ উহা বুঝিতে পারিলাম না।" ইহার প্রত্যুত্তরে ঋষি বলিলেন—"আমি মোহ কথা (ভ্রান্ত কথা) বলি নাই। আত্মা অবিনাশী, আত্মার উচ্ছেদ ও পরিণাম হয় না। তবে কি-না তাঁহার সহিত মাত্রার অর্থাৎ বিষয়ের সম্পর্ক হয়। (ফলিতার্থ, বিষয়সম্পর্ককালে বিষয়রূপী হন, আবার বিষয় বিগমে কেবল হন)।" [প্রতিজ্ঞা…বেতি] অবিকৃত ব্রহ্মই শরীরসম্পর্কে জীব, ইহা স্বীকার করিলেও এক বিজ্ঞানে সর্ব্ববিজ্ঞান প্রতিজ্ঞা উপরুদ্ধ (নষ্ট) হয় না। উপাধিনিবন্ধন লক্ষণভেদ ঘটনা হইয়াছে অর্থাৎ ব্রহ্মলক্ষণ একরূপ ও জীবলক্ষণ অন্যরূপ হইয়াছে। শ্রুতি প্রাণময় মনোময় ও বিজ্ঞানময় ব্রহ্ম উপদেশের পর "অতঃপর মোক্ষের উপায় ও স্বরূপ বলুন" এতদ্রূপ প্রশ্ন উত্থাপনপূর্ব্বক পূর্ব্বপ্রস্তাবিত বিজ্ঞানময় আত্মার সংসারধর্ম্ম নিষেধ পূর্ব্বক পরমাত্মভাব উপদেশ করিয়াছেন। এই সকল হেতুবাদ দ্বারা নিশ্চিত হয় যে, আত্মা উৎপন্নও হন না, লয়প্রাপ্তও হন না।

কণাদ-দর্শনের মতে আত্মা আগন্তুক চৈতন্য। অর্থাৎ আত্মা স্বতশ্চেতন নহেন, নিমিত্ত বশতঃ তাঁহাতে চৈতন্যনামক গুণ জন্মে। আবার সাংখ্যদর্শনের

---

* অতএব উক্তাদেব হেতোঃ আত্মা জ্ঞঃ নিত্যচৈতন্যস্বরূপঃ। যস্মান্নোৎপদ্যতে পরমেব ব্রহ্মাবিকৃতমুপাধিসম্পর্কাজ্জীবভাবেনাবতিষ্ঠতে তস্মাদেব কারণাদাত্মা জ্ঞঃ নিত্যোদিতচৈতন্যরূপ ইত্যর্থঃ।—যেহেতু আত্মার উৎপত্তি প্রলয় নাই, অবিকৃত ব্রহ্মই উপাধিবশে জীব ভাবপ্রাপ্ত, সেই হেতু আত্মা নিত্যচৈতন্যরূপী, আগন্তুকচৈতন্য নহেন।

[illegible]সংযোগজমগ্নিঘটসংযোগজরোহিতাদিগুণবদিতি প্রাপ্তম্। নিত্যচৈতন্যত্বে হি সুপ্তমূর্চ্ছিতগ্রহাবিষ্টানামপি চৈতন্যং স্যাৎ। তে পৃষ্টাঃ সন্তো ন কিঞ্চিদ্বয়ং বিজানীমো-ঽচেতয়ামহীতি জল্পন্তি। স্বস্থাশ্চ চেতয়মানা দৃশ্যন্তে। অতঃ কাদাচিৎকচৈতন্যত্বাদাগন্তুকচৈতন্য আত্মেত্যেবং প্রাপ্তেঽভি-ধীয়তে। জ্ঞঃ নিত্যচৈতন্যোঽয়মাত্মা। অতএব যস্মাদেব নোৎ-পদ্যতে পরমেব ব্রহ্মাবিকৃতমুপাধিসম্পর্কাজ্জীবভাবেনাবতি-ষ্ঠতে। পরস্য হি ব্রহ্মণশ্চৈতন্যস্বরূপত্বমাম্নাতং 'বিজ্ঞানমানন্দং

সুষুপ্ত্যাদাবস্থাসু চ জ্ঞেয়স্যাভাবাত্তদ্ব্যাপ্যস্য জ্ঞানস্যাভাবঃ। তথা চ নাত্মস্ব-ভাবশ্চৈতন্যং তদনুবৃত্তাবপি চৈতন্যস্য ব্যাবৃত্তেঃ। তস্মাদিন্দ্রিয়াদিভাবাভাবানু-বিধানাৎ জ্ঞানভাবাভাবয়োরিন্দ্রিয়াদিসন্নিকর্ষাধেয়মাগন্তুকমস্য চৈতন্যং ধর্ম্মো ন স্বাভাবিকঃ। অতএবেন্দ্রিয়াদীনামর্থবত্ত্বমিতরথা বৈয়র্থ্যমিন্দ্রিয়াণাং ভবেৎ।

মতে আত্মা নিত্যচৈতন্যরূপী। এই দুই বিরুদ্ধ মত দৃষ্টে সংশয় হয়, আত্মা কিংস্বরূপ? তিনি কি বৈশেষিকদিগের ন্যায় আগন্তুকচৈতন্য? না সাংখ্যের অভিমত নিত্যচৈতন্যরূপী? কি পাওয়া যায়? যুক্তিতে আগন্তুক চৈতন্যতাই পাওয়া যায়। যদ্রূপ অগ্নির সহিত ঘটের সংযোগ হইলে ঘটে লৌহিত্য গুণ জন্মে, তদ্রূপ, মনের সহিত আত্মার সংযোগ হইলে আত্মার চৈতন্যগুণ জন্মে। আত্মা নিত্যচৈতন্যরূপী হইলে অবশ্যই সুপ্ত, মূর্চ্ছিত ও গ্রহাবিষ্ট অবস্থায় চৈতন্য দর্শন থাকিত। ঐ সকল অবস্থায় যে চৈতন্য থাকে না, চৈতন্যের অভাব হয়, তাহা ঐ সকল অবস্থার পর তাহারা ব্যক্ত করিয়া থাকে। তাহারা বলে, আমরা অচেতন ছিলাম, কিছুই জানিতে পারি নাই। অপিচ, যখন তাহারা স্বস্থ হয়, তখন তাহাদের চৈতন্যাগম হইয়া থাকে। [অতঃ···তিষ্ঠতে] আত্মা কখন চেতন কখন অচেতন, এতদ্দৃষ্টে স্থির হয়, আত্মা নিত্যো-দিতচৈতন্য নহেন, কিন্তু আগন্তুকচৈতন্য। এইরূপ পূর্ব্বপক্ষের সিদ্ধান্তার্থ বলা যাইতেছে।—আত্মা জ্ঞ অর্থাৎ নিত্যোদিতচৈতন্য। পূর্ব্বোক্ত হেতুই তাহার হেতু। অর্থাৎ যেহেতু আত্মা উৎপন্ন হন না, অবিকৃত পরব্রহ্মই দেহাদি-উপাধি-সম্পর্কে জীবভাবান্বিত আছেন, সেই হেতু তিনি নিত্যচৈতন্য-রূপী, আগন্তুকচৈতন্য নহেন। [পরস্য···রূপাঃ] পরব্রহ্মের চৈতন্যরূপতা "বিজ্ঞান ও আনন্দই ব্রহ্ম" "ব্রহ্ম সত্যজ্ঞানানন্দস্বরূপ" "ব্রহ্মের অন্তর্বাহ্য নাই, তিনি পূর্ণ ও জ্ঞানঘন" ইত্যাদি শ্রুতিতে অভিহিত আছে। তাদৃশ

ব্রহ্ম' 'সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' 'অনন্তরোঽবাহ্যঃ কৃৎস্নঃ প্রজ্ঞানঘন এব' ইত্যাদিষু শ্রুতিষু। তদেব চেৎ পরং ব্রহ্ম জীবস্তস্মাজ্জীবস্যাঽপি নিত্যচৈতন্যস্বরূপত্বমগ্নেরৌষ্ণ্যপ্রকাশবদিতি গম্যতে। বিজ্ঞানময়প্রক্রিয়ায়াঞ্চ শ্রুতয়ো ভবন্তি 'অসুপ্তঃ সুপ্তানভিচাকশীতি' ইতি 'অত্রায়ং পুরুষঃ স্বয়ং জ্যোতির্ভবতি' 'ন হি বিজ্ঞাতুর্ব্বিজ্ঞাতের্ব্বিপরিলোপো বিদ্যতে' ইত্যেবং রূপাঃ। অথ 'যো বেদেদং জিঘ্রাণি' ইতি 'স আত্মা' ইতি চ সর্ব্বৈঃ করণদ্বারৈরিদং বেদেদং বেদেতি বিজ্ঞানেনানুসন্ধানাৎ তদ্রূপত্বসিদ্ধিঃ। নিত্যস্বরূপচৈতন্যত্বে ঘ্রাণাদ্যানর্থক্যমিতি চেৎ, ন, গন্ধাদিবিষয়বিশেষপরিচ্ছেদার্থত্বাৎ। তথাহি দর্শয়তি—গন্ধায় ঘ্রাণমিত্যাদি। যত্তু সুপ্তাদয়ো ন চেতয়ন্ত ইতি তস্য শ্রুত্যৈব

নিত্যচৈতন্যশ্রুতয়শ্চ শক্ত্যভিপ্রায়েণ ব্যাখ্যেয়াঃ। অস্তি হি জ্ঞানোৎপাদনশক্তির্নিজা জীবানাং ন তু ব্যোম্ন ইবেন্দ্রিয়াদিসন্নিকর্ষেঽপ্যেষাং জ্ঞানং ন ভবতীতি। তস্মাজ্জড়া এব জীবা ইতি প্রাপ্তেঽভিধীয়তে। যদাগন্তুকজ্ঞানং জড়স্বভাবং তৎ কদাচিৎ পরোক্ষং কদাচিৎ সন্দিগ্ধং কদাচিদ্বিপর্য্যস্তম্। যথা ঘটাদি। ন চৈবমাত্মা। তথা হ্যনুমিমানোঽপ্যপরোক্ষঃ স্মরন্নপ্যানুভবিকঃ সন্দিহানোঽপ্য-

---

পরব্রহ্মের জীবভাববোধক শাস্ত্রের ও যুক্তির দ্বারাও জানা যায় যে, জীবও নিত্যচৈতন্যরূপী। বিজ্ঞানময়প্রকরণেও ঐরূপ শ্রুতি আছে। যথা—"তিনি সুপ্ত হন না, স্বয়ম্প্রকাশ থাকেন, থাকিয়া লুপ্তব্যাপার ইন্দ্রিয়দিগকে দেখেন (সে সকলের সাক্ষী থাকেন)।" "সেই সময়ে এই পুরুষ (আত্মা) স্বয়ংজ্যোতিঃ (স্বয়ম্প্রকাশ)।" "যিনি বিজ্ঞানের জ্ঞাতা, সাক্ষী, তাঁহার বিলোপ নাই।" ইত্যাদি। [অথ···মিত্যাদি] "ঘ্রাণ লইতেছি, ইহা যিনি জানেন, তিনিই আত্মা।" ইত্যাদি ইত্যাদি শ্রুতিতে ইহা জানিলাম, তাহা জানিলাম, ইত্যাদিবিধ সমুদায় ঐন্দ্রিয়ক জ্ঞানের জ্ঞাতাকে বা অনুসন্ধাতাকে আত্মা বলায় আত্মার নিত্যজ্ঞানরূপতাই সিদ্ধ হয়। আত্মা যদি নিত্যজ্ঞানস্বরূপই হন, তাহা হইলে ঘ্রাণাদি ইন্দ্রিয়ের প্রয়োজন কি? কার্য্য কি? সে সকল নিরর্থক? এ আপত্তি হইতেই পারে না। কেন না, তদ্দ্বারা গন্ধাদি বিশেষ বিশেষ বিষয়ের পরিচ্ছেদ (নির্দ্ধারণ) হইয়া থাকে। এ কথা শ্রুতিও বলিয়াছেন। যথা—"গন্ধজ্ঞানের নিমিত্ত ঘ্রাণ" ইত্যাদি। [যত্তু···ইত্যাদি

পরিহারোঽভিহিতঃ। সুষুপ্তং প্রকৃত্য "যদ্বৈ তন্ন পশ্যতি পশ্যন্ বৈ তন্ন পশ্যতি ন হি দ্রষ্টুর্দৃষ্টের্বিপরিলোপো বিদ্যতেঽবিনাশিত্বাৎ ন তু তদ্দ্বিতীয়মস্তি ততোঽন্যদ্বিভক্তং যৎ পশ্যেৎ" ইত্যাদিনা। এতদুক্তং ভবতি—বিষয়াভাবাদিয়মচেতয়মানতা ন চৈতন্যাভাবাদিতি। যথা বিয়দাশ্রয়স্য প্রকাশস্য প্রকাশ্যাভাবাদনভিব্যক্তির্ন স্বরূপাভাবাৎ তদ্বৎ। বৈশেষিকাদিতর্কশ্চ শ্রুতিবিরোধাদাভাসীভবতি। তস্মান্নিত্যচৈতন্যস্বরূপ এবাত্মেতি নিশ্চিনুমঃ ॥ ১৮ ॥

উৎক্রান্তিগত্যাগতীনাং ॥ ১৯ ॥*

সন্দিগ্ধো বিপর্য্যস্তন্নপ্যবিপরীতঃ সর্ব্বস্যাত্মা। তথা চ তৎস্বভাবঃ। ন চ তৎস্বভাবস্য চৈতন্যস্যাভাবস্তস্য নিত্যত্বাৎ। তস্মাদ্‌বৃত্তয়ঃ ক্রিয়ারূপাঃ সকর্ম্মিকাঃ কর্ম্মাভাবে সুষুপ্ত্যাদৌ নিবর্ত্তন্তে। ততশ্চ চৈতন্যমাত্মস্বভাবমিতি সিদ্ধম্। তথা চ নিত্যচৈতন্যবাদিন্যঃ শ্রুতয়ো ন কথঞ্চিৎ ক্লেশেন ব্যাখ্যাতব্যা ভবন্তি। গন্ধাদিবিষয়বৃত্ত্যুপজনে চেন্দ্রিয়াণামর্থবত্ত্বেতি সর্ব্বমবদাতম্।

না] বলিয়াছিলে যে, সুপ্ত পুরুষের চৈতন্য থাকে না, শ্রুতি তাহার প্রতিবাদ বলিয়াছেন। যথা—"আত্মা সুপ্তিকালে দেখেন না এমত নহে, দেখেন, অথচ দেখেন না। দ্রষ্টব্যই দেখেন না। যিনি দৃষ্টির দ্রষ্টা অর্থাৎ জ্ঞানের জ্ঞাতা (প্রকাশক বা সাক্ষী), তিনি অবিনাশী, সেই জন্য তখনও তাঁহার বিলোপ হয় না। তৎকালে দ্বিতীয় থাকে না, কেবল তিনিই থাকেন, অন্য সময়ে তাঁহা হইতে এ সকল (দ্রষ্টব্য) বিভক্ত হয়, তাই তিনি তাহা দেখেন।" [এতদুক্তং…নিশ্চিনুমঃ] উদাহৃত শ্রুতি ইহাই বলিয়াছেন যে, পুরুষ সুপ্তিকালে অচেতন হন না, অচেতনপ্রায় হন। অর্থাৎ সে অবস্থা চৈতন্যাভাব বশতঃ ঘটে না, বিষয়াভাব বশতঃই ঘটে। যেমন প্রকাশ্য বস্তুর অভাবে প্রকাশক পদার্থের অনভিব্যক্তি ঘটে (প্রকাশক না থাকার ন্যায় হয়) তেমনি, দ্রষ্টব্যের অভাবে দ্রষ্টারও অনভিব্যক্তি ঘটে ; তাঁহার স্বরূপের অভাব হয় না। বৈশেষিকদিগের তর্করাশি শ্রুতিবাধিত সুতরাং সে সকল তর্ক সত্তর্ক নহে, তাহা তর্কাভাস (তর্কের মতন)। বিচারের উপসংহার এই যে, প্রদর্শিত কারণে আত্মার চৈতন্যরূপতাই নিশ্চয় হয়।

---

* ইদানীং কিম্পরিমাণো জীব ইতি বিচার্য্যতে। তত্র উৎক্রান্তিশ্চ গতিশ্চাগতিশ্চ তাসাং

ইদানীন্তু কিম্পরিমাণো জীব ইতি চিন্ত্যতে। কিমণুপরিমাণ উত মধ্যমপরিমাণ আহোস্বিন্মহৎপরিমাণ ইতি। নন্থ চ নাত্মোৎপদ্যতে নিত্যচৈতন্যশ্চায়মিত্যুক্তম্। অতশ্চ পর এবাত্মা জীব ইত্যাপততি। পরস্য চাত্মনোঽনন্তত্বমাম্নাতম্। তত্র কুতো জীবস্থ পরিমাণচিন্তাবতার ইতি। উচ্যতে। সত্যমেতৎ, উৎক্রান্তিগত্যাগতিশ্রবণানি তু জীবস্য পরিচ্ছেদং প্রাপয়ন্তি। স্বশব্দেন চাস্য কচিদণুপরিমাণত্বমাম্নায়তে, তস্য সর্ব্বস্যানা-

---

যদ্যপ্যবিকৃতস্যৈব পরমাত্মনো জীবভাবস্তথা চানণুপরিমাণত্বং তথাপ্যুৎক্রান্তিগত্যাগতীনাং শ্রুতেশ্চ সাক্ষাদণুপরিমাণশ্রবণস্য চাবিরোধার্থমিদমধিকরণমিত্যাক্ষেপসমাধানাভ্যামাহ—"নন্থ চে"তি। পূর্ব্বপক্ষং গৃহ্লাতি—"তত্র প্রাপ্তং

অধুনা জীবের পরিমাণ বিচারিত হইবে। জীব কি ক্ষুদ্র? না মধ্যম পরিমাণ (দেহ-পরিমাণ)? না মহৎপরিমাণ? যদি বল, আত্মা উৎপন্ন হন না, আত্মা নিত্যচৈতন্য-স্বরূপ, এ কথা বলা হইয়াছে, তাহাতে ইহাও বলা হইয়াছে যে, পরমাত্মাই জীব, পরমাত্মা অনন্ত অর্থাৎ পূর্ণ, তবে আর জীবপরিমাণে সংশয়াদি স্থান পায় কৈ? বিচারই বা কি? তাহা বলিতেছি। যাহা বলিলে তাহা সত্য, কিন্তু উৎক্রান্তি ও গত্যাগতি-শ্রুতি জীবের পরিচ্ছেদ (পরিমাণ থাকা) আপাদন করিতেছে; কোন কোন শ্রুতি সাক্ষাৎ পরিমাণবাচকশব্দের (অণু প্রভৃতি শব্দের) দ্বারা জীবের পরিমাণ থাকা উপদেশ করিয়াছেন। কাযেই সে সকলের প্রামাণ্য স্থির রাখিবার জন্য পরিমাণ-বিচার অবশ্য আরম্ভনীয়। [তত্র···ইতি] প্রথমতঃ পাওয়া যায়, শ্রুতিতে যখন উৎক্রান্তি, গতি ও আগতি শুনা যায়, তখন জীব অবশ্যই পরিচ্ছিন্ন ও অণুপরিমাণ (ক্ষুদ্র)। উৎক্রান্তি শ্রুতি যথা—"জীব যখন এই শরীর হইতে উৎক্রান্ত বা বহির্নির্গত হয়, তখন ইন্দ্রিয়ের ও প্রাণের সঙ্গে নির্গত হয়।"গতি

শ্রবণাৎ জীবোঽণুপরিমাণ ইতি গম্যতে। পূর্ব্বপক্ষসূত্রমেতৎ।—জীব কিম্পরিমাণ? অর্থাৎ জীবের পরিমাণ কি? এ দিকে দেখা যায় জীব ব্রহ্ম, অন্য দিকে দেখা যায়, জীবের দেহত্যাগ, পরলোকে গতি ও ইহলোকে আগমন হইয়া থাকে। স্বতরাং পক্ষ দ্বয় দৃষ্টে সংশয় হয়, জীব কিম্পরিমাণ? পূর্ব্বপক্ষে পাওয়া যায়, জীব ব্যাপক নহে, কিন্তু পরিচ্ছিন্ন অর্থাৎ ক্ষুদ্র। কেন-না, জীব উৎক্রান্ত হয়, দেহের বাহিরে যায়, পরলোকে যায়, আবার আইসে। ক্ষুদ্র পরিমাণ ব্যতীত তদ্রূপ গত্যাগতি ঘটে না। সর্ব্বব্যাপীর চলন নাই, গত্যাগতি নাই। যে সর্ব্বব্যাপী অর্থাৎ পূর্ণ, সে আবার কোথায় যাইবে? গমনের প্রদেশই বা কৈ?

কুলত্বোপপাদনায়ায়মারম্ভঃ। তত্র প্রাপ্তং তাবদুৎক্রান্তিগত্যা-
গতীনাং শ্রবণাৎ পরিচ্ছিন্নোঽণুপরিমাণো জীব ইতি। উৎক্রা-
ন্তিস্তাবৎ 'স যদাস্মাচ্ছরীরাদুৎক্রামতি সহৈবৈতৈঃ সর্ব্বৈরুৎ-
ক্রামতি' ইতি। গতিরপি—'যে বৈ কে চাস্মাল্লোকাৎ প্রয়ন্তি
চন্দ্রমসমেব তে সর্ব্বে গচ্ছন্তি' ইতি। আগতিরপি 'তস্মাল্লো-
কাৎ পুনরেত্যস্মৈ লোকায় কর্ম্মণে' ইতি। আসামুৎক্রান্তি-
গত্যাগতীনাং শ্রবণাৎ পরিচ্ছিন্নস্তাবজ্জীব ইতি প্রাপ্নোতি। ন
হি বিভোশ্চলনমবকল্পত ইতি। সতি চ পরিচ্ছেদে শারীরপরি-
মাণত্বস্যার্হতপরীক্ষায়াং নিরস্তত্বাদণুরাত্মেতি গম্যতে ॥ ১৯ ॥

স্বাত্মনা চোত্তরয়োঃ ॥ ২০ ॥*

উৎক্রান্তিঃ কদাচিদচলতোঽপি গ্রামস্বাম্যনিবৃত্তিবদ্দেহ-
স্বাম্যনিবৃত্ত্যা কর্ম্মক্ষয়েণাবকল্পেত, উত্তরে তু গত্যাগতী নাচ-

তাবদি"তি। বিভাগসংযোগোৎপাদৌ হি তূৎক্রান্ত্যাদীনাং ফলম্। ন চ
সর্ব্বগতস্য তৌ স্তঃ। সর্ব্বত্র নিত্যপ্রাপ্তস্য বা সর্ব্বাত্মকস্য বা তদসম্ভবাদিতি।
উৎক্রমণং হি মরণে নিরূঢ়ম্। তচ্চাচলতোঽপি তত্র সতোদেহস্বা[illegible]নিবৃ-

শ্রুতি যথা—"যে কেহ এ লোক হইতে প্রয়াণ করে, দেহ পরিত[illegible] করতঃ
লোকান্তরগামী হয়, তাহারা সকলেই চন্দ্রলোকে গমন করে।" আগতিশ্রুতি
যথা—"কর্ম্ম করিবার জন্য চন্দ্রলোক হইতে তাহারা পুনর্ব্বার এই লোকে
আগমন করে।" [আসা · গম্যতে] উৎক্রান্তি, গতি, আগতি, এই তিনের
শ্রবণ (শ্রুতিতে কথন) থাকায় জীবের পরিচ্ছিন্নতাই পাওয়া যায়। বিভুর
(পূর্ণ বা ব্যাপক পদার্থের) উৎক্রান্ত্যাদি অসম্ভব। তাহা কল্পনারও অযোগ্য।
অতএব, পরিচ্ছেদ থাকা অবধারিত হওয়ায় এবং জৈন মত পরীক্ষায় মধ্যম-
পরিমাণ (দেহপরিমাণ) নিরস্ত হওয়ায় অণুপরিমাণই গ্রাহ্য।

কদাচিৎ বিনা চলনে উৎক্রান্তি সম্ভবিতে পারে। যেমন গ্রামস্বামিত্ব
নিবৃত্ত হইলে তাহা উৎক্রান্তি শব্দের অভিধেয় হয়, তেমনি, কর্ম্মক্ষয় বশতঃ

* উত্তরয়োঃ গত্যাগত্যোঃ স্বাত্মনা কর্ত্রা সম্বন্ধাচ্চাণুত্বসিদ্ধিরিতি শেষঃ।—গতি ও আগতি
এ দুটী কর্ত্তার সহিত সম্বন্ধ। অর্থাৎ কর্ত্তার চলন ব্যতীত গমনাগমন অসম্ভব। এতৎকারণেও
জীবের অণুত্ব পক্ষ গ্রাহ্য।

লতঃ সম্ভবতঃ, স্বাত্মনা হি তয়োঃ সম্বন্ধো ভবতি, গমেঃ কর্ত্তৃস্থক্রিয়াত্বাৎ। অমধ্যমপরিমাণস্য চ গত্যাগতী অণুত্ব এব সম্ভবতঃ। সত্যোশ্চ গত্যাগত্যোরুৎক্রান্তিরপ্যপস্থপ্তিরেব দেহাদিতি প্রতীয়তে। ন হ্যনপসৃপ্তস্য দেহাদ্গত্যাগতী স্যাতাং দেহপ্রদেশানাঞ্চোৎক্রান্তাবপাদানত্ববচনাৎ, চক্ষুষ্টোবা মূর্দ্ধো বাঽন্যেভ্যো বা শরীরদেশেভ্য ইতি। স এতাস্তেজোমাত্রাঃ সমভ্যাদদানো হৃদয়মেবান্ববক্রামতি শুক্রমাদায় পুনরেতি স্থানমিতি চান্তরেঽপি শরীরে শারীরস্থ গত্যাগতী ভবতস্তস্মাদপ্যস্যাণুত্বসিদ্ধিঃ॥ ২০ ॥

ত্ত্যোপপদ্যতে ন তু গত্যাগতী। তয়োশ্চলনে নিরূঢ়য়োঃ কর্ত্তৃস্থভাবয়োর্ব্ব্যাপিন্যসম্ভবাদিতি মধ্যমং পরিমাণং মহত্ত্বং শারীরস্যৈব তচ্চার্হতপরীক্ষায়াং প্রত্যুক্তম্। গত্যাগতী চ পরমমহতি ন সম্ভবতোঽতঃপারিশেষ্যাদণুত্বসিদ্ধিঃ। গত্যাগতিভ্যাঞ্চ প্রাদেশিকত্বসিদ্ধৌ মরণমপি দেহাদপসর্পণমেব জীবস্য ন তু তত্র সতঃ স্বাম্যনিবৃত্তিমাত্রমিতি সিদ্ধমিত্যাহ—"সত্যোশ্চ গত্যাগত্যো"রিতি। ইতশ্চ দেহাদপসর্পণমেব জীবস্থ মরণমিত্যাহ—"দেহপ্রদেশানা"মিতি। তস্মাদ্গত্যাগত্যপেক্ষোৎক্রান্তিরপি সাপাদানাণুত্বসাধনমিত্যর্থঃ। ন কেবলমুপাদানশ্রুতেস্তচ্ছরীরপ্রদেশগন্তব্যত্বশ্রুতেরপ্যেবমেবেত্যাহ—"স এতাস্তেজোমাত্রা"ইতি।

দেহস্বামিত্বনিবৃত্তি হইলেও তাহা উৎক্রান্তি শব্দের বোধ্য হইতে পারে। পারে বটে; কিন্তু গতি ও আগতি এ দুটী বিনা চলনে হয় না। যেহেতু তদুভয়ের সহিত স্বাত্মার (কর্ত্তার) সম্বন্ধ আছে। প্রত্যেক গমনক্রিয়া (গতি) কর্ত্তৃনিষ্ঠ। [অমধ্যম…সিদ্ধিঃ] অমধ্যম-পরিমাণের গত্যাগতি বিনা অণুত্বে সম্ভব হয় না। যখন গত্যাগতি থাকিল, তখন, অবশ্যই অপসর্পণরূপা উৎক্রান্তি, দেহস্বামিত্ব নিবৃত্তিরূপা নহে, ইহা বুঝিতে হইবে। দেহ হইতে অপসৃপ্ত না হইলে গতি আগতি কিছুই হয় না। আরও দেখ, শাস্ত্রে দেহের প্রদেশবিশেষ উৎক্রান্তির অপাদানরূপে নির্দ্দিষ্ট আছে। যথা—"হয় চক্ষুঃ হইতে না হয় মূর্দ্ধা হইতে, অথবা অন্য অঙ্গ হইতে উৎক্রান্ত হয়" ইত্যাদি। "জীব তেজোমাত্রা অর্থাৎ ইন্দ্রিয়দিগকে গ্রহণ পূর্ব্বক হৃদয়ে গমন করে এবং শুক্র অর্থাৎ ইন্দ্রিয়দিগকে গ্রহণপূর্ব্বক পুনর্ব্বার স্থানে অর্থাৎ জাগ্রদবস্থায় আগমন করে।" এ শ্রুতিতে দেহমধ্যেও জীবের গত্যাগতি শ্রুত হইতেছে। এতদ্দ্বারা জীবের অণুত্বই সিদ্ধ হয়, অন্য কিছু হয় না।

নাণুরতচ্ছ্রুতেরিতি চেন্নেতরাধিকারাৎ ॥ ২১ ॥*

অথাপি স্যান্নাণুরয়মাত্মা। কস্মাৎ। অতচ্ছ্রুতেরণুত্ববিপরীতপরিমাণশ্রবণাদিত্যর্থঃ। 'স বা এষ মহানজ আত্মা যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু, আকাশবৎ সর্ব্বগতশ্চ নিত্যঃ, সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্ম' ইত্যেবঞ্জাতীয়কা হি শ্রুতিরাত্মনোঽণুত্বে বিপ্রতিষিধ্যেতেতি চেৎ। নৈষ দোষঃ। কস্মাৎ। ইতরাধিকারাৎ। পরস্য হ্যাত্মনঃ প্রক্রিয়ায়ামেষা পরিমাণান্তরশ্রুতিঃ। পরস্যৈবাত্মনঃ প্রাধান্যেন বেদান্তেষু বেদিতব্যত্বেন প্রকৃতত্বাৎ বিরজঃ পর আকাশাদিত্যেবম্বিধাচ্চ পরস্যৈবাত্মনস্তত্র তত্র বিশেষাধিকারাৎ। নন্বু 'যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু' ইতি

যত উৎক্রান্ত্যাদিশ্রুতিভির্জ্জীবানামণুত্বং প্রসাধিতং ততো ব্যাপকাৎ পরমাত্মনস্তেষাং তদ্বিকারতয়া ভেদঃ। তথা চ মহত্ত্বানন্ত্যাদিশ্রুতয়ঃ পরমাত্মবিষয়া ন জীববিষয়া ইত্যবিরোধ ইত্যর্থঃ। যদি জীবা অণবস্ততো যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষ্বিতি কথং শারীরো মহত্ত্বসম্বন্ধিত্বেন প্রতিনির্দ্দিশ্যতে ইতি চোদয়তি—

যদি কেহ বলেন, আপত্তি করেন; আত্মা অণু নহে; হেতু এই [illegible] শ্রুতি অণু-বিপরীত অর্থাৎ মহান্ বলিয়াছেন। যথা—"সেই এই আ[illegible] মহান্ ও জন্মরহিত—যিনি প্রাণের মধ্যে বিজ্ঞানময়।" "আকাশের ন্যায় সর্ব্বগত ও নিত্য।" "সত্য, জ্ঞান, অনন্ত ও ব্রহ্ম (বৃহৎ)।" ইত্যাদি। এই সকল শ্রুতি আত্মার অণুত্ব-বিরোধী। ইহার প্রত্যুত্তরে বলা যায়, উহা দোষ নহে। কেন-না, ঐ সকল কথা ব্রহ্মপ্রকরণে অভিহিত। ঐ পরিমাণান্তর (বৃহৎ-পরিমাণ) পরমাত্মপ্রকরণে কথিত এবং বেদান্তমধ্যে পরমাত্মাই প্রধান বোদ্ধব্য (জ্ঞেয়) রূপে প্রস্তাবিত (প্রস্তাবের বিষয়)। "আকাশ হইতেও শ্রেষ্ঠ ও রজঃশূন্য—নির্ম্মল" এইরূপ এইরূপ বিশেষাধিকার সেই সেই বেদান্তে অবস্থিত দেখা যায়। [নন্বু···বিরুধ্যতে] যদি বল, "যিনি প্রাণের মধ্যে

---

* অতচ্ছ্রুতেঃ অণুত্ববিপরীতপরিমাণশ্রুতেঃ মহত্ত্বশ্রুতেরিতি যাবৎ জীবো নাঽণুরিতি ন কিন্ত্বণুরেবেতি কাকুঃ। কুতঃ। ইতরাধিকারাৎ ব্রহ্মপ্রকরণাৎ।—শ্রুতিতে মহৎপরিমাণ কথিত হওয়ায় জীব অণু নহে, এরূপ বলা যায় না। কেন-না, সে কথা (ঐ মহৎ পরিমাণের উক্তি) ব্রহ্ম-প্রকরণে কথিত। তাহা ব্রহ্মেরই পরিমাণ; সুতরাং তাহা জীবাণুপরিমাণের বিরোধী নহে।

শারীর এব মহত্ত্বসম্বন্ধিত্বেন প্রতিনির্দ্দিশ্যতে। শাস্ত্রদৃষ্ট্যা ত্বেষ নির্দ্দেশো বামদেববদ্দ্রষ্টব্যঃ। তস্মাৎ প্রাজ্ঞবিষয়ত্বাৎ পরিমাণান্তরশ্রবণস্য ন জীবস্যাণুত্বং বিরুধ্যতে ॥ ২১ ॥

স্বশব্দোন্মানাভ্যাঞ্চ ॥ ২২ ॥*

ইতশ্চাণুরাত্মা যতঃ সাক্ষাদেবাস্যাণুত্ববাচী শব্দঃ শ্রূয়তে। 'এষোঽণুরাত্মা চেতসা বেদিতব্যো যস্মিন্ প্রাণঃ পঞ্চধা সন্বিবেশ' ইতি। প্রাণসম্বন্ধাচ্চ জীব এবায়মণুরভিহিত ইতি গম্যতে। তথা, উন্মানমপি জীবস্যাণিমানং গময়তি—'বালাগ্র-

---

"নন্বি"তি। পরিহরতি—"শাস্ত্রদৃষ্ট্যা"—পারমার্থিকদৃষ্ট্যা নির্দ্দেশো বামদেববৎ। যথা হি গর্ভস্থ এব বামদেবো জীবঃ পরমার্থদৃষ্ট্যাত্মনো ব্রহ্মত্বং প্রতিপেদে, এবং বিকারাণাং প্রকৃতের্ব্বাস্তবাদভেদাত্তৎপরিমাণত্বব্যপদেশ ইত্যর্থঃ।

স্বশব্দং বিভজতে—"সাক্ষাদেবে"তি। উন্মানং বিভজতে—"তথা, উন্মানমপী"তি। উদ্ধৃত্য মানমুন্মানম্। বালাগ্রাদুদ্ধৃতঃ শততমো ভাগস্তস্মাদপি

বিজ্ঞানময়" এ অধিকার জীবসম্বন্ধীয় মহত্ত্বের খ্যাপক; বস্তুতঃ তাহা নহে। ঐ নির্দ্দেশ বা ঐ বর্ণনা বামদেব ঋষির শাস্ত্রীয়-দৃষ্টি-দৃষ্টান্তের অনুযায়ী অর্থাৎ পারমার্থিক, ইহা বুঝিতে হইবেক। (বামদেব ঋষি জ্ঞানী হইয়া আপনার সর্ব্বাত্মতা অনুভব করতঃ বলিয়াছিলেন, আমি মনু, আমি সূর্য্য, ইত্যাদি)। অতএব, পরিমাণান্তর শ্রবণ প্রাজ্ঞবিষয়ক, প্রাজ্ঞবিষয়ক বলিয়া অনু পরিমাণের অবিরোধী (প্রাজ্ঞ = পরমেশ্বর)।

আত্মা (জীব) অণু, এনির্ণয়ে অন্য হেতুও আছে। তাহা এই—শ্রুতি জীবে স্পষ্টরূপে অণুত্ববাচক-শব্দের প্রয়োগ করিয়াছেন। যথা—"যাহাতে প্রাণ পঞ্চধা বিভক্ত হইয়া আবিষ্ট আছে—সেই এই অণু (সূক্ষ্ম) আত্মা চিত্তের দ্বারা জ্ঞাতব্য।" প্রাণের সহিত সম্বন্ধ আছে, সে কারণেও শ্রুতিতে আত্মার অণুত্ব কথিত হইয়াছে। অপিচ, উন্মান-কথনও জীবের অণুত্ব বোধ করায়। উন্মান-কথন যথা—"কেশের অগ্রভাগ শতভাগে বিভক্ত করিলে তাহার

---

* স্বশব্দোঽণুবাচকঃ শব্দঃ। উদ্ধৃত্য মানমুন্মানম্। বালাগ্রাদুদ্ধৃতঃ শততমোভাগস্তস্মাদপ্যুদ্ধৃতঃ শততমোভাগ ইত্যেবং রীত্যাঽত্যন্তমেবোন্মানম্। তাভ্যামপি জীবাণুত্বং গম্যতে। সাক্ষাৎ অণুবাচক শব্দ ও উন্মান অর্থাৎ অল্প হইতেও অল্প, এই দ্বিবিধ প্রয়োগ থাকায় জীবের অণুত্বই সিদ্ধ হয়।

শতভাগস্য শতধা কল্পিতস্য তু। ভাগো জীবঃ স বিজ্ঞেয়ঃ' ইতি 'আরাগ্রমাত্রো হ্যবরোঽপি দৃষ্টঃ' ইতি চোন্মানান্তরম্। নন্বণুত্বে সত্যেকদেশস্থস্য সকলদেহগতোপলব্ধির্ব্বিরুধ্যতে, দৃশ্যতে চ জাহ্নবীহ্রদনিমগ্নানাং সর্ব্বাঙ্গশৈত্যোপলব্ধির্নিদাঘসময়ে চ সকলশরীরপরিতাপোপলব্ধিরিত্যত উত্তরং পঠতি ॥ ২২ ॥

অবিরোধশ্চন্দনবৎ ॥ ২৩ ॥*

যথা হি হরিচন্দনাবিন্দুঃ শরীরৈকদেশসম্বন্ধোঽপি সন্ সকলদেহব্যাপিনমাহ্লাদং করোতি, এবমাত্মাপি দেহৈকদেশস্থঃ সকলদেহব্যাপিনীমুপলব্ধিং করিষ্যতি, ত্বক্‌সম্বন্ধাচ্চাস্য সক-

---

শততমাদুদ্ধৃতঃ শততমো ভাগ ইতি তদিদমুন্মানম্। আরাগ্রাদুদ্ধৃতং মানমারাগ্রমাত্রমিতি। সূত্রান্তরমবতারয়িতুং চোদয়তি—"নন্বণুত্বে সতী"তি। অণুরাত্মা ন শরীরব্যাপীতি ন সর্ব্বাঙ্গীণশৈত্যোপলব্ধিঃ স্যাদিত্যর্থঃ।

ত্বক্‌সংযুক্তো হি জীবস্ত্বক্ চ সকলশরীরব্যাপিনীতি ত্বগ্‌ব্যাপ্যাত্মসম্বন্ধঃ সকলশৈত্যোপলব্ধৌ সমর্থ ইত্যর্থঃ।

এক ভাগ পরিমাণ জীব, ইহা জ্ঞাতব্য।" "তিনি অবর হইলে আরাগ্র (আরা=তোত্রপ্রোথিত শলাকা—লোহার কাঁটা।) প্রমাণে দৃষ্ট হন।" ইহাও উন্মান-কথন। [নন্বণুত্বে…পঠতি] বলিতে পার যে, আত্মা যখন অণু, তখন তিনি শরীরের একাংশেই থাকেন, একাংশে থাকা সত্য হইলে যুগপৎ সমুদায় দেহে বেদনাদির জ্ঞান কিরূপে হয়? হ্রদনিমগ্ন দিগের যুগপৎ সর্ব্বাঙ্গে শৈত্যানুভব কি হেতু হয়? নিদাঘকালেই বা সকল শরীরে তাপ জ্ঞান কিসে হয়? ইহার প্রত্যুত্তর সূত্র এই—

যেমন শরীরের একস্থানে এক বিন্দু চন্দন স্থাপিত হইলে সর্ব্বশরীরব্যাপী আহ্লাদ জন্মে, সেইরূপ, দেহৈকদেশস্থ আত্মাও সকল দেহব্যাপী বেদনাদির উপলব্ধি (অনুভব) করেন। ত্বক্‌সম্বন্ধ থাকায় ঐরূপ উপলব্ধি

---

* চন্দনদৃষ্টান্তেনাঽবিরোধোভবতি। আত্মসংযুক্তাত্বচোদেহব্যাপিস্পর্শোপলব্ধিকারণায়া মহিমাত্মনোঽব্যাপিকার্য্যাকারিত্বমবিরুদ্ধমিত্যর্থঃ।—আত্মা অণু হইলেও চন্দন স্পর্শদৃষ্টান্তে তাহার দেহব্যাপিকার্য্যকারিত্বের বাধা হয় না। (ভাষ্য দেখ)।

লশরীরগতা বেদনা ন বিরুধ্যতে, ত্বগাত্মনোর্হি সম্বন্ধঃ কৃৎস্নায়াং ত্বচি বর্ত্ততে, ত্বক্ চ কৃৎস্নশরীরব্যাপিনীতি ॥ ২৩ ॥

অবস্থিতিবৈশেষ্যাদিতি চেন্নাভ্যুপগমাদ্ধৃদি হি ॥ ২৪ ॥*

অত্রাহ। যদুক্তমবিরোধশ্চন্দনবদিতি তদযুক্তং, দৃষ্টান্তদার্ষ্টান্তিকয়োরতুল্যত্বাৎ। সিদ্ধে হ্যাত্মনোদেহৈকদেশস্থত্বে চন্দনদৃষ্টান্তো ভবতি। প্রত্যক্ষন্তু চন্দনস্যাবস্থিতিবৈশেষ্যমেকদেশস্থত্বং সকলদেহাহ্লাদনঞ্চ। আত্মনঃ পুনঃ সকলদেহোপলব্ধিমাত্রং প্রত্যক্ষং নৈকদেশবর্ত্তিত্বম্। অনুমেয়ন্তু তদিতি

চন্দনবিন্দোঃ প্রত্যক্ষতোঽল্পীয়স্ত্বং বুদ্ধা যুক্তা কল্পনা ভবতি। যস্য তু সন্দিগ্ধমণুত্বং সর্ব্বাঙ্গীণঞ্চ কার্য্যমুপলভ্যতে তস্য ব্যাপিত্বমৌৎসর্গিকমপহায় নেয়ং কল্পনাবকাশং লভত ইতি শঙ্কার্থঃ। ন চ হরিচন্দনবিন্দুদৃষ্টান্তেনাণুত্বানুমানং

অবিরুদ্ধ। ত্বগাত্ম-সম্বন্ধ সমুদায় ত্বকে থাকে, ত্বক্ সর্ব্বশরীরব্যাপিনী, সেই কারণে প্রোক্ত প্রণালীতে প্রোক্ত উপলব্ধি সম্পন্ন হয়।

এই স্থলে কেহ কেহ বলিবেন, আপত্তি করিবেন, চন্দনের দৃষ্টান্ত অযুক্ত। যেহেতু উহা দার্ষ্টান্তিকের সমান নহে। যদি আত্মার একদেশস্থতা সিদ্ধ হইত, তাহা হইলে ঐ দৃষ্টান্ত সঙ্গত হইত। (অদ্যাপি আত্মার দেহৈক দেশস্থতা নির্ণীত হয় নাই)। চন্দনের অবস্থিতিবৈশেষ্য অর্থাৎ নির্দ্দিষ্টস্থানে অবস্থান প্রত্যক্ষ, সকলদেহাহ্লাদকতাও প্রত্যক্ষ, কিন্তু আত্মার সকলদেহোপলব্ধি প্রত্যক্ষ, একদেশস্থতা অপ্রত্যক্ষ। [অনু⋯রিতি] তাহা অনুমেয়, এ কথা বলিতে পার না। অনুমান অসম্ভব। (আত্মা অল্প; তৎপ্রতি হেতু, ব্যাপিকার্য্যকারিত্ব, তাহার দৃষ্টান্ত চন্দনবিন্দু। এ অনুমান অযুক্ত)। সকল-

* বিশেষ এব বৈশেষ্যং একদেশস্থতানিশ্চয়ঃ। চন্দনবিন্দোরবস্থানবৈশেষ্যাদেকদেশস্থতানিশ্চয়ান্ন চন্দনবিন্দুদৃষ্টান্তোভবিতুমর্হতীতি বক্তব্যম্। কুতঃ? অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হি চন্দনস্যেবাত্মনোঽবস্থানবৈশেষ্যং দেহৈকদেশবৃত্তিত্বং হৃদিহ্যেষ আত্মেত্যাদিশ্রুতৌ। চন্দনবিন্দোরল্পত্বস্য প্রত্যক্ষত্বাৎ তদ্ব্যাপ্ত্যা ব্যাপিকার্য্যকারিত্বকল্পনা যুক্তা জীবস্য ত্বণুত্বে সন্দেহাৎ ব্যাপিকার্য্যদৃষ্ট্যা ব্যাপিত্বকল্পনমেব যুক্তমিতি শঙ্কাভাগতাৎপর্য্যম্।—চন্দন অল্প,তাহার একস্থানে অবস্থান প্রত্যক্ষ, সে কারণ তাহা দৃষ্টান্ত হইতে পারে না, আত্মার অণুত্ব সাংশয়িক সুতরাং তাহা অসাংশয়িকের সহিত তুলিত হইতে পারে না; এরূপ বলিও না। আত্মারও হৃদয়াবস্থান নিশ্চিত আছে। ভাষ্যানুবাদ দেখ।

যদ্যপ্যুচ্যেত, ন চাত্রানুমানং সম্ভবতি। কিমাত্মনঃ সকলশরীর-গতা বেদনা ত্বগিন্দ্রিয়স্যেব সকলদেহব্যাপিনঃ সতঃ কিং বা বিভোর্নভস ইব আহোস্বিচ্চন্দনবিন্দোরিবাণোরেকদেশস্থ-স্যেতি সংশয়ানিবৃত্তেরিতি। অত্রোচ্যতে। নাঽয়ং দোষঃ। কস্মাৎ। অভ্যুপগমাৎ। অভ্যুপগম্যতে হ্যাত্মনোঽপি চন্দনস্যেব দেহৈকদেশবৃত্তিত্বমবস্থিতিবৈশেষ্যম্। কথমিতি* উচ্যতে। হৃদি হ্যেষ আত্মা পঠ্যতে বেদান্তেষু 'হৃদি হ্যয আত্মা' 'সবা এষ আত্মা' 'হৃদি কতম আত্মা' 'যোঽয়ং বিজ্ঞানময়ঃ প্রাণেষু হৃদ্যন্তর্জ্যোতিঃ পুরুষঃ' ইত্যাদ্যুপদেশেভ্যঃ। তস্মাৎ দৃষ্টান্ত-দার্ষ্টান্তিকয়োরবৈষম্যাদ্যুক্তমেবৈতদবিরোধশ্চন্দনবদিতি ॥২৪॥

গুণাদ্বালোকবৎ ॥ ২৫ ॥

জীবস্য প্রতিদৃষ্টান্তসম্ভবেনানৈকান্তিকত্বাদিত্যাহ—"ন চাত্রানুমানমি"তি। শঙ্কামিমামপাকরোতি—"অত্রোচ্যতে"ইতি। যদ্যপি পূর্ব্বোক্তাভিঃ শ্রুতিভিরণুত্বং সিদ্ধমাত্মনস্তথাপি বৈভবাচ্ছ্রুত্যন্তরমুপন্যস্তম্।

দেহব্যাপিনী বেদনা কি আত্মা সকল-দেহব্যাপী ত্বগিন্দ্রিয়ের ন্যায় ব্যাপী বলিয়া অনুভূত হয়? অথবা আকাশের ন্যায় সর্ব্বব্যাপী বলিয়া? অথবা চন্দনবিন্দুর দৃষ্টান্তে একদেশস্থ ও অল্প বলিয়া? এ সংশয় নিবৃত্ত হয় না। অর্থাৎ সংশয়িত অনুমান অগ্রাহ্য। [অত্রো…বদিতি] প্রতিবাদী এই বিষয়ের প্রত্যুত্তর বা প্রোক্ত আপত্তির খণ্ডন বলিতেছেন—চন্দনবিন্দুর দৃষ্টান্ত সদোষ নহে। হেতু এই যে, তাহা স্বীকার আছে। চন্দনবিন্দুর ন্যায় আত্মারও দেহৈকদেশে অবস্থান কথিত হইয়াছে। কোথায়? তাহা বলিতেছি। আত্মা হৃদয়দেশে অবস্থান করেন, ইহা বেদান্তশাস্ত্রে পঠিত হইয়াছে। যথা—"এই আত্মা হৃদয়ে।" "সেই এই প্রসিদ্ধ আত্মা।" "হৃদয়ে কোন্ আত্মা?" "প্রাণের মধ্যে যিনি বিজ্ঞানময়" "হৃদয়ে যিনি অন্তর্জ্যোতিঃ পুরুষ" ইত্যাদি। অতএব চন্দন দৃষ্টান্ত বিষম দৃষ্টান্ত নহে। যেহেতু বিষম দৃষ্টান্ত নহে, প্রত্যুত সমদৃষ্টান্ত, সেই হেতু চন্দন-দৃষ্টান্ত অবিরুদ্ধ।

---

* বা শব্দেন চন্দনদৃষ্টান্তাপরিতোষঃ সূচিতঃ। মাভূচ্চন্দনদৃষ্টান্ত আলোকদৃষ্টান্তেন ভবিতব্যম্। গুণাৎ চৈতন্যগুণব্যাপ্তেরণোরপি জীবস্যালোকদৃষ্টান্তেন সকলদেহব্যাপিকাধ্যং ন

চৈতন্যগুণব্যাপ্তের্ব্বাঽণোরপি সতো জীবস্য সকলদেহ-ব্যাপি কার্য্যং ন বিরুধ্যতে। যথা লোকে মণিপ্রদীপপ্রভৃতী-নামপবরকৈকদেশবর্ত্তিনামপি প্রভাঽপবরকব্যাপিনী সতী কৃৎস্নেঽপবরকে কার্য্যং করোতি তদ্বৎ। স্যাৎ কদাচিচ্চন্দনস্য সাবয়বত্বাৎ সূক্ষ্মাবয়ববিসর্পণেনাপি সকলদেহ আহ্লাদয়িতৃত্বং ন ত্বণোর্জ্জীবস্যাবয়বাঃ সন্তি যৈরয়ং সকলং দেহং বিপ্রসর্পতীত্যাশঙ্ক্য গুণাদ্বালোকবদিত্যুক্তম্। কথং পুনর্গুণো গুণিব্যতিরেকেণান্যত্র বর্ত্তেত। ন হি পটস্য শুক্লোগুণঃ পট-ব্যতিরেকেণান্যত্র বর্ত্তমানো দৃশ্যতে। প্রদীপপ্রভাবত্তবেদিতি চেৎ, ন। তস্যা অপি দ্রব্যত্বাভ্যুপগমাৎ। নিবিড়াবয়বং হি

যে তু সাবযবত্বাচ্চন্দনবিন্দোরণুসঞ্চারেণ দেহব্যাপ্তিরুপপদ্যতে-ন ত্বাত্মনো-ঽনবয়বস্যাণুসঞ্চারঃ সম্ভবী, তস্মাদ্বৈষম্যমিতি মন্যন্তে, তান্ প্রতীদমুচ্যতে,— "গুণাদ্বা লোকবদি"তি। তদ্বিভজতে—"চৈতন্যে"তি। যদ্যপ্যণুর্জ্জীবস্তথাপি তদ্গুণশ্চৈতন্যং সকলদেহব্যাপি যথা প্রদীপস্যাল্পত্বেঽপি তদ্গুণঃ প্রভা সকল-গৃহোদরব্যাপিনীতি। এতদপি শঙ্কাদ্বারেণ দূষয়িত্বা দৃষ্টান্তান্তরমাহ—

জীব অণু (সূক্ষ্ম) হইলেও চৈতন্যগুণের ব্যাপ্তিতে সকল দেহব্যাপী কার্য্য সম্পন্ন হইতে পারে। যেমন রত্ন ও প্রদীপ একস্থানে থাকে; কিন্তু তাহার প্রভা গৃহব্যাপিনী হইয়া সমুদায় প্রকাশ্য প্রকাশ করে, সেইরূপ, আত্মা অণু ও একস্থানাবস্থিত হইলেও তাহার চৈতন্যগুণ সর্ব্বদেহে ব্যাপ্ত হয়, তাই সকল দেহব্যাপিনী বেদনা যুগপৎ অনুভূত হয়। চন্দন সাবয়ব, তাহার সূক্ষ্মাংশ (পরমাণু) সকল দেহে প্রসর্পিত হইয়া পরিতৃপ্ত করে, কিন্তু জীব অণু ও নিরবয়ব, তাহার প্রসর্পণ যোগ্য সূক্ষ্মাংশ নাই, সে জন্য অপ্রশস্ত চন্দনদৃষ্টান্ত ত্যাগ করিয়া "গুণাদ্বা" সূত্র বলা হইল। বলিতে পার, গুণ গুণী পরিত্যাগ করিয়া কিপ্রকারে অন্যত্র থাকিতে পারে? বস্ত্রের শুক্ল গুণ কি বস্ত্র ত্যাগ করিয়া অন্যত্র বৃত্তিমান্ হয়? অবস্থিতি করে? দীপপ্রভার কথা বলিবে, তাহাও পারিবে না। কেন-না, তাহাও দ্রব্য, গুণ নহে। কারণ,

---

বিরুধ্যতে ইতি যোজনা।—দীপ অল্প, অল্পস্থানে স্থিত, তথাপি তাহার প্রভা সকল গৃহোদর ব্যাপিয়া থাকে, এতদ্দৃষ্টান্তে জীবেরও চৈতন্যগুণ ব্যাপিকার্য্যকারী অর্থাৎ তদ্দ্বারা দেহব্যাপী কার্য্য নির্ব্বাহ হয়, ইহা অনুমান করা যাইতে পারে।

তেজোদ্রব্যং প্রদীপঃ, প্রবিরলাবয়বস্তু তেজোদ্রব্যমেব প্রভেতি। অত-উত্তরং পঠতি ॥ ২৫ ॥

ব্যতিরেকোগন্ধবৎ ॥ ২৬ ॥*

যথা গুণস্যাঽপি সতো গন্ধস্য গন্ধবদ্দ্রব্যব্যতিরেকেণান্যত্র বৃত্তির্ভবত্যপ্রাপ্তেষ্বপি কুসুমাদিষু গন্ধবৎসু গন্ধোপলব্ধেঃ, এবমণোরপি সতো জীবস্য চৈতন্যগুণব্যতিরেকো ভবিষ্যতি। অতশ্চানৈকান্তিকমেতদ্গুণত্বাদ্রূপাদিবদাশ্রয়বিশ্লেষানুপপত্তিরিতি গুণস্যৈব সতো গন্ধস্যাশ্রয়বিশ্লেষদর্শনাৎ গন্ধস্যাঽপি সহৈবাশ্রয়েণ বিশ্লেষ ইতি চেৎ। ন। যস্মান্মূলদ্রব্যাদ্বিশ্লেষস্তস্য ক্ষয়প্রসঙ্গাৎ। অক্ষীয়মাণমপি তৎ পূর্ব্বাবস্থাতো

"অক্ষীয়মাণমপি তদি"তি। ক্ষয়স্যাতিসূক্ষ্মতয়াঽনুপলভ্যমানক্ষয়মিতি

নিবিড়াবয়ব তেজের নাম দীপ, আর বিরলাবয়ব তেজের নাম প্রভা। এই আপত্তির খণ্ডনার্থ সূত্র বলা হইতেছে—

যেমন গন্ধগুণ গন্ধবদ্দ্রব্যের ব্যতিরেকে অর্থাৎ গন্ধবদ্দ্রব্য হইতে বিশ্লিষ্ট হইয়া অন্য স্থানে ব্যাপ্ত হয়, যেমন পুষ্পের অপ্রাপ্তি স্থলেও গন্ধ গুণকে পাওয়া যায়, সেইরূপ, জীব অণু হইলেও তাঁহার চৈতন্যগুণের ব্যতিরেক অন্য স্থানে সংক্রম) হইতে পারে। অতএব "গুণত্বাৎ" হেতুটী অনৈকান্তিক। (গুণ আশ্রয়ত্যাগপূর্ব্বক কুত্রাপি যায় না, ব্যাপ্ত হয় না, ইহা নিয়মিত বা সার্ব্বত্রিক নহে। কেন-না গন্ধগুণে ঐ নিয়মের ব্যভিচার দেখা যায়)। যেহেতু গন্ধগুণকে আশ্রয় ত্যাগ করিতে দেখা যায়, সেই হেতু, গুণের আশ্রয়বিশ্লেষ অযুক্ত, ইহাও অসার্ব্বত্রিক। গন্ধও সূক্ষ্ম আশ্রয় দ্রব্যের সহিত বিশ্লিষ্ট হয়, (গন্ধপরমাণু বিশ্লিষ্ট হয়, তদাশ্রয়ে গন্ধ থাকে), একথা বলিতে পার না। কেন-না, যে মূল দ্রব্য হইতে গন্ধবৎ পরমাণু বিশ্লিষ্ট হয় বলিবে, ক্রমে সেই মূল দ্রব্যের ক্ষয় হওয়া মানিতে হইবেক। কিন্তু দেখা যায়, মূল দ্রব্যের কিছু-

* ব্যতিরেকো বিশ্লেষঃ। গন্ধবৎ গন্ধস্যেব। যথা গন্ধস্য গন্ধবদ্দ্রব্যব্যতিরেকো ভবতি তথাঽণোরপি জীবস্য চৈতন্যগুণব্যতিরেকো ভবিষ্যতীতি যোজনা।—গন্ধ যেমন স্বাশ্রয় দ্রব্য ব্যতিরেকে অবস্থান করে অর্থাৎ যেমন পরমাণুর বিশ্লেষ হয় না অথচ গন্ধগুণের বিস্তার হইতে দেখা যায়, তেমনি, জীব অণু হইলেও তাঁহার চৈতন্যগুণ সমস্ত দেহে বিস্তৃত হইতে পারে।

গম্যতে,অন্যথা তৎপূর্ব্বাবস্থেভ্যো গুরুত্বাদিভির্হীয়েত। স্যাদেতৎ। গন্ধাশ্রয়াণাং বিশ্লিষ্টানামবয়বানামল্পত্বাৎ সন্নপি বিশ্লেষো নোপলক্ষ্যতে, সূক্ষ্মা হি গন্ধপরমাণবঃ সর্ব্বতো বিপ্রসৃতা গন্ধবুদ্ধিমুৎপাদয়ন্তি নাসিকাপুটমনুপ্রবিশন্ত ইতি চেৎ, ন, অতীন্দ্রিয়ত্বাৎ পরমাণূনাং স্ফুটগন্ধোপলব্ধেশ্চ নাগকেশরাদিষু। ন চ লোকে প্রতীতির্গন্ধবদ্দ্রব্যমাঘ্রাতমিতি, গন্ধ এবাঘ্রাত ইতি তু লৌকিকাঃ প্রতীয়ন্তি। রূপাদিষ্বাশ্রয়ব্যতিরেকানুপলব্ধের্গন্ধস্যাপ্যযুক্ত আশ্রয়ব্যতিরেক ইতি চেৎ, ন, প্রত্যক্ষত্বাদনুমানাপ্রবৃত্তেঃ। তস্মাদ্‌যদ্‌যথা লোকে দৃষ্টং তৎ তথৈবানুমন্তব্যং নিরূপকৈর্নান্যথা। ন হি রসো গুণো জিহ্ব-

---

ত্বঙ্নাসিকারসনচক্ষুঃশ্রোত্রমনোহৃদয়হস্তপাদোপস্থপায়ুবাগিতি। ক্বচিদেত এব প্রাণা অহঙ্কারাধিকাস্ত্রয়োদশ। এবং বিপ্রতিপন্নাঃ প্রাণেয়ত্তাং প্রতি শ্রুতয়ঃ। অত্র প্রশ্নপূর্ব্বং পূর্ব্বপক্ষং গৃহ্লাতি "কিং তাবৎ প্রাপ্তম্। সপ্তৈবে"তি। সপ্তৈব প্রাণাঃ। কুতঃ। "গতেঃ"। অবগতেঃ। শ্রুতিভ্যঃ সপ্ত প্রাণাঃ প্রভবন্তী-ত্যাদিভ্যঃ। ন কেবলং শ্রুতিতোঽবগতির্ব্বিশেষণাদপ্যেবমেবেত্যাহ—বিশে-ষিতত্বাচ্চ—"সপ্ত বৈ শীর্ষণ্যাঃ প্রাণা" ইতি। যে সপ্ত শীর্ষণ্যাঃ শ্রোত্রাদয়স্তে প্রাণা ইত্যুক্তে ইতরেষামশীর্ষণ্যানাং হস্তাদীনামপ্রাণত্বং গম্যতে। যথা

তন্নিম্নস্থ প্রাণ দুই।" কোন এক শ্রুতিতে দশ প্রাণের কথা আছে। যথা—"পুরুষে নব প্রাণ, তাহার দশম প্রাণ নাভি।" কোন কোন শ্রুতিতে একাদশ প্রাণের বর্ণন দেখা যায়। যথা—"পুরুষে দশটী প্রাণ, আর আত্মা একাদশ প্রাণ।" "সমুদায় স্পর্শের মুখ্য আয়তন ত্বক্" ইত্যাদি শ্রুতিতে দ্বাদশ প্রাণ বর্ণিত হইয়াছে। "চক্ষু ও দ্রষ্টব্য" ইত্যাদি শ্রুতিতে ত্রয়োদশ প্রাণ কথিত হইয়াছে। [এবং...ইত্যত্র] প্রাণ সংখ্যা বিষয়ে শ্রুতিগণের মধ্যে ঐরূপ বিরুদ্ধ বাদ দেখা যায়। বিচারে পাওয়া যায়, প্রাণের সংখ্যা সপ্ত। ন্যূনও নহে, অধিকও নহে। কেন-না, "তাঁহা হইতে সপ্ত প্রাণ উৎপন্ন হইয়াছে" ইত্যাদি শ্রুতিতে সপ্ত সংখ্যারই প্রতীতি হয় এবং "শীর্ষদেশস্থ সাত প্রাণ"এই শ্রুতিতে সেগুলি আবার বিশেষণের দ্বারা নির্দ্দিষ্ট হইয়াছে। [নন্বু...প্রাণা ইতি] "স্বস্থানে নিক্ষিপ্ত (অবস্থিত) হৃদয়শায়ী সাত সাত" এই শ্রুতিতে বীপ্সা থাকায় সাতের অধিক প্রাণ (চৌদ্দ। জ্ঞানেন্দ্রিয় ৫, কর্ম্মে-ন্দ্রিয় ৫, মন ১, বুদ্ধি ১, অহঙ্কার ১, চিত্ত ১, এই ১৪) বুদ্ধিস্থ হইলেও তাহা দোষাবহ নহে। অর্থাৎ তাহা সপ্তসংখ্যা জ্ঞানের বাধাদায়ক নহে। কেন-না, পুরুষ ভিন্ন, তদনুসারে তদাশ্রিত প্রাণসপ্তকও ভিন্ন, এই অভিপ্রায়েই বীপ্সা

প্রায়া সপ্ত সপ্তান্যেঽন্যে প্রাণা ইতি। নন্বষ্টত্বাদিকাপি সঙ্খ্যা প্রাণেষূদাহৃতা কথং সপ্তৈব স্যুঃ। সত্যমুদাহৃতা বিরোধাত্ত্বন্যতমা সঙ্খ্যাধ্যবসাতব্যা। তত্র স্তোককল্পনোপরোধাৎ সপ্তসঙ্খ্যাধ্যবসানং বৃত্তিভেদাপেক্ষঞ্চ সঙ্খ্যান্তরশ্রবণমিতি গম্যতে। অত্রোচ্যতে ॥ ৫ ॥

হস্তাদয়স্তু স্থিতেঽতো নৈবম্ ॥ ৬ ॥

হস্তাদয়স্ত্বপরে সপ্তভ্যোঽতিরিক্তাঃ প্রাণাঃ শ্রূয়ন্তে "হস্তো বৈ গ্রহঃ। স কর্ম্মণাতিগ্রহেণ গৃহীতঃ। হস্তাভ্যাং হি কর্ম্ম ক-

---

দক্ষিণেনাক্ষ্ণা পশ্যতীত্যুক্তে বামেন ন পশ্যতীতি গম্যতে। এতদুক্তম্ভবতি—যদ্যপি শ্রুতিবিপ্রতিষেধো যদ্যপি চ পূর্ব্বসংখ্যাসু ন পরাসাং সংখ্যানাং নিবেশস্তথাঽপ্যবচ্ছেদকত্বেন বহ্বীনাং সংখ্যানামসম্ভবাদেকস্যাং কল্প্যমানায়াং সপ্তত্বমেব যুক্তং প্রাথম্যাল্লাঘবাচ্চ বৃত্তিভেদমাত্রবিবক্ষয়া ত্বষ্টত্বাদয়ো গময়িতব্যা ইতি প্রাপ্তম্। এবং প্রাপ্ত উচ্যতে।

তুশব্দঃ পক্ষং ব্যাবর্ত্তয়তি। ন সপ্তৈব কিন্তু হস্তাদয়োঽপি প্রাণাঃ। প্রমাণান্তরাদেকাদশত্বে প্রাণানাং স্থিতেঽতোঽস্মিন্ সতি সার্ব্ববিভক্তিকস্তসিঃ।

প্রয়োগ (দুইবার বলা), বস্তুভেদাভিপ্রায়ে বীপ্সা প্রয়োগ নহে। [নন্বষ্টত্বা... অত্রোচ্যতে] বলিতে পার,—অষ্ট প্রাণ, নব প্রাণ, ইত্যাদি ইত্যাদি প্রাণবিষয়ক অষ্ট প্রভৃতি সংখ্যার উদাহরণ আছে, তবে কিরূপে সপ্ত সংখ্যা নিশ্চিত হয়? যদি প্রত্যুত্তর দাও যে, উদাহরণ আছে সত্য; কিন্তু বি...ধ হেতু এক বস্তুতে বিভিন্ন বহু সংখ্যা গৃহীত হইতে পারে না, কাজেই অন্যতম (নির্দ্দিষ্ট একটী) সংখ্যা গ্রহণ করিতে হয়, তন্মধ্যে লঘু কল্পনার ন্যায্যতার অনুরোধে সপ্তসংখ্যা গ্রহণ করাই উচিত। সংখ্যান্তরের শ্রবণ ও বৃত্তি বহুত্ব অনুসারে ন্যায্য। অত্রোচ্যতে—সূত্রকার এই বিষয়ের সিদ্ধান্ত বলিতেছেন—

"হস্তও একপ্রকার গ্রহ অর্থাৎ প্রাণ। হস্ত গ্রহণকার্য্যে গৃহীত অর্থাৎ সম্বদ্ধ। জীব হস্তের দ্বারাই কর্ম্ম করে।" এই শ্রুতিতে হস্তাদি প্রাণের উপদেশ আছে

---

* পক্ষব্যাবর্ত্তনার্থস্তুশব্দঃ। ন সপ্তৈব প্রাণাঃ কিন্তু হস্তাদয়োঽপীতি তদর্থঃ। অতঃ অস্মিন্ শ্রুত্যন্তরসিদ্ধপ্রাণানামেকাদশত্বে স্থিতে অবধারিতে সতি নৈবং ন লাঘবাৎ সপ্তত্বমিতি যোজনা।—শ্রুতিতে সপ্তাতিরিক্ত হস্তাদি প্রাণের উল্লেখ থাকায় সপ্তসংখ্যাই স্থির, ইহা বলিতে পার না। একাদশ সংখ্যাও শ্রুতির অভিপ্রেত, ইহা যুক্তিতেও পাওয়া যায়। (ভাষ্যানুবাদ দেখ, বিশদার্থ পাইবে)।

রোতি” ইত্যেবমাদ্যাসু শ্রুতিষু। স্থিতে চ সপ্তত্বমন্তর্ভাবা-চ্ছক্যতে সম্ভাবয়িতুম্। হীনাধিকসঙ্খ্যাবিপ্রতিপত্তৌ হ্যধিকা সঙ্খ্যা সংগ্রাহ্যা ভবতি তস্যাং হীনান্তর্ভবতি ন তু হীনায়া-মধিকা। অতশ্চ নৈবং মন্তব্যং স্তোককল্পনানুরোধাৎ সপ্তৈব প্রাণাঃ স্যুরিতি। উত্তরসঙ্খ্যানুরোধাত্ত্বেকাদশৈব তে প্রাণাঃ স্যুঃ। তথা চোদাহৃতা শ্রুতিঃ—দশেমে পুরুষে প্রাণা আত্মৈ-কাদশ ইতি। আত্মশব্দেন চাত্রান্তঃকরণং পরিগৃহ্যতে। করণাধিকারাৎ। নন্বেকাদশত্বাদপ্যধিকে দ্বাদশত্রয়োদশত্বে উদাহৃতে। সত্যমুদাহৃতে ন ত্বেকাদশভ্যঃ কার্য্যজাতেভ্যো-ঽধিকং কার্য্যজাতমস্তি যদর্থমধিকং করণং কল্প্যেত। শব্দ-

---

নৈবম্। লাঘবাৎ প্রাথম্যাচ্চ সপ্তত্বমিত্যক্ষরার্থঃ। এতদুক্তম্ভবতি—যদ্যপি শ্রুতয়ঃ স্বতঃ প্রমাণতয়াঽনপেক্ষাস্তথাপি পরস্পরবিরোধান্নার্থতত্ত্বপরিচ্ছেদা-য়াঽলম্। ন চ সিদ্ধে বস্তুন্যনুষ্ঠান ইব বিকল্পঃ সম্ভবতি। তস্মাৎ প্রমাণান্ত-রোপনীতার্থবশেন ব্যবস্থাপ্যন্তে। যথা স্রুবেণাবদ্যতীতি মাংসপুরোড়াশাবদা-নাসম্ভবাৎ সম্ভবাচ্চ দ্রবদ্রব্যাবদানস্য স্রুবাবদানে দ্রবাণীতি ব্যবস্থাপ্যতে। এব-মিহাপি রূপাদিবুদ্ধিপঞ্চককার্য্যব্যবস্থাতশ্চক্ষুরাদিবুদ্ধীন্দ্রিয়করণপঞ্চকব্যবস্থা। ন হ্যন্ধাদয়ঃ সংস্বপীতরেষু ঘ্রাণাদিষু গন্ধাদ্যুপলব্ধ্যনুমিতসদ্ভাবেষু রূপাদীনুপল-ভন্তে। তথা বচনাদিলক্ষণকার্য্যপঞ্চকব্যবস্থাতো বাক্‌পাণ্যাদিলক্ষণকর্ম্মেন্দ্রিয়-পঞ্চকব্যবস্থা। ন হি জাতু মূকাদয়ঃ সংস্বপি বিহরণাদ্যবগতসদ্ভাবেষু পাদা-দিষু বুদ্ধীন্দ্রিয়েষু বা বচনাদিমন্তো ভবন্তি। এবং কর্ম্মবুদ্ধীন্দ্রিয়াসম্ভবিন্যা

এবং তাহা সাতের অধিক (অতিরিক্ত)। শ্রুতিপ্রমাণে অধিক সংখ্যার স্থিরত্ব থাকায় সপ্তত্ব সম্ভাবনা দূরাপেত। যেখানে ন্যূনাধিক সংখ্যার বিরোধ, সেখানে অধিক সংখ্যাই গ্রাহ্য। কেননা, অধিকের মধ্যেই অল্পের অন্তর্ভাব হয়, অল্পের মধ্যে অধিকের অন্তর্ভাব হয় না। এই কারণে ইহা মান্য করা উচিত হয় না যে, লঘু কল্পনার অনুরোধে সপ্ত সংখ্যাই গ্রাহ্য। [উত্তর...কারাৎ] অতএব, অধিক সংখ্যার অনুরোধে একাদশ সংখ্যা গ্রাহ্য অর্থাৎ প্রাণের একাদশ সংখ্যাই স্থির। একাদশ প্রাণের উদাহরণ— "পুরুষে এই দশ প্রাণ ও আত্মা একাদশ" এই শ্রুতিতে দর্শিত হইয়াছে। করণাধিকারে পঠিত বলিয়া এখানে আত্মা শব্দে অন্তঃকরণ এবং দশ ইন্দ্রিয়, এই একাদশ। [নমু...ইতি] একাদশেরও অধিক অর্থাৎ দ্বাদশ

স্পর্শরূপরসগন্ধবিষয়াঃ পঞ্চ বুদ্ধিভেদাস্তদর্থানি পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি বচনাদানবিহরণোৎসর্গানন্দাঃ পঞ্চ কর্ম্মভেদাস্তদর্থানি চ পঞ্চ কর্ম্মেন্দ্রিয়াণি সর্ব্বার্থবিষয়ং ত্রৈকাল্যবৃত্তি মন একমনেকবৃত্তিকং তদেব বৃত্তিভেদাৎ কচিদ্ভিন্নবদ্ব্যপদিশ্যতে "মনো বুদ্ধিরহঙ্কারশ্চিত্তঞ্চ" ইতি। তথা চ শ্রুতিঃ কামাদ্যা নানাবিধা বৃত্তীরনুক্রম্যাহ "এতৎ সর্ব্বং মন এব" ইতি। অপি চ সপ্তৈব শীর্ষণ্যান্ প্রাণানভিমন্যমানস্য চত্বার এব প্রাণা অভিমতাঃ স্যুঃ স্থানভেদাদ্ধ্যেতে চত্বারঃ সন্তঃ সপ্ত গণ্যন্তে, "দ্বে

সঙ্কল্পাদিক্রিয়ানানাত্বাৎ করণনানাত্বানুমানম্। একমপি চান্তঃকরণমনেকক্রিয়াকারি ভবিষ্যতি। যথা প্রদীপ একো রূপপ্রকাশবর্ত্তিবিকারস্নেহশোষণহেতুঃ। তস্মান্নান্তঃকরণভেদঃ। একমেব ত্বন্তঃকরণং মননান্মন ইতি চাভিমানাদহঙ্কার ইতি চাধ্যবসানাদবুদ্ধিরিতি চাখ্যায়তে। বৃত্তিভেদাচ্চাভিন্নমপি ভিন্নমিবোপচর্য্যতে ত্রয়মিতি। তত্তেন ত্বেকমেব ভেদে প্রমাণাভাবাৎ। তদেবমেকাদশানাং কার্য্যাণাং ব্যবস্থানাদেকাদশ প্রাণা ইতি শ্রুতিরাঞ্জসী। তদনুগুণতয়া ত্বিতরাঃ শ্রুতয়ো নেতব্যাঃ। তত্রাবয়ুত্যনুবাদেন সপ্তাষ্টনবদশসংখ্যাশ্রুতয়ো যথৈকং বৃণীতে দ্বৌ বৃণীত ইতি ত্রীন বৃণীত ইত্যেতদানুগুণ্যাৎ। দ্বাদশত্রয়োদশসংখ্যাশ্রুতী তু কথঞ্চিদবৃত্তিভেদেন ভেদং বিবক্ষিত্বোপাসনাদিপরতয়া নেতব্যে। তস্মাদেকাদশৈব প্রাণা নেতর ইতি সিদ্ধম্। অপি চ শীর্ষণ্যানাং প্রাণানাং যৎ সপ্তত্বাভিধানং তদপি চতুর্ষ্বেব ব্যবস্থাপনীয়ং প্রমাণান্তরবিরোধাৎ। ন খলু দ্বে চক্ষুষী, রূপোপলব্ধিলক্ষণস্য কার্য্যস্যাভেদাৎ। পিহিতৈক-

---

ও ত্রয়োদশ প্রাণের উদাহরণ দেখাইয়াছ সত্য ; কিন্তু একাদশের অধিক কার্য্যকূট না থাকায় একাদশাধিক করণের অস্তিত্ব (প্রাণের) কল্পনা (অনুমান) করিতে পার না। শব্দ, স্পর্শ, রূপ, রস, গন্ধ, এই পঞ্চ বিষয়ক পঞ্চ বুদ্ধি (জ্ঞান), তদর্থ ইন্দ্রিয় পাঁচ। আর বচন, গ্রহণ, গমনাগমন, মলত্যাগ, আনন্দ, এই পাঁচ প্রকার কর্ম্ম, এতদর্থ ইন্দ্রিয় পাঁচ। আর সর্ব্ববিষয়ক ত্রৈকাল্যবৃত্তি (ভূত, ভবিষ্যৎ ও বর্ত্তমান বস্তুর জ্ঞাতা) অন্তঃকরণ এক। এই ত্রয়োদশ, এতদতিরিক্ত বিষয় নাই, সুতরাং তদগ্রাহক ইন্দ্রিয়ও নাই। মন অন্তঃকরণ এক ; কিন্তু বৃত্তি (কার্য্য) ভেদে তাহা কোন কোন স্থলে মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত, এই চতুঃপ্রকারে ব্যপদিষ্ট হয়। মন এক, কিন্তু বৃত্তি অনেক, এ কথা শ্রুতিও বলিয়াছেন। শ্রুতি নানাপ্রকার মনোবৃত্তি উল্লেখ

শ্রোত্রে দ্বে চক্ষুষী দ্বে নাসিকে একা বাক্" ইতি। ন চ তাবতামেব বৃত্তিভেদা ইতরে প্রাণা ইতি শক্যতে বক্তুং, হস্তাদিবৃত্তীনামত্যন্তবিজাতীয়ত্বাৎ। তথা "নব বৈ পুরুষে প্রাণা নাভির্দ্দশমী" ইত্যত্রাপি দেহচ্ছিদ্রভেদাভিপ্রায়েণৈব দশ প্রাণা উচ্যন্তে ন প্রাণতত্ত্বভেদাভিপ্রায়েণ 'নাভির্দ্দশমী' ইতি বচনাৎ। ন হি নাভির্নাম কশ্চিৎ প্রাণঃ প্রসিদ্ধোঽস্তি। মুখ্যস্য তু প্রাণস্য ভবতি নাভিরপ্যেকং বিশেষায়তনমিত্যতো নাভির্দ্দশমীত্যুচ্যতে। ক্বচিদুপাসনার্থং কতিচিৎ প্রাণা গণ্যন্তে ক্বচিৎ প্রদর্শনার্থম্। তদেবং বিচিত্রে প্রাণেয়ত্তাম্নানে সতি ক্ব কিং পরমাম্নানমিতি বিবেক্তব্যম্। কার্য্যজাতবশাত্ত্বেকাদশত্বাম্নানং প্রাণবিষয়ং প্রমাণমিতি স্থিতম্। ইয়মপরা সূত্রদ্বয়-

চক্ষুষস্তু ন তাদৃশী রূপোপলব্ধির্ভবতি যাদৃশী সমগ্রচক্ষুষঃ। তস্মাদেকমেব চক্ষুরধিষ্ঠানভেদেন তু ভিন্নমিবোপচর্য্যতে। কারণস্যাপ্যেকগোলকগতেন চক্ষুরবয়বেনোপলম্ভঃ। এতেন ঘ্রাণশ্রোত্রে অপি ব্যাখ্যাতে। ইয়মপরা সূত্রদ্বয়-

করিয়া অবশেষে বলিয়াছেন "এ সমস্তই মন, অন্য কিছু নহে।" আরও দেখ, শীর্ষস্থ প্রাণ সাত, এ কথাতেও শীর্ষভব প্রাণ ৪; পরন্তু স্থানভেদে সাত। যথা—দুই শ্রোত্র, দুই চক্ষু, দুই নাসিকা ও বাগিন্দ্রিয় এক। [ন চ···স্থিতম্] অন্যান্য প্রাণ যে ঐ গুলিরই বৃত্তিভেদ, তাহা নহে। কেন-না, হস্তাদির বৃত্তি অত্যন্ত বিজাতীয়। "পুরুষে নব প্রাণ, নাভি তাহার দশম" এ শ্রুতিতেও দেহচ্ছিদ্রাভিপ্রায়ে দশ প্রাণ কথিত হইয়াছে, প্রাণসংখ্যা নির্দ্ধারণাভিপ্রায়ে নহে। "নাভি দশমী" এই উক্তিই তাহার প্রমাণ। নাভি নামে কোন প্রখ্যাত প্রাণ নাই যে, তৎপ্রদর্শনার্থ তাহার কথন হইবেক। নাভি মুখ্য প্রাণের একটি বিশেষ স্থান, তাই "নাভি দশমী" এই কথা বলা হইয়াছে। কোন কোন শ্রুতিতে কেবল উপাসনার্থ কতিপয় প্রাণের গণনা আছে এবং কোথাও বা তাহা কেবল প্রদর্শনার্থ পঠিত হইয়াছে। প্রাণসংখ্যার কথন ঐরূপে বিচিত্র অর্থাৎ নানা, তন্মধ্যে কোন্ কথন পারমার্থিক তাহা বিচার দ্বারা পরিজ্ঞেয়। বিচারে সিদ্ধ হয়, পাওয়া যায়, কার্য্য যখন একাদশবিধ, তখন প্রাণও একাদশবিধ; সুতরাং একাদশত্ব কথনই মুখ্য বা পারমার্থিক। [ইয়...নান্য ইতি] সূত্রদ্বয়ের অন্যপ্রকার ব্যাখ্যাও হইতে পারে। যথা—প্রাণ সাত, অধিক নহে। কেন-না, "তিনি উৎক্রমণার্থ উদ্যত হইলে মুখ্য

যোজনা। সপ্তৈব প্রাণাঃ স্যুর্যতঃ সপ্তানামেব গতিঃ শ্রূয়তে "তমুৎক্রামন্তং প্রাণোঽনূৎক্রামতি প্রাণমনূৎক্রামন্তং সর্ব্বে প্রাণা অনূৎক্রামন্তি" ইত্যত্র। নম্বু সর্ব্বশব্দোঽপ্যত্র পঠ্যতে কথং সপ্তানামেব গতিঃ প্রতিজ্ঞায়ত ইতি বিশেষিতত্বাদিত্যাহ। সপ্তৈব হি প্রাণাশ্চক্ষুরাদয়ঃ ত্বকৃপর্য্যন্তা বিশেষিতা ইহ প্রকৃতাঃ। স যত্রৈষ চাক্ষুষঃ পুরুষঃ পরাঙ্ পর্য্যাবর্ত্ততে অথারূপজ্ঞো ভবত্যেকীভবতি ন পশ্যতীত্যাহুরিত্যেবমাদিনানুক্রমণেন। প্রকৃতগামী চ সর্ব্বশব্দো ভবতি। যথা সর্ব্বে ব্রাহ্মণা ভোজিতা ইতি যে নিমন্ত্রিতাঃ প্রকৃতা ব্রাহ্মণাস্ত এব সর্ব্বশব্দেনোচ্যন্তে নান্যে। এবমিহাপি যে প্রকৃতাঃ সপ্ত প্রাণাস্ত এব সর্ব্বশব্দেনোচ্যন্তে নান্য ইতি। নম্বত্র বিজ্ঞান-

---

যোজনা।—"সপ্তৈব প্রাণাঃ" চক্ষুর্ঘ্রাণরসনবাক্‌শ্রোত্রমনস্ত্বচ উৎক্রান্তিমন্তঃ স্যুঃ। সপ্তানামেব গতিশ্রুতের্ব্বিশেষিতত্বাদিতি ব্যাখ্যাতুং শঙ্কতে—"নম্বু সর্ব্বশব্দোঽপ্যত্রে"তি। অস্যোত্তরং "বিশেষিতত্বা"দিতি। চক্ষুরাদয়স্ত্বক্‌পর্য্যন্তা উৎক্রান্তৌ বিশেষিতাঃ। তস্মাৎ সর্ব্বশব্দস্য প্রকৃতাপেক্ষত্বাৎ সপ্তৈব প্রাণা উৎক্রামন্তি ন পাণ্যাদয় ইতি প্রাপ্তম্। চোদয়তি—"নম্বত্র বিজ্ঞানমষ্টম"মিতি।

প্রাণ উৎক্রমণ করিতে উদ্যত হয়, মুখ্য প্রাণের উৎক্রমণে অন্যান্য প্রাণও উৎক্রান্ত হয়।" এই শ্রুতিতে নির্দ্দিষ্ট সাত প্রাণের গতি অভিহিত আছে। বলিতে পার, শ্রুতিতে কেবল সর্ব্ব শব্দ আছে, সপ্ত সংখ্যার প্রসঙ্গও নাই, তবে কিসে জানা গেল, উদাহৃত শ্রুতিতে সপ্ত প্রাণের গতি (নির্গমন) অভিহিত হইয়াছে? ইহার প্রত্যুত্তরার্থ "বিশেষিতত্বাৎ" অংশ বলা হইয়াছে। অর্থ এই যে, চক্ষুঃ হইতে ত্বক্ পর্য্যন্ত সাত প্রাণই বিশেষিত অর্থাৎ প্রকৃত। "এই চাক্ষুষ পুরুষ পর্য্যাবর্ত্তিত হন, অনন্তর জীব রূপজ্ঞানশূন্য হন। যেহেতু এক হয় সেই হেতু দেখিতে পায় না।" ইত্যাদি ক্রমে চক্ষুরাদি প্রাণ সপ্তক প্রকৃত বা প্রস্তাবিত হইয়াছে, সেই প্রস্তাবে ঐ সর্ব্বশব্দঘটিত বাক্য আছে, সেই জন্য ঐ সর্ব্বশব্দ সপ্ত প্রাণেরই বোধক। সর্ব্বব্রাহ্মণ ভোজিত হইয়াছে, এতদ্বাক্যস্থ সর্ব্ব শব্দ যেমন পূর্ব্বপ্রস্তাবিত নিমন্ত্রিত ব্রাহ্মণের বোধক, সেইরূপ, যে সপ্ত প্রাণ প্রকৃত, সেই সপ্তপ্রাণই ঐ সর্ব্ব শব্দের দ্বারা বোধিত হয়। [নম্বত্র⋯শ্রুতিষু] যদি বল, প্রস্তাবিত বাক্যে অষ্টম বিজ্ঞানের কথন আছে,

মষ্টমমনুক্রান্তং কথং সপ্তানামেবানুক্রমণম্। নৈষ দোষঃ। মনোবিজ্ঞানয়োস্তত্ত্বাভেদাদ্বৃত্তিভেদেঽপি সপ্তত্বোপপত্তেঃ। তস্মাৎ সপ্তৈব প্রাণা ইত্যেবং প্রাপ্তে ক্রমঃ। হস্তাদয়স্ত্বপরে সপ্তভ্যোঽতিরিক্তাঃ প্রাণাঃ প্রতীয়ন্তে "হস্তো বৈ গ্রহঃ" ইত্যাদিশ্রুতিষু। গ্রহত্বঞ্চ বন্ধনভাবো গৃহ্যতে বধ্যতে ক্ষেত্রজ্ঞোঽনেন গ্রহসংজ্ঞকেন বন্ধনেনেতি। স চ ক্ষেত্রজ্ঞো নৈকস্মিন্নেব শরীরে বধ্যতে শরীরান্তরেষ্বপি তুল্যত্বাদ্বন্ধনস্য। তস্মাচ্ছরীরান্তরসঞ্চারীদং গ্রহসংজ্ঞকং বন্ধনমিত্যর্থাদুক্তং ভবতি। তথা চ স্মৃতিঃ "পুর্য্যষ্টকেন লিঙ্গেন প্রাণাদ্যেন স যুজ্যতে। তেন বদ্ধস্য বৈ বন্ধো মোক্ষো মুক্তস্য তেন চ" ইতি প্রাঙ্মোক্ষাদ্গ্রহসংজ্ঞকেনানেন বন্ধনেনাবিয়োগং দর্শয়তি।

ন বিজানাতীত্যাহুরিত্যনেনানুৎক্রান্তম্। পরিহরতি—"নৈষ দোষঃ"। সিদ্ধান্তমাহ—"হস্তাদয়স্ত্বপরে সপ্তভ্যোঽতিরিক্তাঃ প্রাণা"। উৎক্রান্তিভাজোবগম্যন্তে গ্রহত্বশ্রুতের্হস্তাদীনাম্। এবং খল্বেষাং গ্রহত্বাম্নানমুপপদ্যেত যদ্যামুক্তেরাত্মানং বধ্নীয়ুরিতরথা ষাট্কৌশিকশরীরবদেষাং গ্রহত্বং নাম্নায়েত। অতএব চ স্মৃতিরেষাং মুক্ত্যবধিতামাহ—"পুর্য্যষ্টকেনে"তি। তথাথর্ব্বণশ্রুতিরপ্যেষামেকা-

---

তাহা থাকায় কিপ্রকারে সাতের অনুক্রম, অধিকের নহে, ইহা বলিতে পার? ইহার প্রত্যুত্তর—বৃত্তিভেদেই মনের ও বিজ্ঞানের ভেদ। পদার্থ একই। সুতরাং বিজ্ঞানের অনুক্রম থাকিলেও তাহা দোষ নহে; তাহাতেও সপ্তত্ব উপপন্ন হয়। অতএব, সপ্ত প্রাণ, অধিক নহে, এই প্রবল পূর্ব্বপক্ষ প্রাপ্তে সিদ্ধান্ত—"হস্ত গ্রহ" ইত্যাদি শ্রুতিতে সাতের অধিক হস্তাদি প্রাণের প্রতীতি হয়। [গ্রহত্বঞ্চ...দর্শয়তি] গ্রহ অর্থাৎ বন্ধন। জীব গৃহীত হয় অর্থাৎ বদ্ধ হয় যাহার দ্বারা—তাহা গ্রহ। জীব শরীরাদিতে বদ্ধ, এ জন্য তাহাও গ্রহ। জীব এক শরীরে বন্ধন গ্রস্ত নহেন, শরীরান্তরেও বদ্ধ হন; সে জন্য গ্রহসংজ্ঞক বন্ধন শরীরান্তর-সঞ্চারী অর্থাৎ ভবিষ্য-শরীরেও গমন করে, ইহাও ইঙ্গিতক্রমে বলা হইল। "জীব প্রাণাদিলিঙ্গশরীর রূপ পূর্য্যষ্টকযুক্ত। সুতরাং তাহারই দ্বারা বদ্ধ এবং তাহার বিমোক্ষে মোক্ষ।" এই স্মৃতিও জীবের মোক্ষের পূর্ব্বে গ্রহসংজ্ঞক বন্ধনে বদ্ধ থাকা বলিয়াছেন। (প্রাণাদি পঞ্চক, ভূতসূক্ষ্ম পঞ্চক, জ্ঞানেন্দ্রিয় পঞ্চক, কর্ম্মেন্দ্রিয় পঞ্চক, অন্তঃকরণ চতুষ্টয়, অবিদ্যা, কাম ও কর্ম্ম (সঙ্কল্প ও অদৃষ্ট), এই গুলির নাম পূর্য্যষ্টক। ইহা আত্মার জ্ঞাপক বলিয়া

আথর্ব্বণে চ বিষয়েন্দ্রিয়ানুক্রমণে "চক্ষুশ্চ দ্রষ্টব্যঞ্চ" ইত্যত্র তুল্যবদ্ধস্তাদীনীন্দ্রিয়াণি সবিষয়াণ্যনুক্রামতি "হস্তৌ চাদাতব্যঞ্চোপস্থশ্চানন্দয়িতব্যঞ্চ পায়ুশ্চ বিসর্জ্জয়িতব্যঞ্চ পাদৌ চ গন্তব্যঞ্চ" ইতি। তথা "দশেমে পুরুষে প্রাণা আত্মৈকাদশঃ তে যদাস্মাচ্ছরীরান্মর্ত্ত্যাদুৎক্রামন্ত্যথ রোদয়ন্তি" ইত্যেকাদশানাং প্রাণানামুৎক্রান্তিং দর্শয়তি। সর্ব্বশব্দোঽপি চ প্রাণশব্দেন সম্বধ্যমানোঽশেষান্ প্রাণানভিদধানো ন প্রকরণবশেন সপ্তস্বেব ব্যবস্থাপয়িতুং শক্যতে প্রকরণাচ্ছব্দস্য চ বলীয়স্ত্বাৎ। সর্ব্বে ব্রাহ্মণা ভোজিতা ইত্যত্রাপি সর্ব্বেষামেবাঽবনীবর্ত্তিনাং ব্রাহ্মণানাং গ্রহণং ন্যায্যং সর্ব্বশব্দসামর্থ্যাৎ সর্ব্বভোজনাসম্ভবাত্তু তত্র নিমন্ত্রিতমাত্রবিষয়া সর্ব্বশব্দস্য বৃত্তিরাশ্রিতা। ইহ তু ন কিঞ্চিৎ সর্ব্বশব্দার্থসঙ্কোচকারণমস্তি। তস্মাৎ সর্ব্ব-

---

দশানামুৎক্রান্তিমস্তিবদতি। তস্মাচ্ছ্রুত্যন্তরেভ্যঃ স্মৃতেশ্চ সর্ব্বশব্দার্থাসঙ্কোচাচ্চ সর্ব্বেষামুৎক্রমণে স্থিতেঽস্মিন্নেবং যদুক্তং সপ্তৈবেতি কিন্তু প্রদর্শনার্থং সপ্তত্বসংখ্যেতি সিদ্ধম্।

লিঙ্গ। শীর্ণ হয় বলিয়া শরীর)। [আথর্ব্বণে...ইতি] আথর্ব্বণ শ্রুতিতেও "চক্ষুঃ ও দ্রষ্টব্য" ইত্যাদিক্রমে সবিষয় ইন্দ্রিয়ের গণনায় তুল্যরূপে সবিষয় হস্তাদি-ইন্দ্রিয়ের গণনা দৃষ্ট হয়। যথা—"হস্ত ও গৃহীতব্য, উপস্থ ও আনন্দয়িতব্য, পায়ু ও বিসর্জ্জয়িতব্য, পদ ও গন্তব্য" ইত্যাদি। [তথা...দর্শয়তি] "পুরুষে এই দশ প্রাণ, আত্মা অর্থাৎ অন্তঃকরণ একাদশ, এই একাদশ প্রাণ যখন এই মরণশীল শরীর হইতে উৎক্রান্ত হয়, তখন জ্ঞাতিগণ রোদন করে।" এ শ্রুতিও একাদশ প্রাণের উৎক্রান্তি (দেহত্যাগপূর্ব্বক গতি) দেখাইয়াছেন (বর্ণন করিয়াছেন)। [সর্ব্ব...সিদ্ধম্] প্রাণের সহিত সম্বন্ধ থাকায় সর্ব্ব শব্দ সমুদায় প্রাণের বোধক হয়, সুতরাং প্রকরণ দৃষ্টে তাহার (সর্ব্বশব্দের) সপ্তপ্রাণবোধকতা স্থাপন করিতে পার না। প্রকরণ অপেক্ষা শব্দের বলবত্তা আছে। "সর্ব্ব ব্রাহ্মণ ভোজিত হইয়াছে" এখানে সর্ব্বশব্দে ব্রাহ্মণ মাত্রের বোধক নহে। সর্ব্বশব্দ আছে বলিয়াই যে প্রদর্শিত স্থলে অনিমন্ত্রিত ব্রাহ্মণ গ্রহণ করিবে তাহা পারিবে না। সর্ব্ব ব্রাহ্মণ ভোজন করান অসম্ভব, কাযেই সর্ব্বশব্দে নিমন্ত্রিত ব্রাহ্মণ অর্থে তাৎপর্য্য; কিন্তু প্রদর্শিত স্থলে সর্ব্বশব্দের ব্যাপক অর্থের সঙ্কোচ হইবার কোন কারণ নাই।

শব্দেনাক্রাশেষাণাং প্রাণানাং পরিগ্রহপ্রদর্শনার্থং সপ্তানাম-নুক্রমণমিত্যনবদ্যম্। তস্মাদেকাদশৈব প্রাণাঃ শব্দতঃ কার্য্য-তশ্চেতি সিদ্ধম্ ॥ ৬ ॥

অণবশ্চ ॥ ৭ ॥*

অধুনা প্রাণানামেব স্বভাবান্তরমভ্যুচ্চিনোতি। অণবশ্চৈতে প্রকৃতাঃ প্রাণাঃ প্রতিপত্তব্যাঃ। অণুত্বঞ্চৈষাং সৌক্ষ্ম্যপরি-চ্ছেদৌ ন পরমাণুতুল্যত্বং কৃৎস্নদেহব্যাপিকার্য্যানুপপত্তি-প্রসঙ্গাৎ। সূক্ষ্মা এতে প্রাণাঃ। স্থূলাশ্চেৎ স্যুর্মরণকালে শরীরান্নির্গচ্ছন্তো বিলাদহিরিবোপলভ্যেরন্ ম্রিয়মাণস্য পা-র্শ্বস্থৈঃ। পরিচ্ছিন্নাশ্চৈতে প্রাণাঃ। সর্ব্বগতাশ্চেৎ স্যুরুৎ-ক্রান্তিগত্যাগতিশ্রুতিব্যাকোপঃ স্যাৎ তদ্গুণসারত্বঞ্চ জীবস্য

অত্র সাঙ্খ্যানামাহঙ্কারিকত্বাদিন্দ্রিয়াণামহঙ্কারস্য চ জগন্মণ্ডলব্যাপিত্বাৎ সর্ব্ব-গতাঃ প্রাণাঃ। বৃত্তিস্ত্বেষাং শরীরদেশতয়া প্রাদেশিকী তন্নিবন্ধনা চ গত্যা-গতিশ্রুতিরিতি মন্যন্তে তান্ প্রত্যাহ—"অণবশ্চ" প্রাণাঃ। অনুদ্ভূতরূপস্পর্শতা

কারণ না থাকায় তাহা নিখিল প্রাণের অভিধায়ক, এবং ঐ সাতের অনুক্রম (উল্লেখ)ও নিখিল প্রাণের উপলক্ষক। যেহেতু উহা উপলক্ষণভাবে প্রযুক্ত—সেই হেতু সাতের অনুক্রম কোনও রূপ দোষ বহন করে না। এতাবৎ বিচারে সিদ্ধ হইতেছে, নামে ও কার্য্যে সর্ব্ব প্রকারেই একাদশ প্রাণ।

এক্ষণে প্রাণের অন্য একটী স্বভাব নিরূপিত হইবে। প্রস্তাবিত প্রাণ সমু-দায়কে অণু বলিয়া জানিবে। প্রাণের অণুত্ব কি? সূক্ষ্মতা ও পরিচ্ছিন্নতাই প্রাণের অণুত্ব; পরমাণু তুল্যতা নহে। প্রাণ পরমাণুতুল্য হইলে যুগপৎ সর্ব্ব-শরীর ব্যাপী কার্য্য হইতে পারে না। সুতরাং প্রস্তাবিত সেই সকল প্রাণ সূক্ষ্ম অর্থাৎ দৃষ্টিপথাতীত (অদৃশ্য স্বভাব) মাত্র। সর্প গর্ত্ত হইতে নির্গত হয়, তাহা দেখা যায়, তেমনি, প্রাণ স্থূলস্বভাব হইলে মুমূর্ষু পার্শ্বস্থ লোক মুমূর্ষুর প্রাণনির্গমন দেখিতে পাইত। [পরিচ্ছিন্না···সিদ্ধেঃ] প্রাণ পরিচ্ছিন্ন অর্থাৎ সর্ব্বব্যাপী নহে। সর্ব্বব্যাপী বা পূর্ণ পদার্থ হইলে প্রাণের গমনাগমন প্রতি-পাদিনী শ্রুতির ব্যাকোপ (প্রামাণ্য নাশ) ও জীবের বুদ্ধিগুণপ্রধান্য অসিদ্ধ

---

* অণবঃ সূক্ষ্মাঃ প্রত্যেতব্যাঃ প্রাণা ইতি শেষঃ।—প্রাণ সকল সূক্ষ্ম। (ভাষ্যানুবাদ দেখ)।

ন সিধ্যেৎ। সর্ব্বগতানামপি বৃত্তিলাভঃ শরীরদেশে স্যাদিতি চেৎ, ন, বৃত্তিমাত্রস্য করণত্বোপপত্তেঃ। যদেব তূপলব্ধি-সাধনং বৃত্তিরন্যদ্বা তস্যৈব নঃ করণত্বম্। তেন সংজ্ঞামাত্রে বিবাদ ইতি করণানাং ব্যাপিত্বকল্পনা নিরর্থিকা। তস্মাৎ সূক্ষ্মাঃ পরিচ্ছিন্নাশ্চৈতে প্রাণা ইত্যধ্যবস্যামঃ ॥ ৭ ॥

শ্রেষ্ঠশ্চ ॥ ৮ ॥*

মুখ্যশ্চ প্রাণ ইতরপ্রাণবদ্‌ব্রহ্মবিকার ইত্যতিদিশতি। নন্ববিশেষেণৈব সর্ব্বপ্রাণানাং ব্রহ্মবিকারত্বমাখ্যাতং 'এতস্মা-

---

চাণুত্বং দুরধিগমত্বান্ন তু পরমাণুত্বং দেহব্যাপিকার্য্যানুৎপত্তিপ্রসঙ্গাত্তাপদূনস্য শিশিরহ্রদনিমগ্নস্য সর্ব্বাঙ্গীণশীতস্পর্শোপলব্ধিরস্তীত্যুক্তম্। এতদুক্তম্ভবতি—যদি সর্ব্বগতানীন্দ্রিয়াণি ভবেয়ুস্ততোব্যবহিতবিপ্রকৃষ্টবস্তূপলম্ভপ্রসঙ্গঃ। সর্ব্বগতত্বে-ঽপি দেহাবচ্ছিন্নানামেব করণত্বং তেন ন ব্যবহিতবিপ্রকৃষ্টবস্তূপলম্ভপ্রসঙ্গ ইতি চেৎ, হন্ত প্রাপ্তাপ্রাপ্তবিবেকেন শরীরাবচ্ছিন্নানামেব তেষাং করণত্বমি-ন্দ্রিয়ত্বমিতি ন ব্যাপিনামিন্দ্রিয়ভাবঃ। তথা চ নামমাত্রে বিসম্বাদো নার্থেঽস্মা-ভিস্তদিন্দ্রিয়মুচ্যতে ভবদ্ভিস্তু বৃত্তিরিতি সিদ্ধমণবঃ প্রাণা ইতি।

ন কেবলমিতরে প্রাণা ব্রহ্মবিকারাঃ শ্রেষ্ঠশ্চ প্রাণো ব্রহ্মবিকারঃ। নাসদা-সীদিত্যধিকৃত্য প্রবৃত্তে ব্রহ্মসূক্তে নাসদাসীয়ে সর্গাৎ প্রাগানীদিতি প্রাণাব্যা-

---

হইবেক। [সর্ব্ব…নিরর্থিকা] সর্ব্বগামী হইলে শ্রুতিব্যাকোপ হইবে কেন? শরীরদেশে বৃত্তি (কার্য্য) হইবেক? এরূপ বলিতে পার না। কারণ, বৃত্তিরই করণত্ব যুক্তিলভ্য। যাহা উপলব্ধির সাধন—তাহাকে বৃত্তি, অথবা অন্য যে-কিছু বল, আমাদের মতে তাহাই করণ (জ্ঞানাদি ক্রিয়োৎপত্তির সাক্ষাৎ বা অন্তরঙ্গ কারণ)। তাহাতে এই ফল ফলে যে, কেবল নামেই বিবাদ, পদার্থে বিবাদ নাই। যেহেতু পদার্থে বিসম্বাদ নাই সেই হেতু করণের ব্যাপিত্ব কল্পনা নিষ্প্রয়োজন। [তস্মাৎ…স্যামঃ] প্রদর্শিত হেতুবাদে আমরা নিশ্চয় করি, প্রাণ সকল সূক্ষ্ম ও পরিচ্ছিন্ন।

এটি অতিদেশ-সূত্র। অতিদেশের ব্যাখ্যা এইরূপ—যেমন অন্যান্য প্রাণ, তেমনি মুখ্য প্রাণ। অর্থাৎ যে যুক্তিতে ইতর প্রাণের ব্রহ্মবিকারত্ব সিদ্ধ হয়—সেই যুক্তিতেই মুখ্য প্রাণের তদ্ভবত্ব পাওয়া যায়। এক্ষণে বলিতে পার,

---

* শ্রেষ্ঠশ্চ মুখ্যোঽপি প্রাণ ইতরপ্রাণবদ্‌ব্রহ্মজন্মেতি সূত্রার্থঃ।—মুখ্যপ্রাণও অন্যান্য প্রাণের ন্যায় ব্রহ্মপ্রভব।

জ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ' ইতি সেন্দ্রিয়মনো-ব্যতিরেকেণাপি প্রাণস্যোৎপত্তিশ্রবণাৎ 'স প্রাণমসৃজত' ইত্যাদিশ্রবণেভ্যশ্চ। কিমর্থঃ পুনরতিদেশঃ। অধিকাশঙ্কা-বারণার্থঃ। নাসদাসীয়ে হি ব্রহ্মপ্রধানে সূক্তে মন্ত্রবর্ণো ভবতি—'ন মৃত্যুরাসীদমৃতং ন তর্হি ন রাত্র্যা অহ্ন আসীৎ প্রকেতঃ। আনীদবাতং স্বধয়া তদেকং তস্মাদ্ধান্যন্ন পরং কিঞ্চ নাস' ইতি। আনীদিতি প্রাণকর্ম্মোপাদানাৎ প্রাগুৎপত্তেঃ সন্তমিব প্রাণং সূচয়তি। তস্মাৎ অজঃ প্রাণ ইতি জায়তে কস্যচিন্মতিঃ। তামতিদেশেনাপনুদতি। আনীচ্ছব্দোঽপি ন প্রাগুৎপত্তেঃ প্রাণসদ্ভাবং সূচয়তি। অবাতমিতি বিশেষণাৎ।

পারশ্রবণাদসতি চ ব্যাপারবতি ব্যাপারানুপপত্তেঃ প্রাণসদ্ভাবাজ্জ্যৈষ্ঠত্বশ্রুতেশ্চ

"তাঁহা হইতে প্রাণ, মন ও সমুদায় ইন্দ্রিয় জন্মলাভ করিয়াছে" এই শ্রুতিতে নির্ব্বিশেষরূপে সমুদায় প্রাণের জন্মকথন আছে এবং "তিনি প্রাণ সৃজন করিলেন" এ শ্রুতিতেও প্রাণের উৎপত্তি অভিহিত আছে, তবে আবার অতিদেশ কেন? যখন মুখ্য প্রাণের উৎপত্তি অসংশয়িত (নিশ্চিত) আছে—তখন অবশ্যই ঐ অতিদেশ ব্যর্থ। ইহার প্রতিবাদ, একটী অতিরিক্ত আশঙ্কা নিরাসার্থ এই সূত্র বা ঐ অতিদেশ বলা হইয়াছে। [নাসদাসীয়ে···সূচয়তি] ব্রহ্মপ্রধান নাসদাসীয় সূক্তে * একটী মন্ত্র আছে, তাহাতে পাওয়া যায়, প্রাণ যেন প্রলয়কালেও ছিল। যথা—"প্রলয়কালে মৃত্যু (মারক বা মৃত্যুময় বস্তু) ছিল না, দেবভোগ্য অমৃত ছিল না, রাত্রের চিহ্ন চন্দ্র ও দিবসের চিহ্ন সূর্য্য ছিল না, পিতৃদের অন্নের নাম স্বধা—তাহা ছিল না অথবা ব্রহ্ম মায়ার সহিত ছিলেন না, বাতবর্জ্জিত প্রাণ চেষ্টা করিয়াছিল, ব্রহ্ম অপেক্ষা উৎকৃষ্ট অন্য কিছুই ছিল না।" এই শ্রুতিতে যে আনীৎ কথা আছে, তাহার অর্থ প্রাণন অর্থাৎ প্রাণচেষ্টা। প্রাণচেষ্টাবোধক শব্দ থাকাতেই তৎকালে প্রাণ ছিল, এইরূপ প্রতীতি হয় এবং তৎশ্রবণে কাহার কাহার প্রাণ অজ, জন্মবান্ বা সৃষ্ট নহে, এইরূপ বুদ্ধি হইতে পারে। তাহা না হউক, এই অভিপ্রায়ে ঐ অতিদেশ বাক্য বলা হইয়াছে এবং তাহাতে ঐ আশঙ্কা বিদূরিত হইতে পারিবে। [অবাতমিতি···ইতি] প্রলয়কালাবস্থিত মূল প্রকৃতির বিশেষণে "অবাত"

---

* ব্রহ্মপ্রধান=ব্রহ্ম যাহার মুখ্য প্রতিপাদ্য। নাসদাসীয়=ন অসৎ আসীৎ—অসৎ ছিল না, ইত্যাদিরূপে যাহা পঠিত হইয়াছে। সূক্ত=মন্ত্রসমষ্টি।

"অপ্রাণো হ্যমনাঃ শুভ্রঃ" ইতি চ মূলপ্রকৃতেঃ প্রাণাদিসমস্ত-বিশেষরহিতত্বস্য দর্শিতত্বাৎ। তস্মাৎ কারণসদ্ভাবপ্রদর্শনার্থৈ এবায়মানীচ্ছব্দ ইতি। শ্রেষ্ঠ ইতি চ মুখ্যং প্রাণমভিদধাতি "প্রাণো বাব জ্যেষ্ঠঃ শ্রেষ্ঠশ্চ" ইতি শ্রুতিনির্দ্দেশাৎ। জ্যেষ্ঠশ্চ প্রাণঃ শুক্রনিষেককালাদারভ্য তস্য বৃত্তিলাভাৎ। ন চেৎ তস্য তদানীং বৃত্তিলাভঃ স্যাৎ যোনৌ নিষিক্তং শুক্রং পূয়েত ন সম্ভবেদ্বা। শ্রোত্রাদীনান্তু কর্ণশষ্কুল্যাদিস্থানবিভাগ-নিষ্পত্তৌ বৃত্তিলাভান্ন জ্যেষ্ঠত্বম্। শ্রেষ্ঠশ্চ প্রাণো গুণাধি-ক্যাৎ। "ন বৈ শক্ষ্যামস্ত্বদৃতে জীবিতুম্" ইতি শ্রুতেশ্চ ॥ ৮ ॥

ন বায়ুক্রিয়ে পৃথগুপদেশাৎ ॥ ৯ ॥*

ন ব্রহ্মবিকারঃ প্রাণ ইতি মন্বানস্য বহুশ্রুতিবিরোধেঽপি চ শ্রুত্যোরেতয়োর্গতি-মপশ্যতঃ পূর্ব্বপক্ষঃ। রাদ্ধান্তস্তু বহুশ্রুতিবিরোধাদেবানীদিতি ন প্রাণব্যাপার-প্রতিপাদিনী কিন্তু সৃষ্টিকারণমানীৎ জীবতি স্ম। আসীদিতি যাবৎ। তেন তৎসদ্ভাবপ্রতিপাদনপরা। জ্যেষ্ঠত্বঞ্চ শ্রোত্রাদ্যপেক্ষমিতি গময়িতব্যম্। তস্মাৎ-বহুশ্রুত্যনুরোধান্মুখ্যস্যাপি প্রাণস্য ব্রহ্মবিকারত্বমিতি সিদ্ধম্।

শব্দ আছে, ঐ অবাত শব্দ তাহার (প্রকৃতির) প্রাণাদি বিশেষ রাহিত্য দেখাইয়াছে। তাহাতে বুঝা যায়, পাওয়া যায়, তৎকালে কারণ মাত্রের অস্তিত্ব দেখানই আনীৎ শব্দ প্রয়োগের তাৎপর্য্য। [শ্রেষ্ঠ ··শ্রুতেশ্চ] শ্রেষ্ঠ শব্দও মুখ্য প্রাণের অভিধায়ক অর্থাৎ বাচক। "প্রাণ জ্যেষ্ঠ ও শ্রেষ্ঠ" এই শ্রৌত নির্দ্দেশই শ্রেষ্ঠ-শব্দের প্রাণ-বাচকত্বে প্রমাণ। প্রাণের জ্যেষ্ঠতাও আছে। কেননা, শুক্র নিষেক কাল হইতেই প্রাণ বৃত্তিলাভ করে। অর্থাৎ-গর্ভস্থ শুক্র স্পন্দনক্রিয়ান্বিত হয়। নিষেক সময়ে শুক্রে প্রাণবৃত্তি উদ্ভূত না হইলে যোনিনিষিক্ত শুক্র অপত্যাকারে পরিণত হইত না, পচিয়া যাইত। শ্রোত্রাদি প্রাণ (ইন্দ্রিয়) অনেক দিন পরে স্বীয় স্বীয় স্থানের বিভাগনিষ্পত্তি হওয়ায় সেই সেই স্থানে বৃত্তিলাভ করে, সে জন্য তাহারা জ্যেষ্ঠ (অগ্রজ) নহে। গুণাধিক্য প্রযুক্তও মুখ্য প্রাণ শ্রেষ্ঠ। শ্রুতি তাহা "চক্ষুরাদি প্রাণ মুখ্য প্রাণকে বলিল, তোমা ব্যতীত আমরা জীবিত থাকি না।" ইত্যাদিক্রমে বর্ণন করিয়াছেন।

---

* প্রাণো ন বায়ুর্ন বা ক্রিয়া করণানাং ব্যাপারঃ কিন্তু তত্ত্বান্তরমেব। যতঃ প্রাণস্য তাভ্যাং

স পুনর্ম্মুখ্যঃ প্রাণঃ কিংস্বরূপ ইতীদানীং জিজ্ঞাস্যতে। তত্র প্রাপ্তং তাবৎ শ্রুতের্ব্বায়ুঃ প্রাণ ইতি। এবং হি শ্রূয়তে—"যঃ প্রাণঃ স এষ বায়ুঃ পঞ্চবিধঃ প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানঃ' ইতি। অথবা তন্ত্রান্তরীয়াভিপ্রায়াৎ সমস্তকরণবৃত্তিঃ প্রাণ ইতি প্রাপ্তম্। এবং হি তন্ত্রান্তরীয়া আচক্ষতে—'সামান্যা করণবৃত্তিঃ প্রাণাদ্যা বায়বঃ পঞ্চ' ইতি। অত্রোচ্যতে। ন বায়ুঃ প্রাণো নাপি করণব্যাপারঃ। কুতঃ। পৃথগুপদেশাৎ। বায়োস্তাবৎ প্রাণস্য পৃথগুপদেশো ভবতি—'প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স বায়ুনা জ্যোতিষা ভাতি চ তপতি চ' ইতি। ন হি বায়ুরেব সন্ বায়োঃ পৃথগুপদিশ্যতে। তথা করণবৃত্তেরপি পৃথগুপদেশো ভবতি। বাগাদীনি করণান্যনুক্রম্য তত্র তত্র

সম্প্রতি মুখ্যপ্রাণস্বরূপং নিরূপ্যতে। অত্র হি যঃ প্রাণঃ স বায়ুরিতি শ্রুতের্ব্বায়ুরেব প্রাণ ইতি প্রতিভাতি। অথবা প্রাণ এব ব্রহ্মণশ্চতুর্থঃ পাদঃ স বায়ুনা জ্যোতিষেতি বায়োর্ভেদেন প্রাণস্য শ্রবণাদেতদ্বিরোধাদ্বরং তন্ত্রান্তরীয়মেব প্রাণস্য স্বরূপমস্তু শ্রুতী চ বিরুদ্ধার্থে কথঞ্চিন্নেষ্যেত ইতি সামান্যকরণবৃত্তিরেব প্রাণোঽস্তু। ন চাত্রাপি করণেভ্যঃ পৃথক্ প্রাণস্যানুক্রমণশ্রুতিবিরোধো বৃত্তিবৃত্তিমতোর্ভেদাদিতি পূর্ব্বঃ পক্ষঃ। সিদ্ধান্তস্তু ন সামান্যেন্দ্রিয়বৃত্তিঃ প্রাণঃ। স হি মিলিতানাং বেন্দ্রিয়াণাং বৃত্তির্ভবেৎ প্রত্যেকং বা। ন তাব-

---

প্রস্তাবিত মুখ্য প্রাণ, কিংস্বরূপ? তাহা ইদানীং বিচারিত হইবে। বিচারের প্রথম কোটীতে (পূর্ব্বপক্ষে) পাওয়া যায়, শ্রুতি প্রমাণ অনুসারে এই বায়ুই প্রাণ। শ্রুতি যথা—"যে প্রাণ সে-ই বায়ু। বায়ু পাঁচ প্রকার—প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান।" শাস্ত্রান্তরের অর্থাৎ সাঙ্খ্য-শাস্ত্রের অভিপ্রেত পক্ষও পূর্ব্ব কোটীতে উপস্থিত হয়। সাঙ্খ্যবাদীরা বলেন, প্রাণ আর কিছুই না, ইন্দ্রিয়গণের সাধারণ বৃত্তি (ক্রিয়া)ই প্রাণ। যথা—"প্রাণাদি বায়ু পঞ্চক করণের অর্থাৎ ইন্দ্রিয়গণের সাধারণী বৃত্তি।" [অত্রোচ্যতে···সর্ব্বব্যাঃ] এই প্রাপ্ত পক্ষদ্বয়ের উপর বলা যাইতেছে, প্রাণ বায়ু নহে, ইন্দ্রিয় ব্যাপারও নহে। কেননা, প্রাণ পৃথক্‌রূপে উপদিষ্ট আছে। "প্রাণ ব্রহ্মের চতুর্থ পাদ। ব্রহ্মচতুর্থ

পৃথক্ত্বং শ্রূয়তে। বিস্তরার্থস্তু ভাষ্যে।—মুখ্যপ্রাণ এই ভৌতিক বায়ু নহে, ভৌতিক বায়ুর বিকারও নহে, ইন্দ্রিয় সমষ্টির পুঞ্জীভূত সাধারণ ব্যাপারও নহে। তাহা এক স্বতন্ত্র বা পৃথক্ তত্ত্ব। এতৎপ্রভৃতি হেতু, শ্রুতিতে পৃথক্ তত্ত্ব বলিয়াই উপদিষ্ট আছে। (ভাষ্যানুবাদ দেখ)।

পৃথক্ প্রাণস্যানুক্রমণাৎ বৃত্তিবৃত্তিমতোশ্চাভেদাৎ। ন হি করণব্যাপার এব সন্ করণেভ্যঃ পৃথগুপদিশ্যেত। তথা 'এতস্মাজ্জায়তে প্রাণো মনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ খং বায়ুঃ' ইত্যেবমাদয়োঽপি বায়োঃ করণেভ্যশ্চ প্রাণস্য পৃথগুপদেশা অনুসর্ত্তব্যাঃ। ন চ সমস্তানাং করণানামেকা বৃত্তিঃ সম্ভবতি প্রত্যেকমেকৈকবৃত্তিত্বাৎ সমুদায়স্য চাকারকত্বাৎ। নন্বু পিঞ্জরচালনন্যায়েনৈতদ্ভবিষ্যতি। যথৈকপিঞ্জরবর্ত্তিন একাদশ পক্ষিণঃ প্রত্যেকং প্রতিনিয়তব্যাপারাঃ সন্তঃ সম্ভূয়ৈকং পিঞ্জরং

ন্মিলিতানাম্। একদ্বিত্রিচতুরিন্দ্রিয়াভাবে তদভাবপ্রসঙ্গাৎ। নো খলু চূর্ণহরিদ্রাসংযোগজন্মাঽরুণগণস্তয়োরন্যতরাভাবে ভবিতুমর্হতি। ন চ বহুবিষ্টিসাধ্যং শিবিকোদ্বহনং দ্বিত্রিবিষ্টিসাধ্যং ভবতি। ন চ ত্বগেকসাধ্যম্। তথা সতি সামান্যবৃত্তিত্বানুপপত্তেঃ। অপি চ যৎ সম্ভূয় কারকাণি নিষ্পাদয়ন্তি তৎ

পাদ প্রাণ বায়ুরূপ জ্যোতির দ্বারা অভিব্যক্ত হইয়া তাপপ্রদ অর্থাৎ কার্য্যক্ষম হয়।" এই শ্রুতি প্রাণকে বায়ু হইতে পৃথক্ বলিয়াছেন। প্রাণ বায়ু হইলে বায়ু হইতে পৃথক্ বলিয়া উপদিষ্ট হইবে কেন? ইন্দ্রিয়বৃত্তি হইতেও প্রাণের পার্থক্য আছে এবং বাক্ প্রভৃতি ইন্দ্রিয়ের গণনায় প্রাণের গণনা ও বৃত্তি-বৃত্তিমানের অভেদোপচার স্বীকার আছে। প্রাণ ইন্দ্রিয় ব্যাপার হইলে তাহা ইন্দ্রিয় হইতে পৃথক্রূপে কথিত হইবে কেন? "তাঁহা হইতে প্রাণ, মন, সমুদায় ইন্দ্রিয়, আকাশ ও বায়ু জন্মিয়াছে" ইত্যাদি শ্রুতিও বায়ু ও ইন্দ্রিয় হইতে প্রাণের ভিন্নতা কথনের উদাহরণ। [ন চ···রকত্বাৎ] সাংখ্য বলেন, প্রাণ সমুদায় ইন্দ্রিয়ের কার্য্য, তাহা অসম্ভব। এক একটী ইন্দ্রিয় এক একটী কার্য্যই করে, মিলিত হইয়া কিছু করে না। [নন্বু...প্রাণনস্য] সাংখ্য হয় ত বলিবেন, পিঞ্জর পরিচালনের দৃষ্টান্তে তাহা হইতে পারে অর্থাৎ মিলিত ইন্দ্রিয়গণ প্রাণকার্য্য নির্ব্বাহ করিতে পারে। যেমন এক পিঞ্জরস্থ একাদশ পক্ষীর প্রত্যেক পক্ষী নিয়ত নিজ নিজ কার্য্য করে; এবং সে সকলের মেলনে পিঞ্জরটী পরিচালিত হয়, সেইরূপ, এক শরীরবর্ত্তী একাদশ ইন্দ্রিয়ও প্রত্যেকে নিজ নিজ কার্য্য করে; আর তাহাদের মেলনে প্রাণন-কার্য্য নির্ব্বাহ হয়। ইহার প্রত্যুত্তরার্থ আমরা বলি, তাহা নহে। অর্থাৎ তাহা হয় না—পিঞ্জর পরিচালনের দৃষ্টান্ত সঙ্গত হয় না। পিঞ্জর পরিচালিত হইতে পারে এরূপ অবান্তর ব্যাপার প্রত্যেক পক্ষীরই আছে, তাহাতেই তাহারা মিলিত হইয়া

চালয়ন্ত্যেবমেকশরীরবর্ত্তিন একাদশ প্রাণাঃ প্রত্যেকং নিয়তবৃত্তয়ঃ সন্তঃ সম্ভূয়ৈকাং প্রাণাখ্যাং বৃত্তিং প্রতিলপ্স্যন্ত ইতি। নেত্যুচ্যতে। যুক্তং তত্র প্রত্যেকবর্ত্তিভিরবান্তরব্যাপারৈঃ পিঞ্জরচালনানুরূপৈরেবোপেতাঃ পক্ষিণঃ সম্ভূয়ৈকং পিঞ্জরং চালয়েয়ুরিতি তথা দৃষ্টত্বাৎ। ইহ তু শ্রবণাদ্যবান্তরব্যাপারোপেতাঃ প্রাণা ন সম্ভূয় প্রাণ্যুবিতি যুক্তং প্রমাণাভাবাদত্যন্তবিজাতীয়ত্বাচ্চ শ্রবণাদিভ্যঃ প্রাণনস্য। তথা প্রাণস্য শ্রেষ্ঠতাদ্যুদ্ঘোষণং গুণভাবোপগমশ্চ তং প্রতি বাগাদীনাং ন করণবৃত্তিমাত্রে প্রাণেঽবকল্পতে। তস্মাদন্যো বায়ুক্রিয়াভ্যাং প্রাণঃ। কথং তর্হীয়ং শ্রুতিঃ—'যঃ প্রাণঃ স বায়ুঃ' ইতি।

প্রধানব্যাপারানুগুণাবান্তরব্যাপারেণৈব। যথা বয়সাং প্রাতিস্বিকো ব্যাপারঃ পিঞ্জরচালনানুগুণঃ। ন চেন্দ্রিয়াণাং প্রাণে প্রধানব্যাপারে জনয়িতব্যেঽস্তি তাদৃশঃ কশ্চিদবান্তরব্যাপারস্তদনুগুণঃ। যে চ রূপাদিপ্রত্যয়া ন তে তদনুগুণাঃ। তস্মান্নেন্দ্রিয়াণাং সামান্যবৃত্তিঃ প্রাণঃ। তথা চ বৃত্তিবৃত্তিমতোঃ কথঞ্চিদভেদবিবক্ষয়া ন পৃথগুপদেশো গময়িতব্যঃ। তস্মান্ন ক্রিয়া নাপি বায়ুমাত্রং

পিঞ্জরকে পরিচালিত করে, ইহা প্রত্যক্ষ ও যুক্তিসিদ্ধ। কিন্তু প্রস্তাবিতস্থল সেরূপ নহে। প্রাণের (ইন্দ্রিয়ের) শ্রবণাদি ব্যাপার ব্যতীত এমন কোন অবান্তর ব্যাপার প্রমাণে পাওয়া যায় না—যাহা থাকাতে তাহারা মিলিত হইয়া প্রাণন (শ্বাসপ্রশ্বাস) করিতে পারে। বিশেষতঃ প্রাণন কার্য্যটী শ্রবণাদি কার্য্যের নিতান্ত বিজাতীয়। (পক্ষীর প্রাতিস্বিক ব্যাপার নিজদেহের স্পন্দন, তৎসম্পর্কে তাহার অবান্তর ব্যাপার পিঞ্জরের স্পন্দন; সুতরাং তদুভয়ের সাজাত্য আছে। কিন্তু প্রাণনের সহিত শ্রবণাদিকার্য্যের সেরূপ সাজাত্য নাই। সাজাত্য না থাকায় তাহা অনুমানেরও অবিষয়) [তথা···প্রাণঃ] প্রাণকে ইন্দ্রিয়-সমষ্টির সাধারণ বৃত্তি (কার্য্য) বলিতে গেলে প্রাণই সর্ব্বশ্রেষ্ঠ, অন্যান্য ইন্দ্রিয় তাহার অধীন, এ সকল কথা সঙ্গত হইবে না। প্রত্যুত প্রলাপতুল্য হইবে। ইত্যাদি ইত্যাদি কারণে প্রাণ বায়ু ও ইন্দ্রিয় ক্রিয়া হইতে ভিন্ন,ইহা নিশ্চিত হয়। [কথং ··বিরুধ্যেতে] "যে প্রাণ সে-ই বায়ু" এ শ্রুতির গতি কি? অভিপ্রায় কি? তাহা বলিতেছি। ব্রহ্মপ্রভব বায়ু-ভূত অধ্যাত্মভাব প্রাপ্ত, পঞ্চ ব্যূহ ও বাহ্যবায়ু অপেক্ষা বিশেষগুণযুক্ত হইয়া অবস্থান করায় তাহা প্রাণ নামে কথিত হয়,এ জন্য উহা ঠিক্ বায়ু (বাহ্যবায়ু) নহে এবং ঐকা-

উচ্যতে। বায়ুরেবায়মধ্যাত্মমাপন্নঃ পঞ্চব্যূহো বিশেষাত্মনাবতিষ্ঠমানঃ প্রাণো নাম ভণ্যতে ন তত্ত্বান্তরং নাপি বায়ুমাত্রম্। অতশ্চোভেঽপি ভেদাভেদশ্রুতী ন বিরুধ্যেতে। স্যাদেতৎ। প্রাণোঽপি তর্হি জীববদস্মিন্ শরীরে স্বাতন্ত্র্যং প্রাপ্নোতি শ্রেষ্ঠত্বাৎ গুণভাবোপগমাচ্চ তং প্রতি বাগাদীনামিন্দ্রিয়াণাম্। তথা হ্যনেকবিধা বিভূতিঃ প্রাণস্য শ্রাব্যতে। 'সুপ্তেষু বাগাদিষু প্রাণ এবৈকো জাগর্ত্তি। প্রাণ এবৈকো মৃত্যুনাঽনাপ্তঃ। প্রাণঃ সম্বর্গো বাগাদীন্ সংবৃঙ্‌ক্তে। প্রাণ ইতরান্ প্রাণান্ রক্ষতি মাতেব পুত্রান্' ইতি। তস্মাৎ প্রাণস্যাপি জীববৎ স্বাতন্ত্র্যপ্রসঙ্গঃ। তং পরিহরতি ॥ ৯ ॥

চক্ষুরাদিবত্তু তৎসহশিষ্ট্যাদিভ্যঃ ॥ ১০ ॥*

প্রাণঃ কিন্তু বায়ুভেদ এবাধ্যাত্মমাপন্নঃ পঞ্চব্যূহঃ প্রাণ ইতি। স্যাদেতৎ। যথা চক্ষুরাদীনাং জীবং প্রতি গুণভূতত্বাজ্জীবস্য চ শ্রেষ্ঠত্বাজ্জীবঃ স্বতন্ত্র এবং প্রাণোঽপি প্রাধান্যাৎ শ্রেষ্ঠত্বাচ্চ স্বতন্ত্রঃ প্রাপ্নোতি। ন চ দ্বয়োঃ স্বতন্ত্রয়োরেকস্মিন্ শরীরে একবাক্যত্বমুপপদ্যত ইত্যপর্য্যায়ং বিরুদ্ধানেকদিক্‌ক্রিয়তয়া দেহ উন্মথ্যেতেতি প্রাপ্ত উচ্যতে।

স্তিক পৃথক পদার্থও নহে। সেই কারণে ভেদশ্রুতি ও অভেদশ্রুতি পরস্পর অবিরুদ্ধ। (যে-শ্রুতি প্রাণকে বায়ু বলে তাহা অভেদ-শ্রুতি। তদ্বিপরীতা ভেদ শ্রুতি)। [স্যাদেতৎ···হরতি] বলিতে পার, তবে এইরূপ না হয় কেন? জীব যেমন এই শরীরে স্বতন্ত্র, স্বাধীন, তেমনি প্রাণও স্বতন্ত্র অর্থাৎ স্বাধীন; কেন-না, শ্রুতিতে প্রাণের শ্রেষ্ঠতা ও অন্যান্য ইন্দ্রিয়ের বশ্যতা কথন আছে। অপিচ, প্রাণেরও অনেক প্রকার বিভূতি (মহিমা) শুনা যায়। "বাক্য প্রভৃতি সমস্তই সুপ্ত হয়, কেবল একমাত্র প্রাণ জাগ্রৎ থাকে।" "মৃত্যু কেবল প্রাণকে গ্রাস করে না।" "প্রাণই সম্বর্গ। কেন-না, সে বাগাদি ইন্দ্রিয়কে সম্বরণ (সংহার) করে।" "প্রাণ জননীর ন্যায় হইয়া অন্যান্য অধীন প্রাণকে রক্ষা করে।" ইত্যাদি। এই সকল হেতুবাদে ইহ শরীরে-প্রাণেরও জীবসদৃশ প্রাধান্য প্রাপ্ত হওয়া যায়। সেই প্রাপ্তির পরিহার এই—

* তৈশ্চক্ষুরাদিভিঃ সহশিষ্টিঃ শাসনমুপদেশঃ পাঠ ইতি যাবৎ তদাদিহেতুভ্যঃ প্রাণো ন

তুশব্দঃ প্রাণস্য স্বাতন্ত্র্যং ব্যাবর্ত্তয়তি। যথা চক্ষুরাদীনি রাজপ্রকৃতিবৎ জীবস্য কর্ত্তৃত্বং ভোক্তৃত্বঞ্চ প্রত্যুপকরণানি ন স্বতন্ত্রাণি তথা মুখ্যোঽপি প্রাণো রাজমন্ত্রিবৎ জীবস্য সর্ব্বার্থ-ত্বেনোপকরণভূতো ন স্বতন্ত্রঃ। কুতঃ। তৎসহশিষ্ট্যাদিভ্যঃ। তৈশ্চক্ষুরাদিভিঃ সহৈব প্রাণঃ শিষ্যতে প্রাণসম্বাদাদিষু। সমান-ধর্ম্মাণাঞ্চ সহশাসনং যুক্তং বৃহদ্রথন্তরাদিবৎ। আদিশব্দেন সংহতত্বাচেতনত্বাদীন্ প্রাণস্য স্বাতন্ত্র্যনিরাকরণহেতূন্ দর্শ-

---

যদ্যপি চক্ষুরাদ্যপেক্ষয়া শ্রেষ্ঠত্বং প্রাধান্যঞ্চ প্রাণস্য তথাপি সংহতত্বাদচেতনত্বাদ্ভৌতিকত্বাচ্চক্ষুরাদিভিঃ সহ শিষ্টত্বাচ্চ পুরুষার্থত্বাৎ পুরুষং প্রতি পারতন্ত্র্যং শয়নাসনাদিবদ্ভবেৎ। তথা চ যথা মন্ত্রীতরেষু নৈয়োগিকেষু প্রধানমপি রাজানমপেক্ষ্যাস্বতন্ত্র এবং প্রাণোঽপি চক্ষুরাদিষু প্রধানমপি জীবেঽস্বতন্ত্র ইতি।

প্রাণ যে স্বতন্ত্র নহে, ভোক্তা নহে, তাহা তু-শব্দের দ্বারা বোধিত হইয়াছে। অমাত্যগণ যেমন রাজাদিগের ন্যায় স্বতন্ত্র নহে, ভোক্তা নহে, কিন্তু ভোগোপকরণ, তেমনি, চক্ষুরাদি ইন্দ্রিয়ও জীবের ন্যায় স্বতন্ত্র বা ভোক্তা নহে, কিন্তু তাহার (জীবের) কর্ত্তৃত্বের ও ভোক্তৃত্বের উপকরণ। যেমন ইন্দ্রিয়গণ ভোগসাধন, তেমনি মুখ্যপ্রাণও তাহার (জীবের) ভোগসাধন বা ভোগের উপকরণ। হেতু এই যে, প্রাণ চক্ষুরাদির সহিত পরিপঠিত হইয়াছে। সমধর্ম্ম পদার্থেরই সহপাঠ হয় এবং সেইরূপ পাঠই যুক্তিযুক্ত। তাহার দৃষ্টান্ত বৃহদ্রথন্তর। (বৃহদ্রথন্তর একপ্রকার গান—যাহা সামবেদে উক্ত আছে। তাহার দুইটী সর্ব্বস্থানে বা সমুদায় যজ্ঞে এক সঙ্গে পঠিত হয়)। সূত্রকার সূত্রে আদি শব্দ দিয়া ইহাই দেখাইয়াছেন যে, প্রাণের অচেতনত্বাদি ধর্ম্মও তাহার ভোক্তৃত্বের বাধক। (যাহা যাহা সংহত, যাহা যাহা অচেতন, তাহা তাহা ভোক্তা নহে। ভোক্তার ভোগোপকরণ মাত্র। যেমন শরীর। প্রাণও সংহত, ও অচেতন, সে কারণ প্রাণও ভোক্তা নহে, কিন্তু ভোক্তার (জীবের) ভোগোপ-

---

জীববৎস্বতন্ত্রো ভোক্তা কিন্তু চক্ষুরাদিবত্তদুপকরণভূতো ভোগ এবেত্যর্থঃ। আদিপদাৎ সংহতত্বাচেতনত্বাদীনি প্রাণস্বাতন্ত্র্যনিরাকরণকারণানি গ্রাহ্যাণি।—মুখ্য প্রাণ জীবের ন্যায় নহে কিন্তু চক্ষুরাদির ন্যায়। জীব যেমন ইহ শরীরে স্বতন্ত্র অর্থাৎ কর্ত্তা ও ভোক্তা, মুখ্য প্রাণ সেরূপ কর্ত্তা বা ভোক্তা নহে; প্রত্যুত তাহা চক্ষুরাদির ন্যায় জীবের ভোগোপকরণ। জীব যেমন চক্ষুরাদির দ্বারা ভোগবান্, তেমনি, মুখ্যপ্রাণের দ্বারাও ভোগবান্। এ কথা এই জন্য বলি, শাস্ত্রে ঐ মুখ্যপ্রাণ চক্ষুরাদির সহিত উপদিষ্ট হইয়াছেন এবং তাহাতে অচেতনত্ব প্রভৃতি ভোগ্য ধর্ম্মও আছে।

য়তি। স্যাদেতৎ। যদি চক্ষুরাদিবৎ প্রাণস্য জীবং প্রতি করণ-ভাবোঽভ্যুপগম্যেত বিষয়ান্তরং রূপাদিবৎ প্রসজ্যেত। রূপা-লোচনাদ্যাভির্বৃত্তিভির্যথা চক্ষুরাদীনাং স্বং জীবং প্রতি করণ-ভাবো ভবতি। অপি চৈকাদশৈব কার্য্যজাতানি রূপালোচ-নাদীনি পরিগণিতানি যদর্থমেকাদশ প্রাণাঃ সংগৃহীতাঃ। ন তু দ্বাদশমপরং কার্য্যজাতমবগম্যতে যদর্থময়ং দ্বাদশঃ প্রাণঃ প্রতিজ্ঞায়েত ইতি। অত উত্তরং পঠতি ॥ ১০ ॥

অকরণত্বাচ্চ ন দোষস্তথা হি দর্শয়তি ॥ ১১ ॥*

ন তাবদ্বিষয়ান্তরপ্রসঙ্গো দোষোঽকরণত্বাৎ প্রাণস্য। ন

স্যাদেতৎ। চক্ষুরাদিভিঃ সহ শাসনেন করণং চেৎ প্রাণ এবং সতি চক্ষুরাদি-বিষয়রূপাদিবদস্যাপি বিষয়ান্তরং বক্তব্যম্। ন চ তচ্ছক্যং বক্তুম্। একাদশ-করণগণনব্যাকোপশ্চেতি দোষং পরিহরতি—

ন প্রাণঃ পরিচ্ছেদধারণাদিকরণমস্মাভিরভ্যুপেয়তে যেনাংঽস্য বিষয়ান্তরমন্বি-

---

করণ। [স্যাদেতৎ…পঠতি] এক্ষণে শঙ্কা করিতে পার, যদি চক্ষুরাদির ন্যায় প্রাণের করণত্ব স্বীকার করা যায়, তাহা হইলে তাহার রূপাদির ন্যায় অসাধারণ বিষয় থাকাও স্বীকার করিতে হয়। যেমন চক্ষুর অসাধারণ (নির্দ্দিষ্ট) বিষয় রূপ, তেমনি প্রাণেরও এমন কোন অসাধারণ বিষয় থাকা আবশ্যক—যাহা থাকাতে প্রাণ চক্ষুরাদির সমান অর্থাৎ চক্ষুরাদির ন্যায় ইন্দ্রিয় হইতে পারে। করণ হইতে পারে। তাহা কৈ? প্রাণের ত কোন সেরূপ অসাধারণ কার্য্য দেখা যায় না? আরও দেখ, গণনায় রূপালোচনাদি এগারটী মাত্র কার্য্য পাওয়া যায়, তদনুসারে একাদশ প্রাণের সংগ্রহ হইতে পারে। কিন্তু এমন কোন দ্বাদশ (একাদশের অধিক) কার্য্য দেখা যায় না, যে অসাধারণ কার্য্যের জন্য দ্বাদশ প্রাণের অস্তিত্ব প্রতিজ্ঞাত হইতে পারে। এইরূপ আশঙ্কা হইতে পারে বলিয়া তদুত্তরার্থ সূত্র বলিতেছেন—

প্রাণকে করণ বলা হইল, চক্ষুরাদির সহিত তুলনা করা হইল, সে কারণ চক্ষুরাদির রূপাদির বিষয়ের ন্যায় প্রাণেরও বিষয়ান্তর থাকা প্রসক্ত হয়

---

* বিষয়পরিচ্ছেদং প্রতি তস্য করণত্বাভাবাদপি বিষয়ান্তরপ্রাপ্তি র্ন দোষঃ। যতস্তদস্ত্যেব। শ্রুতিস্তু তস্য কার্য্যবিশেষং বিষয়ং বা দর্শয়তি প্রাণসম্বাদাদিষ্বিতি যোজনা।—চক্ষুরাদি যেমন জ্ঞানক্রিয়ার করণ, অন্তরঙ্গ কারণ, মুখ্যপ্রাণ সেরূপ করণ না হইলেও তাহার নির্দ্দিষ্ট কার্য্য আছে, শ্রুতি তাহা দেখাইয়াছেন।

হি চক্ষুরাদিবৎ প্রাণস্য বিষয়পরিচ্ছেদেন করণত্বমভ্যুপগম্যতে। ন চাস্যৈতাবতা কার্য্যাভাব এব। কস্মাৎ। তথ হি শ্রুতিঃ প্রাণান্তরেষ্বসম্ভাব্যমানং মুখ্যপ্রাণস্য বৈশেষিকং কার্য্যং দর্শয়তি প্রাণসম্বাদাদিষু "অথ হ প্রাণা অহংশ্রেয়সে ব্যূদিরে" ইত্যুপক্রম্য "যস্মিন্ ব উৎক্রান্ত ইদং শরীরং পাপিষ্ঠতরমিব দৃশ্যতে স বঃ শ্রেষ্ঠঃ" ইতি চোপন্যস্য প্রত্যেকং বাগাদ্যুৎক্রমণেন তদ্বৃত্তিমাত্রহীনং যথাপূর্ব্বং জীবনং মুখ্যপ্রাণস্য বৈশেষিকং কার্য্যং দর্শয়িত্বা প্রাণোচ্চিক্রমিষায়াং বাগাদিশৈথিল্যাপত্তিং শরীরপাতপ্রসঙ্গঞ্চ দর্শয়ন্তী শ্রুতিঃ প্রাণ নিমিত্তাং শরীরেন্দ্রিয়স্থিতিং দর্শয়তি 'তান্ বরিষ্ঠঃ প্রাণঃ উবাচ মা মোহমাপদ্যথাহমেবৈতৎ পঞ্চধাত্মানং প্রবিভজ্যৈতদ্বাণ-

---

যোত। একাদশত্বঞ্চ করণানাং ব্যাকুপ্যেতাপি তু প্রাণান্তরাসম্ভবি দেহেন্দ্রিয়বি-

---

(প্রাপ্ত হওয়া যায়) সত্য ; কিন্তু সে প্রসক্তি বা প্রাপ্তি দোষাবহ নহে। কেন-না, প্রাণ অকরণ অর্থাৎ করণ সদৃশ। অভিপ্রায় এই যে, প্রাণ জ্ঞান-ক্রিয়ার করণ (অন্তরঙ্গ কারণ) নহে, তাহা শরীরাদির ন্যায় জীবের ভোগোপকরণ মাত্র। চক্ষুরাদি ইন্দ্রিয় রূপাদি বিষয়ের আলোচনা করে, তাই তাহারা করণ, প্রাণ তাহা বা তদনুরূপ কিছু করে না, সে জন্য তাহার করণত্ব স্বীকার নাই। করণত্ব স্বীকার নাই বলিয়া যে তাহার প্রয়োজন নাই বা কার্য্য নাই, তাহা নহে। কেন-না, তাহারও অসাধারণ বা বিশেষ কার্য্য আছে—যে কার্য্য প্রাণান্তরে (বাগাদি ইন্দ্রিয়ের)র নহে ; প্রত্যুত প্রাণান্তরে অসম্ভব। মুখ্য প্রাণের সেই বিশেষ কার্য্য শ্রুতিকর্তৃক প্রাণসম্বাদ প্রস্তাবে দর্শিত হইয়াছে। যথা—[অথ...ইতি চ] "প্রাণেরা আপন আপন শ্রেষ্ঠতা লইয়া বিবাদ করিল।" শ্রুতি এইরূপে প্রস্তাব আরম্ভ করিয়া মধ্যে বলিয়াছেন "যে উৎক্রান্ত হইলে অর্থাৎ শরীর ত্যাগ করিলে এই সুন্দর শরীর ঘৃণার্হ হইবে, তোমাদের মধ্যে সে-ই শ্রেষ্ঠ।" পরে "বাগাদি ইন্দ্রিয় একে একে শরীর ত্যাগ করিল, তাহাতে শরীর কেবল সেই সেই কার্য্য-বিহীন হইল, কিন্তু জীবন পূর্ব্ববৎ থাকিল। তাহাতে স্থির হইল, জীবন মুখ্য প্রাণেরই বিশেষ কার্য্য। পরে যখন মুখ্য প্রাণ উৎক্রান্ত হইবার উদ্যোগ করিল তখন সমুদায় ইন্দ্রিয় শিথিল ও শরীর পতনোন্মুখ হইল।" এই উপাখ্যানে দেখান হইয়াছে যে, শরীরের ও ইন্দ্রিয়ের অবস্থান মুখ্য প্রাণেরই অধীন। "অনন্তর

মবষ্টভ্য বিধারয়ামি' ইতি চ। এতমেবার্থং শ্রুতিরাহ। "প্রাণেন রক্ষন্নবরং কুলায়ং" ইতি চ সুপ্তেষু চক্ষুরাদিষু প্রাণনিমিত্তাং শরীররক্ষাং দর্শয়তি। 'যস্মাৎ কস্মাচ্চাঙ্গাৎ প্রাণ উৎক্রামতি তদেব তচ্ছুষ্যতি তেন যদশ্নাতি যৎ পিবতি তেনেতরান্ প্রাণানবতি' ইতি চ প্রাণনিমিত্তাং শরীরেন্দ্রিয়পুষ্টিং দর্শয়তি। 'কস্মিন্নহমুৎক্রান্ত উৎক্রান্তো ভবিষ্যামি কস্মিন্ বা প্রতিষ্ঠিতেঽহং প্রতিষ্ঠাস্যামীতি স প্রাণমসৃজত' ইতি প্রাণনিমিত্তে এব জীবস্যোৎক্রান্তিপ্রতিষ্ঠে দর্শয়তি ॥১১॥

পঞ্চবৃত্তির্মনোবদ্ব্যপদিশ্যতে ॥ ॥ ১২॥*

ইতশ্চাস্তি মুখ্যপ্রাণস্য বৈশেষিকং কার্য্যং যৎকারণং পঞ্চ-

ধারণকারণং প্রাণঃ। তচ্চ শ্রুতিপ্রবন্ধেন দর্শিতম্। ন কেবলং শরীরেন্দ্রিয়ধারণমস্য কার্য্যম্। অপি চ—

বিপর্য্যয়োমিথ্যাজ্ঞানমতদ্রূপপ্রতিষ্ঠম্। যথা মরুমরীচিকাদিষু সলিলাদি-

---

প্রধান প্রাণ অপ্রধান প্রাণদিগকে বলিলেন, তোমরা মুগ্ধ হইও না, আমিই আপনাকে পঞ্চধা বিভক্ত করিয়া এই শরীর ধৃত রাখিয়াছি।" [এত... দর্শয়তি] এ বিষয় অন্য শ্রুতিও বলিয়াছেন। যথা—"চক্ষুরাদি ইন্দ্রিয় সুপ্ত হইলে এই নীচতম দেহ-গৃহ প্রাণের দ্বারাই রক্ষিত হয়।" "প্রাণ যখন যে অঙ্গ ত্যাগ করে, সে অঙ্গ তৎক্ষণাৎ শুষ্ক হয়। প্রাণ যে পান করে, ভোজন করে, তাহাতে ইতর প্রাণ সকল রক্ষা পায়, জীবিত থাকে।" এ শ্রুতিতেও প্রাণকর্ত্তৃক শরীরেন্দ্রিয়ের পুষ্টি বর্ণিত হইয়াছে। "আত্মা ভাবিলেন, কে উৎক্রান্ত হইলে আমি উৎক্রান্ত হইব? শরীর ত্যাগ করিয়া যাইব? কাহার অবস্থানে আমি স্থিতি করিব? অনন্তর তিনি প্রাণকে সৃজন করিলেন।" এ শ্রুতিও জীবের প্রাণাধীন উৎক্রান্তি ও স্থিতি বলিয়াছেন। (এতাবতা বলা হইল যে, প্রাণেরও বিশেষ কার্য্য আছে)।

মুখ্য প্রাণের যে বিশেষ (নিজের নির্দ্দিষ্ট) কার্য্য আছে, তাহা এই হেতুতে জানা যায়, যেহেতু শ্রুতিতে প্রাণ পঞ্চবৃত্তি বলিয়া কথিত আছে।

---

* যথা মনশ্চতুর্বৃত্তি তথা প্রাণোঽপি পঞ্চবৃত্তিরুচ্যতে শ্রুতিষ্বিতি যোজনা।—যদ্রূপ মনের চারি বৃত্তি, তদ্রূপ প্রাণেরও পাঁচ বৃত্তি। এ কথা শ্রুতিতেও আছে। সেই বৃত্তিগুলিই প্রাণের অসাধারণ কার্য্য।

বৃত্তিরয়ং ব্যপদিশ্যতে শ্রুতিষু 'প্রাণোঽপানো ব্যান উদানঃ সমানঃ' ইতি। বৃত্তিভেদশ্চায়ং কার্য্যভেদাপেক্ষঃ। 'প্রাণঃ প্রাগ্‌বৃত্তিরুচ্ছ্বাসাদিকর্ম্মা, অপানোঽবাগ্‌বৃত্তিরুৎসর্গাদিকর্ম্মা, ব্যানঃ তয়োঃ সন্ধৌ বর্ত্তমানো বীর্য্যবৎ কর্ম্মহেতুঃ, উদানঃ ঊর্দ্ধবৃত্তিরুৎক্রান্ত্যাদিহেতুঃ, সমানঃ সমং সর্ব্বেষ্বঙ্গেষু যোঽন্ন-রসান্নয়তি' ইতি। এবং পঞ্চবৃত্তিঃ প্রাণোমনোবৎ। যথা মনসঃ পঞ্চবৃত্তয় এবং প্রাণস্যাপীত্যর্থঃ। শ্রোত্রাদিনিমিত্তাঃ শব্দাদি-বিষয়া মনসঃ পঞ্চ বৃত্তয়ঃ প্রসিদ্ধাঃ। ন তু কামঃ সঙ্কল্প ইত্যাদ্যাঃ পরিপঠিতাঃ পরিগৃহ্যেরন্ পঞ্চসঙ্খ্যাতিরেকাৎ। নন্বত্রাপি শ্রোত্রাদিনিরপেক্ষা ভূতভবিষ্যদাদিবিষয়াঽপরা মনসো বৃত্তিরস্তীতি সমানঃ পঞ্চসঙ্খ্যাতিরেকঃ। এবং তর্হি

বৃদ্ধয়ঃ। অতদ্রূপপ্রতিষ্ঠতা চ সংশয়েঽপ্যস্তি তস্যৈকাপ্রতিষ্ঠানাৎ। অতঃ সোঽপি সংগৃহীতঃ। শব্দজ্ঞানানুপাতী বস্তুশূন্যো বিকল্পো যদ্যপি মিথ্যা-জ্ঞানেঽপ্যস্তি বস্তুশূন্যতা তথাপি ন তস্য ব্যবহারহেতুতাস্তি। অস্য তু পণ্ডিত-রূপবিচারাসহস্যাপি শব্দজ্ঞানমাহাত্ম্যাদ্‌ব্যবহারহেতুভাবোঽস্ত্যেব। যথা পুরু-

---

(বৃত্তি = অবস্থা)। যথা—"প্রাণ, অপান, ব্যান, উদান ও সমান।" [বৃত্তি··· ইতি] প্রাণের এই পাঁচটী বৃত্তি (অবস্থা) ক্রিয়াভেদ দৃষ্টে নির্দ্ধারিত। যথা— প্রাগ্‌বৃত্তির নাম প্রাণ, তাহার কার্য্য উচ্ছ্বাসাদি। অবাগ্‌বৃত্তির নাম অপান, তাহার কার্য্য উৎসর্গাদি (মলমূত্র ত্যাগাদি)। যাহা উক্ত উভয়ের সন্ধিস্থলে বৃত্তিমান্ তাহার নাম ব্যান, ইহার কার্য্য বীর্য্যবৎ (অগ্নিমন্থনাদি বলসাধ্য) কার্য্য নির্ব্বাহ। ঊর্দ্ধবৃত্তির নাম উদান, ইহা উৎক্রান্ত্যাদির কারণ, যাহা সর্ব্বাঙ্গে সমবৃত্তি তাহা সমান, সমানের দ্বারা ভুক্তান্ন রসরক্তাদিভাব প্রাপ্ত হয়, হইয়া সর্ব্বাঙ্গে নীত হয়। [এবং···রেকাৎ] এইরূপে প্রাণ মনের ন্যায় পঞ্চ বৃত্তিক। অর্থাৎ যেমন মনের পাঁচ বৃত্তি তেমনি প্রাণেরও পাঁচ বৃত্তি। এ স্থলে সর্ব্বপরিচিত শ্রবণাদি-জনিত শব্দাদি বিষয়বিজ্ঞানরূপ মনের বৃত্তিরই গ্রহণ, কামাদিরূপ মনোবৃত্তির গ্রহণ নহে। কেন-না, কামাদিবৃত্তি পঞ্চসংখ্যার অধিক। কাম, সঙ্কল্প, সন্দেহ, লজ্জা, ভয়, ইত্যাদি। [নন্বত্রাপি...তব্যম্] যদি এমন মনে কর যে, মনের শ্রোত্রাদিনিরপেক্ষ ভূত ভবিষ্যৎ বিদ্য-মান গোচরক বৃত্ত্যন্তরও আছে, সেগুলি গ্রহণ করিলে গণনায় পঞ্চাধিক

পরমতমপ্রতিষিদ্ধমনুমতং ভবতীতি ন্যায়াদিহাপি যোগশাস্ত্রপ্রসিদ্ধা মনসঃ পঞ্চ বৃত্তয়ঃ পরিগৃহ্যন্তে প্রমাণবিপর্য্যয়বিকল্পনিদ্রাস্মৃতয়ো নাম। বহুবৃত্তিত্বমাত্রেণ বা মনঃ প্রাণস্য নিদর্শনমিতি দ্রষ্টব্যম্। জীবোপকরণত্বমপি প্রাণস্য পঞ্চবৃত্তিত্বান্মনোবদিতি যোজয়িতব্যম্ ॥ ১২ ॥

অণুশ্চ ॥ ১৩ ॥*

অণুশ্চায়ং মুখ্যঃ প্রাণঃ প্রত্যেতব্য ইতরঃ প্রাণবৎ। অণুত্বঞ্চেহাপি সৌক্ষ্ম্যপরিচ্ছেদৌ ন পরমাণুতুল্যত্বম্। পঞ্চভির্বৃত্তিভিঃ কৃৎস্নশরীরব্যাপিত্বাৎ সূক্ষ্মঃ প্রাণ উৎক্রান্তৌ পার্শ্বস্থে-

---

যস্য চৈতন্যমিতি। ন হ্যত্র ষষ্ঠ্যর্থঃ সম্বন্ধোঽস্তি তস্য ভেদাধিষ্ঠানত্বাৎ। চৈতন্যস্য পুরুষাদত্যন্তাভেদাৎ। যদ্যপি চাত্রাভাবপ্রত্যয়ালম্বনা বৃত্তির্নৈষ্যতে তথাপি বিক্ষেপসংস্কারলক্ষণা মনোবৃত্তিরিহাস্ত্যেবেতি সর্ব্বমবদাতম্।

সমস্তিভির্লোকৈরিতি বিভুত্বশ্রবণাৎ বিভুঃ প্রাণঃ সমপ্লুষিণেত্যাদ্যাস্তু শ্রুতয়োবিভোরপ্যবচ্ছেদাদ্ভবিষ্যন্তি। যথা বিভুন আকাশস্য ঘটকরকাদ্যবচ্ছেদাৎ ঘটাদিসাম্যমিতি প্রাপ্ত আহ—"অণুশ্চ"। উৎক্রান্তিগত্যাগতিশ্রুতিভ্য আধ্যা-

---

হইবে, তবে "নিষেধ না থাকিলেই পরকীয় মতে সম্মতি দেওয়া হয়" এই লৌকিক ন্যায়ের অনুসরণ কর, করিয়া যোগশাস্ত্রোক্ত পঞ্চ মনোবৃত্তি গ্রহণ কর। যথা—প্রমাণবৃত্তি, বিপর্য্যয়বৃত্তি, বিকল্পবৃত্তি, নিদ্রাবৃত্তি ও স্মৃতিবৃত্তি। † অথবা বহুবৃত্তিত্ব দৃষ্টে মনকে উদাহরণ স্থলে গ্রহণ করা হইয়াছে। তাহার ফলিতার্থ এই যে, যদ্রূপ মন বহুবৃত্তিক, তদ্রূপ প্রাণও বহুবৃত্তিক। যেহেতু প্রাণ পঞ্চবৃত্তি, সেই হেতু প্রাণ মনের ন্যায় জীবের ভোগোপকরণ, এরূপ যোজনাও (অর্থ) করিতে পার।

মুখ্য প্রাণও ইতর প্রাণের ন্যায় অণু, ইহা জানিতে হইবে। পরমাণু সমান বলিয়া অণু, তাহা নহে। সূক্ষ্ম (দৃষ্টির অগোচর) ও পরিমিত বলিয়া অণু। প্রাণ অবস্থাপঞ্চকে সমুদায় শরীরে ব্যাপ্তি আছে, সে জন্য

---

* অণুঃ সূক্ষ্মঃ মুখ্য প্রাণ ইত্যনুষঞ্জনীয়ম্।—এই মুখ্য প্রাণ অন্যান্য প্রাণের ন্যায় অণু অর্থাৎ সূক্ষ্ম।

† প্রমাণবৃত্তি=প্রত্যক্ষ, অনুমান ও শব্দজনিত যথার্থ জ্ঞান। বিপর্য্যয়বৃত্তি=ভ্রমজ্ঞান। বিকল্পবৃত্তি=বস্তুশূন্য ব্যবহার গোচর জ্ঞাত মিথ্যা জ্ঞান। যেমন শশবিষাণ, খপুষ্প, ও নরশৃঙ্গ প্রভৃতি। অন্য দুইটী সর্ব্ববিদিত।

ঽনুপলভ্যমানত্বাৎ, পরিচ্ছিন্নশ্চোৎক্রান্তিগত্যাগতিশ্রুতিভ্যঃ। ননু বিভুত্বমপি প্রাণস্য সমাম্নায়তে,—"সমঃ প্লুষিণা সমো মশকেন সমো নাগেন সম এভিস্ত্রিভির্লোকৈঃ সমোঽনেন সর্ব্বেণ" ইত্যেবমাদিষু প্রদেশেষু। তদুচ্যতে। আধিদৈবিকেন সমষ্টিরূপেণ হৈরণ্যগর্ভেণ প্রাণাত্মনা এতদ্বিভুত্বমাম্নায়তে নাধ্যাত্মিকেন ব্যষ্টিরূপেণ। অপি চ সমঃ প্লুষিণেত্যাদিনা সাম্যবচনেন প্রতিপ্রাণিবর্ত্তিনঃ প্রাণস্য পরিচ্ছেদ এব প্রদর্শ্যতে। তস্মাদদোষঃ ॥ ১৩ ॥

জ্যোতিরাদ্যধিষ্ঠানন্তু তদামননাৎ ॥১৪॥*

ত্মিকস্য প্রাণস্যাঽবচ্ছিন্নতা ন বিভুত্বম্। দুরধিগমতামাত্রেণ চ শরীরব্যাপিনোঽণোঽণুত্বমুপচর্য্যতে ন ত্বণুত্বমিত্যুক্তমধস্তাৎ। যত্ত্বস্য বিভুত্বাম্নানং তদাধিদৈবিকেন সূত্রাত্মনা সমষ্টিরূপেণ, ন ত্বাধ্যাত্মিকেন ব্যষ্টিরূপেণ। তদাশ্রয়াশ্চ সমপ্লুষিণেত্যেবমাদ্যাঃ শ্রুতয়ো দেহসাম্যমেব প্রাণস্যাহুঃ স্বরূপতো ন তু করকাকাশবৎ পরোপাধিকতয়া কথঞ্চিন্নেতব্যা ইতি।

পরমাণু সমান নহে। যখন উৎক্রান্ত হন তখন ইহাঁকে নিপুণ পার্শ্বস্থ পুরুষেরাও দেখিতে পান না। সে কারণে প্রাণ সূক্ষ্ম। শ্রুতিতে উৎক্রান্তি, গতি ও আগতি কথিত আছে, সে হেতুতে ইনি পরিচ্ছিন্ন (পরিমিত পদার্থ)। [ননু...দোষঃ] "প্রাণ মশক অপেক্ষাও ক্ষুদ্র জন্তুর সমান, মশকের সমান, সর্পের সমান, এই তিন্ লোকের সমান, অধিক কি—সমস্ত জগতের সমান।" ইত্যাদি শ্রুতিপ্রদেশে যে প্রাণের ব্যাপিত্ব কথন আছে, তাহার কারণ বলিতেছি। প্রাণের ঐ ব্যাপিত্ব কথন আধিদৈবিক অভিপ্রায়ে, আর অব্যাপিত্ব কথন আধ্যাত্মিক অভিপ্রায়ে। আধিদৈবিক প্রাণ সমষ্টিরূপ, ইহাঁরই অন্য নাম হিরণ্যগর্ভ। আর আধ্যাত্মিক প্রাণ ব্যষ্টিরূপ, তাহার অন্য নাম প্রাণ। ঐ বিভুত্ব কথন আধিদৈবিকের, আধ্যাত্মিকের নহে। প্লুষির অর্থাৎ মশকাপেক্ষা ক্ষুদ্র জন্তুর সমান, এই উক্তিতে প্রতিজীববর্ত্তী প্রাণের পরিচ্ছেদ বলা হইয়াছে। সুতরাং ঐ উক্তি নির্দ্দোষ।

* প্রাণাঃ স্বমহিম্নৈব স্বস্মৈ স্বস্মৈ কার্য্যায় প্রভবন্তীতি পক্ষস্তদ্ব্যাবর্ত্তনার্থস্তুশব্দঃ। ন শক্তিযোগাৎ স্বমহিম্নৈব প্রবর্ত্তন্তে প্রাণা জ্যোতিরাদিভিরগ্ন্যাদ্যভিমানিনীভির্দেবতাভিরধিষ্ঠিতা এব স্বকার্য্যে প্রবর্ত্তন্তে। হেতুমাহ তদিতি। তথাবিধার্থকশ্রুতিবাক্যাদিত্যর্থঃ।—প্রাণ অর্থাৎ ইন্দ্রিয়-

তে পুনঃ প্রকৃতাঃ প্রাণাঃ কিং স্বমহিম্নৈব স্বস্মৈ স্বস্মৈ কার্য্যায় প্রভবন্তি, আহোস্বিদ্দেবতাধিষ্ঠিতাঃ প্রভবন্তীতি বিচার্য্যতে। তত্র প্রাপ্তং তাবদ্‌যথা স্বকার্য্যশক্তিযোগাৎ স্বমহিম্নৈব প্রাণাঃ প্রবর্ত্তেরন্নিতি। অপি চ দেবতাধিষ্ঠিতানাং প্রাণানাং প্রবৃত্তাবভ্যুপগম্যমানায়াং তাসামেবাধিষ্ঠাত্রীণাং দেবতানাং ভোক্তৃত্বপ্রসঙ্গাৎ শারীরস্যভোক্তৃত্বং প্রলীয়েত। অতঃ স্বমহিম্নৈবৈষাং প্রবৃত্তিরিতি। এবং প্রাপ্ত ইদমুচ্যতে—জ্যোতিরাদ্যধিষ্ঠানন্ত্বিতি। তুশব্দেন পূর্ব্বপক্ষো ব্যাবর্ত্ত্যতে। জ্যোতিরাদিভিরগ্ন্যাদ্যভিমানিনীভির্দ্দেবতাভিরধিষ্ঠিতং বাগাদিকরণ

যদ্ধি যৎ কার্য্যং কুর্ব্বদ্দৃষ্টং তৎ স্বমহিম্নৈব করোতীত্যেষ তাবদুৎসর্গঃ পরাধিষ্ঠানন্তু তস্য বলবৎপ্রমাণান্তরবশাৎ। স্যাদেতৎ। বাস্যাদীনাং তক্ষাদ্যধিষ্ঠিতানামচেতনানাং কার্য্যকারিত্বদর্শনাদচেতনত্বেনেন্দ্রিয়াণামপ্যধিষ্ঠাতৃদেবতাকল্পনেতি চেৎ, ন, জীবস্যৈবাধিষ্ঠাতুশ্চেতনস্য বিদ্যমানত্বাৎ। 'ন চাগ্নির্ব্বাগ্‌ভূত্বা মুখং প্রাবিশদিত্যাদিশ্রুতিভ্যো দেবতানামপ্যধিষ্ঠাতৃত্বমভ্যুপগন্তুং যুক্তম্। অনেকাধিষ্ঠাতৃত্বাভ্যুপগমে হি তেষামেকাভিপ্রায়নিয়মনিমিত্তাভাবান্ন কিঞ্চিৎ কার্য্যমুৎপদ্যেত বিরোধাৎ। অপি চ য ইন্দ্রিয়াণামধিষ্ঠাতা স এব ভোক্তেতি দেবতানাং ভোক্তৃত্বেন স্বামিত্বং শরীর ইতি ন জীবঃ স্বামী স্যাদ্‌ভোক্তা চ।

প্রস্তাবিত প্রাণ সকল কি আপন আপন মহিমায় (স্বাধীন ক্ষমতায়) আপন আপন কার্য্য করেন? কি দেবতার অধিষ্ঠান থাকায় তাঁহাদেরই শক্তিতে কার্য্য করেন? এক্ষণে ইহাই বিচারিত হইবেক। বিচারের প্রথম কোটিতে অর্থাৎ পূর্ব্বপক্ষে পাওয়া যায়, কার্য্যশক্তির যোগ থাকায় প্রাণেরা নিজ নিজ মহিমায় কার্য্যে প্রবৃত্ত হয়। দেবতাধিষ্ঠিত প্রাণগণের কার্য্যপ্রবৃত্তি, অর্থাৎ তাহারা দেবতা-বিশেষের অনুগ্রহে, স্ব স্ব কার্য্যে প্রবৃত্ত হয়, ইহা স্বীকার করিতে গেলে সেই সেই দেবতারই ভোক্তৃত্ব প্রাপ্তি হয়, সুতরাং জীবের ভোক্তৃত্ব লোপপ্রাপ্ত হয়। তৎপরিহারার্থ প্রাণগণের স্বাধীন প্রবৃত্তি স্বীকার করা উচিত। এইরূপ পক্ষ প্রাপ্ত হওয়ায় জ্যোতিরাদ্যধিষ্ঠানং সূত্র বলা হইল। [তু-শব্দেন...দৃশ্যতে] তু-শব্দ প্রদর্শিত পূর্ব্বপক্ষের নিরাসক। সিদ্ধান্ত পক্ষ এই যে, অগ্নি প্রভৃতি দেবতা কর্ত্তৃক অধিষ্ঠিত হইয়াই বাগাদি

গণ আপন মহিমায় কার্য্যে প্রবৃত্ত হয় না। অগ্ন্যাদি দেবতার অধিষ্ঠান থাকায় তাহাদেরই প্রেরণায় স্বকার্য্য করিতে ক্ষমবান্ হয়।

